করিবেক (৪৩) সেই পুত্রের কুলে ভূরি২ সন্তান উৎপন্ন হইবে আমি তোমার সেই অসংখ্য বংশকে এই দেশে নিবাস করিতে দিব, এবং অখিল নর জাতি তোমার বংশ দ্বারা মঙ্গল প্রাপ্ত হইবে"। ৪৪। অনন্তর অনতিবিলম্বে ইব্রাহীমের ইস্‌হাক নামা বর পুত্র উৎপন্ন হইল এবং সেই ইস্‌হাক হইতে পরে এসৌ এবং য়াকুব নামে দুই পুত্র জন্মিল (৪৫) য়াকুব পরমেশ্বর হইতে "ইস্রায়েল" এই নামান্তর প্রাপ্ত হয়েন তাঁহারও দ্বাদশ পুত্র হয় তাঁহারা স্ব২ গোষ্ঠীর পিতামহ বলিয়া গণ্য হইয়াছিলেন। ৪৬। কিয়ৎকাল পরে তাঁহারা দুর্ভিক্ষ বশতঃ নিজ জন্ম ভূমি ত্যাগ করিয়া দক্ষিণ অঞ্চলস্থ মিসর দেশে গমন করিলেন।৪৭। য়াকুব পুত্র পৌত্র সমভিব্যাহারে ঐ বিখ্যাত দেশে কিয়ৎ কাল বাস করিয়া এবং উত্তরকালীন সুখের দর্শন পাইয়া বৃদ্ধাবস্থায় তনু ত্যাগ করিলেন(৪৮) তিনি মৃত্যুর প্রাককালে নিজ বংশ্যদিগের ভবিষ্যৎ অবস্থা ব্যক্ত করিয়াছিলেন বিশেষতঃ য়হূদা

য়াকুবস্থ মৃতেঃ পশ্চাৎ তদ্বংশো ববৃধে বহু।
ক্রমেণ মিসরীয়াশ্চ বাধিতুং তং প্রচক্রিরে ॥ ৫১ ॥
তদা লোকং মনোনীতং স্বমুদ্ধর্ত্তুং পরেশ্বরঃ।
সাধুং মোস্যাখ্যমাচার্য্যং নিযুযোজ সুবিশ্রুতং ॥ ৫২ ॥
স দৈবশক্তিসংপন্নো ভীমাঃ কৃত্বাহদ্ভুতাঃ ক্রিয়াঃ।
শত্রূন্‌বিস্মাপয়ন্‌লোকংনিন্যে স্বংমিসরাজ্জয়ী ॥ ৫৩ ॥
ততো নির্গত্য বর্গোহসৌ দেশং প্রাপ্যারবাভিধং।
তত্রত্য মুপতস্থেহদ্রিং পুণ্যং সীনায়সংজ্ঞকং ॥ ৫৪ ॥
ভীমেন তেজসা তত্র দত্ত্বা দর্শনমীশ্বরঃ।
মোস্যাচার্য্যং পবিত্রং স্বং ধর্ম্মশাস্ত্রমুপাদিশৎ ॥ ৫৫ ॥

নামক পুত্রের উদ্দেশে এই বাক্য কহিয়াছিলেন (৪৯) "সর্ব্ব লোকের শাসন কর্ত্তা পরম শান্ত ঈশ পৃথিবীতলে যেপর্য্যন্ত আবির্ভূত না হয়েন তাবৎ রাজ্যাধিকার য়হূদা বংশের অধীন থাকিবেক" ॥ ৫০ ॥ য়াকুবের মরণানন্তর তাঁহার বংশ ক্রমেং অতিশয় বৃদ্ধি প্রাপ্ত হইতে লাগিল এবং মিসরীয় লোকেরাও তাহারদিগকে বাধা দিতে উপক্রম করিল (৫১) তাহাতে পরমেশ্বর আপনার মনোনীত লোকদিগকে উদ্ধার করণার্থ মোসি নামা একজন সাধু সুবিশ্রুত আচার্য্যকে নিযুক্ত করিলেন ॥ ৫২ ॥ সেই আচার্য্য দৈব শক্তি যোগে ভয়ানক অথচ অদ্ভুত ক্রিয়া করিয়া শত্রু পক্ষের বিস্ময় উৎপাদন পূর্ব্বক জয়ী হইয়া স্বকীয় লোকদিগকে মিসর দেশ হইতে উদ্ধার করিলেন। ৫৩। তদনন্তর ঐ ইস্রায়েল জাতি আরব দেশে উপনীত হইয়া তথাকার সীনায় নামক পর্ব্বতে উপস্থিত হইল। ৫৪। পরমেশ্বর সেই পর্ব্বতের উপর ভয়ঙ্কর জ্যোতিরাকারে বিরাজমান হইয়া

ইস্রায়েলীয়বংশেন যোঽনুষ্ঠেয়ঃ ক্রিয়াক্রমঃ।
আচারশৌচযাগাদিস্তত্রাদিষ্টোঽস্তি বিস্তরাৎ॥ ৫৬॥
প্রায়শ্চিত্তমখাদ্যাস্তু পাপশুদ্ধ্যর্থিকাঃ ক্রিয়াঃ।
যাস্তত্র বিহিতাস্তাসাং শক্তির্নাসীৎ স্বভাবতঃ॥ ৫৭॥
মেষাদীনামসৃগ্ জাতু পাপশুদ্ধ্যৈ ন কল্পতে।
বলিস্ততোঽধিকঃ কশ্চিদ্ নরোদ্ধৃত্যাযপেক্ষ্যতে॥ ৫৮॥
শাস্ত্রে মোস্যুদিতে সত্যং পাপমার্জনসাধনং।
নোচ্যতে স্পষ্টরূপেণ ছায়াভিস্তু প্রকাশ্যতে॥ ৫৯॥
অর্থাদ্ ভব্যস্য খৃষ্টস্য মৃত্যোর্দ্বারাঽঘশোধনং।
যদ্ভাবি তস্য সঙ্কেতো জ্ঞেয়ো মৌসমখাদিষু॥ ৬০॥
অতো যজ্ঞাদি কর্ম্মাণি মোস্যুক্তানীস্রয়েলজাঃ।
সর্ব্বদৈবানুতিষ্ঠেয়ুরিতি নৈচ্ছৎ পরেশ্বরঃ॥ ৬১॥

মোসি আচার্য্যকে আপনার পবিত্র ধর্ম্ম শাস্ত্র উপদেশ করিলেন।৫৫। ইস্রায়েলীয় বংশের যে প্রকার শৌচাচার ও যাগাদি ক্রিয়া কলাপ কর্ত্তব্য সে সকল ঐ শাস্ত্রে বিস্তারিত আছে (৫৬) কিন্তু সে শাস্ত্রে পাপ শুদ্ধ্যর্থ যে২ প্রায়শ্চিত্ত যজ্ঞাদির বিধান আছে সে সকলের স্বাভাবিক শক্তি ছিল না (৫৭) কেননা মেষাদি পশুর রক্তপাতে কখন পাপ শুদ্ধি হইতে পারে না মনুষ্য লোকের উদ্ধারের নিমিত্ত ততোধিক কোন বলির আবশ্যক হয়।৫৮। মোসি প্রণীত শাস্ত্রে পাপ মার্জ্জনের সত্য উপায় স্পষ্টরূপে বর্ণিত হয় নাই কেবল ছায়া দ্বারা প্রকাশ আছে (৫৯) অর্থাৎ ভাবি খৃষ্টের মৃত্যুর দ্বারা যে পাপ শুদ্ধি হইবে মোসি প্রোক্ত যাগযজ্ঞে তাহার কেবল সঙ্কেত মাত্র আছে (৬০) অতএব পরমেশ্বরের এমত বাঞ্ছা হইল না যে ইস্রায়েল বংশীয়েরা চিরকাল মোসি

যথাতু শিক্ষয়া বালঃ শিষ্যতে বালযোগ্যয়া।
তথা মৌসেন শাস্ত্রেণ শিষ্যন্তাম্ ইস্রয়েলজাঃ॥ ৬২॥
শেষেচ যোগ্যয়া শিষ্ট্যা বোধপক্কত্বমাস্থিতাঃ।
গ্রহীতুং সত্বরং শাস্ত্রং সমর্থাঃ সুস্তবন্ত্বিতি॥ ৬৩॥
স চ মোসিঃ স্বয়ং প্রোচে ঈশ্বরোঽন্যং মহাগুরুং।
ইস্রায়েলান্বয়ে পশ্চাৎ প্রাদুষ্কর্ত্তা ময়া সমং॥ ৬৪॥
যদ্যৎ স আদিশেদ্ যুষ্মান্ তৎসর্ব্বং কর্ত্তুমর্হথ।
যো যশ্চ তং তিরস্কুর্য্যাৎ স দণ্ডার্হো ভবেদিতি॥ ৬৫।
ইস্রায়েলোদ্ভবো বর্গঃ পশ্চাদ্ দেশে প্রতিশ্রুতে।
উপস্থিতঃ কনানাহ্বখ্যে তত্রোবাসেশ্বরাবিতঃ॥ ৬৬॥

প্রোক্ত যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করেন (৬১) বরং এতাদৃশ ইচ্ছা ছিল যে বালকের যথা বালযোগ্য শিক্ষা দ্বারা শাসন হয় ইস্রায়েল বংশীয়েরা তথা প্রথমাবস্থায় মৌস শাস্ত্র দ্বারা শাসিত হউক (৬২) তাহাতে বুদ্ধির প্রগাঢ়তা জন্মিলে অবশেষে যেন শীঘ্র যথার্থ শাস্ত্র গ্রহণ করিতে পারে। ৬৩। মোসি আপনি কহিয়াছিলেন "পরমেশ্বর ইস্রায়েল বংশে আমার ন্যায় আর এক জন মহাগুরুকে পশ্চাৎ অবতীর্ণ করাইবেন (৬৪) তিনি যেং বিষয় আজ্ঞা করিবেন তোমরা সে সকল সম্পন্ন করিবে যে ব্যক্তি তাঁহার তিরস্কার করিবে সে দণ্ডার্হ হইবে"। ৬৫। তদনন্তর ইস্রায়েল বর্গ পরমেশ্বরের প্রতিশ্রুত কনান নামক দেশে উপস্থিত হইয়া সেখানে ঈশ্বর কর্ত্তৃক রক্ষিত হওত বাস করিতে লাগিল। ৬৬।

ইচ্ছাসীদীশ্বরস্যেয়ম্ অস্মিন্ পুণ্যে কুলেঽনিশম্ ।
মজ্জ্ঞানং নির্ম্মলং তিষ্ঠেচ্ চলেদ্ যোগ্যাঽর্চ্চনা চ মে ।৬৭
ইতশ্চান্যেষু দেশেষু ভ্রমধ্বান্তাবৃতেষু সা ।
সদ্ধর্ম্মস্যামলা দীপ্তিঃ সর্ব্বত্র ব্যাপ্নুয়াদিতি ।। ৬৮ ।।
স ত্বিস্রায়েলজো বর্গঃ কৃতঘ্নঃ কুশলপ্রদং ।
ত্যক্ত্বা পরেশ্বরং দেবান্ নিষিদ্ধানভজদ্বহূন্ ।।৬৯।।
তদেশ্বরেণ সংত্যক্তা যোগ্যদণ্ডকরেণ তে ।
আক্রান্তাঃ শত্রুভির্ভীমৈঃ পেতু র্নানা বিপত্তিষু ।। ৭০ ।।
যদা তু স্বীয়পাপেভ্যস্তেঽনুতপ্য পুনর্বিভুম্ ।
সিষেবিরে তদা তান্ স উদ্দধার দয়াময়ঃ ।। ৭১ ।।
সৎপথাদ্ ভ্রমশীলানাং তেষাং নীত্যর্থমীশ্বরঃ ।
সদাজ্ঞাবাহকান্ সাধূন্ আচার্য্যান্ মুহুরৈরয়ৎ ।।৭২।।

পরমেশ্বরের এই ইচ্ছা হইল যে এই পবিত্র কুলে মদ্বিষয়ক নির্ম্মল জ্ঞান নিত্য প্রবল থাকে এবং উপযুক্ত অর্চ্চনা প্রচলিত হয় (৬৭) এবং ঐ দেশ হইতে সত্য ধর্ম্মের নির্ম্মল দীপ্তি ভ্রমান্ধকারাচ্ছন্ন অন্যান্য দেশের সর্ব্বত্র ব্যাপ্ত হয় । ৬৮ । কিন্তু সেই ইস্রায়েল জাতি কৃতঘ্নতা পূর্ব্বক কুশল প্রদ পরমেশ্বরকে ত্যাগ করিয়া ভূরি২ নিষিদ্ধ দেবতার উপাসনা করিল (৬৯) তাহাতে তাহারা যথার্থ শাসনকারি পরমেশ্বর দ্বারা ত্যক্ত হইয়া ভয়ানক শত্রু কর্ত্তৃক আক্রান্ত হওত নানা প্রকার বিপদে পতিত হয় । ৭০ । পরন্তু তাহারা যখন২ স্বকীয় অপরাধের জন্য অনুতাপ করিয়া পুনর্ব্বার স্বয়ম্ভু পরমেশ্বরের আরাধনা করিত তখন২ দয়াময় ঈশ্বর তাহারদিগকে উদ্ধার করিতেন (৭১) এবং সৎপথ ভ্রান্ত ঐ সকল লোকের উপদেশের নিমিত্ত বারম্বার স্বকীয় আজ্ঞাবহ সাধু আচার্য্যগণকে প্রেরণ করিতেন । ৭২ ।

তে সন্তশ্চেশ্বরে ভক্তিং ধর্ম্মাংশ্চান্যানুপাদিশন্।
বার্ত্তাশ্চ ভাবিনীঃ পশ্চাজ্জ্ঞাপয়ামাসুরগ্রতঃ ॥ ৭৩ ॥
প্রায়শ্চ তে সমে কঞ্চিদ্ মহান্তং বংশতারকং।
স্বপশ্চাৎ প্রোচুরুদ্ভব্যং স্বদেশাভ্যুদয়প্রদম্ ॥ ৭৪ ॥
আসীৎ সহস্রবর্ষেভ্যো বিক্রমার্কশকাৎ পরা।
তদ্দেশে ভূপতির্দাবিদাখ্যো ভক্তোঽচ্চকো বিভোঃ।৭৫।
স্ববংশ্য মহিমোদ্দেশে স্বকুলে চোদ্ভবিষ্যতঃ।
নৃত্রাতু র্বিষয়ে প্রাপ্নোৎ স প্রতিজ্ঞাং প্রভোরিমাং।।৭৬।
ত্বদ্বংশঃ শাশ্বতং স্থাতা ত্বদ্রাজত্বং চ সন্ততং।
সিংহাসনং চ তে বেত্তা দৃঢ়ীভূতং সনাতনম্॥ ৭৭ ॥
উদর্কে প্রাপ্তদৃষ্টিশ্চ স্বয়ং দাবিদসৌ কবিঃ।
নানা গাতেষু ভবন্ত নৃত্রাতুঃ প্রজগৌ যশঃ ॥ ৭৮ ॥

সেই সাধু পুরুষেরা সকল লোককেই ঈশ্বরের প্রতি ভক্তি পূর্ব্বক ধর্ম্ম সাধন করিতে উপদেশ দিয়াছিলেন এবং অনেকানেক ভবিষ্যৎ বিষয়ের বার্ত্তা পূর্ব্বে ব্যক্ত করিয়াছিলেন (৭৩) অধিকন্তু তাঁহারা প্রায় সকলেই কহিয়াছিলেন যে আমাদের পরে এক জন বংশতারক এবং স্বদেশের মঙ্গলকারক মহা পুরুষ আবির্ভূত হইবেন। ৭৪। বিক্রমাদিত্য শকের সহস্র বৎসর পূর্ব্বে দাবিদ নামা এক জন ঈশ্বরপরায়ণ ভক্তিমান্ রাজা ঐ দেশে রাজ্য করিয়াছিলেন (৭৫) তিনি নিজবংশীয় পুরুষ দিগের মহিমার উদ্দেশে স্বকীয় কুলে উদ্ভব্য মনুষ্য ত্রাতার বিষয়ে পরমেশ্বরের নিকট এই প্রতিজ্ঞা প্রাপ্ত হইয়াছিলেন (৭৬) যথা "তোমার বংশ চিরকাল থাকিবে, তোমার রাজত্ব সদা স্থায়ি হইবে, এবং তোমার সিংহাসন সতত দৃঢ়ীভূত হইয়া বিদ্যমান থাকিবে"। ৭৭। ঐ দাবিদ কবি ভাবি সুখের দৃষ্টি-প্রাপ্ত হইয়া আপনি ভবিষ্যৎ মনুষ্য ত্রাতার যশ নানা

তৎপশ্চাৎ ক্রমশোঽন্যোঽপি যহূদ্যা ভব্যবাদিনঃ।
ভব্যং প্রাদুর্ভবং তস্য প্রোচুরীশ্বরশিক্ষিতাঃ ॥ ৭৯ ॥
তেষাম্ ইষায় নাম্নৈকো বিশেষেণ প্রসিধ্যতি।
যঃ সার্দ্ধদ্বিশতাব্দেভ্যো দাবিদ্রাজাদ্ অনুদভূৎ ॥৮০॥
স ঈশ্বরার্পিতজ্ঞানদ্যোতিতান্তরলোচনঃ।
খৃষ্টস্যৈশ্বর্য্যমানুষ্যে পশ্যন্নেবমবর্ণয়ৎ ॥ ৮১ ॥

ইষায় উবাচ।

অস্মভ্যং জায়তে তোকমস্মভ্যং দীয়তে সুতঃ।
ধুরং রাজ্যাধিকারস্য যঃ স্বস্কন্ধে ধরিষ্যতি ॥ ৮২ ॥
স চ বালোঽদ্ভুতো মন্ত্রী শক্তিমান্ পরমেশ্বরঃ।
নিত্যঃ সন্ধীশ্বরশ্চেতি সংজ্ঞাভিরভিধাস্যতে ॥ ৮৩ ॥

গীতেতে গান করিয়াছিলেন (৭৮) তাহার পর যহূদ্যা দেশীয় অন্যান্য ভব্যবাদি আচার্য্যগণও ঈশ্বরকর্ত্তৃক শিক্ষিত হইয়া ঐ ত্রাণকর্ত্তার প্রাদুর্ভব ক্রমশ ব্যক্ত করিয়াছিলেন (৭৯) তাহারদের মধ্যে ইষায় নামা একজন বিশেষ প্রসিদ্ধ আচার্য্য দাবিদ রাজার দুই শত পঞ্চাশ বৎসর পরে বর্ত্তমান ছিলেন (৮০) ঈশ্বরদত্ত জ্ঞান জ্যোতিঃ দ্বারা তাঁহার মানসিক দৃষ্টি সমুজ্জ্বল হওয়াতে তিনি খৃষ্টের ঈশ্বরত্ব ও মনুষ্যত্ব অবলোকন করত তন্মহিমা এইরূপে বর্ণনা করেন। ৮১। যথা

ইষায়ের উক্তি।

"আমারদের নিমিত্ত এক শিশুর জন্ম হইল আমাদের প্রতি এক পুত্র দত্ত হইল তিনি রাজ্যাধিকারের ভার আপনার স্কন্ধে ধারণ করিবেন (৮২) অপর সেই বালক অদ্ভুত মন্ত্রী পরাক্রান্ত ঈশ্বর নিত্য এবং মঙ্গলের বিধাতা অভিধেয় হইবেন (৮৩)

দাবিদ্রাজাসনস্থস্তস্য রাজ্যং সদৈধিতা।
সন্ধ্যাঢ্যং ন্যায়ধর্ম্মাভ্যাং দৃঢীভূতোদয়স্থিতি॥ ৮৪॥

বিদ্বানুবাচ।

পুনশ্চ ভাবিনীং বার্ত্তাং ব্যতীতাম্ ইব কল্পয়ন্।
ইষায়স্তস্য মর্ত্ত্যার্থং দুঃখভোগমবর্ণয়ৎ॥ ৮৫॥

ইষায় উবাচ।

আসীৎ স ক্লেশভাগ্ দুঃখী মনুষ্যৈশ্চ তিরস্কৃতঃ।
পরন্ত্বস্মাকমেবাসৌ দুঃখং সেহে ন চাত্মনঃ॥৮৬।
স ঈশেনাহতঃ ক্লিষ্টশ্চেত্যস্মাভিরমন্যত।
পরন্তু বস্তুতোঽসৌ নো দোষহেতোরহন্যত॥৮৭॥

তিনি দাবিদ রাজার সিংহাসনস্থ হইবেন তাঁহার রাজ্য মঙ্গল সম্পন্ন হইয়া সর্ব্বদা বৃদ্ধি পাইবেক ও ন্যায় ধর্ম্ম দ্বারা দৃঢ়ীভূত থাকিবে। ৮৪।

বিদ্বানের উক্তি।

ইষায় ভাবি বিষয়কে অতীতের ন্যায় কল্পনা করিয়া পুনশ্চ মর্ত্ত্য লোকের উদ্ধারার্থ সেই বালকের দুঃখ ভোগের বিষয় বর্ণনা করিয়াছেন। ৮৫। যথা

ঈষায়ের উক্তি।

তিনি ক্লেশ ও দুঃখ ভোগ করত মনুষ্যদের দ্বারা তিরস্কৃত হইয়াছিলেন কিন্তু সে সকল যন্ত্রণা আমারদের নিমিত্তই সহ্য করিয়াছিলেন আপনার নিমিত্ত নহে (৮৬) আমরা মনে করিয়াছিলাম তিনি ঈশ্বর কর্ত্তৃক আহত হইলেন বস্তুতঃ তিনি আমারদের দোষ হেতু হত হইয়াছেন (৮৭) আর কেবল আমার-

অস্মাকমেব রক্ষার্থৈ তেন শাস্তিরভুজ্যত।
তদ্দুঃখাৎ তাড়নাচ্চৈব বয়ং স্বাস্থ্যং লভামহে ॥৮৮॥
বয়ং স্বেচ্ছানুসারেণ সর্ব্বে ভ্রান্তা বভূবিম।
বয়ং স্বার্হাম যাং শিক্ষাং তামীশোঽমুমভোজয়ৎ॥৮৯॥
তীব্রং ক্লিষ্টোঽপ্যসৌ সেহে নচ কিংচিদভাষত।
বধায় নীয়মানোঽবিরিব তস্থৌ স নীরবঃ॥ ৯০ ॥
স প্রাণাংশ্চাপি তত্যাজ পরপাপধুরন্ধরঃ।
স্বয়ং চ দোষিণাং মধ্যে দোষহীনোঽপ্যগণ্যত ॥৯১॥
আত্মানং তু বলিং দত্ত্বা দুঃখভোগাদনন্তরং।
স্বজন্যমন্বয়ং পশ্যন্ চিরজীবী স তর্প্স্যতি॥ ৯২ ॥
যতোঽসৌ মামকো ধর্ম্মী সেবকঃ পরদণ্ডভাক্।
স্বস্য জ্ঞানেন ভূয়িষ্ঠান্ মনুষ্যান্ শোধয়িষ্যতি॥ ৯৩॥

দের রক্ষার নিমিত্ত শাস্তি ভোগ করিয়াছেন, তাঁহার যন্ত্রণা ভোগেই আমরা স্বাস্থ্য লাভ করিতেছি। ৮৮। আমরা সকলে স্বেচ্ছানুসারে ভ্রান্ত হইয়াছিলাম অতএব আমরা যে শাস্তির যোগ্য ছিলাম পরমেশ্বর তাহা তাহাকে ভোগ করাইয়াছেন।৮৯। তিনিও সহিষ্ণুতা পূর্ব্বক ক্লেশ সহ্য করিয়াছেন তাহাতে কিছুই কহেন নাই যেমন বধার্থ নীয়মান মেষ নীরব থাকে তিনিও তাদৃশ মৌনী ছিলেন (৯০) তিনি পরের পাপের ভার বহন করত আত্মপ্রাণ ত্যাগ করিয়াছেন এবং আপনি দোষহীন হইলেও দোষাশ্রিত লোকের মধ্যে গণ্য হইয়াছিলেন। ৯১। অপর তিনি আপনাকে বলি দান করিয়া দুঃখভোগের পর নিজ প্রজা দর্শন করত চিরজীবী হইয়া তৃপ্ত হইবেন (৯২) আমার ঐ ধর্ম্মশীল সেবক পরের দণ্ড ভোগ করত স্বকীয় জ্ঞান দ্বারা ভূরিং মনুষ্যকে শুদ্ধ করিবেন (৯৩) একারণ আমি তাঁহাকে মহান্ জনগণের

অতস্তস্মৈ প্রদাস্যামি ভাগং সার্দ্ধং মহাত্মভিঃ।
বীরৈর্ম্মহাবলৈঃ সাকমসৌ লোপত্রং বিভক্ষ্যতি।৯৪॥

বিদ্বানুবাচ।

ইষায়াদচিরং পশ্চাদ্ মীকাখ্যো ভব্যবাচকঃ।
এবং প্রকাশয়ামাস শুভং জন্মস্থলং প্রভোঃ॥ ৯৫॥

মীকউবাচ।

হে ত্বং যহূদিদেশীয়ে পুরি বেথ্লহমফ্রতে।
যহূদিনাং সহস্রেষু কিং লঘুত্বেন গণ্যসে॥ ৯৬।
ইস্রায়েলাধিপো ভাবী ত্বন্মধ্যাদ্ নিঃসরিষ্যতি।
পরন্তু পূর্ব্বতোহপ্যাসীদনাদিশ্চাস্য নিঃসৃতিঃ॥ ৯৭॥

বিদ্বানুবাচ।

সার্দ্ধপঞ্চশতাব্দেভ্যঃ শ্রীখৃষ্টস্যাগতেঃ পুরা।
আচার্য্যো দানিয়েলাখ্যঃ প্রোচে কালং তদাগতেঃ।৯৮।

সহিত অংশ প্রদান করিব তিনি মহাবলপরাক্রম শূর বীরের সহিত লোপত্র ভাগ করিয়া লইবেন। ৯৪।

বিদ্বানের উক্তি।

ইষায়ের পর অল্পকাল মধ্যে মীক নামক ভবিষ্যদ্বক্তা প্রভুর শুভ জন্ম স্থল এইরূপ প্রকাশ করিয়াছিলেন ৯৫। যথা।

মীকের উক্তি।

ওহে যহূদি দেশীয় বেথলহম এফ্রত পুরী। যহূদীয় সহস্র পুরীর মধ্যে তুমি কি লঘুতম রূপে গণ্য? (৯৬) ইস্রায়েলের ভাবি অধিপতি তোমার মধ্য হইতে নির্গত হইবেন পরন্তু তাহার নিগমন পূর্ব্ব কালাবধিই আছে ও তাহা অনাদি। ৯৭।

বিদ্বানের উক্তি।

শ্রীখৃষ্টের আগমনের সার্দ্ধ পঞ্চ শত বৎসর পূর্ব্বে দানিএল এক আচার্য্য হইয়াছিলেন তেঁহ মসীহের আগমনের কাল

স্বদূর্তো গাব্রিয়েলাখ্যস্তৎসমীপে হ্যুপস্থিতঃ।
তমীশ্বর প্রিয়ং ভব্যং বার্ত্তামেবমদর্শয়ৎ ॥ ৯৯ ॥

গাব্রিয়েল উবাচ।

রোধনায়াপরাধানাং যজ্ঞানাং চ সমাপ্তয়ে।
পাপস্য শোধনার্থায় নিত্যধর্ম্মপ্রবৃত্তয়ে ॥ ১০০ ॥
সমাপ্ত্যৈ ভব্যবক্তৃণাং সুপুণ্যস্যাভিষিক্তয়ে।
ইত্যেতৎসর্ব্বসিদ্ধ্যর্থং পবিত্রে তাবকে পুরে।
সপ্তাহ সপ্ততিং কালং বিজানীহি নিরূপিতম্ ॥১০১॥
পুনর্যিরূশলেম্ পুর্য্যা নির্ম্মিত্যৈ শাসনাবধি।
মসীহকালপর্য্যন্তং স্যাৎ সপ্তাহোনসপ্ততিঃ ॥ ১০২ ॥
হনিষ্যতে মসীহোঽসাব্ আত্মনো হেতবে তু ন।১০৩।

ব্যক্ত করিয়াছিলেন। (৯৮) কেননা গাব্রিয়েল নামা স্বর্গীয় দূত ঐ ঈশ্বর প্রিয় আচার্য্যের নিকট উপস্থিত হইয়া ভবিষ্যৎ বিষয়ের বার্ত্তা এইরূপে প্রকাশ করেন। ৯৯।

গাব্রিয়েলের উক্তি।

তোমার পুণ্য পুরীতে অপরাধ রোধ যজ্ঞ সমাপ্তি পাপ শোধন এবং নিত্যধর্ম্ম প্রবর্ত্তন (১০০) তথা ভবিষ্যদ্বাণীর সমাপন পুণ্যতম পুরুষের অভিষেক এই সকল কার্য্য সিদ্ধ করণার্থ সপ্ততি সপ্তাহ কাল নিরূপিত হইয়াছে ইহা নিশ্চয় জানিও। ১০১। পুনশ্চ যিরুশালেম নগর পুনর্নির্ম্মাণ করণার্থ আজ্ঞা প্রচার হওনাবধি মসীহের কাল পর্য্যন্ত ঊনসপ্ততি সপ্তাহ নির্দ্দিষ্ট হইল (১০২) তৎপরে মসীহ হত হইবেন কিন্তু তাঁহার সে হত্যা আপনার নিমিত্ত হইবেক না। ১০৩।

IMPERIAL LIBRARY.

বিদ্বানুবাচ।

অমীষাং ভব্যবক্তৄণাং সংপূর্ণা গ্রন্থ সংহিতা।
যহূদিন্যা কৃতা বাণ্যা প্রচলত্যধুনাবধি।। ১০৪ ।।
শ্রীখৃষ্টস্যাবতারাৎ প্রাক্ প্রায়ো বর্ষ শতত্রয়াৎ।
তদ্গ্রন্থ সংগ্রহস্যার্থো যাবন্যা হ্যলূচি ভাষয়া।। ১০৫ ।।
ততো মহাত্মনস্তস্য প্রতীক্ষা বহ্বী জাতিষু।
ইস্রায়েলীয় ভিন্নাসু স্তোকং স্তোকমজায়ত।। ১০৬ ।।
তদা পাশ্চাত্য লোকেষু যবনা রোমিণোঽপিচ।
গুণৈ র্মহোন্নতিং প্রাপ্তা ব্যজ্ঞায়ন্ত মহীতলে।। ১০৭ ।।
দেশেষু পরিতঃস্থেষু ক্রমশশ্চ প্রণাদিতঃ।
তেষাং কীর্ত্তেঃ প্রতিধ্বানঃ শুশ্রুবেঽত্রাপি ভারতে।১০৮।

[তথাচ মহাভারতে। সর্ব্বজ্ঞা যবনা
রাজন্ শূরাশ্চৈব বিশেষত ইতি]

বিদ্বানের উক্তি।

এই সকল ভবিষ্যৎ বক্তারদের সম্পূর্ণ গ্রন্থ সংহিতা য়হূদি ভাষায় অদ্যাবধি চলিত আছে (১০৪) শ্রীখৃষ্টাবতারের প্রায় তিন শত বৎসর পূর্ব্বে ঐ সকল গ্রন্থের অর্থ যাবনিক গ্রীক ভাষায় অনুবাদিত হইয়াছিল (১০৫) তাহাতে ইস্রায়েল ভিন্ন অন্যান্য অনেক জাতি ঐ মহাত্মাবিষয়ক ভবিষ্য দ্বাণী কিঞ্চিৎ২ অবগত হইয়া তাঁহার প্রতীক্ষা করিত (১০৬) সেই কালে পশ্চিম খণ্ডস্থ যবন এবং রোমাণ জাতিরা স্বীয় গুণ দ্বারা মহোন্নতি প্রাপ্ত হইয়া ভূমণ্ডলে বিখ্যাত হইয়াছিল (১০৭) তাহারদের যশ চতুর্দ্দিকস্থ দেশে ক্রমশ বিস্তৃত হওয়াতে এই ভারতবর্ষেও শ্রুত হইয়াছিল (১০৮) যথা মহাভারতের উক্তি। "হে রাজন্ যবনেরা সর্ব্বজ্ঞ বিশেষতঃ মহাশূর" কিন্তু যবনাদি দেশীয় লোকেরা সকল প্রকার বিদ্যায় ভূষিত

পরন্তু সর্ব্ববিজ্ঞানপরিষ্কারযুতেষ্বপি।
তদ্দেশিষ্বৈশ্বরং জ্ঞানং সর্ব্বোৎকৃষ্টমদুষ্যত ॥ ১০৯ ॥
জনাঃ সাধারণাঃ সত্যং হ্যজানন্তঃ পরেশ্বরং।
অনর্চ্যান্ বহুলান্ দেবান্ অভ্যার্চন্ মোহকল্পিতান্।১১০
বিজ্ঞাশ্চ পরমার্থাদের্ম্মর্ম্মজিজ্ঞাসবো বৃথা।
শাস্ত্রাভাবাৎ স্বয়া বুদ্ধ্যা তত্ত্বং গন্তুং চিচেষ্টিরে ॥১১১।
কিন্ত্বৈশশাস্ত্রে ধর্ত্তারো যহূদ্যাঃ পরদেশগাঃ।
বহুত্র স্বস্য শাস্ত্রস্য সর্ব্বমর্থং বিতস্তরুঃ ॥ ১১২ ॥
ইত্থং ভবিষ্যতস্ত্রাতুঃ প্রতীচ্যাং বিস্তৃতা কথা।
অনেকৈর্জগৃহে সদ্ভিরনুভূয় স্বদুর্দশাং ॥ ১১৩ ॥
যথা প্রতীচ্যলোকেষু তথা প্রাচ্যেঽত্র ভারতে।
ক্ষিতাবৈশাবতারস্য মতমাশিশ্রিয়ে সদা ॥ ১১৪ ॥

হইলেও তাহারদের মধ্যে ঈশ্বর বিষয়ক সর্ব্বোৎকৃষ্ট জ্ঞান যথার্থ রূপে চলিত ছিল না (১০৯) তথাকার সাধারণ লোক সত্য পরমেশ্বরের জ্ঞান না পাওয়াতে অবিদ্যা কল্পিত অপূজ্য দেবতার পূজা করিত (১১০) আর পরমার্থ তত্ত্ব জিজ্ঞাসু বিজ্ঞ ব্যক্তিরা শাস্ত্রাভাবে স্বীয় বুদ্ধিদ্বারা তদ্বিষয় অনুমান করিতে যে চেষ্টা করিয়াছিলেন তাহা নিষ্ফল হইয়াছিল (১১১) কিন্তু পরে ঐশ্বরশাস্ত্র গ্রাহি যহূদি লোকেরা দেশ দেশান্তরে গমন করিয়া অনেকানেক স্থলে আপনারদের শাস্ত্রার্থ বিস্তার করিল (১১২) তাহাতে ভবিষ্যৎ ত্রাণ কর্ত্তার কথা পশ্চিম খণ্ডেও ব্যাপ্ত হইলে অনেকানেক ভদ্র লোক আপনারদের দুর্দশা চিন্তা করিয়া তাহা গ্রাহ্য করিল (১১৩) অপর পশ্চিমখণ্ডের ন্যায় পূর্ব্ব খণ্ডস্থ ভারত বর্ষীয় লোকেরাও ঈশ্বরাবতারের মত গ্রহণ করিল (১১৪) যথা ভগবদ্গীতার উক্তি। " হে ভারত যেহ

[যথা ভগবদ্গীতায়াং। যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত। অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহং। পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাং। ধর্ম্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে॥ ইতি]

ইতি শ্রীয়েযুখৃষ্টমাহাত্ম্যে শ্রীমহামোক্তৃ প্রতীক্ষা নাম প্রথমোঽধ্যায়ঃ।

বিদ্বানুবাচ।

যস্যাগমাংশুভিঃ পূর্ব্বং নভোঽভূদরুণীকৃতং।
স প্রাঙ্ নিরূপিতে কালে উদৈদ্ ধর্ম্মপ্রভাকরঃ॥ ১॥
যহূদ্যা নামকে দেশে দাবিদ্রাজান্বয়োদ্ভবা।
মরীয়ানামিকা কাচিৎ কুমারী ন্যবসৎ সতী॥ ২॥
গতে বৈক্রমশাকস্য পঞ্চাশত্তমহায়নে।
তামীশপ্রেষিতো দূত উপস্থিত্যেদমব্রবীৎ॥ ৩॥

কালে ধর্ম্মের হ্রাস এবং অধর্ম্মের বৃদ্ধি হয় তখন আমি আপনাকে সৃষ্ট করি এবং সাধু দিগের পরিত্রাণ ও দুষ্কৃতি দিগের বিনাশ আর ধর্ম্মের সংস্থাপন নিমিত্ত যুগে২ উৎপন্ন হইয়া থাকি” ইতি শ্রীয়েযুখৃষ্ট মাহাত্ম্য নামক গ্রন্থে শ্রীমহামোক্তৃ প্রতীক্ষা নামক প্রথম অধ্যায় সমাপ্ত।

বিদ্বানের উক্তি।

যাঁহার আগমনের প্রভাদ্বারা পূর্ব্বাবধি নভস্তল অরুণীকৃত হইয়াছিল সেই ধর্ম্ম প্রভাকর পূর্ব্ব দেশে নিরূপিত কালে উদিত হইলেন (১) দাবিদ রাজার বংশোদ্ভবা মরীয়া নাম্নী এক সাধ্বী কুমারী যহূদ্যা নামক দেশে বসতি করিতেন (২) বিক্রমাদিত্য শাকের পঞ্চাশত্তম বর্ষ গত হইলে ঈশ্বর প্রেরিত এক দূত সেই কুমারীর নিকট উপস্থিত হইয়া এই বাক্য কহিলেন।৩। যথা

গাব্রিয়েলো দূত উবাচ।

হেভূর্য্যনুগ্রহাপন্নে কন্যে ভূয়াচ্ছুভং তব।
ঈশ্বরস্তে সহায়োঽস্তি ধন্যা ত্বং স্ত্রীগণেষু চ ॥ ৪ ॥

বিদ্বানুবাচ।

সা কন্যা বচনাৎ তস্য ব্যাকুলৈবমচিন্তয়ৎ।
এতৎ সংবোধনং কীদৃগিত্যথো সোঽব্রবীৎ পুনঃ ॥৫॥

গাব্রিয়েল উবাচ।

মাভৈষীর্হে মরীয়ে ত্বং হ্যাপ্নোরীশাদনুগ্রহং।
ত্বং গর্ভধারিণী ভূত্বা ধন্যা পুত্রং সবিষ্যসে ॥ ৬ ॥
স য়েষূনামকো ভাবী মহান্ সর্ব্বেশ্বরাত্মজঃ।
রাজা য়াকুব বংশস্য সচ শশ্বদ্ ভবিষ্যতি ॥ ৭ ॥

গাব্রিয়েল দূতের উক্তি।

হে মহানুগৃহীতা কন্যা, তোমার মঙ্গল হউক, ঈশ্বর তোমার সহায় আছেন, অতএব তুমি নারী গণের মধ্যে ধন্যা। ৪।

বিদ্বানের উক্তি।

ঐ কন্যা দূতের এই বচন শুনিয়া ব্যাকুল চিত্ত হইয়া চিন্তা করিতে লাগিলেন যে, এ কীদৃশ সম্বোধন? দূত তাহা বুঝিয়া পুনশ্চ কহিলেন (৫)—যথা।

গাব্রিয়েলের উক্তি।

হে মরীয়া, তুমি ভীত হইও না, তুমি ধন্যা, পরমেশ্বরের নিকট অনুগ্রহ প্রাপ্ত হইয়াছ, তুমি গর্ভধারিণী হইয়া পুত্র প্রসব করিবে (৬) সেই সন্তান যেষূ নামধারী হইবেন এবং সর্ব্বেশ্বরের পুত্র বলিয়া প্রসিদ্ধ হওত যাকুব বংশের নিত্য রাজা হইবেন।৭।

বিদ্বানুবাচ।

এতচ্ছ্রুত্বা মরীয়োচে কথমেতদ্ ভবেদ্ মম।
পুংসংসর্গোহি নাস্তীতি ততো দূতোঽব্রবীৎ পুনঃ॥ ৮॥

গাব্রিয়েল উবাচ।

পবিত্র ঈশ্বরস্যাত্মা কন্যে ত্বা মাশ্রয়িষ্যতি।
সর্ব্বেশ্বরস্য শক্তিশ্চ ছায়াং কর্ত্তা তবোপরি॥ ৯॥
অতস্ত্বদ্গর্ভতো বালো যঃ পবিত্রো জনিষ্যতে।
সূনুঃ পরেশ্বরস্যেতি স মহাত্মাঽভিধাস্যতে॥ ১০॥

বিদ্বানুবাচ।

মরীয়া তু ততোঽবাদীদীশদাস্যাং তথা ময়ি।
সংসিদ্ধং তে বচোঽস্ত্বিত্থং দূতস্তত্রধীয়ত॥ ১১॥

বিদ্বানের উক্তি।

মরীয়া এই কথা শ্রবণ করিয়া কহিলেন আমার পক্ষে এবিষয় কি প্রকারে সম্ভাব্য কেননা আমার কখন পুরুষের সহিত সংসর্গ হয় নাই। দূত কহিলেন (৮) যথা।

গাব্রিয়েলের উক্তি।

- হে কন্যা, ঈশ্বরের পবিত্রাত্মা তোমাকে আশ্রয় করিবেন এবং সর্ব্বেশ্বরের শক্তি তোমাকে আচ্ছন্ন করিবে (৯) অতএব তোমার গর্ব্ভে যে পবিত্র বালক জন্মিবেন সেই মহাত্মা পরমেশ্বরের পুত্র বলিয়া অভিধেয় হইবেন।১০।

বিদ্বানের উক্তি।

তখন মরীয়া কহিলেন আমি ঈশ্বরের দাসী, আমাতে তোমার বাক্য সিদ্ধ হউক। তৎপরে দূত অন্তর্হিত হইলেন॥ ১১॥

যোসেফঃ সজ্জনঃ কশ্চিৎ তদাসীৎ তত্র নীবৃতি।
তস্মৈ সার্য্যতমা কন্যা বাগ্‌দত্তা প্রাগবিদ্যত ॥ ১২ ॥
ততস্তাং গর্ব্ভিণীং দৃষ্ট্বা ব্যভিচারস্য শঙ্কয়া।
যোসেফো গর্ব্ভহেত্বজ্ঞো বর্জিতুং সমকল্পয়ৎ ॥ ১৩ ॥
এতচ্চিন্তয়মানস্তু ব্যাকুলাত্মা স ধার্ম্মিকঃ।
স্বপ্নে দৃষ্ট্বা বিভোর্দূতং তস্যাজ্ঞামশৃণোদিমাং ॥ ১৪ ॥

দূত উবাচ।

হে দাবিৎপুত্র যোসেফ ত্বং মা বর্জাত্মনঃ স্ত্রিয়ং।
তদ্গর্ভোহদ্ভুতঃ শক্ত্যা পবিত্রস্যাত্মনোহভবৎ ॥ ১৫ ॥

বিদ্বানুবাচ।

ইত্যেশদূতবাক্যেন নির্ম্মলাং তাং ব্যুবাহ সঃ।
আশ্চর্য্যগর্ব্ভধারিণ্যা নাসজত্তু তয়া সহ ॥ ১৬ ॥

যোসেফ নামক একজন সাধু পুরুষ বাস করিতেন ঐ উৎকৃষ্টা কন্যা পূর্ব্বাবধি তাঁহার প্রতি বাগ্‌দত্তা হইয়াছিলেন।১২। যোসেফ তাঁহাকে গর্ব্ভবতী দেখিয়া এবং গর্ব্ভাধানের হেতু না জানিয়া ব্যভিচারিণী আশঙ্কায় তাঁহাকে ত্যাগ করিতে মনস্থ করিলেন (১৩) কিন্তু ঐ ধার্ম্মিক ব্যক্তি ব্যাকুলচিত্ত হইয়া এই বিষয় চিন্তা করিতেছেন এমত সময়ে স্বপ্নযোগে ঈশ্বর দূতের দর্শন পাইয়া তাঁহার প্রমুখাৎ এই বাক্য শ্রবণ করিলেন।১৪।

দূতের উক্তি।

হে দাবিদ বংশজ যোসেফ, তুমি তোমার স্ত্রীকে ত্যাগ করিওনা পবিত্রাত্মার শক্তিতে তাঁহার অদ্ভুত গর্ব্ভ হইয়াছে।১৫।

বিদ্বানের উক্তি।

যোসেফ ঈশ্বর দূতের এই কথা শ্রবণ করিয়া ঐ নির্ম্মল কুমারীকে গ্রহণ করিলেন কিন্তু তাহার অলৌকিক গর্ব্ভসঞ্চার হওয়াতে সহবাস করিলেন না। ১৬। অনন্তর কোন বিশেষ কর্ম্মের অনুরোধে

কিঞ্চিৎকার্য্যবশাৎপশ্চাৎ পুরে বেথ্লহমাভিধে।
দাবিজ্জন্মস্থলে তাভ্যাং গন্তব্যং স্বগৃহাদভূৎ॥ ১৭ ॥
তৎপূর্য্যাঃ পান্থশালায়াম্ আকীর্ণায়াং জনৈঃ ক্বচিৎ॥
প্রাপ্তপ্রসূত্যনেহস্কা কন্যা নাপ্নোৎ স্থলং সতী॥ ১৮।
তত্রত্যমন্দুরায়াং তু স্থানমন্ত্য মবাপ্য সা।
ভবিষ্যদ্বাদিভিঃ প্রোক্তং কুমারী সুষুবে সুতং॥ ১৯॥
বিবেষ্টে বিশ্বসম্রাজং চামুং বস্ত্রৈররাজকৈঃ।
পশুভোজনপাত্রে চ সর্ব্বভূতেশমার্পয়ৎ॥ ২০॥
তদা তন্নিকটে ক্ষেত্রে কতিচিদ্ মেষপালকাঃ।
রাত্রৌ জাগরিণোহবীনাং স্বেষাং রক্ষামকুর্বত॥২১॥
তত্রৈতেষু মহাতেজ ঐশ্বরং পর্য্যভাসত।
বিভ্যৎস্বূপস্থিতশ্চৈকো দূত ঐশোহব্রবীদিদং॥ ২২॥

ঐ স্ত্রী পুরুষকে নিজ গৃহ ত্যাগ করিয়া বেথ্লহম নামক দাবিদ রাজার জন্ম ভূমিতে গমন করিতে হইল।১৭। সেই নগরস্থ পান্থশালা পথিক লোকে পরিপূর্ণ হইয়াছিল এবং ঐ সাধ্বী কন্যা প্রসব কাল উপস্থিত হইলেও তথায় স্থান পাইলেন না (১৮) পরে তথাকার এক মন্দুরায় কিঞ্চিৎ স্থান থাকাতে সেখানে অবস্থিতি করিয়া ভবিষ্যদ্বাদি গণের বর্ণিত অপত্য প্রসব করিলেন (১৯) এবং সেই বিশ্বসম্রাট্ বালককে অরাজক বস্ত্রে বেষ্টিত এবং সর্ব্বভূতেশ্বর সেই প্রভুকে পশু ভোজন পাত্রে স্থাপিত করিলেন। ২০। সেই সময় সেখানকার সন্নিকটস্থ এক ক্ষেত্রে কতিপয় মেষপালক রাত্রি জাগরণ পূর্ব্বক আপনারদের মেষ রক্ষা করিতেছিল(২১) ঐশ্বরিক তেজ সেখানে তাহারদের সমক্ষে প্রকাশ হওয়াতে তাহারা ভীত হইল তখন ঈশ্বরের এক দূত তাহারদিগকে এই বাক্য কহিলেন।২২।

দূত উবাচ।

অহো মাভৈষ্ট ভদ্রং হি সমাচারং দদামি বঃ।
খষ্টোঽদ্য দাবিদঃ পুর্য্যাংত্রাতোৎপেদে মহাপ্রভুঃ।২৩।

বিদ্বানুবাচ।

ইত্থং সত্যঽমুনা প্রোক্তে সদ্যো নাকাদুপস্থিতা।
স্বর্দূতানাং চমূরেতামীশ্বরস্য স্তুতিং জগৌ ॥ ২৪ ॥

স্বর্দূতা ঊচুঃ।

স্বর্বাসৌঘেন মাহাত্ম্যমীশ্বরস্য প্রগীয়তাং।
শান্তির্ভূয়াৎ পৃথিব্যাস্তু নৃজাতৌ চ প্রসন্নতা ॥ ২৫॥

বিদ্বানুবাচ।

ইতিগাত্বেশদূতানাং চমূঃ খেঽন্তরধীয়ত।
গত্বা চ মেষপালৌঘঃ প্রাপ সদ্বালদর্শনং ॥ ২৬॥

দূতের উক্তি।

ওহে তোমরা ভয় করিও না, আমি তোমারদিগকে শুভ সংবাদ দিতেছি, অদ্য দাবিদের পুরীতে ত্রাণকর্ত্তা মহাপ্রভু শ্রীখৃষ্ট জন্মগ্রহণ করিয়াছেন। ২৩।

বিদ্বানের উক্তি।

দূতের এই বাক্য সমাপ্ত হইলে পর এক দল স্বর্গীয় সেনা স্বর লোক হইতে হঠাৎ উপস্থিত হইয়া এইরূপে ঈশ্বরের স্তব করিতে লাগিলেন। ২৪।

দিব্যদূতগণের উক্তি।

স্বর্গবাসি সমূহের মধ্যে ঈশ্বরের মাহাত্ম্য সংকীর্ত্তন হউক আর পৃথিবীতে শান্তি হউক ও মনুষ্যজাতির মধ্যে প্রসন্নতা হউক।২৫।

বিদ্বানের উক্তি।

দিব্য দূতগণ এই গান করিয়া আকাশে অন্তর্হিত হইলে পর মেষপালকেরা উক্ত অশ্বশালায় যাইয়া পবিত্র বালককে দর্শন করিল। ২৬।

সত্যার্থ্যুবাচ।

যোঽবতীর্ণো নৃরূপেণ ত্রাতা হ্যসৌ কথমীশ্বরঃ।
কথমীশাত্মজশ্চেতি কৃপয়া বদ মে গুরো॥ ২৭॥

বিদ্বানুবাচ।

জগ্রাহ যস্তদা জন্ম মর্ত্যাবস্থাং চ দুঃখিনীম্।
অনন্তো মহিমা তস্য তচ্ছিষ্যৈরিতি কথ্যতে॥২৮॥

যথা যোহন্নিরুবাচ॥

শব্দোঽবিদ্যত বিশ্বাদাবীশ্বরেণ সহ স্থিতঃ।
স্বয়ং সন্নীশ্বরোঽনাদিঃ সসৃজে তেন চাখিলং॥২৯॥
স যোনি র্জীবনস্যাসীজ্জ্যোতির্দো নৃগণস্য চ।
স চকাশে তমোমধ্যে ন জগ্রাহ তমস্ত্বমুং॥ ৩০॥

সত্যার্থির উক্তি।

যিনি নররূপে অবতীর্ণ হইলেন তিনি কি প্রকারে ত্রাণকর্ত্তা ঈশ্বর? এবং ঈশ্বর পুত্রই বা কি প্রকারে ছিলেন? হে গুরো কৃপা করিয়া এই কথা আমাকে জ্ঞাপন করুন। ২৭।

বিদ্বানের উক্তি।

যিনি ঐ কালে জন্ম গ্রহণ করিয়া দুঃখ বিশিষ্ট মর্ত্ত্যাবস্থা স্বীকার করিয়াছিলেন তাঁহার অনন্ত মহিমা শিষ্যেরা এইরূপে বর্ণনা করিয়াছেন। ২৮।

যথা যোহন্নির উক্তি।

সংসারের আদি কালে শব্দ ঈশ্বরের সহিত বিদ্যমান ছিলেন এবং সেই শব্দ স্বয়ং ঈশ্বরও অনাদি, তাঁহার দ্বারা অখিল জগৎ সৃষ্টি হয়।২৯। তিনি জীবনের কারণ স্বরূপ এবং মনুষ্যগণের দীপ্তিদাতা ছিলেন এবং তিনি অন্ধকার মধ্যে প্রকাশ হইলেন কিন্তু অন্ধকার তাঁহাকে গ্রহণ করে নাই। ৩০। সেই শব্দ শরীর ধারণ

স শব্দশ্চাধরদ্ দেহং নৃণাং মধ্যেঽপ্যুবাস চ।
ঈশাত্মজার্হতেজস্কঃ সত্যানুগ্রহয়োর্নিধিঃ ॥ ৩১॥
পিতৃক্রোড়স্থিতঃ সূনুরদ্বিতীয়োঽয়মীশ্বরম্।
অদৃষ্টং ব্যঞ্জয়ামাস প্রাদুর্ভূয় মহীতলে ॥ ৩২ ॥
স সংসারস্য নির্মাতা তন্মধ্যেঽবাতরৎ স্বয়ং।
প্রায়ো মূঢ়স্তু সংসারস্তং ন পর্য্যচিনোৎ প্রভুং॥৩৩॥
তন্মাহাত্ম্যন্তু যাবন্তঃ পরিচিত্য তমাশ্রয়ন্।
তেভ্যোঽধিকারমীশস্য সূনবো ভবিতুং দদৌ ॥৩৪॥

বিদ্বানুবাচ ॥

যথা বা পৌলনামাঽন্যঃ খৃষ্টশিষ্যঃ প্রতিষ্ঠিতঃ।
ঐশ্বর্য্যমমিতং স্বস্য প্রভোরেবমবর্ণয়ৎ ॥৩৫॥

করিয়া মনুষ্য লোকে বাস করিয়াছিলেন এবং ঈশ্বর পুত্রের উপযুক্ত তেজঃ পুঞ্জ বিশিষ্ট অথচ সত্য ও অনুগ্রহের আধার ছিলেন।৩১। পিতৃ ক্রোড়স্থিত ঐ অদ্বিতীয় পুত্র মহীতলে প্রাদুর্ভূত হইয়া অদৃষ্ট ঈশ্বরকে প্রকাশ করিয়াছিলেন। ৩২। তিনি সংসারের নির্মাতা অথচ স্বয়ং সংসারে অবতীর্ণ হইয়াছিলেন পরন্তু মূঢ় সংসার প্রায় তাহাকে চিনিতে পারে নাই। ৩৩। কিন্তু যাহারা তাঁহার মাহাত্ম্যের পরিচয় পাইয়া তাঁহার শরণাগত হইয়াছিল তাহারদিগকে তিনি ঈশ্বর পুত্র হইবার অধিকার দিয়াছিলেন। ৩৪।

বিদ্বানের উক্তি।

পৌল নামে অন্য এক খৃষ্ট শিষ্য মহা প্রতিষ্ঠা ভাজন হইয়াছিলেন তিনি নিজ প্রভুর অনন্ত ঐশ্বর্য্য এই রূপে বর্ণন করেন। ৩৫। যথা।

পৌল উবাচ ॥

অদৃশ্যস্যেশ্বরস্যায়ং মূর্ত্তির্বিশ্বাগ্রজঃ সুতঃ।
তাবন্তি সসৃজে তেন ভূমিষ্ঠং খস্থিতং চ যৎ ॥৩৬॥
তদ্দ্বারা সসৃজে বিশ্বং তথা তস্যৈব হেতবে।
অগ্রে স চাস্তি বিশ্বেষাং সর্ব্বং তেনাবতিষ্ঠতে ॥৩৭॥
স ত্বীশ্বরস্বরূপোঽপি স্বমৈশ্বর্য্যং ত্যজন্নিব।
দাসস্বরূপকো ভূত্বা মর্ত্ত্যাবস্থাং সমাদদে ॥৩৮॥
ইত্যাদিনা ॥

বিদ্বানুবাচ।

ততঃ স বালকঃ পুণ্যো বাসরে জন্মতোঽষ্টমে।
সংস্কারং মোসিশাস্ত্রোক্তং যেষুনাম চ লব্ধবান্ ॥ ৩৯

পৌলের উক্তি।

ইনিই অদৃশ্য ঈশ্বরের মূর্ত্তি এবং সর্ব্বাগ্রজ পুত্র। কি আকাশস্থ কি পৃথিবীস্থ যত দ্রব্য আছে সকলই তাহার দ্বারা সৃষ্ট হয়। ৩৬। তাঁহার দ্বারা এবং তাঁহার নিমিত্ত বিশ্ব সৃষ্টি হয়। তিনি অখিল জগতের অগ্রে ছিলেন এবং সকলই তাহার দ্বারা স্থির থাকে। ৩৭। তিনি ঈশ্বর স্বরূপ হইয়াও স্বকীয় ঐশ্বর্য্য যেন ত্যাগ করিয়া দাস রূপে মর্ত্ত্য মনুষ্যের অবস্থা গ্রহণ করিয়াছিলেন। ইত্যাদি। ৩৮।

বিদ্বানের উক্তি

অনন্তর ঐ পুণ্য বালক জন্মের পর অষ্টম দিবসে মোসি শাস্ত্রোক্ত সংস্কার এবং যেষূ নাম প্রাপ্ত হইলেন। ৩৯। জগতিস্থ প্রগাঢ়

স চ গাঢে জগদ্ধ্বান্তে ধর্ম্মার্কস্যোদয়ঃ শুভঃ ।
লোকাচ্চিরায় গুপ্তোঽপি সদ্ভিরল্পৈরদৃশ্যত ॥৪০ ॥
প্রাচ্যাং হি পণ্ডিতাঃ কেচিৎ শ্রীযেষুজন্মসূচিকাং ।
দৃষ্টৈকামদ্ভুতাং তারাং বন্দিতুং তং প্রতস্থিরে ॥৪১ ॥
সা তারাঽগ্রে প্রগচ্ছন্তী তদীয়াধ্বোপদেশিকা ।
যত্রেশ্বরঃ শিশুস্তস্থৌ তত্রান্তে স্থগিতাঽভবৎ ॥ ৪২ ॥
ততো গৃহে তদুদ্দিষ্টে প্রবিশন্তো বিপশ্চিতঃ ।
নানা সৎকৃত্য সদ্বালমুপহারৈর্ববন্দিরে ॥ ৪৩ ॥
পণ্ডিতানাং গতেঃ পশ্চাৎ চত্বারিংশদ্দিনায়ুষং ।
গৃহীত্বা স্বং সুতং মাতা রাজধানীং সমাগমৎ ॥ ৪৪ ॥
তত্রত্যে মন্দিরে সূনুং চেশ্বরায় সমার্পয়ৎ ।
বলীন্ যহূদ্যশাস্ত্রোক্তান্ সমুৎসৃজ্য যথাবিধি ॥ ৪৫ ॥

অন্ধকারের মধ্যে ঐ ধর্ম্ম সূর্য্যের শুভ উদয় সাধারণ লোকের পক্ষে গুপ্ত থাকিলেও কতিপয় সাধু লোক তাহার দর্শন পাইয়াছিল (৪০) বিশেষতঃ পূর্ব্বদেশীয় পণ্ডিত শ্রীযেষুর জন্ম সূচক এক অদ্ভুত নক্ষত্র দর্শন করিয়া তাঁহার বন্দনা করিতে প্রস্থান করিয়াছিলেন । ৪১ । ঐ নক্ষত্র তাহারদের পথ দর্শক হইয়া অগ্রে২ গমন করত যেখানে ঈশ্বর শিশু ছিলেন সেই স্থানের উপর স্থির হইল । ৪২ । পরে পণ্ডিত গণ নক্ষত্রোদ্দিষ্ট গৃহে প্রবেশ করিয়া উপহার উৎসর্গ করত ঐ উৎকৃষ্ট বালকের অর্চ্চনা করিলেন । ৪৩ । পণ্ডিতেরা স্বস্থানে গমন করিলে পর মরীয়া চত্বারিংশৎ দিন বয়স্ক নিজ পুত্রকে লইয়া রাজধানীতে সমাগত হয়েন (৪৪) এবং তত্রত্য মন্দিরে য়হুদি শাস্ত্রের রীত্যনুসারে যথাবিধি বলি উৎসর্গ করত বালককে ঈশ্বরের উদ্দেশে সমর্পণ করিলেন । ৪৫ ।

তদ্দেশে যস্তদা ভূভৃদাসীদ্ হেরোদসংজ্ঞকঃ।
স যেষূৎপত্তিবৃত্তান্তমাকর্ণ্য ব্যাকুলোঽভবৎ ॥ ৪৬ ॥
যো ভব্যবক্তৃভিঃ প্রোক্তো ভাবী রাজা যহূদিনাম্।
রাজ্যং মে সোঽধুনা জাতঃ শীঘ্রমেব হরেদিতি ॥৪৭ ॥
ইত্থং বিচিন্ত্য বালং তু ন প্রাপ্যাজ্ঞাং দদাবসৌ।
দ্বিবর্ষোনান্ শিশূন্ সর্ব্বান্ হন্তুং বেথ্লহমান্তিকে ॥৪৮
স বালস্ত্বেশ্বরো যেষূঃ স্বদূতস্যাজ্ঞয়া ততঃ।
নীতো দেশান্তরং তত্রে স্বদেশং চাগমৎ পুনঃ ॥ ৪৯ ॥
একদা দ্বাদশাব্দায়ুর্যদাঽভূৎ স বিভোঃ সুতঃ।
তদা মাত্রাঽন্বিতোঽগচ্ছৎ পর্ব্বকালে মহাপুরং ॥৫০॥

তৎকালে ঐদেশে হেরোদ নামা এক রাজা ছিলেন তিনি যেষূর জন্ম বিবরণ শ্রবণ করিয়া ব্যাকুলচিত্ত হইলেন (৪৬) এবং এই চিন্তা করিতে লাগিলেন যে ভবিষ্যদ্বক্তৃগণের বাক্যানুসারে যিনি যহূদি দিগের রাজা হইবেন তিনি এক্ষণে জন্ম গ্রহণ করিয়াছেন অতএব শীঘ্র আমার রাজ্য হরণ করিবেন। ৪৭ হেরোদ এই চিন্তা করিয়া এবং ঐ শিশুকে হস্তগত করিতে না পারিয়া বেথ্লমের নিকটস্থ ঊনদ্বিবর্ষ বয়স্ক সমস্ত বালক বিনষ্ট করিতে আজ্ঞা দিলেন। ৪৮। কিন্তু ঐশ্বরিক ঐ বালক দিব্য দূতের আজ্ঞায় দেশান্তরে নীত হইয়া রক্ষিত হইলেন পরে পুনশ্চ স্বদেশে প্রত্যাগমন করিলেন। ৪৯। অনন্তর এক সময় স্বয়ম্ভু পরমেশ্বরের ঐ পুত্র যখন দ্বাদশ বর্ষ বয়স্ক তখন মাতার সমভিব্যাহারে কোন পর্ব্বাহে যিরূশালেম মহানগরে গমন করিলেন। ৫০। সেই পর্ব্ব সমাপ্ত হইলে তাঁহার পিতা মাতা সে নগর

পর্ব্বান্তে তস্য পিত্রোস্তু পুরাৎ প্রস্থিতয়োর্গৃহং ।
ন সার্দ্ধমগমদ্ যেযূঃ পুরে তস্থৌ তু সোঽচ্যুতঃ ॥৫১ ॥
স কৃচিদ্ যাত্রিণাং মধ্যে সুহৃদা সহ কেনচিৎ ।
আগচ্ছতীত্যজানীতাং নিশ্চিন্তৌ পিতরৌ পথি ॥৫২॥
শেষে তু তং কৃচিদ্ নাপ্ত্বা পরাবৃত্তৌ মহাপুরং ।
প্রাপতুস্ত্রিদিনাৎ পশ্চাদ্ মন্দিরে পরমাত্মনঃ ॥ ৫৩ ॥
তত্র তং তৌ সমাসীনং শাস্ত্রিণাং সদসোঽন্তরে ।
অপশ্যতাং নিশাম্যন্তং প্রশ্নান্ পৃচ্ছন্তমেব চ ॥ ৫৪ ॥
যে যে ন্যশাময়ং স্তত্র তস্যোক্তীরুত্তরাণি চ ।
তে সর্ব্বে তন্মহাবুদ্ধে র্বিস্ময়ং পরমং যযুঃ ॥ ৫৫ ॥
মাতা ত্ববাচ হে পুত্র কস্মাদেবং সমাচরঃ ।
ত্বামন্বিচ্ছাব শোকার্ত্তাবহং তাতশ্চ তাবকঃ ॥ ৫৬ ॥

হইতে আপন গৃহে প্রস্থান করিলেন পরন্তু ঐ বালক তাঁহারদের সঙ্গে না আসিয়া সেই নগরের মধ্যেই রহিলেন । ৫১ । তাঁহার পিতা মাতা এই ভাবিয়া নিশ্চিন্ত হইয়াছিলেন যে তিনি বুঝি যাত্রি গণের মধ্যে কোন বন্ধুর সহিত আসিতেছেন । ৫২ । কিন্তু অবশেষে যখন কুত্রাপি তাঁহার উদ্দেশ পাইলেন না তখন ঐ মহা নগরীতে প্রত্যাগত হইয়া তিনদিবসের পর পরমেশ্বরের মন্দিরে তাহাকে দেখিতে পাইলেন। ৫৩ । তিনি সেখানে শাস্ত্রিদের সভাতে উপবিষ্ট হইয়া তাঁহাদের বাক্য শ্রবণ এবং তাঁহার দিগকে প্রশ্ন জিজ্ঞাসা করিতে ছিলেন । ৫৪ । আর যাহারা তাঁহার উক্তি এবং উত্তর শ্রবণ করিতেছিল তাহারা সকলেই তাঁহার প্রখর বুদ্ধিতে বিস্ময়াপন্ন হইয়াছিল । ৫৫ । তৎকালীন তাঁহার মাতা তাঁহাকে কহিলেন হে পুত্র তোমার এ কি প্রকার ব্যবহার? আমি এবং তোমার পিতা দুইজনে ব্যাকুল হইয়া তোমার অন্বেষণ করিয়া বেড়াইতেছি । ৫৬ । ঐ আর্য্যতমা নারী এইপ্রকার কহি-

ইত্যুচেহর্য্যতমা স্ত্রীণাং কিন্তু মৃদ্বপি ভৎর্সনং।
তদনর্হো নিশম্যোচ একঃ স্ত্রীভূষু সোহনঘঃ॥ ৫৭॥

শ্রীযেষুরুবাচ।

মাং কুতোহন্বৈচ্ছতং ব্যগ্রৌ গৃহে স্বস্য পিতুর্ময়া।
স্থাতব্যমস্তি কিং নেথমজানীতং যুবাং পুরা॥ ৫৮॥

বিদ্বান্নুবাচ।

ইত্যাশ্চর্য্যবচঃ প্রোক্তং পরমেশ্বরসূনুনা।
অব্যক্তার্থং নিশাম্যন্তৌ পিতরৌ নাবজগ্মতুঃ॥ ৫৯॥
পিতা তু তব কোহস্তীতি গৃহং বা তস্য কিংবিধং।
তদানীং কোহপি নাপৃচ্ছদমুং বালকমদ্ভুতম্॥ ৬০॥

লেন কিন্তু যদিও তাঁহার এরূপ ভৎর্সনা বাক্য অতি কোমল তথাপি যেষূ তাদৃশ অনুযোগবাদেরও পাত্র ছিলেন না পরে মাতৃবচন শ্রবণ করিয়া সেই প্রভু (কেবল যিনি স্ত্রীজাত সন্তান মধ্যে নিষ্পাপ ছিলেন) কহিতে লাগিলেন। ৫৭।

শ্রীযেষর উক্তি।

তোমরা কেন ব্যগ্র হইয়া আমার অন্বেষণ করিতেছিলা? তোমরা কি জানিতা না যে নিজ পিতৃগৃহে আমার অবস্থিতি করা কর্ত্তব্য। ৫৮।

বিদ্বানের উক্তি।

ঈশ্বরের পুত্র এইপ্রকারে অদ্ভুত ও নিগূঢ়ার্থ বচন কহিলেন কিন্তু তাঁহার পিতামাতা তত্তাৎপর্য্য গ্রহ করিতে পারিলেন না। ৫৯। অপর তৎকালে কেহই ঐ অদ্ভুত বালককে জিজ্ঞাসা করিল না যে তোমার পিতা কে? এবং তাঁহার গৃহই বা কি প্রকার?। ৬০। অনন্তর যেষূ তাহারদের সমভিব্যাহারে নশ-

ততস্তাভ্যাং সহাগত্য নশরেতপুরং পুনঃ।
তস্থৌ নিঘ্ন স্তয়োর্যেযুঃ সিদ্ধঃ সোঽসিদ্ধয়োরপি॥৬১॥
ততো দিনে দিনে যেষু র্ববৃধে ধিষণাদিষু।
প্রসাদমীশ্বরাদ্ নৃভ্যশ্চাবাপ্নোদুত্তরোত্তরম্॥ ৬২॥

ইতি শ্রীযেযুখৃষ্টমাহাত্ম্যে যেষূৎপত্তিবর্ণনং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বিদ্বানুবাচ।

আজন্মনো গুণৈরৈশৈ র্বিশিষ্টোঽপি বিভোঃ সুতঃ।
ত্রিংশদ্বর্ষবয়ো যাবদ্ নহ্যাচার্য্যত্বমাদদে॥ ১॥
তৎপ্রাদুর্ভবনাৎ পূর্ব্বং তন্মহিম্নঃ প্রসিদ্ধয়ে।
যোহন্নিনামকঃ সাধুরীশ্বরেণ ন্যযোজ্যত॥ ২॥
স ঐশবচসাবিষ্টঃ পরিভ্রাম্যন্নঘোষয়ৎ। ..
হে পশ্চাত্তপত স্বর্গসাম্রাজ্যং হ্যাযযাবিতি॥ ৩॥

রেত পুরে পুনরাগমন করিয়া স্বয়ং সিদ্ধ হইয়াও অসিদ্ধ পিতা মাতার বশে রহিলেন। ৬১। এবং দিনে২ বুদ্ধ্যাদিতে বৃদ্ধিপ্রাপ্ত হইতে লাগিলেন আর তাঁহার প্রতি ঈশ্বর ও মনুষ্য উভয়েরই উত্তর২ অধিক প্রসন্নতা হইতে লাগিল। ৬২। ইতি শ্রীয়েষুখৃষ্ট মাহাত্ম্য গ্রন্থে য়েষূৎপত্তি পর্ব্ব নামে দ্বিতীয় অধ্যায় সমাপ্ত।

বিদ্বানের উক্তি।

স্বয়ম্ভু পরমেশ্বরের পুত্র জন্মাবধি সর্ব্বজ্ঞ এবং সর্ব্বশক্তিমান্ হইলেও ত্রিংশৎ বর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত আচার্য্যত্ব পদ গ্রহণ করেন নাই। ১। তাঁহার প্রাদুর্ভব হওনের পূর্ব্বে যোহন্নি নামে এক সাধু পুরুষ তাঁহার মহিমা প্রকাশের নিমিত্ত ঈশ্বরের দ্বারা নিযুক্ত হইয়াছিলেন।২। সেই সাধু পুরুষ ঐশ্বরিক বচনানুসারে আবিষ্ট হইয়া সর্ব্বত্র প্ররিভ্রমণ করত সাধারণ লোকের নিকট ঘোষণা করিতে লাগিলেন "ওহে তোমরা অনুতাপ কর কেননা স্বর্গরাজ্য

প্রাদুর্ভবিষ্যতঃ শীঘ্রমীশসূনোর্মহাপ্রভোঃ।
মাহাত্ম্যসূচকং বাক্যমিদং যোহন্নিরব্রবীৎ॥ ৪॥

যোহন্নিরুবাচ।

অহং বো নীরমাত্রেণ সংস্করোম্যগ্রতঃসরঃ।
প্রভুস্ত্বায়াতি যৎপাদ্বৌ বোঢুং নার্হো ভবাম্যহং ৫॥
আয়াস্যন্নপি মৎপশ্চাৎ স মৎপূর্ব্বমবিদ্যত।
পবিত্রেণাত্মনা যুষ্মান্ সংস্কর্ত্তা সোঽনলেন চ॥ ৬॥
শূর্পপাণিঃ কুসূলেঽসৌ শস্যং প্রস্ফোট্য চেষ্যতি।
তুষং তু বহ্নিনা সম্যগনির্ব্বাণেন ধক্ষ্যতি। ৭।

আগত হইল"। ৩। অপর শীঘ্র প্রকাশিত হইবেন যে ঈশ্বর পুত্র মহাপ্রভু তাঁহার মাহাত্ম্য সূচক এই বাক্য প্রচার করিলেন। ৪। যথা

যোহন্নির উক্তি।

আমি অগ্রসর হইয়া তোমারদিগকে কেবল জল সংস্কার প্রদান করিতেছি কিন্তু আমা অপেক্ষা অধিক জীবন এক মহা পুরুষ ত্বরায় আসিতেছেন যাঁহার পাদুকা বহন করিতেও আমি যোগ্য নহি। ৫ তিনি আমার পশ্চাৎ আগমন করিতেছেন বটে কিন্তু আমার অগ্রেই বর্ত্তমান আছেন তিনি পবিত্রআত্মা এবং অগ্নিদ্বারা তোমারদের সংস্কার করিবেন। ৬। অপর হস্তে শূর্প ধারণ করিয়া শস্য প্রস্ফোটন করত ধান্য চয়ন ও অনির্ব্বাণ অগ্নিতে তুষ দাহন করিবেন। ৭।

বিদ্বানুবাচ।

ততস্ত্রিংশৎ সমায়ুক্তো ভূত্বা য়েষূ র্মহাপ্রভুঃ।
যোহন্নেঃ সন্নিধিং প্রাপ লিপ্সুঃ কীলালসংস্কৃতিং।। ৮।।
উপস্থিতং তদা দৃষ্ট্বা নম্রাত্মাহগ্রেসরঃ প্রভুং।
অনেন ভাষিতেনামুং নিষিষেধ সমাদরং ৯।।

যোহন্নিরুবাচ।

ভবৎকৃতা ময়া যোগ্যা লব্ধুং কীলালসংস্কৃতিঃ।
কথং ত্বং মৎকৃতং নীরসংস্কারং প্রাপ্তুমর্হসি।। ১০।।

শ্রীয়েষূরুবাচ।

ময়া যথেপ্সিতং তদ্বদিদানীং ক্রিয়তামিদম্।
এবং হি সাধ্যমস্মাভিঃ সমস্তং ধর্ম্মমণ্ডলং।। ১১।।

বিদ্বানের উক্তি।

অনন্তর মহাপ্রভু য়েষূ ত্রিংশৎবর্ষ বয়ঃক্রম কালে জল সংস্কার গ্রহণ করিতে মানস করিয়া যোহন্নির নিকট উপস্থিত হই লেন। ৮। পরন্তু যোহন্নি তাঁহাকে আগত দেখিয়া প্রত্যুদ্গমন করিলেন এবং নম্রতা পূর্ব্বক এই বাক্য দ্বারা নিষেধ করিতে লাগিলেন। ৯।

যোহন্নির উক্তি।

আমি আপনকার নিকট জল সংস্কার গ্রহণ করিতে পারি আপনি কি প্রকারে আমার হস্তে নীর সংস্কার গ্রহণে যোগ্য হইবেন? । ১০।

শ্রীয়েষূর উক্তি।

এক্ষণে আমি যেপ্রকার বাসনা করিতেছি তাহাতে প্রতিবন্ধক হইও না, কেননা এইরূপে সমস্ত ধর্ম্ম সাধন করা আমারদের কর্ত্তব্য। ১১।

বিদ্বানুবাচ।

তচ্ছ্রুত্বাহগ্রসরো বাক্যং তৎক্ষণাদ্ অনুরুধ্য চ।
স্নানেন সংস্করোতি স্ম মলাস্পৃষ্টমপি প্রভুং ১২ ॥
যদা তু সরিতো য়েযূঃ সংস্কৃতো বহিরাগমৎ।
তদা ভিন্নমিবাকস্মাদন্তরীক্ষমদৃশ্যত ॥ ১৩ ॥
তস্যোপরীশ্বরস্যাত্মা সংপপাত কপোতবৎ।
বাণী চৈতাদৃশী নাকাদাগচ্ছন্তী ন্যশাম্যত ॥ ১৪ ॥

শ্রীপরমেশ্বর উবাচ।

মদীয় আত্মজস্মাহয়ং বিদ্যতে পরমপ্রিয়ঃ।
এতস্মিন্নেব সন্তোযো মামকো বিদ্যতেহপি চ ॥ ১৫ ॥

বিদ্বানুবাচ।

পশ্চাদ্ ভদ্রস্য যোহনেঃ কীর্ত্তিঃ সর্ব্বত্র বিস্তৃতা।
প্রধানযজ্ঞনাং কর্ণং শেষে প্রাপ যহূদিনাং ॥ ১৬ ॥

বিদ্বানের উক্তি।

অগ্রসর যোহন্নি এই বাক্য শ্রবণ করিয়া প্রভু নির্ম্মল হইলেও তৎক্ষণাৎ তাঁহাকে স্নানদ্বারা সংস্কৃত করিলেন। ১২। কিন্তু য়েযূ সংস্কার গ্রহণ করিয়া যখন নদী হইতে নির্গত হইলেন তখন হঠাৎ আকাশ মণ্ডল যেন বিদীর্ণপ্রায় দৃষ্ট হইল। ১৩। এবং ঈশ্বরের আত্মা তাঁহার উপরে যেন কপোতবৎ অবরোহণ করিলেন আর স্বর্গ হইতে নির্গত এইপ্রকার শব্দ শ্রুত হইল। ১৪।

শ্রীপরমেশ্বরের উক্তি।

ইনি আমার পরম প্রিয় পুত্র এবং ইহাঁতেই আমারি সন্তোষ। ১৫।

বিদ্বানের উক্তি।

পুণ্যাত্মা যোহন্নির এই কীর্ত্তি পশ্চাৎ সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া অবশেষে য়হূদীয় প্রধান যাজকদিগেরও কর্ণগোচর হইল। ১৬। তখন তাঁহারা তাহাকে জিজ্ঞাসা করিবার নিমিত্ত দত

কিমেষোহসৌ মহাত্রাতা প্রত্নশাস্ত্রোদিতো ন বা।
ইত্থং জিজ্ঞাসবস্তে তং প্রতি দূতান্ সমৈরয়ন্ ॥ ১৭ ॥
তৈঃ পৃষ্টঃ সোঽব্রবীদ্ নাহমসৌ খৃষ্টঃ প্রতিশ্রুতঃ।
তদাগমপ্রচারায় তদগ্রে প্রেষিতস্ত্বিতি ॥ ১৮ ॥
য়েষূং পরেদ্যুরায়ান্তং পশ্যন্ প্রোবাচ সোঽগ্রগঃ।
অহো ঐশোঽবিশাবোঽয়ং জগৎ পাপহরোঽমলঃ ॥১৯॥
য়েষ্বশ্চ বিষয়ে পৃষ্টঃ স্বশিষ্যৈঃ স্বস্য লাঘবং।
স্বপ্রভোর্মহিমানং চ পুনর্যোহন্নিরুক্তবান্ ॥ ২০ ॥

যোহন্নিরুবাচ।

ন প্রাপ্তুং শক্যতে কিঞ্চিদ্ যদীশেন ন দীয়তে।
ন খৃষ্টাখ্যোঽভিষিক্তোঽহং তদগ্রে ত্বহমীরিতঃ ॥ ২১ ॥

প্রেরণ করিলেন কেননা তাঁহারদের জানিবার বাসনা হইল যে উনি প্রাচীন শাস্ত্রোক্ত মহাত্রাণ কর্ত্তা কি না? । ১৭ । দূতেরা যোহন্নিকে জিজ্ঞাসা করিলে তিনি উত্তর দিলেন আমি প্রতিশ্রুত খৃষ্ট নহি কেবল তাঁহার আগমন প্রচার করিবার নিমিত্ত তাঁহার অগ্রে প্রেরিত হইয়াছি। ১৮। পরদিবস যোহন্নি য়েষূকে আগমন করিতে দেখিয়া কহিলেন "ওহে দেখ ইনিই ঈশ্বরের সেই মেষ শাবক যিনি জগতের পাপহারী"। ১৯। যোহন্নি নিজ শিষ্য কর্ত্তৃক পুনর্ব্বার য়েষূর বিষয়ে জিজ্ঞাসিত হইলে আপনার লাঘব এবং প্রভুর মহিমা এই প্রকারে প্রকাশ করেন। ২০। যথা

যোহন্নির উক্তি।

ঈশ্বর কর্ত্তৃক দত্ত না হইলে মনুষ্য কোন বস্তু প্রাপ্ত হইতে পারে না। আমি খৃষ্ট নামা অভিষিক্ত পুরুষ নহি, কেবল তাঁহার অগ্রে প্রেরিত হইয়াছি। ২১। এইক্ষণ অবধি আমি ক্রমশঃ হ্রাস পাইব

ইতশ্চাহং হ্রসিষ্যামি সদা বর্দ্ধিষ্যতে ত্বসৌ।
ঊর্দ্ধাদ্ যো হ্যবরূঢ়োঽস্তি সর্ব্বশ্রেষ্ঠঃ স বিদ্যতে ॥ ২২ ॥
যমীশঃ প্রৈরয়দ্ নাকাৎ স ব্রবীত্যৈশ্বরীর্গিরঃ।
পবিত্রেণাত্মনাবিষ্টঃ প্রাপ্তামুত্রিকদর্শনঃ ॥ ২৩ ॥
অদ্বিতীয়ে সুতে স্বস্য প্রীয়তে হি পিতেশ্বরঃ।
বিশ্বাধিকার মন্নুনং তৎকরে চ সমার্পয়ৎ ॥ ২৪ ॥
পুত্রে প্রত্যেতি যঃ কশ্চিৎ স. নিত্যং জীবমাপ্নুয়াৎ।
অবিশ্বাসাস্তু ভোক্ষ্যন্তে কোপমৈশ্বরমক্ষয়ং ॥ ২৫ ॥

বিদ্বানুবাচ।

অথ স্বস্যাগ্রগেণেত্থমভিষিক্তঃ স্তুতোঽপি চ।
শ্রীয়েযূঃ কর্ম্মণি স্বীয়ে সমারেভে প্রবর্ত্তিতুং ॥ ২৬ ॥

এবং তিনি উত্তর২ বৃদ্ধিশীল হইবেন ফলতঃ যিনি উপর হইতে অবরূঢ় হইয়াছেন তিনি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। ২২। অপর ঈশ্বর যাঁহাকে স্বর্গ হইতে প্রেরণ করিয়াছেন তিনি ঐশ্বরিক বাক্যই প্রচার করিবেন কেননা তিনি পবিত্র আত্মাতে আবিষ্ট হইয়া পরকালের পদার্থ দর্শন করিয়াছেন। ২৩। অধিকন্তু পিতা পরমেশ্বর আপনার অদ্বিতীয় পুত্রেতে প্রীত হয়েন এবং সমস্ত জগতের অধিকার তাঁহার হস্তে সমর্পণ করেন। ২৪। অতএব যে কোনব্যক্তি তাঁহার সেই পুত্রেতে বিশ্বাস করিবে সে নিত্য জীবন প্রাপ্ত হইবে আর অবিশ্বাসি লোকেরা ঈশ্বরের অক্ষয় ক্রোধে পতিত হইবে। ২৫।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েসূ এইরূপে আপন অগ্রসর যোহন্ দ্বারা অভিষিক্ত এবং স্তুত হইয়া স্বীয় কার্য্যের অনুষ্ঠানে প্রবৃত্ত হইলেন। ২৬। এবং

ততশ্চ সোঽখিলং দেশং গালীলীয়ং পরিব্রজন্ ।
নূত্নস্য ধর্ম্মরাজ্যস্য বার্ত্তামেবমঘোষয়ৎ । ২৭ ॥

শ্রীয়েশুরুবাচ ।

সংপূর্ণোঽস্ত্যধুনা কালো রাজ্যমৈশং সুপৈতি চ ।
অতোঽনুতপ্য সংবাদং প্রতীতেমং সুমঙ্গলং । ২৮ ॥

বিদ্বানুবাচ ।

মহাশক্ত্যন্বিতৈর্বাক্যৈর্মার্দ্দবেন পরেণ চ ।
স নৄন্ প্রবর্ত্তয়ামাস পরমার্থস্য চিন্তনে ॥ ২৯ ॥
ঐশশাস্ত্রপ্রচারায় বস্তুতশ্চ ন্যযোজি সঃ ।
ইত্যস্য সিদ্ধয়েঽগণ্যাঃ সোঽকার্ষীদদ্ভুতাঃ ক্রিয়াঃ ॥ ৩০ ॥
অশেষং তৎক্রিয়াসংঘং নাত্র বক্ষ্যামি বিস্তরাৎ ।
জিজ্ঞাসোস্তব তুষ্ট্যৈ তু দাস্যে কিঞ্চিন্নিদর্শনম্ ॥ ৩১ ॥

পরে সমস্ত গালিলি * দেশে ভ্রমণ করত নূতন ধর্ম্মরাজ্যের বার্ত্তা এই প্রকারে ঘোষণা করিতে লাগিলেন । ২৭ ।

শ্রীয়েশুর উক্তি ।

এক্ষণে কাল সম্পূর্ণ হইয়াছে আর ঈশ্বরের রাজ্য আগতপ্রায় অতএব অনুতাপ করত মঙ্গল সমাচার বিশ্বাস কর । ২৮ ।

বিদ্বানের উক্তি ।

তিনি মৃদুতা অথচ মহাশক্তি সমন্বিত বাক্য দ্বারা মনুষ্যগণকে পরমার্থ চিন্তায় প্রবৃত্ত করিলেন ২৯ । এবং বস্তুতঃ ঐশ্বরিক শাস্ত্র প্রচার করণার্থ যে নিযুক্ত হইয়াছেন তাহা প্রতীত করাইবার নিমিত্ত অগণ্য অদ্ভুত ক্রিয়া করিলেন ।৩০। কিন্তু এস্থলে সে সকল ক্রিয়ার বিস্তারিত বর্ণনা করিব না কেবল তুমি জিজ্ঞাসু এপ্রযুক্ত তোমার তুষ্টির নিমিত্তে যৎকিঞ্চিৎ নিদর্শন দর্শাইব ।৩১। যথা—

* গালিলি প্রদেশ য়িহুদিদিগের দেশের উত্তর ভাগ ।

যথা।

তৎকশ্চিদেকদা কুষ্ঠী নমস্কৃত্যৈবমার্থয়ৎ।
চেদিচ্ছেস্তর্হি মাং শুদ্ধং কর্ত্তুং শক্নোষি ভোঃপ্রভো।৩২।
ইতি শ্রুত্বা প্রভুঃ পাণিং স্বং প্রসার্য্য তমস্পৃশৎ।
উবাচ চাহমিচ্ছামি ত্বং পবিত্রবপুর্ভব॥ ৩৩॥
তৎক্ষণাৎ তস্য বাক্যস্য প্রভাবাৎ কুষ্ঠিনো বপুঃ।
দারুণাদ্ মুমুচে রোগাৎ সদ্যঃ শুদ্ধং বভূব চ॥ ৩৪॥
অন্যেত্যুরন্বিতো ব্যূহৈ য়েষূর্যাত্রাং যদাহকরোৎ।
তদা দ্বৌ মার্গপার্শ্বে হন্ধাবাসাতাং ভিক্ষুকৌ স্থিতৌ।৩৫
নরাণাং গচ্ছতাং শব্দং শৃণ্বন্তৌ ভিক্ষুকাবমূ।
পপ্রচ্ছতুঃ সমীপস্থান্ কুতো ব্যূহ ইয়ানিতি॥ ৩৬॥
শ্রীয়েষূরত্র যাতীতি জ্ঞাপিতৌ তাবনর্দতাম্।
হে য়েষূর্দাবিদুত্পন্ন দয়াং কুর্ব্বাবয়োরিতি॥ ৩৭॥

একদা এক জন কুষ্ঠী তাঁহাকে নমস্কার করিয়া এই প্রার্থনা করিয়াছিল "হে প্রভো তুমি ইচ্ছা করিলে আমাকে শুদ্ধ করিতে পার" ।৩২। প্রভু এই বাক্য শ্রবণ করিয়া আপন হস্তবিস্তার পূর্ব্বক তাহাকে স্পর্শ করিয়া কহিলেন "আমি ইচ্ছা করি তুমি পবিত্র শরীর হও"।৩৩। তাঁহার বাক্যের প্রভাবে সেই কুষ্ঠীর শরীর তৎক্ষণাৎ দারুণ রোগ হইতে মুক্ত হইয়া শুদ্ধ হইল।৩৪। আর এক দিবস য়েষূ অনেক লোক সমভিব্যাহারে যাত্রা করিতেছিলেন এমত সময় দুই জন অন্ধ ভিক্ষুক রাজমার্গের পার্শ্বে বসিয়াছিল।৩৫। তাহারা লোকদিগের আগমন শব্দ শুনিয়া সমীপবর্ত্তি ব্যক্তিদিগকে জিজ্ঞাসা করিল যে এইসকল লোক কোথা হইতে আসিতেছে।৩৬। তাহাতে সমীপস্থ জনগণ কহিল যে শ্রীয়েষূ এস্থলে গমন করিতেছেন। অন্ধেরা তাহা শুনিয়া উচ্চৈঃস্বরে কহিতে লাগিল "হে দাবিৎ

তত্রস্থাস্তৌ জনাস্তূষ্ণীং ভূয়তামিত্যতর্জয়ন্।
ততোঽপি ত্বধিকং প্রোচ্চৈস্তর্জ্জিতাবপ্যনর্দ্দতাম্॥ ৩৮॥
তদার্ত্তনাদমাকর্ণ্য দাবিদ্ভূঃ করুণাময়ঃ।
স্থিত্বা দৃষ্ট্যুৎসুকৌ দীনৌ স্বস্য সাক্ষাৎ সমাহ্বয়ৎ॥৩৯
সদ্যস্তয়োঃ প্রভোঃ প্রান্তে দৃষ্টিদাতুরুপেতয়োঃ।
পূর্ব্বং তদাশয়জ্ঞোঽপি শ্রীয়েষুরিদমব্রবীৎ॥ ৪০ ॥
অহং যদ্ বাং কৃতে কুর্য্যাম্ ইতি কিং বাঞ্ছথো যুবাং।
ইত্যস্য চোত্তরং প্রাপ দৃষ্টিরেবেষ্যতে প্রভো॥ ৪১ ॥
ততোঽনুকম্পয়াবিষ্টস্তন্নেত্রেঽপি স্পৃশন্ প্রভুঃ।
অবাদীৎ প্রাপ্নুতং দৃষ্টিং বিশ্বাসো বাং হ্যমোচয়ৎ।৪২।

পুত্ত্র য়েষু আমারদের প্রতি দয়া কর। ৩৭। তত্রস্থ লোকেরা তর্জ্জন পূর্ব্বক তাহারদিগকে তুষ্ণী হইতে কহিল কিন্তু তাহারা ভর্ৎসিত হইয়া আরও উচ্চৈঃস্বরে চীৎকার করিতে লাগিল। ৩৮। তখন করুণাময় দাবিৎ পুত্ত্র য়েষু তাহারদের আর্ত্তনাদ শুনিয়া স্থির হইলেন এবং সেই দুই অন্ধকে দর্শন শক্তি লাভার্থ উৎসুক দেখিয়া আপনার সম্মুখে আহ্বান করিলেন। ৩৯। তাহারা দৃষ্টি প্রদ প্রভুর সমীপে তৎক্ষণাৎ আসিয়া উপস্থিত হইলে শ্রীয়েষু তাহারদের আশয় বুঝিয়াও এই বাক্য কহিলেন।৪০। "তোমরা কি যাচ্ঞা কর আমি তোমারদের নিমিত্ত কি করিব?" তাহারা উত্তর করিল "হে প্রভো আমারদের প্রার্থনা দর্শন শক্তি প্রাপ্ত হই"।৪১। তখন প্রভু করুণার্দ্র চিত্ত হইয়া তাহারদের নেত্র স্পর্শ পূর্ব্বক কহিলেন "তোমারা দর্শন শক্তি প্রাপ্ত হও, তোমারদের বিশ্বাস তোমারদিগকে রক্ষা করিল"।৪২। অনন্তর তাহারা সদ্যঃ দৃষ্টি প্রাপ্ত হইয়া য়েষুর পশ্চাৎ২ গমন করিল এবং লোক সকল

অতঃ প্রাপ্তেক্ষণৌ সদ্যো য়েষূং মার্গেহন্বগচ্ছতাম্ ।
বৃহান্ত্বেতাং ক্রিয়াং দৃষ্ট্বা তুষ্টুবুঃ পরমেশ্বরম্ ॥ ৪৩ ॥
অন্যেদ্যু র্ধন্বনি ব্যূহো সমাগচ্ছদ্ মহান্ যদা ।
তদা সায়ং প্রভুং শিষ্যা উপসৃত্যেদমব্রুবন্ ॥ ৪৪ ॥
প্রভোহত্র নির্জ্জনং স্থানং গতঃ প্রায়শ্চ বাসরঃ ।
গ্রামেষ্বিমান্ জনান্ স্বার্থং ভোজনক্রীতয়ে নুদ ॥ ৪৫ ॥
ইত্থং শ্রুত্বাদিশদ্ য়েযূঃ কল্পয়ন্নদ্ভুতাং ক্রিয়াম্ ।
যুষ্মাভির্দীয়তাং ভক্ষ্যং তৈরন্যত্র ন গম্যতাম্ ॥ ৪৬ ॥
পূপাংস্তু পঞ্চ কস্মাচ্চিৎ প্রাপ্য দ্বৌ চ ঝষৌ প্রভুঃ ।
ভূমৌ তত্র নৃণাং পঞ্চ সহস্রাণি সমাসয়ৎ ॥ ৪৭ ।
উর্দ্ধাস্যশ্চ ততঃ স্থিত্বা বন্দিত্বা চ পরেশ্বরম্ ।
পূপান্ মীনাংশ্চ শিষ্যেভ্যঃ পরিবেষায় দত্তবান্ ॥ ৪৮ ।

এই অদ্ভুত ক্রিয়া দেখিয়া পরমেশ্বরের স্তব করিতে লাগিল। ৪৩ । আর এক দিন বহুজনতা সহিত শ্রীয়েষূ অরণ্য মধ্যে প্রবেশ করিলে তথায় সায়ংকাল উপস্থিত হইয়াছিল তাহাতে শিষ্যেরা প্রভুর নিকট গমন করিয়া কহে। ৪৪। "হে প্রভো এ স্থান নির্জ্জন, এবং দিবা প্রায় অবসান হয় অতএব এই সমস্ত লোককে আহারীয় দ্রব্য ক্রয় করণার্থ গ্রামে গমন করিতে বিদায় দেউন"। । ৪৫ । প্রভু এতৎশ্রবণানন্তর অদ্ভুত ক্রিয়া করিতে মনস্থ করিয়া তাহাদিগকে আজ্ঞা করিলেন "তোমরা ভক্ষ্য দ্রব্য দেও উহারদিগকে যেন অন্যত্র গমন করিতে না হয়"। ৪৬। পরে প্রভু কোন এক ব্যক্তির নিকট পাঁচ খানি পিষ্টক এবং দুইটা মৎস্য পাইয়া পঞ্চসহস্র মনুষ্যকে ভূমিতে উপবিষ্ট করাইলেন। ৪৭। এবং ঊর্দ্ধ দৃষ্টি করিয়া পরমেশ্বরের বন্দনা করত সেই পিষ্টক এবং মৎস্য পরিবেষণার্থ শিষ্যগণের হস্তে সমর্পণ করিলেন। ৪৮। শিষ্যেরা তাঁহাই লইয়া পরিবেষণ করিলে তৎ-

তথা কৃতেতু যাবন্তঃ পুরুষা বালকাঃ স্ত্রিয়ঃ।
তদাসংস্তত্র তাবন্তোভুক্ত্বাঽতৃপ্যন্ সমন্ততঃ॥ ৪৯॥
সুতৃপ্তেষু ত্বশেষেষু স্বশিষ্যান্ পোষকোঽবদৎ।
চীয়ন্তাং শেষখণ্ডানি মা কস্যাপি ক্ষয়োঽস্ত্বিতি॥ ৫০॥
তদাদেশানুসারেণ শেষখণ্ডমহাচয়ম্।
গৃহীত্বা পূরয়ামাসুঃ শিষ্যা দ্বাদশ ডল্লকান্॥ ৫১॥
এতদ্ দৃষ্ট্বা মহাকর্ম্ম প্রোচুস্তত্রস্থিতাজনাঃ।
শাস্ত্রোক্তো যো মহাচার্য্যঃ সোঽস্ত্যয়ং সুতরামিতি॥৫২॥
ভূতানাং চোপসর্গেণ পীড়িতান্ বহুলান্ জনান্।
শ্রীয়েষু র্মোচয়ামাস ভূতবিক্রমভঞ্জনঃ॥ ৫৩॥
ভূতেনাবিবিশে পুত্রী যস্যাঃ স্ত্রী কাচিদীদৃশী।
বিদেশিন্যেকদা য়েষুমভিগত্যেদমার্থয়ৎ॥ ৫৪॥

কালে তত্রস্থ সমস্ত স্ত্রী পুরুষ এবং বালকবর্গ ভোজন করিয়া সম্যক্‌প্রকারে তৃপ্ত হইল। ৪৯। তাহারদের সম্পূর্ণ তৃপ্তি হইলে পর প্রভু নিজ শিষ্যগণকে কহিলেন "অবশিষ্ট গুঁড়াগাড়া সকল সংগ্রহ কর যেন অপচয় না হয়"। ৫০। শিষ্যেরা তাহার আদেশানুসারে অবশিষ্ট সকল সংগ্রহ করিল কিন্তু তাহাতে দ্বাদশ করণ্ডিকা পরিপূর্ণ হইয়া গেল। ৫১। তত্রস্থ জনগণ এই অদ্ভুত কার্য্য দেখিয়া কহিতে লাগিল শাস্ত্রেতে যাঁহার বিষয় উক্ত আছে" ইনি অবশ্য সেই মহা আচার্য্য বটেন। ৫২। শ্রীয়েষু ভূতগণের বিক্রম ভগ্ন করিয়া অপর ভূতগ্রস্ত পীড়িত বহুল জনকে মুক্ত করিয়াছিলেন। ৫৩। একদা কোন বিদেশিনীর কন্যা ভূতগ্রস্তা হওয়াতে সেই অবলা য়েষুর সন্নিকটে আসিয়া প্রার্থনা করিল। ৫৪।

বিদেশিন্যুবাচ।

করুণাং কুরু দীনায়াং ময়ি হে দাবিদুদ্ভব।
পুত্রী দুষ্টেন ভূতেন মামিকা পীড়্যতে যতঃ॥ ৫৫॥

বিদ্বানুবাচ।

ইত্যার্ত্তনাদমেতস্যা দুঃখিতায়া নিশম্য তু।
শ্রীয়েযুরুত্তরং কিঞ্চিদপি তস্যৈ ন দত্তবান্॥ ৫৬॥
শিষ্যাস্তু প্রার্থয়ন্ স্বামিন্ এষা নারী বিসৃজ্যতাম্।
সা হ্যস্মাংশ্চলতোঽন্বেতি তত্তু শ্রুত্বাঽবদৎ প্রভুঃ॥৫৭॥

শ্রীয়েযুরুবাচ।

ইস্রায়েলোদ্ভবানেব পাতুং ভ্রান্তান্ অবীন্ অহং।
ইদানীং প্রেষিতোঽভুবং নান্যজানাং তু হেতবে॥৫৮॥

বিদেশিনীর উক্তি।

হে দাবিৎপুত্র আমি দীনহীনা আমার প্রতি করুণা কর, একটা দুরন্ত ভূত আমার কন্যার উপর আক্রমণ করিয়া অতিশয় ক্লেশ দিতেছে।৫৫

বিদ্বানের উক্তি।

শ্রীয়েযু ঐ দুঃখিতা নারীর আর্ত্তনাদ শুনিয়া তাহার কথায় কোন উত্তর করিলেন না।৫৬। পরে শিষ্যেরা এই বলিয়া প্রার্থনা করিল "হে স্বামিন্ এই স্ত্রী লোকটাকে বিদায় করুন এ চীৎকার পূর্ব্বক আমারদের পশ্চাৎ২ আসিতেছে" প্রভু তাহা শুনিয়া উত্তর করিলেন। ৫৭।

শ্রীয়েযুর উক্তি।

আমি সম্প্রতি কেবল ইস্রায়েল বংশীয় ভ্রান্ত মেষস্বরূপ লোকদিগকে রক্ষা করিতে প্রেরিত হইয়াছি, অন্য জাতীয়ের কারণ আমার আগমন হয় নাই। ৫৮।

বিদ্বানুবাচ।

তয়া বাচা ন রুদ্ধাসৌ প্রণতা প্রভুমার্থয়ৎ।
স্বামিন্ মে কুরু সাহায্যমিতি য়েষূস্তভ্যাযত ॥ ৫৯ ॥

শ্রীয়েষূরুবাচ।

তৃপ্যন্তু প্রথমং বালাস্তদীয়ং ভোজনং যতঃ।
গৃহীত্বা নোচিতং ক্ষেপ্তুং কুক্কুরেভ্যঃ কদাচন ॥ ৬০ ॥

বিদ্বানুবাচ।

ইমং নিষ্ঠুরতাভাসং দয়াসিন্ধোরপি প্রভোঃ।
নিশম্যাসৌ ততোঽপ্যাশামবিহায়েদমব্রবীৎ ॥ ৬১ ॥

বিদেশিন্যুবাচ।

সত্যং প্রভো তথাপ্যন্নং যদ্ বালেভ্যোঽবশিষ্যতে।
তৎ পতৎ স্বামিনঃ পাত্রাৎ কুক্কুরা অপি ভুঞ্জতে ॥ ৬২ ।

বিদ্বানের উক্তি।

নারী প্রভুর এই বাক্যে ভগ্নোৎসাহা না হইয়া বরং দণ্ডবৎ প্রণত হওত পুনঃ২ প্রার্থনা করিতে লাগিল হে প্রভো আমার প্রতি অনুগ্রহ প্রকাশ কর। যেষূ তাহা শুনিয়া পুনশ্চ কহিলেন। ৫৯।

শ্রীয়েষূর উক্তি।

প্রথমে বালকের তৃপ্তি হউক কেননা তাহারদের ভোজনীয় দ্রব্য লইয়া কুক্কুরের সম্মুখে নিক্ষেপ করা কদাচ উচিত হয় না। ৬০।

বিদ্বানের উক্তি।

দয়াসিন্ধু প্রভুর প্রমুখাৎ এমত নিষ্ঠুরতার আভাস শ্রবণ করিয়াও সে নারী নিরাশা হইল না পুনর্বার এই কথা কহিতে লাগিল। ৬১।

বিদেশিনীর উক্তি।

প্রভু যাহা আজ্ঞা করিতেছে সত্য বটে তথাপি বালকেরদের

বিদ্বানুবাচ ।

ইত্থং শ্রদ্ধাযুতাং তস্যা নম্রতামবলোক্য সঃ ।
প্রভুর্নির্দ্দয়তাভাসং ত্যক্ত্বা তামব্রবীৎ পুনঃ ।। ৬৩ ।।

শ্রীয়েষুরুবাচ ।

মহাংস্তেঽনেন বাক্যেন বিশ্বাসো নারি সিধ্যতি ।
অতস্ত্বং কুশলং যাহি যথা চেষ্টং তথাঽস্তু তে ।। ৬৪ ।।

বিদ্বানুবাচ ।

ইমানি সান্ত্ববাক্যানি নিশম্যাসৌ বিদেশিনী ।
গৃহং গত্বা সুতাং স্বীয়াং প্রাপ ভূতবিবর্জ্জিতাং ।। ৬৫ ।।
ততোঽপি চাদ্ভুতা য়েষূ র্দর্শয়ামাস সৎক্রিয়াঃ ।
মৃতান্ মৃত্যুঞ্জয়ো ঘোরাৎ কালগ্রাসাৎ সমুদ্ধরন্ ।। ৬৬।।

ভুক্তাবশিষ্ট কর্ত্তারদের পাত্র হইতে পতিত হইলে কুক্কুরেরাও ভোজন করে । ৬২ ।

বিদ্বানের উক্তি ।

প্রভু ঐ স্ত্রীর এমত শ্রদ্ধা এবং নম্রতা দেখিয়া নির্দ্দয়তার আভাস পরিত্যাগ পূর্ব্বক কহিলেন । ৬৩ ।

শ্রীয়েষূর উক্তি ।

হে নারি তোমার এই বাক্য দ্বারা বোধ হইতেছে যে তোমার মহান্ বিশ্বাস আছে অতএব তোমার ইষ্ট সিদ্ধি হউক তুমি কুশলে গমন কর । ৬৪ ।

বিদ্বানের উক্তি ।

ঐ বিদেশিনী প্রভুর এই সান্ত্বনা বাক্য শ্রবণ করিয়া আপন গৃহে গমন করিল এবং সেখানে গিয়া দেখিল যে তাহার কন্যা ভূতের উৎপাত হইতে মুক্তা হইয়াছে । ৬৫ । য়েষূ এতদপেক্ষাও অদ্ভুত ক্রিয়া দর্শাইয়াছিলেন কেননা তিনি মৃত্যুঞ্জয় হইয়া গতাসু লোকদিগকে ঘোরতর মৃত্যুর গ্রাস হইতে উদ্ধার করিয়াছিলেন । ৬৬। তিনি একদা অনেক লোক এবং শিষ্য সমভি-

সহৈকদাঽন্বিতঃ শিষ্যৈর্মহতা নৃগণেন চ।
পুরীং নৈনাভিধাং গচ্ছন্ প্রাপ তদ্গোপুরান্তিকং॥৬৭॥
তত্রাপশ্যচ্চ নৃস্কন্ধৈরুহ্যমানং বহির্মৃতং
যোঽদ্বিতীয়ঃ সুতোমাতুর্বিধবায়া অভিদ্যত॥ ৬৮॥
তন্মাতা চ স্বয়ং তত্র নির্যান্তী বাহকৈঃ সহ।
অনেকৈশ্চান্বিতা পৌরৈররোদীৎ শোকবিপ্লুতা। ৬৯।
তাং দৃষ্ট্বা সদয়ো য়েষুর্মা রোদীরিত্যসান্ত্বয়ৎ।
স্পৃশংশ্চ কুণপাধারং স্থগয়ামাস বাহকান্॥ ৭০॥
মৃতং চাবোচদুত্তিষ্ঠ ত্বাং দিশামি যুবন্নিতি।
সদ্যশ্চাসৌ যুবোত্তস্থৌ সমারেভে চ ভাষিতুং॥ ৭১॥
ততস্তং জীবদো য়েষুরর্পয়ামাস মাতরি।
দ্রষ্টারস্ত্বখিলাস্ত্রেসু স্তুষ্টুবুশ্চ পরেশ্বরং॥ ৭২॥

ব্যাহারে নৈন নামক পুরীতে গমন করিতেছিলেন, যখন সেখান-কার গোপুর অর্থাৎ ফটক সন্নিধানে উপস্থিত হইলেন (৬৭) তখন দেখিলেন যে কএক জন মনুষ্যের স্কন্ধে এক মৃত ব্যক্তির শব বাহিরে নীত হইতেছে যে আপন বিধবা মাতার একমাত্র পুত্র ছিল। ৬৮। আর তাহার মাতা পুত্রশোকে কাতরা হইয়া রোদন করিতেং শববাহক এবং পৌরজনেরদের সমভি-ব্যাহারে গমন করিতেছে। ৬৯। করুণাসিন্ধু য়েষু ঐ অব-লাকে দেখিয়া সান্ত্বনা করত কহিলেন রোদন করিও না, পরে শবাধার স্পর্শ করিয়া বাহকদিগকে দণ্ডায়মান করাইলেন (৭০) এবং সেই মৃত ব্যক্তিকে কহিলেন হে যুবক আমি আজ্ঞা করি-তেছি তুমি গাত্রোত্থান কর তাহাতে সেই যুবক তৎক্ষণাৎ উত্থিত হইয়া কথা কহিতে লাগিল। ৭১। পরে জীবন দাতা য়েষু সেই যুবককে তাহার মাতৃহস্তে সমর্পণ করিলেন ইহাতে সকল দর্শক লোক ভীত হইয়া পরমেশ্বরের স্তব করিতে লাগিল (৭২) যে

মহাচার্য্যোঽয়মস্মাকং মধ্যে প্রাদুরভূদিতি।
নিজে লোকে দয়াদৃষ্টিমীশ্বরশ্চাকরোদিতি ॥ ৭৩ ॥
অন্যেদ্যু র্যৈরনাম্যৈকো মঠাধ্যক্ষঃ সমাগতঃ।
শ্রীয়েষুং প্রার্থয়ামাস পতিত্বা তস্য পাদয়োঃ ॥ ৭৪ ॥

যৈর উবাচ।

বালা মে দুহিতেদানীং মৃতপ্রায়া স্থিতা প্রভো।
ভবাংস্তু চেৎ স্পৃশেদেত্য তস্যা রক্ষা তদা ভবেৎ ॥ ৭৫ ॥

বিদ্বানুবাচ।

ইদং স্বীকৃত্য তদ্গেহং প্রতি প্রাতিষ্ঠত প্রভুঃ।
মার্গে তু তদ্গৃহাৎ কশ্চিদুপস্থায়েদমব্রবীৎ ॥ ৭৬ ॥

আমারদের মধ্যে এই মহান্ আচার্য্য আবির্ভূত হইয়াছেন এবং পরমেশ্বর নিজ লোকের প্রতি দয়া দৃষ্টি করিয়াছেন। ৭৩। আর এক দিবস যৈর নামে এক জন মঠাধ্যক্ষ শ্রীয়েষুর নিকট আসিয়া তাঁহার চরণ ধারণ পূর্ব্বক এই বলিয়া বিনতি করিয়াছিলেন। ৭৪। যথা।

যৈরের উক্তি।

হে প্রভো আমার কনিষ্ঠা কন্যা এক্ষণে মৃতপ্রায়া হইয়াছে আপনি যদি একবার আসিয়া তাহাকে স্পর্শ করেন তবে রক্ষা পায়। ৭৫।

বিদ্বানের উক্তি।

প্রভু তাহার বাক্যে স্বীকার করিয়া তাহার গৃহে প্রস্থান করিলেন কিন্তু কোন এক ব্যক্তি তাহার গৃহ হইতে আসিয়া পথিমধ্যে এই কথা কহিলেক। ৭৬।

দূত উবাচ।

ভবতো দুহিতুঃ প্রাণাঃ সংপ্রত্যেব বিনির্গতাঃ।
কিমর্থম্ আনয়ন্ গেহং ব্যর্থং ক্লেশয়সে গুরুং ॥ ৭৭ ॥

বিদ্বানুবাচ।

এবং দূতোক্তমাকর্ণ্য য়েষূ র্যৈরমভাষত।
মা ভৈষীর্যদি বিশ্বস্যাস্তদা জীবেৎ সুতা তব ॥ ৭৮ ॥
গেহং তু প্রবিশন্ য়েষূঃ প্রাপ্নোদ্ বর্গং বিলাপিনাম্।
বাদিত্রবাদকাদীনাং তুমুলধ্বনিকারিণাং ॥ ৭৯ ॥
তান্ নিষেধংশ্চ সোঽবাদীদ্ হাহাকার ইয়ান্ কুতঃ।
কুমারী ন প্রমীতাস্থস্তি কিন্তু নিদ্রাতি বস্তুতঃ ॥ ৮০ ॥
ইদং প্রভো র্বচঃ শ্রুত্বা তে তদর্থাবিবেচিনঃ।
কন্যাং চ বস্তুতঃ প্রেতাং জানন্তস্তমুপাহসন্ ॥ ৮১ ॥

দূতের উক্তি।

সম্প্রতি তোমার দুহিতার প্রাণ বিয়োগ হইল অতএব বৃথা কেন গুরুকে আপনার গৃহে লইয়া গিয়া ক্লেশ দিতেছ। ৭৭।

বিদ্বানের উক্তি।

য়েষূ দূতের এই কথা শুনিয়া যৈরকে কহিলেন তুমি ভীত হইও না যদি তুমি বিশ্বাস কর তবে তোমার কন্যা জীবিতা হইবে। ৭৮। অনন্তর য়েষূ তাহার গৃহে প্রবেশ করিয়া দেখিলেন অনেকে বিলাপ করিতেছে এবং বাদকেরা তুমুল ধ্বনি করত বাদ্য করিতেছে। ৭৯। প্রভু তাহারদিগকে নিষেধ করিয়া কহিলেন যে এতাদৃশ হাহাকার শব্দ কেন করিতেছ? এ কুমারী গতপ্রাণা হয় নাই কেবল নিদ্রা করিতেছে। ৮০। তাহারা প্রভুর এই বাক্য শুনিয়া তাঁহার তাৎপর্য্য গ্রহণ করিতে পারিল না প্রত্যুত কন্যাকে বাস্তবিক মৃত জানিয়া তাঁহাকে উপহাস করিতে লাগিল। ৮১। তখন য়েষ তাহারদের সকলকে গৃহ হইতে

অমূন্ সর্ব্বাংস্তু নিষ্কাস্য কন্যাপার্শ্বমুপস্থিতঃ।
ধৃত্বা চ তৎকরং য়েষূরুত্তিষ্ঠেতি জগাদ তাম্॥ ৮২ ॥
তদাদেশপ্রভাবেণ প্রাণান্ প্রাপ্তবতী পুনঃ।
উত্তস্থৌ তৎক্ষণাৎ কন্যা চলিতুং চ প্রচক্রমে ॥ ৮৩।
অথাপরং প্রভোঃ কর্ম্ম প্রোক্তাৎ কর্ম্মদ্বয়াদপি।
অত্যাশ্চর্য্যতরং বক্ষ্যে মৃত্যুশক্তিবিনাশকং ॥ ৮৪ ॥
বেথনীয়াভিধগ্রামবাসী য়েষূপ্রিয়ো জনঃ।
লাজারসংজ্ঞকঃ সাধুরেকদাঽভবদাতুরঃ ॥ ৮৫ ॥
নিজস্য রোগিণো ভ্রাতুর্দ্দুর্দশাজ্ঞাপনায় তু।
স্বসারৌ তস্য সন্দেশ মনুৎসাতাং প্রভুং প্রতি ।৮৬॥
ইমং সন্দেশমাকর্ণ্য তেষু ত্রিষ্বপি বৎসলঃ।
য়েষূর্ন তত্বরে গন্তুং ব্যাহরত্ত্বেবমস্ফুটং ॥ ৮৭ ॥

বাহির করিয়া দিয়া কন্যার সমীপে গেলেন এবং তাহার হস্ত ধারণ করিয়া কহিলেন গাত্রোত্থান কর। ৮২। সেই কন্যা প্রভুর আজ্ঞা প্রভাবে পুনর্ব্বার প্রাণপ্রাপ্ত হইয়া তৎক্ষণাৎ গাত্রোত্থান পূর্ব্বক চলিতে আরম্ভ করিল। ৮৩। এক্ষণে প্রভুর আর এক অদ্ভুত ক্রিয়ার বর্ণনা করিতেছি যাহা পূর্ব্বোক্ত কর্ম্ম দ্বয়াপেক্ষাও অত্যন্ত বিস্ময়জনক ও মৃত্যুর সামর্থ্য নাশক ছিল।৮৪। লাজারস নামা য়েষু প্রিয় এক সাধু ব্যক্তি বেথনীয়া নামক গ্রামে বাস করিতেন তিনি একদা রোগগ্রস্ত হইয়াছিলেন।৮৫। ঐ রোগি ব্যক্তির দুই সহোদরা ছিল তাহারা আপনার রুগ্ন ভ্রাতার দুর্গতি জ্ঞাপনার্থে প্রভুর নিকট সংবাদ প্রেরণ করিল। ৮৬। প্রভু যদিও তাহারদের তিন জনকে স্নেহ করিতেন তথাপি ঐ সমাচার শ্রবণ করিয়া গমনে ত্বরা করিলেন না কেবল এই অস্ফুট বাক্য কহিলেন। ৮৭।

শ্রীয়েশুরুবাচ।

ন লাজারস্য মৃত্যর্থমাময়োঽয়মজায়ত।
ঈশ্বরস্যেশসূনোশ্চ মহিম্নো দর্শনায় তু ॥ ৮৮ ॥

বিদ্বানুবাচ।

ইত্যুক্ত্বা তৎসমাচার প্রাপ্তেঃ পশ্চাদ্ দিনদ্বয়ম্।
শ্রীয়েশু স্তৎস্থলেঽতিষ্ঠদ্ যত্র পূর্ব্বমবর্ত্তত ॥ ৮৯ ॥
ততঃ শিষ্যান্ প্রভুঃ প্রোচে লাজারঃ স্বপিতি প্রিয়ঃ।
তং জাগরয়িতুং চাহমিতো গচ্ছামি সাংপ্রতং ॥ ৯০ ॥
শিষ্যাশ্চোচুঃ স সুপ্তশ্চেৎ তর্হি সুস্থো ভবেদিতি।
যতঃ সুষুপ্তিবিশ্রামে তেঽবুধ্যন্ত প্রভোর্গিরম্ ॥ ৯১ ॥
পরন্তু বস্তুতো মৃত্যুং পূর্ব্বমুদ্দিষ্টবান্ প্রভুঃ।
তাৎপর্য্যং স্বস্য বাক্যস্য পুনরেবমবোধয়ৎ ॥ ৯২ ॥

শ্রীয়েশুর উক্তি।

এই রোগ লাজারসের মৃত্যুর নিমিত্ত হয় নাই কেবল ঈশ্বরের এবং ঈশ্বর পুত্রের মহিমা প্রকাশার্থ হইয়াছে। ৮৮।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েশু এই বাক্য কহিয়া উক্ত সমাচার প্রাপ্তির পর দুই দিবস পর্য্যন্ত সেই স্থানেই রহিলেন যেখানে প্রথমে ছিলেন। ৮৯। অনন্তর প্রভু শিষ্যদিগকে কহিলেন যে আমাদের মিত্র লাজারস নিদ্রিত আছেন আমি এক্ষণে তাঁহাকে জাগ্রৎ করিবার নিমিত্ত গমন করি। ৯০। তাহাতে শিষ্যেরা কহিল যদি তিনি নিদ্রিত থাকেন তবে সুস্থ হইতে পারেন, কেননা তাহারা প্রভুর বাক্যে নিদ্রা শব্দের অর্থ বিশ্রাম বোধ করিয়াছিল। ৯১। কিন্তু য়েশু প্রথমতঃ মৃত্যুর উদ্দেশে ঐ কথা কহিয়াছিলেন অতএব আপনার বাক্যের তাৎপর্য্য এইরূপে ব্যক্ত করিলেন। ৯২।

শ্রীয়েশুরুবাচ।

মৃতং জানীত লাজারং, তন্মৃত্যো র্বারণায় তু।
তদা তত্র স্থিতো নাসমিতি হর্ষাস্পদং মম॥ ৯৩॥
স্বস্থানুপস্থিতত্বাত্তু যস্তোষো মে প্রজায়তে।
স যুষ্মদর্থমেবাস্তি যুষ্মদ্বিশ্বাসবৃদ্ধয়ে॥ ৯৪॥

বিদ্বানুবাচ।

লাজারস্য শ্মশানান্তঃস্থাপনাৎ পরতো গতে।
অহশ্চতুষ্টয়ে য়েশু র্বেথনীয়াং সমাগমৎ॥ ৯৫॥
প্রভোস্তত্রাগমং শ্রুত্বা লাজারস্য সহোদরা।
নিষ্ক্রান্তা সদনাদ্ য়েশুং সাক্ষাৎকর্ত্তুং গতাহবদৎ॥ ৯৬।

মার্থোবাচ।

বত প্রভো ভবান্ পূর্ব্বং যদ্যস্থাস্যদ্ ইহ স্থলে।
তদা স্বামিন্ মম ভ্রাতা নামরিষ্যৎ কদাচন॥ ৯৭॥

শ্রীয়েশুর উক্তি।

তোমরা জানিও যে লাজারস প্রাণ ত্যাগ করিয়াছেন কিন্তু আমি এই নিমিত্ত আহ্লাদিত হইতেছি যে তাঁহার মৃত্যু নিবারণার্থ তৎকালে সে স্থানে উপস্থিত ছিলাম না। ৯৩ অপর তথায় আমি উপস্থিত না থাকাতে আমার যে আহ্লাদ হইতেছে তাহা তোমারদেরই নিমিত্ত, কেননা ইহাতে তোমারদের বিশ্বাস বৃদ্ধি হইবার সম্ভাবনা। ৯৪।

বিদ্বানের উক্তি।

লাজারস শ্মশানের মধ্যে স্থাপিত হইলে চারি দিন পরে য়েশু বেথনীয়া গ্রামে উপস্থিত হইলেন। ৯৫। লাজারসের সহোদরা প্রভুর আগমন সংবাদ পাইয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিতে গৃহ হইতে নির্গত হইয়া কহিলেন। ৯৬। যথা।

মার্থার উক্তি।

হে প্রভো যদি আপনি এস্থলে পূর্ব্বে আগমন করিতেন তবে

ইদানীং চাপি যদ্যৎ ত্বং পরমেশ্বরমর্থয়েঃ।
তৎসর্ব্বং প্রদদীতাসাবিতি জানামি নিশ্চিতং ॥ ৯৮ ॥

বিদ্বানুবাচ।

এবং শ্রদ্ধোক্তিমাকর্ণ্য ততঃ সান্ত্বাদহং বচঃ।
তব ভ্রাতা সমুত্থাতা পুনরিত্যব্রবীৎ প্রভুঃ ॥ ৯৯ ॥
ততঃ প্রত্যব্রবীদ্ মার্থা মহোত্থানদিনেঽন্তগে।
সোঽপ্যুত্থাতেতি বেদ্মীতি.ততো য়েষূরবক্ পুনঃ ।১০০॥

শ্রীয়েষূরুবাচ।

অহমেবাকরো বিদ্যে পুনরুত্থানজীবয়োঃ।
ময়ি প্রত্যেতি যঃ কশ্চিদসৌ মৃত্বাঽপি জীবিতা ॥ ১০১ ॥
ময়ি প্রত্যেতি যো জীবন্ স ন জাতু মরিষ্যতি।
হে মার্থে কিং মদীয়েয়ং কথা বিশ্বস্যতে ত্বয়া ॥ ১০২ ॥

আমার ভ্রাতার কখন প্রাণ বিয়োগ হইত না। ৯৭। আর আমার নিশ্চয় উপলব্ধ হইতেছে যে আপনি এক্ষণেও পরমেশ্বরের নিকট যদি কিছু প্রার্থনা করেন তিনি অবশ্য তাহাও প্রদান করিবেন। ৯৮।

বিদ্বানের উক্তি।

প্রভু তাহার এতাদৃশ শ্রদ্ধাযুক্ত বচন শ্রবণ করিয়া সান্ত্বনাবহ এই বাক্য কহিলেন যে তোমার ভ্রাতা পুনশ্চ জীবিত হইয়া উঠিবেন।৯৯। তাহাতে মার্থা পুনর্ব্বার কহিলেন আমি জানি অন্তিমদিগের পুনরুত্থান কালে আমার ভ্রাতাও উত্থান করিবেন। য়েষূ তাহা শুনিয়া এই প্রত্যুত্তর করিলেন ।১০০। যথা।

শ্রীয়েষূর উক্তি।

আমিই পুনরুত্থান এবং জীবনের মূল, যে কেহ আমার প্রতি বিশ্বাস করে সে যদপি মরে, তথাপি জীবিত হইবে (১০১) এবং যদি জীবিত ব্যক্তি আমাতে বিশ্বাস করে সে কখন মৃত্যুগ্রস্ত হইবেনা, হে মার্থা তুমি কি আমার এই কথায় বিশ্বাস কর। ১০২।

মার্থোবাচ।

এবং, প্রাদুর্ভবো যস্য সংসারেঽপেক্ষ্যত প্রভো।
স এবেশাত্মজঃ খৃষ্টস্ত্বমসীতি মতং মম ॥ ১০৩ ॥

বিদ্বানুবাচ।

ততো গৃহং গতা মার্থা মরীয়াং ভগিনীং নিজাং।
আহূয় জ্ঞাপয়ামাস সদ্গুরুস্ত্বাং দিদৃক্ষতে ॥ ১০৪ ॥
মরীয়া ত্বিদমাহ্বানং শ্রুত্বোত্থায় চ তৎক্ষণে।
অতিদ্রুতং প্রভোঃ সাক্ষাদ্ গত্বেদং প্রণতাঽব্রবীৎ ॥১০।

মরীয়োবাচ।

যত প্রভো ভবান্ পূর্ব্বং যদ্যস্থাস্যদিহ স্থলে।
তদ স্বামিন্ মম ভ্রাতা নামরিষ্যৎ কদাচন ॥ ১০৬ ॥

মার্থার উক্তি।

হাঁ প্রভো, সংসারে যাঁহার আবির্ভাব অপেক্ষিত ছিল আপনি সেই ঈশ্বরাত্মজ খৃষ্ট, এই আমার মত। ১০৩।

বিদ্বানের উক্তি।

অনন্তর মার্থা গৃহে গমন করিয়া স্বীয় ভগিনী মরীয়াকে ডাকিয়া কহিল যে ভগবান্ তোমার সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছা করিতেছেন। ১০৪। মরীয়া তাহার আহ্বান শ্রবণ করিয়া তৎক্ষণাৎ গাত্রোত্থানপূর্ব্বক ত্বরায় প্রভুর নিকট যাইয়া সবিনয়ে এই নিবেদন করিল।১০৫।

মরীয়ার উক্তি।

হে প্রভো, আপনি যদি পূর্ব্বে এ স্থলে উপস্থিত থাকিতেন তবে আমার ভ্রাতার মৃত্যু হইত না। ১০৬।

বিদ্বানুবাচ।

তাং তস্যাঃ সঙ্গিনশ্চান্যান্ যহূদ্যান্ রুদতোঽখিলান্।
বিলোক্য মন্যুনা য়েযূঃ সমদুঃখোন্যপীড্যত ॥ ১০৭ ॥
মৃতং চোদ্দিশ্য পপ্রচ্ছ তং ক্বাস্থাপয়ত স্থলে।
ইত্যস্য চোত্তরং প্রাপ দ্রষ্টুমাগম্যতাং প্রভো ॥ ১০৮ ॥
শ্রীয়েযূস্তু তদাঽরোদীৎ তত্তু দৃষ্ট্বা যহূদিনঃ।
মিথঃ প্রোচুরয়ং কীদৃগমুষ্মিন্ প্রীতবানিতি ॥ ১০৯ ॥
অন্যে বভাষিরে যোঽয়ং দৃষ্টিমন্ধায় দত্তবান্।
স কিং সম্যক্ ক্ষমো নাসীৎ তস্য বারয়িতুং মৃতিং।১১০।
ততো যত্র শবস্তস্থৌ গহ্বরেঽশ্মাবরোধিতে।
সুদীর্ঘং নিশ্বসন্নন্তঃ প্রভুস্তত্রাগতোঽব্রবীৎ ॥ ১১১ ॥

বিদ্বানের উক্তি।

য়েযূ তাহাকে এবং তাহার সমভিব্যাহারি সমস্ত য়িহুদিগণকে রোদন করিতে দেখিয়া আপনিও তাহারদের দুঃখে দুঃখী হওত শোকার্ত্ত হইলেন। ১০৭। পরে মৃত লাজারসের বিষয়ে জিজ্ঞাসা করিলেন যে কোন্ স্থলে তাহার সমাধি হইয়াছে? তাহাতে তাহারা উত্তর করিল হে প্রভো আপনি আসিয়া দৃষ্টি করুন। ১০৮। তখন শ্রীয়েযূ অশ্রুপাত পুর্ব্বক স্বয়ং রোদন করিতে লাগিলেন য়হূদিরা তাহা দেখিয়া পরস্পর কহিতে লাগিল ইনি কেমন উহাকে স্নেহ করিতেন। ১০৯। অপরে কহিতে লাগিল যিনি অন্ধকে দৃষ্টি দিয়াছিলেন তিনি কি ইহার মৃত্যু নিবারণ করিতে সম্যক প্রকারে সমর্থ ছিলেন না? । ১১০। অনন্তর যে স্থলে মৃত দেহ প্রস্তরাবরুদ্ধ বৃহৎ গহ্বরে স্থাপিত ছিল প্রভু তন্নিকটে গমন করিয়া অন্তরে দীর্ঘ নিশ্বাস ত্যাগ করত কহিলেন। ১১১। "এই প্রস্তর গহ্বরের দ্বার হইতে স্থানান্তর কর" মার্থা

অশ্মাঽপসার্য্যতাং দ্বারাৎ তদা মার্থাঽবদৎ প্রভো ।
দুর্গন্ধঃ সোঽধুনা জাতঃ স্থিতোঽত্রাহশ্চতুষ্টয়ং ॥১১২॥
তদা য়েযূর্বভাষে ত্বাং চেদ্ বিশ্বস্যাস্তদা বিভোঃ ।
মাহাত্ম্যং ত্বং সমীক্ষেথা ইতি কিং নাবদং পুরা ॥১১৩॥
পাষাণে গহ্বরদ্বারাৎ প্রভোজ্ঞাতোঽপসারিতে ।
য়েযূর্ব্বর্দ্ধেক্ষণো ভূত্বা বাক্যমেতদ্ ন্যবেদয়ৎ ॥ ১১৪ ॥

শ্রীয়েযূরুবাচ ।

হে পিতস্ত্বামহং স্তৌমি বচনং মে যতোঽশৃণোঃ ।
সদা চ মামিকাং বাচং শৃণোষীত্যপি বেদ্ম্যহং ॥ ১১৫॥
যথা ত্বিহ স্থিতা লোকা বিশ্বস্যুর্মামকে পদে ।
অহং ত্বয়েরিতোঽস্মীতি তর্দ্ধেতোরিত্যবাদিষম্ ॥১১৬॥

তাহা শুনিয়া কহিল হে প্রভো শব চারি দিবস গহ্বরে রহিয়াছে অতএব এক্ষণে তাহাতে দুর্গন্ধ হইয়াছে । ১১২ । প্রভু কহিলেন আমি কি তোমাকে পূর্ব্বে কহি নাই যে যদি বিশ্বাস কর তবে পরমেশ্বরের মাহাত্ম্য দেখিতে পাইবা । ১১৩ । পরে প্রভুর আজ্ঞাক্রমে গহ্বরের দ্বার হইতে পাষাণ নিক্ষিপ্ত হইলে তিনি ঊর্দ্ধ দৃষ্টি করিয়া এই নিবেদন করিলেন । ১১৪ ।

শ্রীয়েযূর উক্তি ।

হে পিতঃ, আমি তোমার স্তব করিতেছি কেননা তুমি আমার বচন শুনিয়া থাক এবং আমি জানি যে সর্ব্বদা আমার বচনে কর্ণপাত কর । ১১৫ । অতএব নিবেদন করি যে অত্রস্থ লোকেরা যেন আমার পদে বিশ্বাস করে যে তুমি আমাকে প্রেরণ করিয়াছ । ১১৬ ।

বিদ্বানুবাচ।

ইত্যুক্ত্বা স্বাং মহাশক্তিং দর্শয়ন্নীশ্বরাত্মজঃ।
লাজার বহিরেহীতি মৃতং প্রোচ্চৈঃ সমাহ্বয়ৎ ॥ ১১৭ ॥
সদ্যোঽসৌ বহিরাগচ্ছদ্ বস্ত্রৈর্বদ্ধকরাংঘ্রিকঃ।
বদ্ধাস্যো গাত্রমার্জন্যা যথা ন্যস্তোর্ত গহ্বরে ॥ ১১৮ ॥
অনিরুদ্ধস্তদা য়েষূর্ম্মৃত্যুপাশবিভেদকঃ।
বন্ধনানি বিমোচ্যৈনং ত্যজতেতি সমাদিশৎ ॥ ১১৯ ॥
ইত্যাদ্যাশ্চর্য্য কর্ম্মাণি প্রত্যক্ষাণি প্রদর্শয়ন্।
স্বস্যাতিমানুষীং শক্তিং লোকেষু ব্যঞ্জয়ৎ প্রভুঃ ॥১২০॥
লোকাংশ্চেদৃশমাহাত্ম্য প্রকাশেন চমৎকৃতান্।
স্বোক্তানামুপদেশানাং শ্রবণায়োদতেজয়ৎ ॥ ১২১ ॥
ততশ্চ নূত্নশাস্ত্রস্য প্রচারেঽয়ং নিয়োজিতঃ।
ইতীশনার্পিতং স্বস্মিন্নধিকারমসাধয়ৎ ॥ ১২২ ॥

বিদ্বানের উক্তি।

ঈশ্বর পুত্র এই কথা কহিয়া আপনার মহাশক্তি প্রকাশ করত মৃতককে সম্বোধন করিয়া উচ্চৈঃস্বরে কহিলেন হে লাজারস তুমি বাহিরে আইস। ১১৭। এই কথাতে সে যে অবস্থায় গহ্বরে স্থাপিত হইয়াছিল সেই অবস্থায় অর্থাৎ বস্ত্র দ্বারা হস্ত পদে এবং গাত্রমার্জ্জনী দ্বারা মুখে বদ্ধ হইয়া বাহিরে আসিল। ১১৮। তখন মৃত্যুপাশ বিভেদ কারক য়েষূ আজ্ঞা করিলেন যে ইহার বন্ধন মোচন করিয়া দেও। ১১৯। প্রভু এই২ আশ্চর্য্য কর্ম্ম প্রত্যক্ষ দর্শাইয়া লোক সমাজে আপনার অতিমানুষী শক্তি ব্যক্ত করিলেন। ১২০। এবং এতাদৃশ মাহাত্ম্য প্রকাশে লোক-দিগকে চমৎকৃত করিয়া আপনার উপদেশে মনোনিবেশ করিতে প্রবৃত্ত করিলেন। ১২১। অপর ঐ সমস্ত প্রমাণ দ্বারা ইহা সিদ্ধ করিলেন যে ঈশ্বর তাঁহাকে নূতন শাস্ত্র প্রচার করণের অধিকার দিয়াছেন। ১২২। তাঁহার পূর্ব্বোক্ত আশ্চর্য্য কর্ম্ম

প্রোক্তানাং কর্ম্মণাং চান্যৎ ফলমেতৎ প্রতীয়তে।
ততস্তৎকর্ত্তুরুক্তীনাং ভাবো ব্যক্তত্বমাপ্নুতে ॥ ১২৩ ॥
রক্ষায়ৈ নচ নাশায় মর্ত্ত্যানামহমাগতঃ।
এবং স্বস্যাগমস্যার্থং মুহুর্য্যেযূরবর্ণয়ৎ ॥ ১২৪ ॥
এতদ্বাক্যানুসারেণ ধারা তৎকর্ম্মণামপি।
শুভদা দুঃখসংহর্ত্রী দীনোদ্ধর্ত্রী চ দৃশ্যতে ॥ ১২৫ ॥
সোহনন্তৈশ্বর্য্যযুক্তোহপি মার্দ্দবেনাচরৎ সদা।
ন চোগ্রোৎপাতযোগেন জাতু দুষ্টাননাশয়ৎ ॥১২৬॥
তত্রৈকং শ্রূয়তামেতদ্ বক্ষ্যমাণং নিদর্শনং।
যতঃ প্রভোর্মহাশক্তেঃ পরা ক্ষান্তিঃ প্রকাশতে ॥১২৭॥
শ্রীয়েযূরেকদা যাত্রাং কুর্ব্বন্ স্মার্য্যনীবৃতি।
স্বস্যাগ্রে কঞ্চন গ্রামং দূতান্ প্রস্তুতয়েঽনুদৎ। ১২৮ ॥

সকলের আর এক এই প্রয়োজন বোধ হইতেছে যে সেই সকল কর্ম্ম করণ দ্বারা কর্ম্মকর্ত্তার উক্তির ভাব ব্যক্ত হইল। ১২৩। যথা প্রভু বারম্বার আপনার অবতারের প্রয়োজন এই প্রকারে ব্যক্ত করিয়াছিলেন যে আমি মর্ত্ত্য লোকের রক্ষা করিতে আসিয়াছি বিনাশার্থ আগমন করি নাই। ১২৪। তাঁহার এই বাক্যানুসারে কার্য্যের ধারাও মঙ্গলদায়ক, দুঃখ নিবারক, ও দীনহীন লোকের উদ্ধারক রূপে দৃষ্ট হইয়াছিল। ১২৫। অপর যদিও তাঁহার অনন্ত ঐশ্বর্য্য ছিল তথাপি সর্ব্বদা মৃদুতাচরণ করিয়াছিলেন এবং কখন ভয়ানক উৎপাত প্রকাশ করিয়া দুষ্ট লোককে বিনষ্ট করেন নাই। ১২৬। এবিষয়ের এক উদাহরণ কহিতেছি শ্রবণ কর, তাহাতে মহাশক্তিমান্ প্রভুর অদ্ভুত ক্ষমা প্রকাশ হইবে। ১২৭। একদা শ্রীয়েষূ স্মার্য্য নামক পুরীতে গমন করত কোন গ্রামে দ্রব্য আয়োজন করণার্থ অগ্রে দূত প্রেরণ করিলেন ।১২৮। কিন্তু প্রভু যখন সেখানে উপস্থিত হইলেন তখন গ্রাম

প্রভৌ তূপস্থিতে তত্র জনাস্তদ্গ্রামবাসিনঃ।
যহূদিভিন্নধর্ম্মাণস্তস্যাতিথ্যং ন চক্রিরে ॥ ১২৯ ॥
তদ্ দৃষ্ট্বাহপৃচ্ছতাং শিষ্যৌ কিং পতত্বনলো দিবঃ।
ভস্মীকরোতু তাংশ্চেত্থ মাদেক্ষ্যাবোহধুনা প্রভো।১৩০।
তদ্বাক্যেনাপ্রসন্নস্তু শ্রীয়েযুস্তাবতর্জয়ৎ।
স্বশিষ্যৈশ্চান্বিতঃ সদ্যস্ততো গ্রামান্তরং যযৌ ॥ ১৩১ ॥
শরীরমাত্রকল্যাণসিদ্ধয়ে ত্বীশ্বরাত্মজঃ।
স্বর্গাদবাতরদ্ ভূমাবিতি জাতু ন মন্যতাম্ ॥ ১৩২ ॥
যস্ত্বাত্মা নৃষু মুখ্যোহংশো নিয়ন্তা বপুষঃ প্রভুঃ।
তমেব পাপ্মনা রুগ্নং সুস্থীকর্ত্তুং স আগমৎ । ১৩৩।
অতো যৎ প্রভুণাহকারি কায়রোগচিকিৎসনং।
আতুরস্যাত্মনস্তেন সুস্থীকারো নিদর্শ্যতে ॥ ১৩৪ ॥

বাসি লোকেরা যহূদি দিগের বিরুদ্ধ ধর্ম্মি প্রযুক্ত তাঁহার আতিথ্য করিল না।১২৯। দুই জন শিষ্য তাহা দেখিয়া জিজ্ঞাসা করিল আ-মরা কি এই দুরন্ত ব্যক্তিদিগকে ভস্ম করণার্থ স্বর্গ হইতে অগ্নিপাত হইতে কহিব? । ১৩০ । য়েযূ ঐ বাক্যে অসন্তুষ্ট হইয়া তাহার-দিগকে তিরস্কার করিলেন পরে শিষ্যগণের সহিত গ্রামান্তরে গমন করিলেন।১৩১। পরন্তু এমত মনে করিও না যে ঈশ্বরাত্মজ কেবল শারীরিক কুশল সিদ্ধ করণার্থ স্বর্গ হইতে পৃথিবীতলে অবতীর্ণ হইয়াছিলেন (১৩২) মনুষ্য লোকের মুখ্যাংশ এবং শারীরিক অধ্যক্ষ যে আত্মা তাহাকে পাপরোগ হইতে সুস্থ করিবার নিমিত্ত ঈশ্বরপুত্র অবতীর্ণ হইয়াছিলেন। ১৩৩। অতএব প্রভু শারীরিক রোগের যে প্রতীকার করিয়াছিলেন তাহা পাপরোগে ব্যথিত আত্মার সুস্থ করণের দৃষ্টান্ত মাত্র।১৩৪। তথা কুষ্ঠিকে শুদ্ধ করাও আত্ম শোধনের নিদর্শন এবং অন্ধকে দর্শনশক্তি দান-বুদ্ধি দৃষ্টি

শুদ্ধ্যা হি কুষ্ঠিনাং শুদ্ধিরাত্মনোঽপ্যুপমীয়তে।
অন্ধেভ্যো দৃষ্টিদানেন ধীদৃষ্টেশ্চামলীকৃতিঃ॥ ১৩৫ ॥
যাং য়েযূরাত্মনস্তুষ্ট্যৈ পরমার্থসুধাং দদৌ।
তস্যাশ্ছায়েব বিজ্ঞেয়া সাঽন্নবৃদ্ধির্মহাদ্ভুতা॥১৩৬॥
মৃতোত্থাপনশক্ত্যা চ শক্তিরন্যা মহত্তরা।
সদ্ধর্ম্মপ্রাণহীনানাং প্রাণদাত্রী নিদর্শ্যতে॥ ১৩৭ ॥
ইতি শ্রীমহামোক্তৃয়েযুখৃষ্টমাহাত্ম্যেঽদ্ভুতক্রিয়াবর্ণনং
নাম তৃতীয়োঽধ্যায়ঃ।

সত্যার্থ্যুবাচ।

মনুষ্যান্ সৎপথে নেতুং ত্রাতুং চৈবাংহসো বশাৎ।
অবতীর্ণো বিভোঃ সূনুঃ কীদৃক্ কীদৃগুপাদিশৎ॥ ১॥

বিদ্বানুবাচ।

শ্রীয়েযূর্যত্নতো দেশং যহূদীয়ং পরিব্রজন্।
ইভ্যান্ নিঃস্বান্ বুধান্ অজ্ঞানিতি সর্ব্বানশিক্ষয়ৎ॥ ২॥

অমল করিবার উপমা। ১৩৫। অপর প্রভু আত্মার তৃপ্তি নিমিত্ত যে পরমার্থরূপ অমৃত দিয়াছিলেন পূর্ব্বোক্ত অদ্ভুত অন্নবৃদ্ধি তাহার ছায়ামাত্র। ১৩৬। আর মৃত লোককে পুনর্জীবিত করণের শক্তি দ্বিতীয় মহাশক্তির চিহ্ন যাহাতে ধর্ম্মরূপ প্রাণে বিরহিত লোক ধর্ম্ম রূপ প্রাণকে পুনঃ প্রাপ্ত হয়। ১৩৭। ইতি শ্রীমহামুক্তিদ য়েযূখৃষ্ট মাহাত্ম্য গ্রন্থে অদ্ভুত ক্রিয়া বর্ণনা নামক তৃতীয় অধ্যায় সমাপ্ত।

সত্যার্থির উক্তি।

ঈশ্বরপুত্র মনুষ্যলোককে পাপের বশ হইতে উদ্ধার ও সত্যপথে আনয়ন করিবার নিমিত্ত কিং উপদেশ দিয়াছিলেন? ১।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েযূ যহূদীয় দেশের সর্ব্বত্র ভ্রমণ করিয়া অধন সধন জ্ঞান সজ্ঞান সকলকেই শিক্ষা দিয়াছিলেন। ২। তিনি হৃদয়ের

বাহ্যাচারেণ সন্তুষ্টানন্তর্ধর্ম্মে ত্বতৎপরান্।
বহূন্ জনান্ বিলোক্যৈবং হৃন্মর্ম্মজ্ঞোঽবদৎ প্রভুঃ ।৩।

শ্রীয়েষূরুবাচ ।

মা হন্যাঃ কিঞ্চ যো হন্যাৎ স দণ্ডার্হো ভবেদিতি ।
আদিষ্টং শুশ্রুব প্রত্নৈরাচার্য্যৈঃ প্রাক্তনান্ প্রতি ॥৪ ।
পরন্ত্বহং ব্রুবে যুষ্মান্ যো জনঃ কারণং বিনা ।
নিজায় ক্রুধ্যতি ভ্রাত্রে দণ্ডযোগ্যঃ স বিদ্যতে । ৫ ॥
ভ্রাতরং যস্তুরে ব্রূয়াৎ দণ্ডার্হঃ স্যাৎ স স সদি।
যস্তু মূর্খেতি নিন্দেৎ স নরকাগ্ন্যুচিতো ভবেৎ ॥ ৬ ॥
তস্মাৎ ত্বং নিজনৈবেদ্যং বেদ্যাসন্নে যদানয়েঃ ।
তদা স্বেনাপরাদ্ধং চেৎ ত্বং স্মরে ভ্রাতরং প্রতি ॥ ৭ ॥

মর্ম্ম বুঝিতেন অতএব বাহ্য আচারে তুষ্ট অথচ অন্তর্ধর্ম্মে শিথিল এমত বহুলোককে দেখিয়া এই কথা কহিয়াছিলেন। ৩। যথা।

শ্রীয়েষূর উক্তি।

প্রাচীন লোকদিগের প্রতি পূর্ব্বতন আচার্য্য গণের আদেশ তোমরা শুনিয়াছ যথা "বধ করিও না যে ব্যক্তি বধ করে সে দণ্ডার্হ হইবে"। ৪। কিন্তু আমি তোমারদিগকে কহিতেছি যেব্যক্তি অকারণে নিজ ভ্রাতার প্রতি ক্রুদ্ধ হয় সে জনও দণ্ড যোগ্য হয় । ৫ । অপর যে ব্যক্তি ভ্রাতাকে "তুরে" বলিয়া সম্বোধন করে সে সভা মধ্যে দণ্ডার্হ হয় এবং যে তাহার কুৎসা করিয়া কহে তুই মূঢ় সে নরকাগ্নির উপযুক্ত হয়। ৬। অতএব বেদির নিকট নৈবেদ্য উপস্থিত করিবার সময় যদি তোমার স্মরণ হয় যে তুমি কোন ভ্রাতার প্রতি অপরাধ করিয়াছ (৭) তবে সেখানে বলি ত্যাগ

তর্হি তত্র বলিং ত্যক্ত্বা যাহি তেন চ সম্মিল।
তৎপশ্চাৎ পুনরাগত্য বিভবে বলিমুৎসৃজ ॥৮॥ যুষ্মং।
ত্বং মা ব্যভিচরেত্যুক্তং প্রাক্ কালেঽহন্তু বচ্মি বঃ।
যঃ কামাদ্ যোষিতং পশ্যেৎ সোঽপ্যন্তর্ব্যভিচারকঃ। ৯।

বিদ্বানুবাচ।

ন নূনং দর্শয়িতুং কিন্তু প্রসাদয়িতুমীশ্বরং।
আচরেয়ুর্জনা ধর্ম্মমিতি সদ্গুরুরাদিশৎ ॥ ১০ ॥

শ্রীয়েষূরুবাচ।

সৎকর্ম্ম মা নৃণাং সাক্ষাৎ কুরুধ্বং কীর্ত্তিলব্ধয়ে।
ন চেৎ তদা ন লপ্স্যধ্বে কিঞ্চিৎ স্বঃস্থাৎ পিতুঃ ফলং।১১।
দানন্তু ত্বং যদা কুর্য্যাস্তদা মা ধর্ম্মলিঙ্গিবৎ।
স্বস্যাগ্রে বাদয়েস্তুরীং প্রতোলীষু সভাসু চ॥ ১২ ॥

করিয়া তোমার ভ্রাতার নিকট গিয়া সম্মিলন কর পরে প্রত্যাবৃত্ত হইয়া পরমেশ্বরের উদ্দেশে বলি উৎসর্গ করিও। ৮। পূর্ব্বকালে উক্ত হইয়াছিল ব্যভিচার করিও না কিন্তু আমি তোমাকে কহিতেছি যে কোন পুরুষ নারীর প্রতি কামদৃষ্টি করে সে তাহাতেই অন্তরে ব্যভিচারী হয়। ৯।

বিদ্বানের উক্তি।

অনন্তর প্রভু এই উপদেশ প্রদান করিলেন যে মনুষ্যকে দেখাইবার জন্য ধর্ম্ম কর্ম্ম কর্ত্তব্য নহে পরন্তু পরমেশ্বরের প্রসন্নতা নিমিত্ত তাহা কর্ত্তব্য। ১০।

শ্রী যষূর উক্তি।

তোমারা যশোলাভের নিমিত্ত মনুষ্য গণের সাক্ষাৎ সৎকর্ম্ম করিও না কেননা তাহা করিলে স্বর্গস্থ পিতার নিকট কোন ফল প্রাপ্ত হইবা না। ১১। তথা দান করিবার সময় ভাক্ত ধার্ম্মিক লোকের ন্যায় পথেতে এবং সভাতে আপনার অগ্রে তুরী বাদ্য করিও না। ১২। অপর দান ধর্ম্ম সাধন কালে তোমার বামহস্ত

তব প্রকুর্ব্বতো দানং বামঃ পাণির্ন কর্হিচিৎ ।
জানাতু কাহপসব্যেন পাণিনা ক্রিয়তে ক্রিয়া ॥ ১৩ ॥
তথা গুপ্তং ভবেদ্ দানং তাবকশ্চ পিতা ততঃ ।
গুপ্তদর্শী ফলং তুভ্যং সপ্রকাশং প্রদাস্যতি ॥ ১৪ ॥
মা ধর্ম্ম লিঙ্গিনাং রীত্যা প্রার্থয়ে র্যে সভান্তরে ।
শৃঙ্গাটকে চ তিষ্ঠন্তঃ প্রার্থয়ন্তে সুকীর্ত্তয়ে ॥ ১৫ ॥
যদাতু প্রার্থনাং কুর্য্যাস্তদাহন্তর্ভবনে নিজে ।
প্রবিশ্য পিতরং গুপ্তং দ্বারং রুদ্ধা ত্বমর্থয় ॥ ১৬ ॥
মা ধর্ম্মলিঙ্গিনো যদ্বদুপবাসং তথা চর ।
স্বোপোষণ প্রকাশায় ম্লাপয়ন্তি মুখানি তে ॥ ১৭ ॥
ত্বয়া ত্বভ্যক্তশীর্ষেণ ধৌতাস্যেনোপবস্যতাম্ ।
যথা লোকৈর্ন দৃশ্যেথাঃ সাক্ষাদুপবসন্নিব ॥ ১৮ ॥

যেন কখন দক্ষিণ হস্তের ক্রিয়া জানিতে না পারে । ১৩ । তাহাতে তোমার দানধর্ম্ম গোপনেই সিদ্ধ হইবে এবং গুপ্তদর্শী পিতা তোমাকে প্রকাশ্য রূপে ফল দান করিবেন । ১৪ । অপর ভাক্ত ধার্ম্মিক গণের ন্যায় ভজন সাধন করিও না তাহারা যশোলাভের নিমিত্ত সভা মধ্যে অথবা চতুষ্পথে দণ্ডায়মান হইয়া প্রার্থনা করে । ১৫ । কিন্তু তুমি প্রার্থনা করিবার সময় আপনার গৃহের মধ্যে প্রবেশ করিয়া দ্বাবাবরোধন পূর্ব্বক সংগোপনে পিতার নিকট প্রার্থনা করিবা । ১৬ । অপর ভাক্ত ধার্ম্মিক গণের ন্যায় উপবাস করিও না তাহারা উপবাস প্রকাশ করিবার নিমিত্ত আপনারদের মুখ ম্লান করে । ১৭ । কিন্তু তুমি মস্তক তৈলাক্ত এবং মুখ প্রক্ষালিত করিয়া উপবাস করিও যেন লোক সমাজে তোমার উপবাস প্রকাশ না হয় । ১৮ । তাহাতে স্বর্গস্থ

তদা স্বর্গস্থিতস্তাতো যো গুপ্তান্যপি পশ্যতি।
স সুক্রিয়াফলং তুভ্যং সপ্রকাশং প্রদাস্যতি ॥ ১৯ ॥

বিদ্বানুবাচ।

স্বীয়পুণ্যাভিমানেন পরেষামবমানিনঃ।
কাংশ্চিজ্জনান্ প্রভুর্দৃষ্ট্বা দৃষ্টান্তেনৈবমাক্ষিপৎ ॥২০॥

শ্রীয়েষুরুবাচ।

প্রার্থনার্থে মনুষ্যৌ দ্বৌ যযতুর্বিভুমন্দিরং।
ফরীষ্যসম্প্রদায্যেকঃ করগ্রাহী তথাহপরঃ॥ ২১ ॥
তত্রেশ্বরালয়ে তিষ্ঠন্ ফরীষ্যোহসাবচ্চনৈকৈঃ।
এতাদৃশেন রূপেণ তুষ্টাব পরমেশ্বরং ॥ ২২ ॥
যাদৃশোহন্যে নরা দুষ্টা যাদৃশৈষ করগ্রহঃ।
তাদৃগ্ নাস্মীতি হেতোস্ত্বাং ধন্যং মন্যে পরেশ্বরং। ২৩ ॥

পতা যিনি গোপনীয় বস্তুতেও দৃষ্টিপাত করেন তিনি তোমাকে প্রকাশ্য রূপে সুকৃতের ফল দান করিবেন। ১৯।

বিদ্বানের উক্তি।

অনন্তর স্বকীয় পুণ্যের অভিমানি অথচ পরের অবহেলা কারক কএক জনকে দেখিয়া প্রভু উপমা দ্বারা এই প্রকার উপদেশ করেন। ২০। যথা।

শ্রীয়েষুর উক্তি।

দুই ব্যক্তি প্রার্থনা করিবার নিমিত্ত পরমেশ্বরের মন্দিরে গমন করিয়াছিল তাহার মধ্যে এক জন ফরীষ্য সাম্প্রদায়িক, অন্য ব্যক্তি করগ্রাহী ছিল। ২১। ফরীষ্য মতাবলম্বী তথায় দণ্ডায়মান হইয়া মৃদুস্বরে এইরূপে পরমেশ্বরের প্রার্থনা করিল। ২২। "হে পরমেশ্বর অন্যান্য লোক যাদৃশ দুষ্ট এবং এই করগ্রাহী যদ্রূপ দুরাত্মা, আমি তাদৃশ নহি একারণ তোমার ধন্যবাদ করিছি। ২৩। আমি প্রতি সপ্তাহে দুই দিবস নিত্য উপবাস করি

সপ্তাহেঽহর্দ্বয়ং নিত্যমুপবাসং করোম্যহং।
ঈশায় সর্ব্বসম্পত্তের্দশমাংশং দদামি চ ॥২৪॥
ইত্যুক্তং গর্ব্বিণা তেন নম্রাত্মা তু করগ্রহঃ।
দূরস্থঃ সাহসং নাপ্নোৎ স্বর্গমূর্দ্ধংনিরীক্ষিতুং ॥ ২৫ ॥
অধস্থালোচমানোঽসৌ করাঘাতং স্ববক্ষসি।
কৃত্বা দয়স্ব পাপিষ্ঠমীশ মামিত্থমব্রবীৎ ॥ ২৬ ॥
দীনাত্মাঽয়ং জনোঽমুষ্মাৎ পূর্ব্বোক্তাদিতরাদ্ নরাৎ।
শুদ্ধীকৃতোঽধিকং গেহং জগামেতি ব্রবীমি বঃ ॥ ২৭॥
যঃ কোঽপ্যুন্নেষ্যতি স্বং হি স জনো নময়িষ্যতে।
আত্মানং যস্তু নময়েৎ স এবোন্নতিমাপ্নুয়াৎ ॥ ২৮ ॥

বিদ্বানুবাচ।

নির্ব্বেদো দীনসেবা চ কার্য্যা শ্রেষ্ঠপদৈরপি।
ইত্যেতদ্ ভৃত্যবৎ ভূত্বা দৃষ্টান্তেনাজ্ঞয়ৎ প্রভুঃ। ২৯।

এবং আমার সমস্ত সম্পত্তির দশমাংশ পরমেশ্বরের উদ্দেশে উৎসর্গ করিয়া থাকি" ॥ ২৪ ॥ ঐ গর্ব্বিত ফরীষ্য এই উক্তি করিল কিন্তু করগ্রাহী নম্রাত্মা প্রযুক্ত দূরস্থ হইয়া স্বর্গের প্রতি ঊর্দ্ধ দৃষ্টি করিতে সাহস করিল না। ২৫। কেবল বক্ষঃস্থলে করাঘাত পূর্ব্বক অধোবদন হইয়া কহিল হে প্রভো আমি পাপিষ্ঠ, আমার প্রতি দয়া দৃষ্টি কর। ২৬। আমি যথার্থ কহিতেছি এই দীনাত্মা ব্যক্তি পূর্ব্বোক্ত ফরীষ্য অপেক্ষা অধিক শুদ্ধীকৃত হইয়া স্বগৃহে গমন করিল (২৭) কেননা যে কেহ আপনাকে উন্নত করে সে নত হইবে আর যেকেহ আপনাকে নত করে সে উন্নতি প্রাপ্ত হইবে। ২৮।

বিদ্বানের উক্তি।

প্রভু স্বয়ং ভৃত্যবৎ হইয়া দৃষ্টান্ত দ্বারা এই উপদেশ দিলেন যে শ্রেষ্ঠ লোকেরদের পক্ষেও দীন হীন লোকেরদের সেবা কর্ত্তব্য। ২৯। জগৎপতি একদা স্বীয় তত্ত্বজ্ঞ তাগের সময় নিকটস্থ

একদা স্বতনুত্যাগে সন্নিকর্ষমুপস্থিতে।
স্বাং কটিং গাত্র মার্জন্যা ববন্ধ জগতাং পতিঃ। ৩০।
ততঃ পাত্রেঽভিষিচ্যাম্ভঃ স্বশিষ্যাণাং পদৌ গুরুঃ।
প্রক্ষাল্য মার্ষ্টুমারেভে গাত্রমার্জনবাসসা ॥ ৩১॥
তৎসেবকোচিতং কর্ম্ম সর্ব্বসেব্যঃ সমাপ্তবান্।
শ্রীয়েষুঃ পুনরাসীনঃ স্বানুগানেবমাদিশৎ। ৩২॥

শ্রীয়েষুরুবাচ।

কিমেতৎ কর্ম্ম বুধ্যধ্বে যন্ময়া সাম্প্রতং কৃতং।
গুরুং প্রভুঞ্চ মাং স্থানে খ্যাথ সোঽহং ভবামি হি। ৩৩।
যদি বোঽক্ষালয়ং পাদান্ গুরুঃ স্বামী চ সন্নহং।
তদাঽন্যোন্যপদৌ যূয়ং প্রক্ষালয়িতুমর্হথ॥ ৩৪॥
দৃষ্টান্তোঽয়ং ময়াঽদায়ি যুষ্মভ্যং যেন যাদৃশং।
যুষ্মান্ প্রত্যাচরং তাদৃগ্ যূয়ং কুর্য্যাত সর্ব্বদা। ৩৫॥

হইলে এক গাত্র মার্জ্জনী লইয়া আপনার কটি দেশ বন্ধন করিয়াছিলেন (৩০) পরে এক পাত্রে জল নিক্ষেপ করিয়া স্বয়ং গুরু হইয়াও শিষ্যগণের পাদ প্রক্ষালন করত গাত্র মার্জ্জনী দ্বারা মোচিত করিতে প্রবৃত্ত হয়েন। ৩১। অনন্তর প্রভু আপনি সকলের সেব্য হইয়াও সেবকের ন্যায় ঐ কার্য্য সম্পন্ন করিয়া পুনশ্চ উপবিষ্ট হইয়া নিজ অনুচর গণকে কহিতে লাগিলেন। ৩২।

শ্রীয়েষুর উক্তি।

আমি সম্প্রতি কি কার্য্য করিলাম তাহা কি তোমারা বুঝিয়াছ? আমাকে তোমরা গুরু এবং প্রভু কহিয়া থাক তাহা যথার্থ, আমি বস্তুতঃ তাহাই বটি। ৩৩। অতএব আমি গুরু এবং স্বামী হইয়া যদি তোমারদের পাদ প্রক্ষালন করিলাম তবে তোমারাও পরস্পরের পাদ প্রক্ষালন করিবার উপযুক্ত। ৩৪। আমি এই দৃষ্টান্ত তোমারদিগকে দেখাইলাম তাহাতে আমি যেমন এক্ষণে তোমাদের প্রতি আচরণ করিলাম তোমরাও সর্ব্বদা তাহা করিবা। ৩৫।

ন শ্রেয়ান্ কিঙ্করো নাথাদ্ ন দূতঃ প্রেরকাদ্ মহান্।
বিজ্ঞায়ৈতানি কুর্য্যাত চেৎ তদা স্যাত মঙ্গলাঃ।৩৬।
যো ভোজনে সমাসীনঃ স ন কিং সেবকাদ্ মহান্।
নাথোঽপ্যহং তু বো মধ্যে আচরামি ভুজিষ্যবৎ।৩৭।

বিদ্বানুবাচ।

অন্যেদ্যুঃ শ্রীপ্রভোঃ শিষ্যা ব্যবদন্ত মিথঃ পথি।
স্বমধ্যে পদবী শ্রেষ্ঠা কতমস্য ভবেদিতি॥ ৩৮॥
তদ্বিবাদন্তু বিজ্ঞায় শিশুমাহূয় কঞ্চন।
তেষাং মধ্যে চ সংস্থাপ্য প্রভুস্তানব্রবীদিদম্॥ ৩৯॥

শ্রীয়েশুরুবাচ।

পরাবৃত্তহৃদো বালৈস্তুল্যাশ্চ ন ভবেত চেৎ।
তদা স্বর্গীয়রাজ্যান্তঃ প্রবেষ্টুং ন শকিষ্যথ॥ ৪০॥

ভৃত্য স্বামি অপেক্ষা এবং দূত প্রেরক অপেক্ষা মহৎ নহে ইহা জানিয়া যদি তোমরা আচরণ কর তবে তোমারদের মঙ্গল হইবে। ৩৬। যে ব্যক্তি ভোজনে উপবিষ্ট, তিনি কি আপনার সেবক হইতে মহৎ নহেন? পরন্তু আমি প্রভু হইয়াও তোমারদের মধ্যে সেবকের ন্যায় আচরণ করিতেছি। ৩৭।

বিদ্বানের উক্তি।

আর এক দিবস প্রভুর শিষ্যগণ পরস্পর বিবাদ করিতেছিল যে তাহারদের মধ্যে কাহার পদবী সর্ব্বশ্রেষ্ঠ হইবে। ৩৮। প্রভু তাহাদের বিবাদ জানিতে পারিয়া কোন এক শিশুকে আহ্বান করিলেন এবং তাহারদের মধ্যে এক জনকে দণ্ডায়মান করাইয়া তাহারদিগকে কহিলেন। ৩৯।

শ্রীয়েশুর উক্তি।

তোমরা যদি অন্তঃকরণকে পরাবৃত্ত করিয়া শিশুর তুল্য না হও তবে স্বর্গীয় রাজ্যেরমধ্যে প্রবেশ করিতে পাইবা না॥ ৪০। ফলতঃ

অতো যঃ কোঽপি নম্রাত্মা যথা বালস্তথা ভবেৎ ।
স এব স্বর্গসাম্রাজ্যে নিখিলানাং মহত্তমঃ ।। ৪১ ।।

বিদ্বানুবাচ।

মুহুরপ্যপকর্ত্তৄণাংক্ষমা কার্য্যাঽপরাধিনাম্ ।
ন চাহিতপ্রতীকার ইত্যেবং প্রভুরাদিশৎ ।। ৪২ ।।

শ্রীয়েযুরুবাচ।

পরেষামপরাধান্ হি ক্ষমেধ্বং যদি সর্ব্বদা ।
যুষ্মদীয়ানপি স্বর্গ্যঃ পিতা তর্হি ক্ষমিষ্যতে । ৪৩ ।
অপরাধক্ষমা স্বীদৃগ্ যুষ্মাভি র্ন ক্রিয়েত চেৎ ।
তদা স্বঃস্থঃ পিতা দোষান্ যুষ্মাকং ন ক্ষমিষ্যতে ।।৪৪ ।।

বিদ্বানুবাচ।

তথাঽনুযায়িনামেকঃ পেত্রাভিখ্যোঽন্যদা প্রভুং ।
ক্ষমায়া বিষয়ে পৃষ্ট্বা প্রাপ্নোদীদৃশমুত্তরম্ ।। ৪৫ ।

যে কেহ বালকের ন্যায় নম্রাত্মা হইবে সে স্বর্গীয় সাম্রাজ্যে সর্ব্বাপেক্ষা মহত্তম হইবে । ৪১ ।

বিদ্বানের উক্তি।

যদি অপরাধী ব্যক্তি বারম্বার অপকার করে তথাপি তাহাকে ক্ষমা করা কর্ত্তব্য কেননা অহিতেরও প্রতীকার করা উচিত নহে এবিষয়ে প্রভু এইরূপ আজ্ঞা করিয়াছিলেন । ৪২ ।

শ্রীযেশুর উক্তি।

তোমরা যদি পরের অপরাধ ক্ষমা কর তবে স্বর্গীয় পিতাও তোমারদের অপরাধ ক্ষমা করিবেন । ৪৩ । আর তোমরা যদি এইরূপে অপরাধ ক্ষমা না কর তবে স্বর্গীয় পিতাও তোমারদের অপরাধ ক্ষমা করিবেন না । ৪৪ ।

বিদ্বানের উক্তি।

পেত্র নামা এক জন শিষ্য অপরাধ ক্ষমার বিষয়ে আর একবার প্রশ্ন করিয়াছিল তাহাতে প্রভু ঐ রূপ উত্তর করেন । ৪৫ । যথা

পেত্রনামা শিষ্য উবাচ।

পরস্মিন্ পুরুষে মহ্যং কতিকৃত্বোঽপরাধ্যতি।
তদ্দোষং ক্ষন্তুমর্হামি সপ্তকৃত্বঃ কিমর্হতে॥ ৪৬॥

শ্রীয়েশূরুবাচ।

অহং ত্বামাদিশাম্যেতৎ সপ্তকৃত্বো ন কেবলং।
পরন্তু সপ্ততিগুণসপ্ত কৃত্বঃ ক্ষমাং কুরু॥ ৪৭॥
স্বার্থায়ব্যয়য়োঃ সংখ্যাং দাসৈঃ সার্দ্ধং চিকীর্ষতঃ।
দৃষ্টান্তঃ কস্যচিদ্ রাজ্ঞো মনো যুক্ত্বা নিশম্যতাম্।৪৮।
গণনে স্বামিনারব্ধে কশ্চিদানায়ি কিঙ্করঃ।
মুদ্রাণাং যোঽযুতং স্বস্মৈ নাথায়র্ণমধারয়ৎ॥ ৪৯।
পরিশোধাক্ষমে তস্মিন্ প্রভুস্তন্তর্ণশুদ্ধয়ে।
সস্ত্রীসন্তানবিত্তস্য তস্য বিক্রয়মাদিশৎ॥ ৫০॥

পেত্রনামা শিষ্যের উক্তি।

হে প্রভো অন্য ব্যক্তি কত বার অপরাধ করিলে আমার ক্ষমা করা কর্ত্তব্য। কি সপ্তবার ক্ষমা করিতে হইবে।। ৪৬।

শ্রীয়েশূর উক্তি।

আমি তোমাকে এই আজ্ঞা দিতেছি যে কেবল সপ্তবার নহে কিন্তু সপ্ততি গুণ সপ্তবার কেহ দোষ করিলে তাহাও ক্ষমা করা উচিত। ৪৭। এবিষয়ে এক রাজার দৃষ্টান্ত কথা মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর, এক রাজা আপনার দাসদিগের নিকট ধনের আয় ব্যয়ের সংখ্যা গ্রহণ করিতে বাসনা করিয়াছিলেন। ৪৮। যখন তাঁহার গণনা আরম্ভ হইল তখন কোন এক দাস ঐ অধিপতির নিকট আনীত হইল যে প্রভুর অযুত মুদ্রা ঋণী ছিল।৪৯। সে ব্যক্তি ধণ পরিশোধ করিতে অক্ষম হওয়াতে প্রভু তাহার স্ত্রীপুত্র এবং বিষয়াদি ঋণোদ্ধারার্থে বিক্রয় করিতে আজ্ঞা দিলেন। ৫০। তখন

তদাঽসাবব্রবীদ্ ভৃত্যঃ প্রভোশ্চরণয়োঃ পতন্ ।
ভোধৈর্য্যং ধ্রিয়তাংস্বামিন্ শোধয়িষ্যামি তেঽখিলং।৫১।
অতো দয়াদ্রর্হৃৎ ভূত্বা স উদারো মহীপতিঃ ।
তং নিঃস্বমত্যজদ্ দাসমৃণাৎ কৃৎস্নাদ্ মুমোচ চ ।৫২ ॥
অয়ং ভৃত্যস্তু নিষ্ক্রম্য সভৃত্যং প্রাপ কঞ্চন ।
সভৃত্যোঽসৌ চ তস্যাসীদ্ মুদ্রাপাদশতর্ণিকঃ । ৫৩।
অমুং ধৃত্বা স তৎকণ্ঠং সংপীড়্যোবাচ নির্দয়ঃ ।
ঋণং যাবদ্ ময়া প্রাপ্যং তাবদ্ মে পরিশোধয় । ৫৪ ।
পতংস্তৎপাদয়োর্নম্রঃ সভৃত্যোঽসৌ ন্যবেদয়ৎ ।
ধৈর্য্যং চেৎ ত্বং ধরেস্তর্হি শোধয়িষ্যামি তেঽখিলং।৫৫।
ইদং ন স্বীচকারাঽয়ং কিন্তু যাবৎ স সর্ব্বশঃ ।
ঋণং ন শোধয়েৎ তাবৎ কারায়াং তমবন্ধয়ৎ । ৫৬ ।

সে দাস প্রভুর চরণে পড়িয়া নিবেদন করিল হে প্রভো কিঞ্চিৎ ধৈর্য্যাবলম্বন করুন আমি সমুদয় ঋণ পরিশোধ করিব। ৫১। তাহাতে সেই উদারাত্মা মহীপতি দয়াদ্রর্চিত্ত হইয়া ঐ নিষ্কিঞ্চন দাসের সমুদয় ঋণ মার্জ্জনা করিলেন। ৫২। কিন্তু সেই ভৃত্য তথা হইতে গমন করিয়া অন্য এক জন ভৃত্যকে ধরিল সে তাহার পঞ্চবিংশতি মুদ্রা ধারিত। ৫৩। সে ঐ ভৃত্যের কণ্ঠ ধরিয়া নির্দ্দয়ান্তঃকরণে সংপীড়ন পূর্ব্বক কহিল আমার যে প্রাপ্য আছে তাহা তাবৎ পরিশোধ কর। ৫৪। তাহাতে ঐ ঋণী ভৃত্য তাহার চরণে পড়িয়া নম্রতা পূর্ব্বক নিবেদন করিল যদি কিঞ্চিৎ ধৈর্য্যাবলম্বন কর তবে আমি সকল দেয় পরিশোধ করিতে পারি ।৫৫। কিন্তু সে তাহা স্বীকার না করিয়া যাবৎ সমুদয় ঋণ পরিশোধ না হইল তাবৎ ভৃত্যকে কারাবদ্ধ করিয়া রাখিল ।৫৬। অনন্তর অন্যান্য ভৃত্যেরা

তদ্বৃত্তং সকলং দৃষ্ট্বা ভৃত্যা অন্যে সুদুঃখিতাঃ।
আগত্য তস্য বৃত্তান্তং স্বামিনেঽতো ন্যবেদয়ন্। ৫৭।
অথ স্বামী তমাহূয় প্রোচে রে ভৃত্য দুষ্টহৃৎ।
ত্বয়াঽহং প্রার্থিতঃ স্বীয় মৃণং কৃৎস্নমমোচয়ম্। ৫৮।
অতস্ত্বং যাদৃশীমাপ্নোঃ করুণাং মম সন্নিধৌ।
কিং নার্হস্তাদৃশীং কর্তুং সহদাসং নিজং প্রতি। ৫৯।
ইত্যুক্ত্বা তৎপ্রভুঃ ক্রুধ্যন্ ঋণং যাবদ্ন শোধয়েৎ।
তাবৎ সমর্পয়ামাস কারায়া রক্ষকেষু তং। ৬০।
তথা যুষ্মান্ প্রতি স্বঃস্থো মম তাতঃ করিষ্যতি।
পরেষামপরাধাংশ্চেদ্ন ক্ষমেধ্বং হৃদা সমে। ৬১।

বিদ্বানুবাচ।

নরৈশ্চানুগ্রহঃ কার্য্যঃ স্ববিরোধিজনেষ্বপি।
বিদ্বেষখণ্ডনৈর্ব্বাক্যৈঃ প্রভুরেভিরুপাদিশৎ। ৬২।

তাহা দেখিয়া বিমর্শ হইয়া প্রভুর নিকট আসিয়া সমস্ত বিবরণ নিবেদন করিল। ৫৭। তাহাতে প্রভু উক্ত ভৃত্যকে ডাকিয়া কহিলেন "ওরে নির্দ্দয় দাস যখন তুই বিনয় করিয়াছিলি তখন তোর প্রার্থনা শুনিয়া আমি তোর সমস্ত ঋণ মার্জ্জনা করিয়াছিলাম। ৫৮। অতএব তুই আমার নিকট যাদৃশ করুণা প্রাপ্ত হইয়াছিস আপন সহদাসের প্রতি কি তোর তাদৃশ দয়া করা উচিত হইল না"। ৫৯। প্রভু এই কথা কহিয়া ক্রোধ পূর্ব্বক তাহাকে ঋণ পরিশোধ পর্য্যন্ত বদ্ধ রাখিতে কারা রক্ষকের হস্তে সমর্পণ করিলেন। ৬০। অতএব তোমরা যদি স্বীয় অপরাধিগণকে মনের সহিত ক্ষমা না কর তবে আমার স্বর্গীয় পিতাও তোমারদিগের প্রতি ঐ রূপ ব্যবহার করিবেন। ৬১।

বিদ্বানের উক্তি।

প্রভু নিম্নলিখিত দ্বেষখণ্ডন বাক্যদ্বারা এই উপদেশ দিয়াছিলেন যে বিপক্ষ গণের প্রতিও মনুষ্যদের অনুগ্রহ করা কর্ত্তব্য। ৬২।

শ্রীয়েযুরুবাচ।

বন্ধৌ স্নিহেদ্দ্বিষে দ্রুহ্যেচ্চেতি শুশ্রুব ভাষিতং।
পরন্ত্বহং ব্রুবে যুষ্মান্ প্রীয়ধ্বং স্বরিপুষ্বপি। ৬৩।
শপদ্ভ্যোঽপ্যাশিষং দত্ত দ্রুহ্যদ্ভ্যশ্চাপ্যনুগ্রহং।
যে বোঽসূয়ন্তি বাধন্তে চার্থয়েত্যাপি তৎকৃতে। ৬৪।
তদা স্বর্গ্যপিতুঃ স্যাত সদৃশাঃ সৎস্বসৎসু চ।
স্বমুদায়য়তঃ সূর্য্যমুভয়েষু চ বর্ষতঃ। ৬৫।

বিদ্বানুবাচ।

বয়ংপুণ্যান্বয়োৎপন্নাঃ পুণ্যশাস্ত্রাধিকারিণঃ।
ইত্থং মানাদ্ বিজাতীয়াংস্তিরশ্চক্রুর্যহূদিনঃ। ৬৬।

শ্রীয়েযুর উক্তি।

তোমরা পূর্ব্বতন বচন শুনিয়াছ যে বন্ধুর প্রতি স্নেহ করিবা ও শত্রুর প্রতি দ্বেষ করিবা, কিন্তু আমি তোমারদিগকে কহিতেছি তোমারা শত্রুগণের সহিতও প্রণয় কর। ৬৩। অপর যাহারা তোমাদিগকে শাপ দেয় তাহারদিগকেও আশীর্ব্বাদ করিও বিদ্রোহকারিদিগকেও অনুগ্রহ করিও অপিচ যাহারা তোমার দিগকে নিন্দা করে অথবা বাধা দেয় তাহারদেরও মঙ্গল প্রার্থনা করিও (৬৪) তাহা হইলে তোমরা স্বর্গীয় পিতার সদৃশ হইবা কেননা তিনি সদসৎ লোকের উপর সমান ভাবে সূর্য্যোদয় এবং বারি বর্ষণ করান্। ৬৫।

বিদ্বানের উক্তি।

যহূদি লোকেরা আপনাদিগকে পুণ্য বংশীয় এবং পুণ্য শাস্ত্রের অধিকারি বলিয়া অভিমান করত বিজাতীয় মানব গণকে তিরস্কার করিত।৬৬। অতএব প্রভু তাহারদের ঐ দুরাগ্রহ ত্যাগ

এবং দুরাগ্রহং তেষাং পরিহর্ত্তুং লষন্ প্রভুঃ।
সাধারণোপ কর্ত্তৃত্বধর্ম্মমেবমসূচয়ৎ। ৬৭।

শ্রীয়েষূরুবাচ।

পান্থঃ কশ্চিদ্ যহূদীয়ো যিরূখোনগরং প্রতি।
যিরূযলীম্‌পুরাদ্ গচ্ছন্ দস্যুবর্গকরেঽপতৎ। ৬৮।
তত্র নগ্নীকৃতোঽসৌ তৈরাহতশ্চাপি নির্দ্দয়ৈঃ।
অত্যজ্যত মৃতপ্রায়ো নিরুপায়শ্চ ভূতলে। ৬৯।
অকস্মাদ্ যাজকঃ কশ্চিৎ পথি গচ্ছংস্তমৈক্ষত।
যযৌ ত্বধান্যপার্শ্বেন নচ কিঞ্চিদুপাকরোৎ। ৭০।
তদ্বল্লেবীয়বংশীয়স্তত্র কশ্চিদুপস্থিতঃ।
দৃষ্ট্বা চান্যেন পার্শ্বেন জগামানুপকৃত্য তং। ৭১।

করাইবার বাসনায় সাধারণের উপকার সাধন ধর্ম্ম এইরূপে ব্যক্ত করেন। ৬৭।

শ্রীয়েষূর উক্তি।

যহূদি জাতীয় কোন এক পথিক লোক যিরূযলীম হইতে যিরূখো নগরে গমন করিতেং পথিমধ্যে দস্যু হস্তে পতিত হইয়াছিল। ৬৮। সেখানে নির্দ্দয় দস্যুরা তাহাকে নানাপ্রকার প্রহার করিয়া নগ্ন করিল এবং নিরুপায় ও মৃতপ্রায় করিয়া মৃত্তিকার উপর ফেলিয়া গেল। ৬৯। পরে একজন যাজক যহূদী অকস্মাৎ ঐ পথে গমন করত তাহাকে দেখিতে পাইল কিন্তু সে তাহার কোন উপকার না করিয়া পথের অন্য পার্শ্ব দিয়া চলিয়া গেল। ৭০। অনন্তর লেবীয় বংশোৎপন্ন এক পুরুষ সেই স্থলে উপস্থিত হইলেন পরন্তু তিনিও তাহার দুরবস্থা দেখিয়া কোন সাহায্য না করিয়া অন্য পার্শ্ব দিয়া গমন করিলেন। ৭১। অন-

কশ্চিৎ সামার্য্যবংশ্যস্তু বিজাতীয়শ্চলন্ পথি।
বিলোক্য দুর্দশাং তস্য দয়ার্দ্রহৃদয়োঽভবৎ। ৭২।
ততস্তদন্তিকং গত্বা তৎক্ষতানি ববন্ধ সঃ।
স্ববাহনে তমারোপ্য পান্থশালাং নিনায় চ। ৭৩।
পরেদ্যুঃ প্রস্থিতেঃ কালে মুদ্রার্দ্ধং স্বসকাশতঃ।
নিষ্কাস্য পান্থশালায়াঃ স্বামিনে দদদব্রবীৎ। ৭৪।
সেবস্ব ত্বমিমং দীনং ব্যয়ো যশ্চাধিকো ভবেৎ।
তাবন্তং শোধয়িষ্যামি পুনরাগতবানিতি। ৭৫
ত্বন্মতে কতমোঽমীষাং ত্রয়াণাং পথিচারিণাং।
চৌরাক্রান্তে জনে তস্মিন্ স্বজাতীয়বদাচরৎ। ৭৬।

বিদ্বানুবাচ।

যং সৎপ্রভু স্তদাঽপৃচ্ছদিমং প্রশ্নং নিশম্য সঃ।
তস্যেদমুত্তরং প্রোচে যো দয়ামকরোদিতি। ৭৭।

শেষে আর একজন যে যহূদীদিগের বিজাতীয় ছিল সে পথিমধ্যে যাইতেং উহার দুর্দ্দশা দেখিয়া দয়ার্দ্র চিত্ত হইল। ৭২। এবং তাহার নিকট গমন করিয়া তাহার ক্ষত বন্ধন করিল আর স্বীয় বাহনোপরি তাহাকে আরোহণ করাইয়া পান্থশালায় লইয়া গেল (৭৩) এবং পর দিবস তথা হইতে প্রস্থান করণ কালে অর্দ্ধ মুদ্রা বাহির করিয়া পান্থশালার অধ্যক্ষকে দিয়া কহিল (৭৪) তুমি এই দুরবস্থ পথিকের সেবা করিও ইহাতে যদি অধিক ব্যয় হয় আমি তাহা পুনরাগমন কালে পরিশোধ করিব। ৭৫। অতএব বল দেখি ঐ তিন জন পথিকের মধ্যে দস্যুাপহৃত ব্যক্তির পক্ষে কে স্বজাতীয়ের ন্যায় আচরণ করিল? । ৭৬।

বিদ্বানের উক্তি।

প্রভু তৎকালে যাহাকে ঐ প্রশ্ন করিলেন সে ব্যক্তি তাহা শুনিয়া উত্তর করিয়াছিল যে উক্ত দুরবস্থ লোকের প্রতি যে দয়া প্রকাশ

ইদং প্রত্যুত্তরং তস্য নিশম্য প্রভুরাদিশৎ।
তৎসুক্রিয়ানুসারেণ ত্বয়াঽপ্যাচর্য্যতামিতি। ৭৮।
পশ্যংশ্চ কায়যাত্রায়াশ্চিন্তয়া ব্যাকুলান্ জনান্।
বিশ্বাস ঈশ্বরে কার্য্য ইতি য়েষূরশিক্ষয়ৎ। ৭৯।

শ্রীয়েষূরুবাচ।

অহং বো বচ্মি জীবার্থং চিন্তাং মা কুরুতাকুলাঃ।
কিং খাদ্যং কিঞ্চ পাতব্যং পরিধেয়ঞ্চ কিং তনৌ। ৮০
যুষ্মাকং জীবনং কিং ন ভোজনাদতিরিচ্যতে।
তথা তনুশ্চ বস্ত্রেভ্যঃ শ্রেয়সী কিং ন বিদ্যতে। ৮১।
বিহঙ্গমা বিলোক্যন্তাং নহি বীজং বপন্তি তে।
নবা ছিন্দন্তি তে শস্যং সঞ্চিন্বন্তি খলেষু বা। ৮২।

করিয়াছিল সেই স্বজাতীয় তুল্য। ৭৭। প্রভু এই প্রত্যুত্তর শ্রবণ করিয়া আজ্ঞা করিয়াছিলেন যে তুমিও ঐ সুকৃতি ব্যক্তির ন্যায় আচরণ কর। ৭৮। অপর লোক সকলকে সংসার চিন্তায় ব্যাকুল দেখিয়া প্রভু এই প্রকারে তাহাদিগকে ঈশ্বরের প্রতি বিশ্বাস করিতে উপদেশ দিলেন। ৭৯। যথা।

শ্রীয়েষূর উক্তি।

আমি তোমারদিগকে কহিতেছি তোমার জীবনের নিমিত্ত ব্যাকুল হইয়া এমত চিন্তা করিও না যে কি ভোজন পান করিব অথবা কি পরিধান করিব। ৮০। তোমারদের জীবন কি ভোজন অপেক্ষা শ্রেষ্ঠ নহে এবং শরীর কি বস্ত্র হইতে শ্রেষ্ঠ নহে ?। ৮১। পক্ষি সকলকে দেখ, তাহারা বীজ বপন করে না এবং শস্য ছেদন করে না ও গোলাতেও সঞ্চয় করিয়া রাখে না। ৮২। তথাপি

তথাপি বঃ পিতা স্বঃস্থস্তেভ্যো যচ্ছতি ভোজনম্ ।
কিং যূয়ং নাতিরিচ্যধ্বে তস্মাৎ পক্ষিগণাদ্ ভৃশম্ । ৮৩
যুষ্মাসু চেদৃশঃ কোঽস্তি জনো যো বহু চিন্তয়ন্ ।
শকুয়াদায়ুষি স্বস্মিন্নেকং বর্দ্ধয়িতুং ক্ষণং । ৮৪ ।
তাদৃক সাধয়িতুং কার্য্যং লঘিষ্ঠং যূয়মক্ষমাঃ ।
কিমর্থং ব্যাকুলাস্মি স্তাং কুরুথান্যেষু বস্তুষু । ৮৫ ।
পদ্মানি পশ্যতৈতানি ন শ্রাম্যন্তি বয়ন্তি বা ।
তদ্বত্তু ভূষিতো নাসীৎ সুলেমাঽপিপ্রতাপবান্ ।৮৬।
যদদ্য বিদ্যতে শ্বস্তু চুল্ল্যাং প্রক্ষেপ্স্যতে তৃণং ।
তদিত্থং ভূষয়িত্বেশঃ কিং ন বস্ত্রং দদীত বঃ । ৮৭ ।
তস্মাৎ পেয়ান্নবস্ত্রার্থং মা স্ত ব্যাকুলমানসাঃ ।
তত্র প্রয়োজনং বোঽস্তি হীতি বেত্তি পরেশ্বরঃ । ৮৮ ।

তোমারদের স্বর্গীয় পিতা তাহারদিগকে আহার দেন । তোমরা কি সেই পক্ষিগণ হইতে বহুল পরিমাণে উৎকৃষ্ট নহ? ।৮৩। তোমারদের মধ্যে এমত কে আছে যে বহু চিন্তা করিয়া আপনার আয়ুর এক ক্ষণ মাত্র বৃদ্ধি করিতে পারে? । ৮৪। তোমরা যদি ঐরূপ ক্ষুদ্র কার্য্য করিতেও অক্ষম তবে অন্যান্য বিষয়ের জন্য ব্যাকুল হইয়া কেন চিন্তা কর? । ৮৫ । পদ্ম সকলে দৃষ্টিপাত কর, উহারা শ্রম অথবা বপন করে না তথাপি প্রবল প্রতাপ সুলেমাও উহাদের ন্যায় ভূষিত ছিলেন না । ৮৬ । যাহা অদ্য আছে কল্য চুল্লীতে নিক্ষিপ্ত হইবে এমত তৃণকেও পরমেশ্বর যদি ঐ প্রকারে শোভিত করেন তবে কি তোমারদিগকে বস্ত্র প্রদান করিবেন না? । ৮৭ । অতএব তোমরা অশন বসনের নিমিত্ত ব্যাকুলচিত্ত হইও না পরমেশ্বর জানেন তাহাতে তোমারদের প্রয়োজন আছে । ৮৮ ।

বিদ্বানুবাচ।

রক্ষায়ামস্মদীয়ায়াং চিন্তা চেশস্য কীদৃশী।
ইত্যেবং ব্যঞ্জয়ামাস দৃষ্টান্তেনেশ্বরাত্মজঃ। ৮৯।

শ্রীয়েযূরুবাচ।

পণেন ন কিমেকেন ক্রীয়তে চটকদ্বয়ং।
বিনা বঃ পিতুরাজ্ঞাং তু তদেকো ন পতেদ্ ভুবি।৯০।
এবং বঃ শিরসাং সর্ব্বে গণিতাঃ সন্তি কুন্তলাঃ।
অতো মা ভৈষ্ট যূয়ং হি মহার্ঘাশ্চটকব্রজাৎ। ৯১।

বিদ্বানুবাচ।

নৃণাং পাপাৎ পরাবৃত্তিমীশঃ কীদৃক সমীহতে।
ইত্যেবং পঞ্চয়ামাস দৃষ্টান্তৈঃ সদ্যাক্রুস্ত্রিভিঃ। ৯২।

বিদ্বানের উক্তি।

আমারদের রক্ষা করিবার নিমিত্ত পরমেশ্বরের কীদক্ চিন্তা আছে ঈশ্বরাত্মজ তাহা দৃষ্টান্ত দ্বারা এইরূপে প্রকাশ করিয়াছিলেন। ৮৯। যথা।

শ্রীয়েযূর উক্তি।

দুই চটক পক্ষী কি এক পণে ক্রীত হয় না কিন্তু তাহার একটাও তোমারদের পিতার আজ্ঞা ব্যতীত ভূমিতে পতিত হয় না। ৯০। পরমেশ্বর তোমারদের শিরোরুহের সংখ্যা পর্য্যন্ত জানেন অতএব তোমরা ভীত হইও না, তোমরা অনেক চটক পক্ষি অপেক্ষা মহা মূল্য। ৯১।

বিদ্বানের উক্তি।

মনুষ্যেরা পাপ হইতে পরাবৃত্ত হয় এবিষয়ে পরমেশ্বরের কি প্রকার যত্ন সদাক্রু তাহা নিম্ন লিখিত তিন দৃষ্টান্ত দ্বারা ব্যক্ত করিয়াছিলেন। ৯২। যথা।

শ্রীয়েযুরুবাচ।

শতে মেষেষু তিষ্ঠৎসু তদেকং হারয়েদ্ যদি।
তদা বঃ কস্তমন্বেষ্ট্যন্ নেয়াচ্ছেষাংস্ত্যজন্ বনে। ৯৩।
তং চ প্রাপ্য মুদা স্কন্ধে চারোপ্যাগত্য বান্ধবান্।
আহূয় চাহ মোদধ্বং ময়া প্রাপ্তাবিনা সহ। ৯৪।
তদ্বৎ পাপাৎ পরাবৃত্তির্ভ্রান্তস্যৈকস্য পাপিনঃ।
অভ্রান্তানাং সতাং ধর্ম্মাৎ স্বর্লোকেঽধিকহর্ষদা। ৯৫।
অপিচ। কা স্ত্রী বা দশমুদ্রাঢ্যা চেদেকাং হারয়েৎ তদা।
গৃহং সম্মৃজ্য নান্বিচ্ছেৎ প্রদীপং প্রজ্বলয্য চ। ৯৬।
আপ্তা ত্বাহূয় সা বক্তি সখীঃ সপ্রতিবাসিনীঃ।
আনন্দত ময়া সার্দ্ধং গতাং মুদ্রাং হ্যবাপ্নবম্। ৯৭।

শ্রীয়েযূর উক্তি।

কাহারো শত মেষ থাকিলে যদি একটী হারাইয়া যায় তবে তোমারদের মধ্যে কোন্ ব্যক্তি অবশিষ্ট মেষ সকলকে বনে ত্যাগ করিয়া অনুদ্দিষ্ট মেষটীর অন্বেষণার্থ গমন না করে? ।৯৩। বরং সেই মেষটী প্রাপ্ত হইলে হর্ষধ্বনি পূর্ব্বক তাহাকে স্কন্ধে করিয়া আনিয়া বন্ধু বান্ধবকে ডাকিয়া কহিবে যে তোমরা আমার সহিত আনন্দ কর কেননা আমার হারাণ মেষ পাওয়া গিয়াছে। ৯৪। তদ্রূপ একটী ভ্রান্ত পাপি লোক পাপ হইতে পরাবৃত্ত হইলে অভ্রান্ত শত সাধুলোকের ধর্ম্মাচরণ অপেক্ষা স্বর্গেতে অধিক আনন্দ জন্মে। ৯৫।

দ্বিতীয় দৃষ্টান্ত।

দশ মুদ্রা থাকিলে যদি একটী হারাইয়া যায় তবে কোন নারী প্রদীপ জ্বালিয়া গৃহ মার্জ্জনা পূর্ব্বক তাহার অন্বেষণ না করে? (৯৬) এবং সে তাহা পুনঃপ্রাপ্তা হইলে প্রতিবাসিনী ও সখীগণকে ডাকিয়া কহিবে আমার সহিত আনন্দ কর কেননা আমার হত মুদ্রা পুনঃ প্রাপ্ত হইয়াছে।। ৯৭ ।। তদ্রূপ আমি তোমার-

তথৈকস্য পরাবৃত্তিঃ পাপিনস্তপ্তচেতসঃ।
হর্ষদা স্বর্গ্যদূতেভ্যোভবতীতি ব্রবীমি বঃ। ৯৮।
অপরঞ্চ। কস্যচিদ্ দ্বৌ সুতাবাস্তাং কনিষ্ঠস্ত তমব্রবীৎ।
ত্বৎসম্পত্তে র্যাঽ যোংহশঃ প্রাপ্যস্তং দেহি মে পিতঃ।৯৯
পিত্রা বিভজ্য দত্তে তু সম্পত্ত্যংশেঽহচিরাদ্ গতঃ।
বিদেশে ব্যসনেনার্থং যুবা সর্ব্বমনাশয়ৎ। ১০০।
দুর্ভিক্ষে তত্র দেশে তু সংজাতে দুর্দশাবশাৎ।
তদ্দেশবাসিনং কঞ্চিৎ স গৃহস্থমসেবত। ১০১।
কোলানাং চারণে তেন নিযুক্তোঽহন্যৎ স ভোজনম্।
অপ্রাপ্য কোলখাদ্যেন তুন্দপূর্ত্তিং সমৈহত। ১০২।
শেষে চ চেতনাং প্রাপ্য সোঽবাদীদ্ মৎপিতুঃ কতি।
ভৃত্যা ভক্ষ্যেণ তৃপ্যন্তি কিন্ত্বহং ক্ষুধয়া ম্রিয়ে। ১০৩।

দিগকে কহিতেছি এক জন অনুতপ্তচিত্ত পাপির পরাবৃত্তিতেও স্বর্গীয় দূতগণের মধ্যে আনন্দ হয়। ৯৮।

তৃতীয় দৃষ্টান্ত।

এক ব্যক্তির দুই পুত্র ছিল তন্মধ্যে কনিষ্ঠ পিতাকে কহিল হে পিতঃ তোমার সম্পত্তির যে অংশ আমার প্রাপ্য তাহা আমাকে দেও। ৯৯। পিতা সম্পত্তির অংশ বিভাগ করিয়া দিলে পর ঐ যুবক অবিলম্বে বিদেশে গমন করিয়া কুৎসিত ক্রিয়াতে সকল অর্থ নষ্ট করিল। ১০০। অনন্তর সেই দেশে দুর্ভিক্ষ হওয়াতে সে ব্যক্তি দুরবস্থ হইয়া তত্রতা একজন গৃহস্থের দাসত্ব করিতে লাগিল (১০১) গৃহস্থ তাহাকে শূকর চারণে নিযুক্ত করাতে সেখানে যখন অন্য খাদ্য না পাইল তখন শূকরের খাদ্য লইয়া আপনার উদর পূর্ণ করিতে চেষ্টা করিল। ১০২। পরন্তু শেষে চেতনা প্রাপ্ত হইয়া কহিল হায় আমার পিতার কত২ ভৃত্য উত্তম খাদ্য পাইয়া তৃপ্ত হইতেছে আমি ক্ষুধার জ্বালায় ম্রিয়মাণ হই। ১০৩। অতএব এক্ষণে আমি গাত্রোত্থান করিয়া

উত্থায় স্বপিতুঃ পার্শ্বং গত্বা বক্ষ্য ইদং বচঃ ।
হে তাতাহং পরেশং চ ত্বাং চ প্রত্যপরাদ্ধবান্ ।১০৪।
তব পুত্র ইতি খ্যাতিং ধর্ত্তুং নার্হোহস্মি সাম্প্রতম্ ।
অতোবৈতনিকেষ্বেকমিব মাং গণয়েঃ পিতঃ । ১০৫ ।
ইত্যুক্ত্বাহসৌ পিতুঃপার্শ্বং যযৌ মার্গে তু তং পিতা ।
দূরেহপ্যায়ান্তমালোক্য দয়াঞ্চক্রে সুবৎসলঃ । ১০৬ ।
ধাবিত্বা তং গলে ধৃত্বা চালিলিঙ্গ চুচুম্ব চ ।
পুত্রস্ত্বেবং বিনীতাত্মা বভাষে পিতরং নিজং । ১০৭ ।
হে তাতাহহং পরেশঞ্চ ত্বাঞ্চ প্রত্যপরাদ্ধবান্ ।
নার্হামি ত্বৎসুতঃখ্যাতুমিত্যগো তৎপিতাহব্রবীৎ ।১০৮
এতস্য পরিধানার্থং বস্ত্রমানীয়তাং বরং ।
ঊর্ম্মিকা চার্প্যতাং হস্তে পাদুকে চাস্য পাদয়োঃ । ১০৯

পিতার নিকট যাইয়া কহি, হে পিতঃ আমি ঈশ্বরের প্রতি এবং তোমার সাক্ষাৎ মহাপরাধী হইয়াছি । ১০৪। এক্ষণে আমি তোমার পুত্র বলিয়া আখ্যাত হইবার যোগ্য নহি অতএব হে পিতঃ আমাকে তোমার বৈতনিক দাসের ন্যায় গণ্য কর ।১০৫। সে ব্যক্তি এই বলিয়া পিতার নিকট গমন করিল, অপর পথিমধ্যে দূর হইতে তাহাকে আসিতে দেখিয়া পিতারও নিজ পুত্রের প্রতি দয়ার সঞ্চার হইল। ১০৬। এবং পুত্র সমীপে পিতা দৌড়িয়া গিয়া তাহার গলা ধরিয়া আলিঙ্গন ও চুম্বন করিলেন তাহাতে পুত্র বিনয়পূর্ব্বক পিতাকে এই কহিল । ১০৭। হে পিতঃ আমি ঈশ্বরের প্রতি এবং তোমার সাক্ষাৎ অপরাধী হইয়াছি আর এক্ষণে তোমার পুত্র বলিয়া আখ্যাত হইবারও যোগ্য নহি । ।১০৮। পরন্তু পিতা আপন সেবকদিগকে কহিলেন ইহাকে উত্তম বস্ত্র পরিধান করাও ও ইহার হস্তে অঙ্গুরী এবং চরণে পাদুকা দেও। ১০৯। এবং হৃষ্ট পুষ্ট বৎস আনিয়া বধ করিয়া

পুষ্টঞ্চ বৎসমানীয় হন্যাতোৎসবসন্ধয়ে।
পুত্রো মৃতোঽম্বজীবীদ্ধি হারিতোঽয়মলব্ধি চ। ১১০।
আরব্ধে তূৎসবে জ্যেষ্ঠঃ পুত্রঃ ক্ষেত্রাদুপস্থিতঃ।
বাদ্যাদিশব্দমাকর্ণ্য তস্য পপ্রচ্ছ কারণং। ১১১।
পৃষ্টঃ প্রত্যবদদ্ দাসো ভ্রাতা তে পুনরাগমৎ।
তং সুস্থং প্রাপ্য তাতস্তু পুষ্টং বৎসং মুদাঽবধীৎ। ১১২
ততঃ প্রকুপ্য স জ্যেষ্ঠঃ প্রবেষ্টুং নৈচ্ছদোকসি।
অতস্তং বহিরাগত্য প্রবিশেত্যার্থয়ৎ পিতা। ১১৩।
সতু প্রত্যব্রবীৎ তাতং ইয়তো বৎসরাংস্তব।
সেবাং কুর্ব্বেঽহমাদেশং ন কদাপি বিলঙ্ঘ্য তে। ১১৪
তথাপি সখিভিঃ স্বীয়ৈঃ সার্দ্ধমুৎসবজর্দ্ধয়ে।
ত্বং নৈকমপি মে ছাগং দত্তবানসি কর্হিপি। ১১৫।

তৎ মাংস যোগে ভোজনোৎসব প্রস্তুত কর কেননা আমার এই পুত্র মৃত হইয়া পুনশ্চ জীবিত হইয়াছে, এ হারাইয়াছিল পুনশ্চ ইহাকে পাওয়া গেল। ১১০। পরন্তু উৎসব আরম্ভ হইলে তাহার জ্যেষ্ঠ পুত্র ক্ষেত্র হইতে গৃহে আগমন করিয়া বাদ্যাদির শব্দ শুনিয়া সমারোহের কারণ জিজ্ঞাসা করিল। ১১১। তাহাতে এক জন দাস উত্তর করিল তোমার সহোদর পুনশ্চ আসিয়াছেন এ কারণ তোমার পিতা তাহাকে সুস্থ পাইয়া হৃষ্টপুষ্ট বৎস বধ করিয়া আনন্দ করিতেছেন। ১১২। অগ্রজ তাহাতে ক্রুদ্ধ হইয়া গৃহে প্রবেশ করিতে অনিচ্ছু হইল কিন্তু পিতা গৃহের বাহিরে আসিয়া তাহাকে বাটীর মধ্যে যাইতে অনুরোধ করিলেন। ১১৩। পরন্তু অগ্রজ কহিল হে তাত আমি এত বৎসর পর্য্যন্ত সতত তোমার সেবা করিয়া আসিতেছি কখন তোমার আজ্ঞা লঙ্ঘন করি নাই। ১১৪। তথাপি আমার বন্ধুগণের সহিত হর্ষ করিবার নিমিত্ত তুমি কখন একটী ছাগও আমাকে দেও নাই। ১১৫ কিন্তু এখন

যদা তু তব পুত্রোঽয়ং বেশ্যাসঙ্গেন তে ধনং ।
বিতীর্য্যায়াতি তদ্ধেতোর্বৎসং হংসি সুপোষিতং ।১১৬
পিতা তূচে সদা পুত্র ত্বং ময়া সহ তিষ্ঠসি ।
যদ্যচ্চ মামকং দ্রব্যং সর্ব্বং তাবকমস্তি তৎ । ১১৭ ।
কিন্তুদ্যাস্মাকমানন্দ উৎসবশ্চাপ্যযুজ্যত ।
ভ্রাতা মৃতোঽন্বজীবীদ্ধি হারিতোঽয়মলম্ভি চ । ১১৮ ।

বিদ্বান্নুবাচ ।

সর্ব্বেষাং প্রার্থনাং শ্রোতুং বরান্ দাতুং চ যাচিতান্।
কীদৃগিচ্ছা বিভোরেবং দৃষ্টান্তেনাদিশৎ প্রভুঃ । ১১৯।

শ্রীয়েষুরুবাচ ।

যাচধ্বং তর্হি লপ্স্যধ্বে মৃগয়ধ্বং তদাপ্স্যথ ।
ত্নেন চাহত দ্বারং ততশ্চোদ্ঘাটয়িষ্যতে । ১২০

তোমার কনিষ্ঠ পুত্র বেশ্যা সঙ্গে তোমার সমস্ত ধন অপচয় করিয়া প্রত্যাগমন করিয়াছে তাহার নিমিত্ত হৃষ্টপুষ্ট বৎস বধ করিলেন । ১১৬ । ইহাতে পিতা কহিলেন হে পুত্র তুমি সর্ব্বদা আমার সহিত আছ এবং আমার যে সম্পত্তি আছে সকলি তোমার । ১১৭ । কিন্তু তোমার সহোদর মৃত হইয়া পুনর্জীবিত হইয়াছে, হৃত হইয়াও পুনঃ প্রাপ্ত হইয়াছে এ কারণ অদ্য আনন্দ এবং উৎসব করা কর্ত্তব্য । ১১৮ ।

বিদ্বানের উক্তি ।

ঈশ্বর সকল ব্যক্তির প্রার্থনা শ্রবণ করিয়া যাচিত বর প্রদান করিতে কেমত সত্বর প্রভু তাহা এই রূপ দৃষ্টান্ত দ্বারা প্রকাশ করিয়াছিলেন । ১১৯ । যথা ।

শ্রীয়েষূর উক্তি ।

যদি যাচ্ঞা কর তবে লাভ করিবা, যদি অন্বেষণ কর তবে প্রাপ্ত হইবা অপর যদি যত্ন পূর্ব্বক দ্বারে আঘাত কর তবে দ্বার উদ্ঘাটিত হইবে । ১২০। যে যাচ্ঞা করে সে প্রাপ্ত হয় এবং

যো যাচতে স আপ্নোতি যোঽন্বিচ্ছতি স বিন্দতি।
যো যশ্চ দ্বার মাহন্তি তত্তদর্থায় মোচ্যতে। ১২১।
পুত্রায় কঃ পিতা যচ্ছেৎ পাষাণং পিষ্টকার্থিনে।
কো বা ভুজঙ্গমং দদ্যাৎ সূনবে মীনমিচ্ছতে। ১২২।
অতোঽসন্তোঽপি যূয়ং চেৎ সুতেভ্যঃ সন্তি যচ্ছথ।
কিং পুন র্বঃ পিতা স্বর্গ্যঃ সদ্বস্তূনি ন দাস্যতি। ১২৩।

বিদ্বানুবাচ।

অন্যৈশ্চৈকাগ্রচিত্তেন যত্নতশ্চ মুহুর্মুহুঃ।
ইষ্টার্থপ্রার্থনং কার্য্যমিতি ব্যক্তং ব্যধাৎ প্রভুঃ। ১২৪।

শ্রীয়েশুরুবাচ।

কস্মিংশ্চিন্ নগরে কশ্চিদ্ ন্যবাৎসীদক্ষদর্শকঃ।
স চেশ্বরাদ্ ন তত্রাস ন চামন্যত মানুষান্। ১২৫।

যে অন্বেষণ করে তাহার লাভ হয় আর যে দ্বারে আঘাত করে তাহার প্রতি দ্বার মুক্ত হয়। ১২১। কোন্ পিতা এমত আছে যে আপনার পুত্র পিষ্টক প্রার্থনা করিলে তাহাকে পাষাণ দেয় অথবা মৎস্য যাচ্ঞা করিলে সর্প প্রদান করে?। ১২২। অতএব তোমরা অসৎ হইয়াও যদি নিজ পুত্রকে উত্তম বস্তু দান করিয়া থাক তবে তোমারদের স্বর্গীয় পিতা কি তোমাদিগকে উৎকৃষ্ট বস্তু প্রদান করিবেন না?। ১২৩।

বিদ্বানের উক্তি।

চিত্তকে একাগ্র করিয়া যত্ন পূর্ব্বক বারম্বার ইষ্ট প্রার্থনা করা কর্ত্তব্য এবিষয় প্রভু এইরূপে ব্যক্ত করিয়াছিলেন। যথা। ১২৪।

শ্রীয়েশূর উক্তি।

কোন নগরে এক জন বিচার কর্ত্তা বাস করিতেন তিনি ঈশ্বরকে ভয় করিতেন না এবং মনুষ্যকেও মান্য করিতেন না। ১২৫।

তত্রত্যা বিধবা কাচিৎ তমভ্যেত্য ন্যবেদয়ৎ।
বিবাদং মে পরিষ্কৃত্য মাং বিপক্ষাদ্ অবেরিতি। ১২৬।
চিরায় প্রার্থিতং তস্যা ন স্বীচক্রেঽক্ষদর্শকঃ।
শেষে তু যাচিতো নিত্যং মনস্যেবমচিন্তয়ৎ। ১২৭।
যদ্যপীশাদ্ ন ভীতোঽস্মি মানুষাংশ্চাপি নাদ্রিয়ে।
তথাপ্যাগত্য নার্য্যেষা মাং ক্লিশ্নাতি মুহুর্ম্মুহুঃ। ১২৮
অতঃ শীঘ্রং বিবাদেঽস্যা নির্ণয়ং করবাণ্যহং।
ন চেৎ সা নিত্যমাগত্য হৃদ্যে সংক্ষোভয়েদিতি। ১২৯
অসৌ মৎকথিতো ধর্ম্মপরিহীণোঽক্ষদর্শকঃ।
যদূচে বচনং তত্র মনঃ সর্ব্বৈ র্নিধীয়তাম্। ১৩০।
ঈশ্বরঃ কিং পুনঃ স্বেষাং সেবকানামহর্নিশম্।
ত্রাণং প্রার্থয়মানানাং সন্ন্যায়ং ন করিষ্যতি। ১৩১।

সেই নগরের এক জন বিধবা স্ত্রী তাঁহার নিকট গিয়া এই নিবেদন করিলেক তুমি আমার বিবাদ নিষ্পত্তি করিয়া দিয়া আমার বিপক্ষ হইতে আমাকে রক্ষা কর। ১২৬। বিচার-পতি বারম্বার তাহার প্রার্থনা শুনিয়াও বহু দিন পর্য্যন্ত তাহা গ্রাহ্য করিলেন না কিন্তু অবশেষে অবিশ্রান্ত প্রার্থিত হওয়াতে মনে২ এই চিন্তা করিলেন। ১২৭। যদিও আমি ঈশ্বরকে ভয় করি না এবং মনুষ্যকেও মান্য করি না তথাপি এই নারী মুহুর্মুহু আসিয়া আমাকে ক্লেশ দেয় (১২৮) অতএব সত্বর হইয়া ইহার বিবাদ পরিষ্কার করিতে হইল নচেৎ এ সর্ব্বদা আসিয়া আমার অন্তঃকরণ বিরক্ত করিবে। ১২৯। ঐ ধর্ম্মহীন বিচার পতি যে কথা কহিল তাহাতে সকলে প্রণিধান কর। ১৩০। অতএব স্বকীয় সেবকেরা অহর্নিশি পরিত্রাণ প্রার্থনা করিলে ঈশ্বর কি তাহারদের সদ্বিচার করিবেন না?। ১৩১।

অপিচ দৃষ্টান্তান্তরং।

নিশীথে নিজমিত্রস্য দ্বারমাগত্য কশ্চন।
যদি ব্রুবীত হে মিত্র দেহি মে পিষ্টকত্রয়ং। ১৩২।
যাত্রীতো হ্যধুনা কশ্চিদ্ বন্ধুর্মে গৃহমাগতঃ।
তস্যাতিথ্যায় মদ্গেহে কিমপ্যন্নং ন বিদ্যতে। ১৩৩।
গৃহান্তঃস্থস্তুসৌ বচ্যাদ্ ইদানীং মা ক্লিশান মাং।
অহং বালাশ্চ শয্যাস্থা ময়োত্থাতুং ন শক্যতে। ১৩৪।
তদাহসৌ মিত্রতামাত্রাদপি দাতুমনুত্থিতঃ।
তথাপ্যলজ্জয়া বন্ধো র্জিতঃ সর্ব্বং প্রদাস্যতি। ১৩৫।

বিদ্বানুবাচ।

আজ্ঞানামীশ্বরোক্তানাং মধ্যে কাজ্ঞা মহত্তমা।
ইত্যস্য বিষয়ে পৃষ্টঃ শ্রীয়েষূরেতদব্রবীৎ। ১৩৬।

দ্বিতীয় দৃষ্টান্ত।

কেহ যদি অর্দ্ধরাত্রে নিজ বন্ধুর দ্বারে আসিয়া কহে হে সখে আমাকে তিন খান পিষ্টক দেও (১৩২) কেননা আমার কোন সুহৃৎ যাত্রী এক্ষণে আমার গৃহে আসিয়াছেন, তাঁহার আতিথ্য করণার্থ আমার গৃহে কিঞ্চিৎ মাত্র অন্ন নাই (১৩৩) তাহাতে ঐ গৃহস্থ যদি কহে এখন আমাকে ক্লেশ দিও না আমি সন্তানগণের সহিত শয্যাতে শয়ন করিয়া আছি এক্ষণে গাত্রোত্থান করিতে পারি না (১৩৪) তবে যদিও সে কেবল মিত্রতার অনুরোধে গাত্রোত্থান না করে তথাপি বন্ধুর নির্লজ্জতায় পরাভূত হইয়া সকল বিষয় অবশ্য দান করিবে। (১৩৫)

বিদ্বানের উক্তি।

ঈশ্বরোক্ত আজ্ঞার মধ্যে কোন্ আজ্ঞা মহত্তম শ্রীয়েষূ এই বিষয়ে জিজ্ঞাসিত হইয়া উত্তর করিলেন। ১৩৬।

শ্রীয়েযূরুবাচ।

ঈশোক্তা প্রথমাজ্ঞেয়ম্ এক এব পরেশ্বরঃ।
তস্মিংস্তাবদ্ধৃদা প্রেম তাবচ্চিত্তেন চাচর। ১৩৭।
দ্বিতীয়াজ্ঞেয়ম্ অন্যস্মিন্নাত্মবৎ প্রেম কুর্ব্বিতি।
এতদাজ্ঞাদ্বয়াদ্ অন্যা কাপি নাস্তি মহত্তরা। ১৩৮।

বিদ্বানুবাচ।

ইদং শ্রুত্বোত্তরং শাস্ত্রী সম্মেনে প্রশ্নকারকঃ।

শাস্ত্রী উবাচ।

সত্যং গুরো ত্বয়া প্রোক্তম্ অদ্বিতীয়ঃ পরেশ্বরঃ। ১৩৯
তস্মিংস্তাবদ্ধৃদা প্রেমা স্ববৎ প্রেমা পরেষু চ।
সর্ব্বেভ্যো বহুমূল্যেভ্যো যজ্ঞাদিভ্যোঽতিরিচ্যতে। ১৪০

শ্রীয়েযূর উক্তি।

ঈশ্বরের প্রথম আজ্ঞা এই যে এক পরমেশ্বর আছেন তাঁহার প্রতি সমুদয় হৃদয় এবং সমুদয় চিত্ত দ্বারা ভক্তি কর। ১৩৭। দ্বিতীয় আজ্ঞা এই যে পরের প্রতি আত্মবৎ প্রেম কর। এই দুই আজ্ঞা অপেক্ষা গুরুতর অন্য কোন আজ্ঞা নাই। ১৩৮।

বিদ্বানের উক্তি।

যে শাস্ত্রী প্রভুকে প্রশ্ন করিয়াছিল সে এই উত্তর শুনিয়া কহিল।

শাস্ত্রির উক্তি।

হে গুরো আপনি যথার্থ কহিলেন পরমেশ্বর অদ্বিতীয় বটেন (১৩৯) এবং তাঁহার প্রতি সমুদয় অন্তঃকরণের সহিত ভক্তি করা ও অন্যের প্রতি আত্মবৎ প্রেমকরা সমস্ত যাগ যজ্ঞাদি অপেক্ষা উৎকৃষ্ট বটে। ১৪০।

বিদ্বানুবাচ।

সদা শাস্ত্রোক্তকালেষু যহূদীয়াস্তদাতনাঃ।
যিরূযলেম্পুরং পুণ্যমীশার্চ্চায়ৈ সমাগমন্। ১৪১।
তদ্দেশবাসিনস্ত্বন্যে লোকাঃ সামার্য্যনামকাঃ।
পাষণ্ডাঃ স্থাপয়ামাসুঃ স্বদেশে মন্দিরং নবম্। ১৪২।
তেষাং পাষণ্ডিনাং দেশমেকদা প্রভুরাগতঃ।
নার্য্যা তদ্দেশবাসিন্যা কয়াচিৎ সমভাষত॥ ১৪৩।
সা প্রভোরুক্তিভির্জ্ঞানং তস্মিন্ দৃষ্ট্বাহদ্ভুতং স্থিতম্।
মতয়োর্ভেদমুদ্দিশ্য স্বাং শঙ্কামেবমব্রবীৎ॥ ১৪৪॥

সামার্য্যা যোষিদুবাচ।

অত্রাদ্রৌ পিতরোঽস্মাকমভজন্ পরমেশ্বরম্।
যূয়ং তু স্বে পুরে যোগ্যং স্থিতং ব্রুথার্চ্চনালয়ম্। ১৪৫।

বিদ্বানের উক্তি।

তদানীন্তন যহূদি লোকেরা শাস্ত্রের বিধানানুযায়ি উপযুক্ত কালে যিরূষলেম নগরে পরমেশ্বরের অর্চ্চনার্থ গমন করিত (১৪১) কিন্তু তদ্দেশস্থ সামার্য্য নামক অন্য এক জাতি পাষণ্ড হইয়া আপনারদের জনপদে নূতন মন্দির স্থাপন করিয়াছিল। ১৪২। প্রভু একদা ঐ পাষণ্ড লোকদিগের দেশে গমন করিয়া তথাকার কোন এক জন স্ত্রীলোকের সহিত কথোপকথন করিয়াছিলেন। ১৪৩। সে নারী তাঁহার উক্তিতে অদ্ভুত জ্ঞানের চিহ্ন দেখিয়া যহূদি দিগের সহিত মত ভেদ বিষয়ে আপনার মনের আশঙ্কা এইরূপে ব্যক্ত করিল। ১৪৪। যথা।

সামার্য্যা স্ত্রীর উক্তি।

আমারদের পিতৃ পিতামহ এই পর্ব্বতের উপরে পরমেশ্বরের ভজনা করিতেন পরন্তু তোমরা কহিতেছ যে তোমারদের নগরে উপযুক্ত ভজনালয় আছে। ১৪৫।

বিদ্বানুবাচ ।।

সম্ভক্তৈর্যত্র কুত্রাপি কৃতাহর্চ্চেশায় রোচতে ।
ইত্যেতৎসূচিকাং বাচং য়েষূস্তামব্রবীৎ ততঃ ।। ১৪৬ ।।

শ্রীয়েষূরুবাচ ।

আয়াত্যেতাদৃশঃ কালো যদা নাস্মিন্ শিলোচ্চয়ে ।
নবা যিরূযলেম্পুর্য্যাং পিতরং পূজয়িষ্যথ ।। ১৪৭ ।।
আয়াত্যেতাদৃশঃ কালো যদা সত্যাঃ সমর্চ্চকাঃ ।
পিতরং পূজয়িষ্যন্তি সত্যত্বেনাত্মনাহপিচ ।। ১৪৮ ।।
পিতা হি তাদৃশেষ্বেব পূজকেষু প্রসীদতি ।
আত্মনৈব হি ভক্তব্যঃ স্বয়মাত্মা পরেশ্বরঃ ।। ১৪৯ ।।

বিদ্বানের উক্তি ।

প্রভু তাহার বাক্য শ্রবণ করিয়া এই মত ব্যক্ত করিলেন যে ভক্ত লোকের উপাসনা যে কোন স্থলে হউক পরমেশ্বরের মনোনীত হয় । ১৪৬ ।

শ্রীয়েষূর উক্তি ।

এমত কাল আসিতেছে যখন তোমারদিগকে এই পর্ব্বতে অথবা যিরূযলেম নগরে ঈশ্বরের ভজনা করিতে হইবে না ।১৪৭। অপর এমত কাল আসিতেছে যখন সত্য অর্চ্চকেরা সত্যতায় এবং আত্মার সহিত পিতার সেবা করিবেন । ১৪৮ । আর তাদৃশ অর্চ্চকের প্রতিই পিতা প্রসন্ন হয়েন কেননা পরমেশ্বর স্বয়ং আত্মা তাঁহাকে আত্মার দ্বারা ভজনা করাই কর্ত্তব্য । ১৪৯ ।

বিদ্বানুবাচ।

আদৌ নৃজাতিরীশেন স্বমূর্ত্তেরনুরূপিকা।
পবিত্রা সসৃজে সম্যগৈশজ্ঞানাধিকারিণী ॥ ১৫০ ॥
অতঃপবিত্রমীশস্য স্বভাবং পরিচিত্য সা।
তস্য ধ্যানে প্রসীদন্তী তৎসেবায়ামসজ্জত ॥ ১৫১ ॥
মর্ত্ত্যানাং পিতরৌ স্বাদের্দশাতোঽপপ্লুতাং যদা।
তদারব্ধৈশ্বরী মূর্ত্তিরাদ্যা পর্য্যণমৎ তয়োঃ। ১৫২।
ততস্তদন্বয়ঃ সত্যং হারয়ন্ জ্ঞানমৈশ্বরম্।
নানা কল্পয়িতুং দেবান্ সেবিতুঞ্চ প্রচক্রমে। ১৫৩।
যে চৈশেনোপদেশেন সত্যং জ্ঞানমধারয়ন্।
তেঽপীশং ব্যস্মরন্ প্রায়ো বিষয়েষু রতা দৃঢ়ং। ১৫৪।

বিদ্বানের উক্তি।

পরমেশ্বর আদৌ মনুষ্য জাতিকে আপনার মূর্ত্তির সদৃশ সম্যক্ প্রকার পবিত্র এবং ঐশ্বরিক জ্ঞানের অধিকারি রূপে সৃষ্ট করিয়াছিলেন (১৫০) এককারণ সকলে ঈশ্বরের পবিত্র স্বভাবের পরিচয় পাইয়া তাঁহার ধ্যানেতে অনুরক্ত এবং তাঁহার সেবায় আসক্ত থাকিত। ১৫১। পরন্তু পরে যখন মানব জাতির আদি পুরুষেরা সেই শুভ অবস্থা হইতে স্খলিত হয়েন সেই সময়াবধি তাহারদের মধ্যে যে ঐশ্বরিক মূর্ত্তি ছিল তাহা বিকৃত হইল।১৫২। তদনন্তর তাহাদের বংশ ঐশ্বরিক সত্য জ্ঞানে বিরহিত হইয়া নানা দেবতার কল্পনা করিয়া সেবা করিতে উপক্রম করিল (১৫৩) এবং যাহারা ঈশ্বরের উপদেশে সত্য জ্ঞান যৎকিঞ্চিৎ প্রাপ্ত হইয়াছিল তাহারাও বিষয়েতে অতিশয় মত্ত হইয়া ঈশ্বরকে বিস্মৃত হইতে লাগিল। ১৫৪। অতএব নির্ম্মল ঈশ্বর

অতো নির্ব্বাপিতপ্রায় ঈশপ্রেমানলোঽমলঃ ।
হৃদয়েষু মনুষ্যাণাং প্রজ্বল্যেত পুনঃ কথম্ । ১৫৫ ।
কথং চাত্মা লঘিষ্ঠেষু বিষয়েষু রতোঽধুনা ।
শ্রেষ্ঠস্য পরমার্থস্য পুনর্যোজ্যেত চিন্তনে । ১৫৬ ।
ইত্যেতস্যানুযোগস্য প্রতিবাক্যং মনীষিণঃ ।
অন্বৈচ্ছন্ সর্ব্বদেশীয়া নচ তত্ত্বমবাপ্নুবন্ । ১৫৭ ।
অমী তু যদ্ বৃথাঽন্বৈচ্ছন্ আত্মনঃ সিদ্ধিসাধনম্ ।
তৎ প্রত্যপাদয়দ্ য়েষূঃ পুনর্জন্মস্বরূপকং । ১৫৮ ।
কশ্চিচ্ছ্রেষ্ঠো যহুদ্যানাং নীকদেমাভিধো বুধঃ ।
শ্রীয়েষোঃ পার্শ্বমাগত্য নিশায়ামিদমব্রবীৎ । ১৫৯ ।

ভক্তি মনুষ্যগণের অন্তঃকরণে প্রায় নির্ব্বাণ হইলে তাহা কি প্রকারে পুনশ্চ জাজ্বল্যমান হইবে (১৫৫) এবং মনুষ্য জাতির আত্মা যাহা তুচ্ছবিষয়ে মগ্ন হইয়া রহিল তাহা কি প্রকারে উৎকৃষ্ট পরমার্থ চিন্তনে পুনশ্চ আসক্ত হইবেক (১৫৬) এই প্রশ্নের উত্তর সর্ব্বদেশীয় পণ্ডিতেরা অনুসন্ধান করিতে লাগিলেন কিন্তু কেহ তদ্বিষয়ক তত্ত্ব স্থির করিতে পারিলেন না । ১৫৭ পরন্তু পণ্ডিতেরা যে আত্মসিদ্ধির বিষয়ে বৃথা অন্বেষণ করিয়াছিলেন সেই আত্মসিদ্ধির কারণ অর্থাৎ পুনর্জ্জন্মের বিষয় প্রভু প্রকাশ করিলেন । ১৫৮ । যহূদি দিগের মধ্যে নীকদেম নামা এক জন প্রধান পণ্ডিত রজনীযোগে, শ্রীয়েষূর নিকট আসিয়া এই কথা কহিয়াছিলেন । ১৫৯ ।

নীকদেম উবাচ ।

ত্বামীশাদেতমাচার্য্যং বিদ্মঃ কোঽপি পুমান্ যতঃ ।
ঈশেনাসহিতস্ত্বদ্বৎ ক্রিয়াঃ কর্ত্তুং ন শক্নুয়াৎ । ১৬০ ।

শ্রীয়েষূরুবাচ ।

ত্বাং সত্যং বচ্ম্যহং যস্য ন জায়েত পুনর্জ্জনিঃ ।
কদাপি রাজ্যমীশস্য স না দ্রষ্টুং ন শক্নুয়াৎ । ১৬১ ।

নীকদেম উবাচ ।

কথং বার্দ্ধকমাপন্নো নরঃ কোঽপি জনিষ্যতে ।
কিং প্রবিশ্য প্রসূগর্ব্ভে জনিতুং শক্নুয়াৎ পুনঃ । ১৬২

শ্রীয়েষূরুবাচ ।

যো না পুন র্ন জায়েত সলিলেনাত্মনাঽপি চ ।
প্রবেষ্টুমৈশ্বরং রাজ্যং স কদাপি ন শক্নুয়াৎ । ১৬৩ ।

নীকদেমের উক্তি ।

আমারা জানি আপনি পরমেশ্বর সমীপ হইতে আচার্য্য হইয়া আসিয়াছেন কেননা ঈশ্বরের সাহায্য ব্যতিরেকে কোন পুরুষ আপনকার তুল্য ক্রিয়া করিতে পারে না । ১৬০ ।

শ্রীয়েষূর উক্তি ।

আমি তোমাকে সত্য কহিতেছি যে লোকের পুনর্জ্জন্ম না হয় সে কখন ঈশ্বরের রাজ্য দর্শন করিতে সক্ষম হয় না । ১৬১ ।

নীকদেমের উক্তি ।

কোন ব্যক্তি বার্দ্ধক্য দশা প্রাপ্ত হইলে তাহার পুনর্জ্জন্ম কি প্রকারে হইবেক ! সে কি পুনর্ব্বার আপনার জননী জঠরে প্রবেশ করিয়া উৎপন্ন হইতে পারে? । ১৬২ ।

শ্রীয়েষূর উক্তি ।

যে পুরুষ জল এবং আত্মার দ্বারা পুনর্জ্জাত না হয় সে কখন ঐশ্বরিক রাজ্যে প্রবেশ করিতে শক্ত হয় না । ১৬৩ । যে সকল

যদ্ বস্তু জায়তে কায়াৎ সর্ব্বং কায়িকমস্তি তৎ।
যদ্ বস্তু ত্বাত্মনো জাতং তদেবাত্মস্বরূপকম্। ১৬৪।
আবশ্যকং পুনর্জন্ম যুষ্মাকমিতি যন্ময়া।
ইদানীং কথিতং বাক্যং তত্র মা কুরু বিস্ময়ম্। ১৬৫।
বায়ুঃ স্বীয়েচ্ছয়া বাতি তৎস্বনং চ নিশাম্যসি।
পরন্তু তন্ন জানাসি কুতএতি ক্ব যাতি বা। ১৬৬।
অতো নভস্বতো যাদৃগপ্রত্যক্ষো গমাগমঃ।
তাদৃগেবাত্মনঃ শক্ত্যা জনিতানাং পুনর্জনিঃ। ১৬৭।

বিদ্বানুবাচ।

পুনর্জন্মাদয়ো যে তু সদ্বরাঃ পারমার্থিকাঃ।
তান্ সর্ব্বান্ স্বাত্মজদ্বারা নৃভ্যো দত্তে পরেশ্বরঃ।১৬৮।

বস্তু শরীর হইতে উৎপন্ন সে সকল শারীরিক আর যে সকল বস্তু আত্মা হইতে জাত সে সকল আত্মস্বরূপ হয়। ১৬৪। আমি এক্ষণে কহিলাম যে তোমারদের পুনর্জন্মের প্রয়োজন আছে এ কথাতে বিস্মিত হইও না। ১৬৫। বায়ু স্বেচ্ছাক্রমে বহন করে তুমি তাহার শব্দও শুনিতে পাও কিন্তু তুমি জাননা তাহা কোথা হইতে আইসে অথবা কোথায় যায়। ১৬৬। অতএব বায়ুর যেমত গমনাগমন প্রত্যক্ষ হয় না তদ্রূপ মনুষ্য লোকের পুনর্জন্ম অর্থাৎ আত্মার শক্তিতে যে পুনরুৎপত্তি তাহাও প্রত্যক্ষ হয় না। ১৬৭।

বিদ্বানের উক্তি।

পুনর্জন্ম প্রভৃতি যে সকল পারমার্থিক বর আছে পরমেশ্বর তাহা আপনার পুত্র দ্বারা মনুষ্যগণকে প্রদান করিয়াছিলেন।১৬৮।

স এবেশাত্মজঃ পিত্রা নরত্রাতা নিযোজিতঃ।
তস্মিংশ্চ প্রত্যয়াৎ ত্রাণমিত্যেবং সোঽবদৎ স্বয়ং।১৬৯।

শ্রীয়েযুরুবাচ।

ইত্থং জগৎস্থিতান্ লোকান্ দয়াঞ্চক্রে পরেশ্বরঃ।
যৎ তৎকৃতে সুতং স্বীয়মদ্বিতীয়ং স দত্তবান্।১৭০॥
ততো যঃ কোঽপি তং সূনুং বিশ্বাসেন সমাশ্রয়েৎ।
স নাশং ন ব্রজেৎ কিন্তু প্রাপ্নুয়াৎ নিত্যজীবনম্।১৭১।
জগৎস্থানাং হি লোকানাং দণ্ডনায় পরেশ্বরঃ।
পুত্রং ন প্রেরয়ামাস বরং তদ্রক্ষণায় তু।১৭২।
তস্মিন্ যঃ কোঽপি বিশ্বাসং কুরুতে স ন দণ্ড্যতে।
কিন্তু বিশ্বাসিনাংদণ্ডো বিনির্ণীতোঽস্তি সাম্প্রতং।১৭৩।

আর সেই ঈশ্বর পুত্র পিতা কর্ত্তৃক নরত্রাতা রূপে নিযুক্ত হইয়াছিলেন অতএব তাঁহার প্রতি বিশ্বাস করিলেই উদ্ধার হয় প্রভু য়েষূ এই কথা স্বয়ং এইরূপে উপদেশ করেন। ১৬৯।

শ্রীয়েষূর উক্তি।

পরমেশ্বর জগতীস্থ লোকেরদের প্রতি এমত দয়া করিলেন যে আপন অদ্বিতীয় পুত্রকে তাহারদের নিমিত্ত উৎসর্গ করিলেন।১৭০। অতএব যে কেহ তাঁহার সেই পুত্রের প্রতি বিশ্বাস করিবেক সে কখন নষ্ট হইবেক না বরং নিত্য জীবন প্রাপ্ত হইবে।১৭১। কেননা পরমেশ্বর জগতীস্থ লোকদিগের দণ্ড করণার্থ আপন পুত্রকে প্রেরণ করেন নাই তাহারদের রক্ষা করণার্থ তাঁহাকে নিযুক্ত করিয়াছিলেন।১৭২। যে কেহ তাঁহাতে বিশ্বাস করে সে কখন দণ্ডভাগী হয় না পরন্তু যাহারা তাঁহাতে বিশ্বাস না করে তাহারদের দণ্ড এক্ষণেই নির্ণীত আছে।১৭৩। তাহারদের দণ্ডনীয় হইবার

দোষশ্চায়ং জগন্মধ্যে জ্যোতির্যদ্যপি সমাগতে।
নরা দুষ্কারিণোধ্বান্তে প্রীয়ন্তে জ্যোতিষোঽধিকং।১৭৪।
যতো দুষ্কারিণঃ সর্ব্বে ক্রুহ্যন্তি জ্যোতিষে সদা।
ন চ তন্নিকটং যান্তি স্বকর্ম্মাবিষ্কৃতের্ভয়াৎ। ১৭৫।
পরন্তু সন্তি কর্ম্মাণি যঃ কশ্চিৎ কুরুতে পুমান্।
স্বকর্ম্মণাং প্রকাশায় জ্যোতিঃপার্শ্বমুপৈতি সঃ।১৭৬।

বিদ্বানুবাচ।

অনন্তং স্বস্য মাহাত্ম্যং সার্দ্ধং পিত্রীশ্বরেণ চ।
স্বস্যৈকত্বমনির্ব্বাচ্যং য়েষুরেবমবোধয়ৎ। ১৭৭।

শ্রীয়েষুরুবাচ।

ময়ি পিত্রা মদীয়েন সর্ব্বমস্তি সমর্পিতং।
তথা পিতুর্বিনা কোঽপি নৈব জানীত আত্মজং। ১৭৮।

কারণ এই যে জগতে জ্যোতির আগমন হইয়াছে তথাপি দুষ্কৃতি লোক সেই জ্যোতি অপেক্ষা অন্ধকারে অধিক প্রীত হয়। ১৭৪। ফলত দুষ্কৃতি লোক সকল জ্যোতিতে সদা বিরক্ত হয় এবং নিজকর্ম্ম প্রকাশ হইবার ভয়ে তাহার নিকট গমন করে না।১৭৫। পরন্তু যে পুরুষ সৎকর্ম্ম করে সে নিজ সৎকর্ম্ম প্রকাশের নিমিত্ত জ্যোতির নিকট আইসে। ১৭৬।

বিদ্বানের উক্তি।

য়েষু আপনার অনন্ত মহিমা ও পিতা ঈশ্বরের সহিত স্বীয় অনির্ব্বচনীয় একতা এই রূপে প্রতিপন্ন করিয়াছিলেন। ১৭৭। যথা

শ্রীয়েষুর উক্তি।

আমার পিতা আমাতে সকল বিষয় সমর্পণ করিয়াছেন এবং পিতা ব্যতীত কেহ পুত্রকে জানিতে পারে না। ১৭৮। অপর

এবং পুত্রং বিনা তেন শিক্ষিতাংশ্চ নরান্ বিনা।
ইতরঃ পিতরং কোঽপি ন বিজানাতি কর্হিপি। ১৭৯।

বিদ্বানুবাচ।

পুনর্দৃষ্টান্তরূপেণ মেষতৎপালয়োরিব।
আত্মনঃ স্বাশ্রিতানাঞ্চ সম্বন্ধং ব্যাঞ্জয়ৎ প্রভুঃ। ১৮০।
এবং স্বস্য স্বতাতেন সাকমৈক্যাৎ সুতো নিজাং।
ভক্তানাং রক্ষণে শক্তিগমিতামিত্যপক্ষয়ৎ। ১৮১।

শ্রীয়েষূরুবাচ।

মম মেষা নিশাম্যন্তি ভারতীং পালকস্য মে।
ময়া তে পরিচীয়ন্তে তেঽপি চানুসরন্তি মা। ১৮২।
তেভ্যো দদামি নিত্যায়ুর্ন নঙ্ক্ষ্যন্তি কদাপি তে।
কদাপি মামকাদ্ হস্তাৎ কোঽপি তান্ ন হরিষ্যতি।
। ১৮৩।

পুত্র এবং পুত্র দ্বারা উপদিষ্ট লোক ব্যতিরেকে অন্য কোন ইতর পুরুষ পিতাকে জানিতে পারে না। ১৭৯।

বিদ্বানের উক্তি।

প্রভু মেষ এবং মেষপালকের দৃষ্টান্ত কথা দ্বারা নিজাশ্রিত লোকের সহিত আপনার সম্বন্ধ ব্যক্ত করিয়াছিলেন। ১৮০। অপর ঈশ্বরপুত্র আপন পিতার সহিত একত্বহেতু ভক্ত গণের রক্ষার্থ যে অনন্ত শক্তি ধারণ করিতেন তাহা এইরূপে ব্যক্ত করিলেন। ১৮১।

শ্রীয়েষূর উক্তি।

আমার মেষগণ আমাকে পালক জানিয়া আমার কথা শ্রবণ করে, তাহারা আমার পরিচিত সুতরাং আমার অনুগত হয়। ১৮২। আমি তাহারদিগকে নিত্য জীবন দান করি, তাহাতে তাহারা কখন নষ্ট হইবে না ও কেহ কখন আমার হস্ত হইতে তাহারদিগকে হরণ করিতে পারিবে না ।। ১৮৩।। আমার পিতা

যো মহ্যং তান্ দদৌ তাতঃ স সর্ব্বেভ্যো, মহত্তরঃ।
তান্ কোঽপি মে পিতুর্হস্তাদপহর্ত্তুং ন শক্ষ্যতি।
যতোঽহং মৎপিতা চৈক এব বিদ্যাবহে ধ্রুবম্। ১৮৪

বিদ্বানুবাচ।

পুনঃ স্বপ্রেশদূতত্বমঙ্গীকর্ত্তুমনিচ্ছতঃ।
যহূদ্যান্ স্বমনাদিত্বং যেযূরেবমবোধয়ৎ॥ ১৮৫॥

শ্রীয়েযুরুবাচ।

মদীয়ং সময়ং দ্রষ্টুং যুষ্মদীয়ঃ পিতামহঃ।
ইব্রাহীমো মুদাহকাঙ্ক্ষৎ তঞ্চ দৃষ্ট্বা জহর্ষ সঃ। ১৮৬।

যহূদ্যা ঊচুঃ।

পঞ্চাশদ্বৎসরায়ুষ্কস্ত্বমভূত্বাঽধুনাবধি।
কিমিব্রাহীমমদ্রাক্ষীঃ প্রত্নমস্মৎপিতামহম্॥ ১৮৭॥

আমার হস্তে তাহারদিগকে সমর্পণ করিয়াছেন তিনি সকল হইতে মহৎ অতএব তাহারদিগকে কেহ আমার পিতার হস্ত হইতে হরণ করিতে পারিবেক না কেননা আমি এবং আমার পিতা একাত্মা। ১৮৪।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েযু ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়াছেন একথা যহূদিরা স্বীকার করিতে অনিচ্ছুক ছিল অতএব প্রভু স্বীয় অনাদিত্ব তাহারদের নিকট এই রূপে ব্যক্ত করিয়াছিলেন। ১৮৫। যথা।

শ্রীয়েযুর উক্তি।

তোমারদের পিতামহ ইব্রাহীম উৎসুক হইয়া আমার সময় দেখিতে আকাঙ্ক্ষা করিয়াছিলেন এবং তাহা দর্শন করিয়া হৃষ্ট হইয়াছিলেন। ১৮৬।

যহূদিদিগের উক্তি।

তোমার বয়ঃক্রম এখনও পঞ্চাশৎ বৎসর হয় নাই, তুমি কি আমারদিগের প্রাচীনতম পিতামহ ইব্রাহীমকে দেখিয়াছ। ১৮৭।

বিদ্বানুবাচ।

তদা প্রত্যুত্তরং তেভ্যো য়েযূরেতৎ প্রদত্তবান্।
ধ্রুবং প্রাগেব বিদ্যেঽহম্ ইব্রাহীমোদ্ভবাদিতি। ১৮৮।
কিঞ্চাবশ্যকবস্তূনামন্নাদানাং নিদর্শনৈঃ।
আত্মানং সদ্গতে র্হেতুং য়েযূরেবমবর্ণয়ৎ॥ ১৮৯॥

শ্রীয়েযূরুবাচ।

জীবান্নমহমেবাস্মি স্বর্গাদাগতমৈশ্বরম্।
এতদ্ যঃ কোঽপি ভুঞ্জীত স জীবেৎশাশ্বতীঃসমাঃ।১৯০।
যো মাং সমাশ্রয়েদ্ মর্ত্যো নৈব ক্ষুধ্যেৎ কদাপি সঃ।
যঃ কশ্চিদ্ ময়ি বিশ্বস্যাদ্ ন পিপাসেৎ স কর্হিপি। ১৯১

অপিচ।

জগতো দীপ্তিরূপোঽহং যশ্চ মা পুরুষোঽন্বিয়াৎ।
অভ্রমিত্বাঽন্ধকারে স প্রাপ্নুয়াদ্ জীবনদ্যুতিম্। ১৯২।

বিদ্বানের উক্তি।

য়েযূ এই কথা শুনিয়া উত্তর করিলেন আমি তোমারদিগকে সত্য কহিতেছি ইব্রাহীমের জন্মের পূর্ব্বাবধি আমি বর্ত্তমান আছি। ১৮৮। অপর প্রয়োজনীয় অন্নাদির দৃষ্টান্ত দেখাইয়া য়েযূ আপনি যে সদ্গতির কারণ তাহা এই রূপে প্রচার করিলেন। ১৮৯। যথা।

শ্রীয়েযূর উক্তি।

আমিই স্বর্গ হইতে আগত ঐশ্বরিক জীবান্ন, যে কেহ ইহা ভক্ষণ করিবে সে চিরকাল জীবিত থাকিবে। ১৯০। যে ব্যক্তি আমার আশ্রিত হইবে সে কখন ক্ষুধিত হইবে না ও যে কেহ আমাতে বিশ্বাস করিবে সে কখন পিপাসিত হইবে না। ১৯১।

অপিচ।

আমিই জগতের জ্যোতিঃ স্বরূপ, যে ব্যক্তি আমার অনুগত হয় সে অন্ধকারে ভ্রমণ করিবে না বরং জীবনের দ্যুতি প্রাপ্ত হইবে। ১৯২।

অপিচ।

স্বয়ং মার্গশ্চ সত্যঞ্চ জীবনঞ্চ ভবাম্যহং।
পিতরং কোঽপি নোপৈতি মদ্দ্বারেণ বিনা নরঃ।১৯৩

অপিচ।

ময়ি তিষ্ঠত তেনাহমপি তিষ্ঠামি বোঽন্তরে।
অহং দ্রাক্ষালতারূপো যূয়ং শাখাস্বরূপিণঃ॥ ১৯৪॥
শাখা যথা দ্রুমাদ্ ভিন্না ফলং দাতুং ন শক্নুতি।
যূয়ং তথৈব মদ্ভিন্নাঃ ফলং দাতুং ন শক্নুথ। ১৯৫।

অপিচ।

অবিভ্যো জীবনং দাতুমাগতোঽহং সুপালকঃ।
সুপালকস্তু মেষার্থং নিজপ্রাণান্ বিবর্জতি॥ ১৯৬॥

পুনশ্চ।

আমিই পন্থা এবং সত্য ও জীবন স্বরূপ, কোন ব্যক্তি আমা ব্যতীত অন্যদ্বারা পিতাকে প্রাপ্ত হয় না। ১৯৩।

অপিচ।

তোমরা যদি আমাতে থাক তবে আমিও তোমারদের অন্তরে থাকিব, আমি দ্রাক্ষালতা স্বরূপ, তোমরা শাখা স্বরূপ (১৯৪) যেমন শাখা বৃক্ষ হইতে ভিন্ন হইলে ফল প্রদান করে না তোমরাও তদ্রূপ আমা ব্যতিরেকে ফলোৎপাদন করিতে পার না। ১৯৫।

অপিচ।

আমি উত্তম মেষ পালক এবং মেষগণকে জীবন দিতে আসিয়াছি কেননা উত্তম পালক মেষের নিমিত্ত নিজ প্রাণ ত্যাগ করে। ১৯৬।

বিদ্বানুবাচ।

পুনর্ম্মনুষ্যদেহস্য ধারণেন নরাত্মজঃ।
ইত্যাখ্যঃ স্বাগমস্যার্থং প্রভুরেবমবোধয়ৎ॥ ১৯৭।

শ্রীয়েশূরুবাচ।

নৃপুত্রঃ সেবনং লব্ধুং নায়যৌ কিন্তু সেবিতুং।
অনেকেষাঞ্চ নিষ্কৃত্যৈ বিস্রষ্টুং নিজ জীবনম্। ১৯৮।

বিদ্বানুবাচ।

প্রবোধনায় শিষ্যাণাং ধর্ম্মমর্ম্মবিবেচনে।
পবিত্রস্যাত্মনো দানমেবং প্রত্যশৃণোৎ প্রভুঃ। ১৯৯।

শ্রীয়েশূরুবাচ।

পিতা ময়ার্থিতো বোহন্যম্ আদেষ্টারং নিরন্তরঃ।
স্থাস্যন্তং যুষ্মদভ্যর্ণে সত্যাত্মানং প্রদাস্যতি॥ ২০০॥

বিদ্বানের উক্তি।

প্রভু মনুষ্য দেহ ধারণ করিয়া নরাত্মজ নামধেয় হইয়াছিলেন অতএব আপনার আগমনের তাৎপর্য্য এইরূপ ব্যক্ত করিলেন॥ ১৯৭॥

শ্রীয়েশূর উক্তি।

মনুষ্যের পুত্র সেবাগ্রহণার্থ অবতীর্ণ হয়েন নাই কিন্তু সেবা করণার্থ এবং অনেকের নিষ্কৃতির জন্য আপন জীবন ত্যাগ করিতে আসিয়াছেন। ১৯৮।

বিদ্বানের উক্তি।

প্রভু আত্ম শিষ্যগণকে পবিত্র আত্মা দান করণের এইরূপ প্রতিজ্ঞা করিয়াছিলেন যাহাতে তাঁহাদের ধর্ম্ম বিষয়ক নিগূঢ় বোধে বিবেক হইতে পারে। ১৯৯।

শ্রীয়েশূর উক্তি।

আমি পিতার নিকট প্রার্থনা করিব তাহাতে তিনি তোমারদিগের নিমিত্ত অন্য এক জন সত্যাত্মা উপদেষ্টা প্রেরণ করিবেন

সংসারোঽদৃষ্টমজ্ঞাতং তং গ্রহীতুং ন শক্নুয়াৎ।
যূয়ং তু তং বিজানীথ স হি যুষ্মাসু তিষ্ঠতি। ২০১।
স চাদেষ্টা পবিত্রাত্মা মম পিত্রা সমীরিতঃ।
মদুক্তীঃ স্মারয়ন্ যুষ্মান্ সমস্তানুপদেক্ষ্যতি ॥ ২০২।

বিদ্বানুবাচ।

স্বস্বাজ্ঞাগ্রাহিণাং পুংসাং কীদৃক্ সিদ্ধিঃ প্রজায়তে।
ইত্যেবং বোধয়ামাস কশ্চিদ্ ভক্তগণং প্রতি। ২০৩।

শ্রীয়েশুরুবাচ।

মদ্বাক্যে চেৎ স্থিরাস্তর্হি শিষ্যা মে স্যাত বস্তুতঃ।
ততঃ সত্যঞ্চ বিদ্যাত যুষ্মান্ সত্যং চ মোচয়েৎ। ২০৪।

তিনি তোমারদিগের সহিত নিরন্তর বাস করিবেন (২০০) তাঁহাকে সংসার গ্রহণ করিতে পারিবে না কেননা তাঁহাকে দেখে নাই ও তাঁহার পরিচয় পায় নাই পরন্তু তোমরা তাঁহাকে জানিবা এবং তিনি তোমারদিগেতে অধিষ্ঠান করিবেন। ২০১। সেই উপদেশক পবিত্রাত্মা পিতার দ্বারা প্রেরিত হইয়া আমার উক্তি সকল তোমারদিগকে স্মরণ করাইয়া দিয়া উপদেশ করিবেন। ২০২।

বিদ্বানের উক্তি।

যেহ লোক প্রভুর আজ্ঞা মান্য করে, তাহারদিগের কীদৃশ সিদ্ধি হয় তাহা তিনি কএক জন ভক্তগণের নিকট এই রূপে ব্যক্ত করিলেন। ২০৩।

শ্রীয়েশুর উক্তি।

আমার বাক্যে যদি স্থির থাক তবে তোমরা বস্তুতঃ আমার শিষ্য হইবা তাহাতে তোমারা সত্যের পরিচয় পাইবা এবং সত্য তোমারদিগকে স্বাধীন করিবেন। ২০৪।

যহূদ্যা উচুঃ।

ঐব্রাহীমাবয়ং দাসা নাস্ম কস্যাপি কর্হিপি।
অতো নস্ত্বং কথং বক্ষি যূয়ং মুক্তা ভবিষ্যথ। ২০৫।

শ্রীয়েশুরুবাচ।

যঃ কোঽপি কুরুতে পাপং পাপদাসঃ স বিদ্যতে।
দাসা গৃহে ন তিষ্ঠন্তি শশ্বৎ পুত্রস্তু তিষ্ঠতি॥ ২০৬॥
অতো যুষ্মান্ স পুত্রশ্চেদ্ দাসত্বাদ্ মোচয়িষ্যতি।
তদা বৈ বস্তুতো যূয়মনধীনা ভবিষ্যথ॥ ২০৭॥

বিদ্বানুবাচ।

বিপত্তিভ্রান্তিপাপাদি নানাভারার্দ্দিতা নরাঃ।
শ্রীয়েশুমাশ্রিতাঃ শান্তিং বিন্দন্তীত্যাদিশৎ স্বয়ম্। ২০৮।

যহূদি দিগের উক্তি।

আমরা ইব্রাহীমের সন্তান, কখন কাহারও দাস হই নাই, অতএব তুমি আমারদিগকে কেমন করিয়া কহিতেছ তোমরা স্বাধীন হইবা। ২০৫।

শ্রীয়েশুর উক্তি।

যে কেহ পাপ করে সে পাপের দাস হইয়া থাকে, আর দাস গৃহের মধ্যে নিত্য বাস করিতে পায় না, পুত্রই সর্ব্বদা গৃহে থাকে (২০৬) অতএব পুত্র যদি তোমারদের দাসত্ব মোচন করেন তবে তোমরা বস্তুতঃ স্বাধীন হইবা। ২০৭।

বিদ্বানের উক্তি।

যে সকল লোক বিপত্তি ভ্রান্তি পাপ প্রভৃতি নানা প্রকার ভারেতে ব্যথিত, তাহারাও শ্রীয়েশুর আশ্রিত হইলে শান্তি প্রাপ্ত হয় এই শিক্ষা তিনি স্বয়ং এই প্রকারে প্রদান করিয়াছিলেন। ২০৮। যথা।

শ্রীয়েশূরুবাচ।

হে সমস্তাঃ পরিশ্রান্তা ভারাক্রান্তাশ্চ মানুষাঃ।
উপযাত মমাভ্যর্ণমহং দাস্যামি বিশ্রমং ॥ ২০৯।
স্বস্কন্ধে মদ্যুগং ধৃত্বা শিক্ষধ্বং মে সকাশতঃ।
যতঃ সুক্ষান্তচেতস্কো নম্রাত্মা চ ভবাম্যহম্। ২১০।
ততো যূয়ং স্বচেতস্সু সুবিশ্রমমবাপ্স্যথ।
সুবহং মে যুগং যস্মাল্ লঘুর্ভারশ্চ মামকঃ। ২১১।

বিদ্বানুবাচ।

যুগান্তে পুনরাগন্তা শ্রীয়েশূঃ সদসদ্গতিম্।
নৃণাং ন্যায়েন নির্ণেষ্যন্ ইতি সোঽবর্ণয়ৎ স্বয়ম্। ২১২।

শ্রীয়েশুরুবাচ।

নরপুত্রো যদাগন্তা স্বর্দূতৈর্নিখিলৈর্বৃতঃ।
তদা সিংহাসনে স্বীয়ে তেজস্বিন্যুপবেক্ষ্যতি। ২১৩।

শ্রীয়েশূর উক্তি।

হে পরিশ্রান্ত এবং ভারাক্রান্ত লোক সকল, তোমরা আমার নিকট আইস, আমি তোমারদিগকে বিশ্রাম দিব। ২০৯। তোমরা আপনং স্কন্ধে আমার যুগ ধারণ করিয়া আমার উপদেশ গ্রহণ কর কেননা আমি ক্ষান্তিশীল এবং নম্রাত্মা। ২১০ যাহাতে তোমরা স্বং অন্তঃকরণে সুখ প্রাপ্ত হইবা যে হেতুক আমার যুগ সহজে বহনীয় হয় এবং আমার ভার অতি লঘু। ২১১।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েশূ যুগান্তে প্রত্যাগমন করিয়া ন্যায়পূর্ব্বক মনুষ্য লোকের সদসৎ গতির বিচার করিবেন তদ্বিষয়ের আপনি এইরূপ বর্ণনা করিয়াছিলেন। ২১২।

শ্রীয়েশূর উক্তি।

মনুষ্য পুত্র যৎকালে স্বর্গীয় সমস্ত দূতগণ সমভিব্যাহারে প্রত্যাগমন করিবেন তৎকালে মহা তেজোবিশিষ্ট সিংহাসনে উপবিষ্ট

তদগ্রে সংগ্রহীষ্যন্তে লোকাশ্চাখিলদেশজাঃ।
তাংশ্চ কর্ত্তা দ্বিধা যদ্বচ্ছাগান্ মেষাংশ্চ পালকঃ। ২১৪
ততঃ স্বদক্ষিণে মেষান্ স্ববামে ছাগলাংস্তথা।
সংস্থাপ্য ভূমিপো লোকান্ দক্ষিণস্থানিদং বদেৎ।২১৫
হে ধন্যা যূয়মায়াত প্রাপ্তা মৎপিতুরাশিষং।
যদ্রাজ্যং বঃ কৃতে সৃষ্টং তস্য স্যাতাধিকারিণঃ। ২১৬।
যতো ময়ি ক্ষুধাক্লিষ্টে যূয়ং ভক্ষ্যমদত্ত মে।
ময্যুদন্যার্দ্দিতে যূয়ং পায়য়াঞ্চক্র মা তথা। ২১৭।
বিদেশগে ময়ি স্বীয়ং যূয়ং মা নিন্য মন্দিরং।
ময়ি স্থিতে চ নির্ব্বস্ত্রে পর্য্যধাপয়তাংশুকং ॥ ২১৮ ॥
আময়েন ময়ি গ্রস্তে যূয়ং মে চক্র সেবনং।
নিবদ্ধে ময়ি কারায়াং যূয়মাজগ্ম মেঽন্তিকং। ২১৯।

হইবেন।২১৩। তখন সর্ব্বদেশীয় লোক তাঁহার সম্মুখে সংগৃহীত হইবেক এবং পশুপালক যেমন ছাগ এবং মেষগণকে পৃথক্ করে তিনিও তদ্রূপ প্রজা সকলকে বিভিন্ন করিবেন।২১৪। অনন্তর মেষগণকে আপনার দক্ষিণ দিকে ও ছাগগণকে বাম দিকে সংস্থাপন করিয়া সেই রাজা দক্ষিণদিকস্থ লোকদিগকে এই রূপ কহিবেন। ২১৫। "হে ধন্য এবং মদীয় পিতার আশীঃপ্রাপ্ত পুরুষেরা, তোমরা অগ্রসর হও, তোমারদের নিমিত্ত যে রাজ্য প্রস্তুত আছে তাহা অধিকার কর।২১৬। কেননা তোমারা আমি ক্ষুধার্ত্ত হইলে আমাকে আহার দিয়াছিলা ও আমি তৃষ্ণাতুর হইলে আমাকে পানীয় দিয়াছিলা। ২১৭। অপর আমি বিদেশে গিয়া অতিথি হইলে তোমরা আমাকে নিজালয়ে স্থান দিয়াছিলা এবং আমি বস্ত্রহীন হইলে আমাকে বস্ত্র দিয়াছিলা।২১৮ অপর আমি রোগ গ্রস্ত হইলে তোমরা আমার সেবা করিয়াছিল ও কারাবদ্ধ হইলে আমার সমীপে আসিয়াছিলা"। ২১৯।

ইত্যুক্তা ধার্ম্মিকা ব্রূয়ুঃ প্রভো ত্বাং ক্ষুধিতং কদা।
কদা বা তৃষিতং দৃষ্ট্বা ভক্ষ্যপেয়ে অদদ্ম তে। ২২০।
কদা বিদেশগং দৃষ্ট্বা ত্বাং স্ববেশ্মানয়াম চ।
নির্বস্ত্রো বা কদাঽস্মাভি র্দৃষ্টস্ত্বং সৎকৃতোঽংশুকৈঃ।
কদা ত্বাং রোগিণং দৃষ্ট্বা কিম্বা কারালয়ে স্থিতং।
বয়ং ত্বদুপকারার্থং সমাগচ্ছাম তেঽন্তিকং ॥ ২২২।
তদা রাজা বদেৎ এষাং ভ্রাতৄণাং মম কানপি
লঘিষ্ঠান্ প্রতি যচ্চক্র যূয়ং মাং প্রতি চক্র তৎ। ২২৩।
ততো ব্রূয়াৎ স বামস্থান্ রে শপ্তা যোঽনলোঽক্ষয়ঃ।
শৈতানস্য সদূতস্য কৃতেঽসর্জি প্রয়াত তং। ২২৪।
যতো মহ্যং ক্ষুধার্ত্তায় ভক্ষ্যং পেয়ঞ্চ তৃষ্ণজে।
নাদত্ত মা বিদেশস্থং স্বীয়ং বেশ্ম ন নিন্য চ। ২২৫।

ধার্ম্মিকেরা এই কথা শ্রবণ করিয়া কহিবে "হে প্রভো আমরা কখন তোমাকে ক্ষুধা তৃষ্ণায় পীড়িত দেখিয়া ভক্ষ ও পেয় দিয়াছিলাম। ২২০। আর কখন তোমাকে বিদেশে অতিথি হইতে দেখিয়া আপনং গৃহে স্থান দিয়াছিলাম ও কখন তুমি বস্ত্রহীন থাকিয়া আমারদের নিকট বস্ত্র প্রাপ্ত হইয়াছিলা। ২২১। আর আমরা কখনইবা তোমাকে রোগী অথবা কারাগারস্থ দেখিয়া তোমার উপকারার্থ তোমার নিকট গিয়াছিলাম"। ২২২। তখন রাজা উত্তর করিবেন "তোমরা আমার এই ভ্রাতৃগণের মধ্যে কোন একং ক্ষুদ্রতমের প্রতি যাহা করিয়াছিলা তাহা আমারই নিমিত্ত কৃত হইয়াছে"। ২২৩। অনন্তর তিনি বামদিকস্থ লোকদিগকে কহিবেন "ওরে অভিশপ্ত লোক সকল তোমরা শৈতান এবং তাহার দূতগণের নিমিত্ত যে অনন্তাগ্নি সৃষ্ট হইয়াছে তাহাতে গমন কর (২২৪) কেননা আমি ক্ষুধার্ত্ত অথবা তৃষ্ণার্ত্ত হইলে আমাকে ভক্ষ ও পানীয় দেও নাই এবং আমি বিদেশে অতিথি

যুষ্মাভি র্বস্ত্রহীনায় ন মে বস্ত্রমদীয়ত।
রোগী কারাস্থিতশ্চাহং যুষ্মাভি নোপসেবিতঃ। ২২৬।
তেচ ব্রুয়ুঃ কদা স্বামিন্ ক্ষুধিতস্তৃষিতো ভবান্।
নগ্নো রুগ্নো বিদেশস্থো বদ্ধোঽস্মাভি ন সেবিতঃ।।
ততো রাজা বদেৎ এষাং লঘিষ্ঠং কমপি প্রতি।
যন্নাকুরুত সৎকর্ম্ম তন্নাকুরুত মাং প্রতি। ২২৮।
ইমে চাধার্ম্মিকাঃ শাস্তিং প্রযাস্যন্তি সনাতনীম্।
নিকরো ধার্ম্মিকাণান্ত নিত্যং যাস্যতি জীবনম্। ২২৯।

বিদ্বানুবাচ।

অন্যচ্চ যাদৃশীং যস্মৈ প্রদদৌ শক্তিমীশ্বরঃ।
তাদৃঙ্মানেন কর্ত্তব্যাং তেন সেবামপেক্ষতে। ২৩০।

হইলে তোমরা আমাকে নিজগৃহে গ্রহণকর নাই (২২৫) অপর আমি বস্ত্রহীন ছিলাম তোমরা আমাকে বস্ত্র দেও নাই এবং আমি রোগী ও কারাগারস্থ হইয়াছিলাম তোমরা আমার সমাচার লও নাই"। ২২৬। তখন তাহারা কহিবে "হে স্বামিন্, তুমি কখন ক্ষুধার্ত্ত কিম্বা তৃষ্ণার্ত্ত অথবা নগ্ন কিম্বা রোগী অথবা বিদেশস্থ কিম্বা কারাবদ্ধ হইয়া আমারদিগের কর্ত্তৃক সেবিত হও নাই"। ২২৭। রাজা উত্তর করিবেন তোমরা ইহারদিগের মধ্যে কোন লঘুতম লোকের প্রতি যদি সৎকর্ম্ম না করিয়া থাক তবে আমার প্রতিও কৃত হয় নাই। ২২৮। অতএব এই সকল অধার্ম্মিক লোক অনন্ত কালব্যাপি শাস্তি প্রাপ্ত হইবে এবং ধার্ম্মিক বর্গ নিত্য জীবন ভোগ করিবে। ২২৯।

বিদ্বানের উক্তি।

অপর পরমেশ্বর যে পুরুষকে যেপ্রকার সামর্থ্য প্রদান করিয়াছেন তাঁহার নিকট তৎপরিমাণানুযায়ি সেবারই অপেক্ষা রাখেন

যে চ স্বেষ্বর্পিতাং শক্তিং বিফলীকুর্ব্বতে নরাঃ।
অমুত্র দণ্ডমাপ্স্যন্তে তেঽলসাঃ কিঙ্করা ইব। ২৩১।
ঈদৃশেন বিচারেণ নৃণাং নির্ণেষ্যতে গতিঃ।
ইত্যেবং ব্যঞ্জয়ামাস ভাবী লোকাঙ্কদর্শকঃ। ২৩২ ॥

শ্রীয়েষুরুবাচ।

জ্ঞাত্বাঽপি স্বপ্রভোরিচ্ছাং যঃ কশ্চিদ্ নানুরুধ্যতে।
স দুষ্টঃ সেবকোঽনেকৈঃ প্রহারৈস্তাড়য়িষ্যতে। ২৩৩।
অজ্ঞাত্বা যে তু কর্ম্মাণি তাড়নার্হাণি কুর্বতে।
অল্পৈস্তে তাড়য়িষ্যন্তে প্রহারৈঃ সেবকা জড়াঃ। ২৩৪।
যস্মৈ হি প্রচুরং দত্তং তস্মাদ্ভূরি গ্রহীষ্যতে।
যস্মিংশ্চেবার্পিতং ভূয়স্তস্মাদ্ যাচিষ্যতে বহু। ২৩৫।

। ২৩০। যে সকল ব্যক্তিরা সেই সামর্থ্য প্রাপ্ত হইয়াও তাহ নিষ্ফল করে তাহারা অলস কিঙ্করের তুল্য পরকালে দণ্ড-ভাগী হইবেক। ২৩১। এতদ্রূপ বিচার দ্বারা মনুষ্যদিগের গতি নির্ণীত হইবেক মনুষ্য লোকের ভাবি বিচারপতি ইহা এতৎপ্র-কারে ব্যক্ত করিয়াছিলেন। ২৩২। যথা

শ্রীয়েষুর উক্তি

যে দুষ্ট সেবক আপনার প্রভুর অভিপ্রায় জানিয়াও তদনুসারে ব্যবহার না করে সে বহু প্রহারের দ্বারা তাড়িত হইবে। ২৩৩। পরন্তু যে সকল সেবক অজ্ঞানতঃ তাড়নার্হ কর্ম্ম করে সেই মুখ ব্যক্তিরা অল্পপ্রহার করণক তাড়িত হইবেক। ২৩৪। কেননা যাহাকে অধিক দেওয়া গিয়াছে তাহার নিকট অধিক লওয়া যাইবেক আর যাহার হস্তে অনেক বস্তু সমর্পিত হইয়াছে তাহ হইতে অনেক চাহা যাইবেক। ২৩৫। প্রভু য়েষ এবিষয়ে এই

যথা।

বিদেশং ধনবান্ কশ্চিদ্ যাস্যন্ আহূয় কিঙ্করান্।
সর্ব্বস্বমার্পয়ৎ তেষু তত্তচ্ছক্ত্যনুসারতঃ। ২৩৬।
মুদ্রাসহস্রমেকস্মৈ পরস্মৈ দ্বিসহস্রকং।
তথাঽযুতার্দ্ধমন্যস্মৈ দত্ত্বা প্রস্থিতবানসৌ। ২৩৭।
প্রাপ্তপঞ্চসহস্রো যঃ স প্রবৃত্তো বণিকপথে।
মুদ্রাঃ পঞ্চসহস্রাণি তদন্যা অপ্যুপার্জ্জয়ৎ। ২৩৮।
তথৈব যেন মুদ্রাণাং দ্বিসহস্রমবাপ্যত।
অসাবপ্যধিকং তস্মাদ্ দ্বিসহস্রমুপার্জ্জয়ৎ। ২৩৯।
একং সহস্রমাপ্নোদ্ যঃ সঃ খনিত্বা বসুন্ধরাং।
তদন্তঃ সকলং স্বস্য স্বামিনো গুপ্তবান্ ধনং। ২৪০।

দৃষ্টান্ত কহিয়াছিলেন যথা কোন এক ধনবান্ পুরুষ বিদেশে গমন করিতে বাসনা করিয়া আপনার ভৃত্যগণকে আহ্বান করত তাহাদের শক্ত্যনুসারে প্রত্যেকের হস্তে স্বীয় ধন সমর্পণ করিলেন। ২৩৬। এক জনকে এক সহস্র, অপরকে দুই সহস্র, অন্যকে পঞ্চ সহস্র মুদ্রা প্রদান করিয়া তিনি প্রস্থান করিলেন। ২৩৭। ঐ ভৃত্যদের মধ্যে যে ব্যক্তি পঞ্চ সহস্র মুদ্রা পাইল সে বাণিজ্য ব্যবসায়ে প্রবৃত্ত হইয়া তাহা হইতে অধিক আর পঞ্চ সহস্র মুদ্রা উপার্জ্জন করিল। ২৩৮। তদ্রূপ যে দুই হাজার টাকা পাইল সে ব্যক্তিও তদপেক্ষা দুই হাজার টাকা অধিক অর্জ্জন করিল। ২৩৮। পরন্তু যে জন এক সহস্র মুদ্রা প্রাপ্ত হইয়াছিল সেই সেবক ভূমি খনন করিয়া তন্মধ্যে আপনার প্রভুর সকল ধন গোপন করিয়া রাখিল। ২৪০। অনন্তর বহুকাল

চিরে কালে গতে স্বামী তত্রয়াণাং সমাগতঃ।
দ্রব্যায়ব্যয়য়োঃ সংখ্যাং গণয়ামাস তৈঃ সহ। ২৪১।
তদা পঞ্চসহস্রাণি মুদ্রা যঃ প্রাপ কিঙ্করঃ।
সোঽন্যপঞ্চসহস্রাণি সমানীয়াব্রবীৎ প্রভুং। ২৪২।
মুদ্রাঃ পঞ্চসহস্রাণি ময়ি স্বামিন্‌সমার্পয়ঃ।
মুদ্রাঃ পঞ্চসহস্রাণি তদন্যা অপ্যুপার্জয়ম্‌। ২৪৩।
স্বামী ত্ববোচদ্‌ অল্পেঽর্থে বিশ্বাস্যস্ত্বমভূর্‌ অতঃ।
বহ্বধ্যক্ষং করিষ্যামি স্বপ্রভূৎসবভাগ্‌ ভব। ২৪৪।
যঃ সহস্রদ্বয়ং প্রাপ সোঽপ্যাগত্যাব্রবীৎ প্রভো।
দ্বে সহস্রে ময়ি ন্যস্তে দ্বে অন্যে অপ্যুপার্জয়ম্‌। ২৪৫।
স্বামীত্ববোচদ্‌ অল্পেঽর্থে বিশ্বাস্যস্ত্বমভূর্‌ অতঃ।
বহ্বধ্যক্ষং বিধাস্যামি স্বপ্রভূৎসবভাগ্‌ ভব। ২৪৬।

গতে ঐ তিন জনের প্রভু প্রত্যাগমন করিয়া তাহাদের সহিত আপনার দ্রব্যের আয় ব্যয়ের সংখ্যা করিতে লাগিলেন। ২৪১। তাহাতে যে কিঙ্কর পঞ্চ সহস্র মুদ্রা পাইয়াছিল সে তদপেক্ষা অধিক আর পঞ্চ সহস্র মুদ্রা উপস্থিত করিয়া নিবেদন করিল। ২৪২। হে প্রভো, আপনি আমার হস্তে পঞ্চ সহস্র মুদ্রা সমর্পণ করিয়াছিলেন তাহাতে আমি আরো পঞ্চ সহস্র মুদ্রা উপার্জ্জন করিয়াছি। ২৪৩। তখন প্রভু কহিলেন, অল্প বিষয়ে তুমি বিশ্বাস্য হইলা অতএব তোমাকে বহু বিষয়ের অধ্যক্ষ করিব তুমি আপন প্রভুর উৎসব ভাগী হও। ২৪৪। অপর যে দুই হাজার টাকা পাইয়াছিল সে ব্যক্তিও আসিয়া কহিতে লাগিল হে প্রভো, আমার হস্তে আপনি দুই সহস্র মুদ্রা ন্যস্ত করিয়া গিয়াছিলেন আমিও তাহা হইতে অধিক দুই সহস্র মুদ্রা অর্জ্জন করিয়াছি। ২৪৫। স্বামী এই বাক্য শ্রবণ করিয়া তাহাকেও কহিলেন তুমি অল্প বিষয়ে বিশ্বাস্য হইলা অতএব তোমাকে বহু

যস্ত্বেকমেব মুদ্রাণাং সহস্রং প্রাপ কিঙ্করঃ ।
শেষে সোঽপি সমাগত্য নাথমেবমভাষত । ২৪৭ ।
কঠিনোঽসি নরঃ স্বামিন্ ত্বমনুপ্ত্বাঽপি কৃন্তসি ।
কিঞ্চিদ্ ন ব্যাকিরো যত্র ততস্ত্বং সংচিনোষি চ । ২৪৮
ইত্যজানামতো ভীত্যা গত্বাঽহং ভূতলান্তরে ।
ত্বন্মুদ্রা গুপ্তবান্ পশ্য ত্বং গৃহাণ নিজং ধনং । ২৪৯ ।
স্বামী তূবাচ দুষ্টাত্মন্ অনুপ্ত্বাঽপি লুনাম্যহং ।
কিঞ্চিদ্ ন ব্যাকিরং যত্র ততোঽহং সংচিনোমি চ । ২৫০।
ইত্যেতত্ত্বং কিমজানাস্ত্বম্ অতো মেঽর্থঃ কুসীদকে ।
ন্যস্তব্যোঽভূৎ ত্বয়া তেন তমবাপ্সং সবৃদ্ধিকং । ২৫১।

বিষয়ের অধ্যক্ষ করিব তুমি আপন প্রভুর উৎসব ভাগী হও । ২৪৬ । আর যে কেবল এক সহস্র টাকা পাইয়াছিল শেষে সে ভৃত্যও আসিয়া প্রভুকে কহিতে লাগিল । ২৪৭ । হে স্বামিন্ আপনি অতি কঠিন, যে স্থলে কস্মিন্ কালেও কছু রোপণ করেন নাই সে স্থলেও শস্যচ্ছেদন করেন আর ভূমিতে বীজ বিস্তার না করিয়াও শস্য চয়ন করেন । ২৪৮। অতএব আমি ভীত হইয়া আপনকার মুদ্রা ভূতলের মধ্যে লুকাইয়া রাখিয়াছি, আপনি দেখুন এবং আপনার ধন গ্রহণ করুন ।২৪৯। তাহাতে স্বামী কহিলেন অরে দুষ্ট তুই কি জানিতিস যে আমি রোপণ না করিয়াও ছেদন করি এবং যে স্থানে কিঞ্চিৎ বীজ ছড়াই নাই সেখানেও শস্য চয়ন করিয়া থাকি ? (২৫০) তবে আমার টাকা কোন বণিকের নিকট রাখা তোর উচিত ছিল আমি তাহা হইলে বৃদ্ধি সমেত পাইতাম ।২৫১। প্রভু এই কথা কহিয়া আদেশ করিলেন ইহার নিকট

ইত্যুক্ত্বা পতিরাদেক্ষীদ্ অস্মাদ্ মুদ্রাসহস্রকং।
আদায় দীয়তাং তস্মৈ যৎপার্শ্বে বিদ্যতেঽযুতং।২৫২।
সর্ব্বস্মৈ হি দধানায় প্রচুরং দাস্যতেঽধিকং।
অদধানাত্তু সর্ব্বস্মাদ্ হার্য্যং তদ্ যদ্ দধাত্যপি।২৫৩।
ইমং তু নিষ্ফলং ভৃত্যং বাহ্যে ধ্বান্তে নিরস্যত।
তৎস্থানে ক্রন্দনং দন্তঘর্ষণং চ ভবিষ্যতি। ২৫৪। ইতি

বিদ্বানুবাচ।

সংসারলিপ্তচিত্তানাং স্বীয়মাত্রসুখার্থিনাম্।
ধনিনাং দুর্গতিঃ কীদৃগ্ ভবেদিত্যাদিশৎ প্রভুঃ। ২৫৫।

শ্রীয়েশুরুবাচ।

আসীৎ পুমান্ ধনী কশ্চিৎ সূক্ষ্মধূমলবস্ত্রভৃৎ।
মুদিতো ভোজনাদীনামুৎসবেন দিনে দিনে। ২৫৬।

হইতে টাকা আদায় করিয়া যাহার নিকট দশ হাজার আছে তাহার হস্তে সমর্পণ কর। ২৫২। কেননা যে সকল পুরুষ অধিক বস্তু ধারণ করে তাহাদিগকে অধিকই দেওয়া যাইবেক আর যে সমস্ত লোক ধারণ করে না তাহারদের যাহা আছে তাহাও প্রত্যাহরণ করা যাইবেক।২৫৩। অতএব এই নিষ্কর্ম্মা ভৃত্যটাকে বাহিরের অন্ধকারে ক্ষেপণ কর সেখানে রোদন ও দন্ত ঘর্ষণ হইবেক। ২৫৪। ইতি।

বিদ্বানের উক্তি।

যে সকল ধনাঢ্য লোক সংসারে আসক্ত হইয়া কেবল আপনারদিগের সুখের প্রয়াস করে তাহারদের কিদৃশী দুর্গতি হয় প্রভু তাহা এইরূপে ব্যক্ত করিলেন। ২৫৫।

শ্রীয়েশুর উক্তি।

এক জন ধনাঢ্য লোক ছিল সে সূক্ষ্ম ধৌম্যবস্ত্র পরিধান করিত এবং প্রত্যহ ভোজনাদির উৎসবে সন্তুষ্ট থাকিত। ২৫৬। তাহা-

তদ্গোপুরে চ লাজারো নাম ভিক্ষুর্ব্রণী স্থিতঃ।
উচ্ছিষ্টভোজনাকাংক্ষী শ্বভির্লীঢ়ব্রণঃ সদা। ২৫৭।
মৃতস্তু স্বশ্চরৈঃ ক্রোড়মেব্রাহীমস্যনায়ি সঃ।
পশ্চাদ্ মৃতঃ স ইভ্যোপি শ্মশানে স্থাপিতোভবৎ।২৫৮
পাতালস্থশ্চ পীড়ার্ত্তঃ স পশ্যন্ দুরবর্ত্তিনম্।
ইব্রাহীমঞ্চ তৎক্রোড়ে লাজারং চেদমব্রবীৎ। ২৫৯।

ধনী উবাচ।

হে ইব্রাহীম্ লাজারং জলসিক্তাঙ্গুলিন্নুদ।
জ্বালার্দ্দিতস্য জিহ্বায়াঃ শীতলীকৃতয়ে মম। ২৬০।

র দ্বারে সর্ব্বাঙ্গে ব্রণ যুক্ত লাজার নামে এক জন ভিক্ষুক পড়িয়া থাকিত সে কেবল তাহার ভোজনোচ্ছিষ্ট খাইবার আকাঙ্ক্ষা করিত এবং কক্কুরেরা সদা তাহার ব্রণ চাটিত। ২৫৭। পরে ঐ ভিক্ষুক প্রাণত্যাগ করিলে স্বর্গীয় দূতেরা তাহাকে লইয়া ইব্রাহীমের ক্রোড়ে স্থাপন করিলেন। তদনন্তর ঐ ধনি লোকেরও পঞ্চত্ব হইল তাহাতে তিনি শ্মশানে স্থাপিত হইলেন। ২৫৮। তিনি পাতালে যন্ত্রণা গ্রস্ত হইয়া দূর হইতে ইব্রাহীমকে এবং তৎক্রোড়স্থ লাজারকে দেখিতে পাইয়া এই উক্তি করিলেন। ২৫৯। যথা

ধনির উক্তি।

হে পিতঃ ইব্রাহীম, আমি অগ্নি জ্বালায় পীড়িত অতএব লাজারকে অঙ্গুলিস্থ জল দিয়া আমার জিহ্বা শীতল করিতে প্রেরণ কর। ২৬০।

ইব্রাহীম উবাচ।

শুভং ত্বং প্রাপ্তবান্ জীবন্ লাজারশ্চাপ্যশুভং।
কিন্ত্বিদানীমসৌ শান্তিং লভতে ত্বঞ্চ বেদনাম্। ২৬১।
কিঞ্চ যুষ্মাকমস্মাকং চান্তঃস্থে দুস্তরে বিলে।
ইতস্ততস্তিতীর্ষূণামপ্যসাধ্যো গমাগমঃ। ২৬২।

বিদ্বানুবাচ।

ততঃ স বিত্তবানূচে তর্হি ত্বামর্থয়ে পিতঃ।
লাজারং মৎপিতুর্গেহে স্বসকাশাৎ সমীরয়। ২৬৩।
যেন মে ভ্রাতরঃ পঞ্চ যথেমং যাতনালয়ম্।
নাগচ্ছেয়ুস্তথা তস্য লভন্তামুপদেশনম্। ২৬৪।
ইব্রাহীমস্তু তং প্রোচে মোসিশাস্ত্রং ধরন্তি তে।
গ্রন্থাংশ্চ ভব্যবক্তৃণাং, মন্তমর্হন্তি তদ্বচঃ। ২৬৫।

ইব্রাহীমের উক্তি।

জীবদ্দশায় তুমি সৌভাগ্য প্রাপ্ত হইয়াছিলা এবং লাজার অশুভ ফল ভোগ করিয়াছিল কিন্তু এক্ষণে এ শান্তি প্রাপ্ত হইয়াছে এবং তুমি যন্ত্রণা ভোগ করিতেছ। ২৬১। আর তোমারদের এবং আমারদের মধ্যে একটা দুস্তর হ্রদ আছে পারার্থিদের তদিতস্তত গমনাগমন দুঃসাধ্য। ২৬২।

বিদ্বানের উক্তি।

তখন ঐ ধনাঢ্য লোক কহিতে লাগিল হে পিতঃ তোমাকে আমি বিনতি করিয়া প্রার্থনা করি এই লাজারকে আপনার নিকট হইতে আমার পিতৃগৃহে প্রেরণ করুন। ২৬৩। আমার পঞ্চভ্রাতা ইঁহার উপদেশ প্রাপ্ত হইয়া যেন এই যন্ত্রণাস্থলে না আইসে। ২৬৪। ইহাতে ইব্রাহীম তাহাকে কহিলেন তাহারদের নিকট মোসি রচিত শাস্ত্র এবং ভব্যবক্তৃদিগের বচন আছে তাহারা সেই বচন মান্য করুক। ২৬৫। ধনী উত্তর করিল হে পিতঃ

ধনী তূচে পিতরৈর্নবং, প্রেতলোকাত্তু কশ্চন।
তৎপার্শ্বং চেদিয়াৎ তর্হি পশ্চাত্তাপঃ ক্রিয়েত তৈঃ ২৬৬

ইব্রাহীম উবাচ।

তে মোসে ভব্যবক্তৄণাং চোক্তী নো শৃণুয়ু র্যদি।
তদা তে নৈব মন্যেরন্ অপি প্রেতং সমুত্থিতম্। ২৬৭

বিদ্বানুবাচ।

স্বর্লোকে কীদৃশং শর্ম্ম নির্ম্মলং সদ্ভিরাপ্স্যতে।
ইত্যেবুং নাস্তিকান্ কাংশ্চিদ্ যহূদ্যানাদিশৎপ্রভুঃ।২৬৮
যতঃ শাদূক্যসংজ্ঞানাং পরলোকাদ্যবাদিনাম্।
পাষণ্ডানাং জনাঃ কেচিদ্ য়েষুং পপ্রচ্ছু রেকদা। ২৬৯।

এমত নহে, কেহ প্রেতলোক হইতে তাহারদের সমীপে গমন করিলেই তাহারা পশ্চাত্তাপ করিবে। ২৬৬।

ইব্রাহীমের উক্তি।

তাহারা যদি মোসি প্রণীত শাস্ত্র এবং ভব্যবক্তৃগণের বাক্য না শুনে তবে প্রেতলোক হইতে উত্থিত পুরুষকেও মান্য করিবে না। ২৬৭।

বিদ্বানের উক্তি।

সাধু লোকেরা স্বর্গধামে কেমন নির্ম্মল সুখ প্রাপ্ত হয়েন প্রভু তদুপলক্ষে কতিপয় নাস্তিক য়িহূদিদিগের প্রতি এইরূপ উপদেশ করিয়াছিলেন।২৬৮। যথা শাদূক্য উপাধিধারি পরকাল বিষয়ে অবিশ্বাসকারি কোন২ পাষণ্ড লোক য়েশুকে একদা এই প্রশ্ন করিয়াছিল। ২৬৯।

শাদূক্যা ঊচুঃ।

হেগুরো মোসিরাদেক্ষীৎ কোঽপ্যপুত্রো ম্রিয়েত চেৎ।
তদা তৎকুলরক্ষার্থং তৎস্ত্রীং ভ্রাতোদ্বহেদিতি। ২৭০।
সপ্তাসন্ ভ্রাতরোঽস্মাসু, তেষাং জ্যেষ্ঠে তু যোষিতং।
পরিণীয়াসুতে প্রেতে তৎপত্নীমনুজোঽগ্রহীৎ। ২৭১।
তস্মিংস্তথাঽসুতে প্রেতে তৃতীয়ঃ সোদরঃ স্ত্রিয়ম্।
গৃহীত্বাঽমৃত নিষ্পুত্রস্তদ্বৎ তুর্য্যাদয়োঽপরে। ২৭২।
তৎসপ্তানাং বধূর্ভূতা শেষে সাঽপ্যবলাঽম্রিয়ত।
অতঃ সা পুনরুত্থানে কতমস্য বধূর্ভবেৎ। ২৭৩।

শ্রীয়েষুরুবাচ।

অত্র ভ্রমোঽস্তি বঃ শাস্ত্রং শক্তিং চৈশীমজানতাং।
এতস্য জগতো লোকা ব্যূহন্তে বিবহন্তি চ। ২৭৪।

শাদূক্যদিগের উক্তি।

হে গুরো, মোসি আদেশ করিয়াছিলেন যে কোন লোক নিঃসন্তান হইয়া পঞ্চত্ব প্রাপ্ত হইলে তাহার ভ্রাতা বংশ রক্ষার্থ তাহার ভার্য্যাকে উদ্বাহ করিবেক। ২৭০। অপর আমারদের মধ্যে সপ্ত ভ্রাতা ছিল তন্মধ্যে জ্যেষ্ঠ দাঁর পরিগ্রহানন্তর অপুত্র হইয়া পরলোক গত হইলে তাহার অনুজ ভ্রাতৃজায়াকে গ্রহণ করিল। ২৭১। পরে সেও নিঃসন্তান হইয়া মরিলে তৃতীয় সহোদর ঐ স্ত্রীকে পরিগ্রহ করিল কিন্তু সেও নিরপত্য হইয়া প্রাণ ত্যাগ করিল। অবশিষ্ট চারি ভ্রাতার পক্ষেও ঐ ঘটনা হইল। ২৭২। অবশেষে ঐ অবলা যে সপ্তজনের পত্নী হইয়াছিল তাহার মৃত্যু হইল। অতএব পুনরুত্থান কালে সে নারী কাহার ভার্য্যা হইবে? ২৭৩।

শ্রীয়েষুর উক্তি।

তোমরা শাস্ত্র এবং ঈশ্বরের শক্তি অবগত নহ একারণ তোমারদের মতিভ্রম হইয়াছে। এই জগতের লোকেরাই বিবাহ করে

পাত্রাণি যে তু গণ্যন্তে সমারোঢুম্ অদো জগৎ।
পুনরুত্থানভাজস্তে নোহ্যন্তে নোদ্বহন্তি বা। ২৭৫।
তেহি মর্ত্তুং ন শক্যন্তি স্বর্দূতৈঃ সন্নিভাঃ স্থিতাঃ।
ঈশস্য চাত্মজাঃ সন্তি পুনরুত্থানসম্ভবাঃ। ২৭৬।

বিদ্বানুবাচ।

এবং স সান্ত্বয়ন্ শান্তান্ অশ্মচিত্তাংস্তু ভায়য়ন্।
সমস্তান্ সদ্গতিং নেতুং চিচেষ্টে পরমো গুরুঃ। ২৭৭।

সত্যার্থ্যুবাচ।

সমারোক্ষ্যন্তি যাং সন্তঃ পরলোকে পরাং গতিং।
কিং তস্যা বর্ণনং শাস্ত্রে খৃষ্টীয়েঽন্যদবাপ্যতে। ২৭৮।

এবং বিবাহিত হয়। ২৭৪। কিন্তু যাহারা পরলোক আরূঢ় হইবার যোগ্য বলিয়া গণিত হয় তাহারা বিবাহও করে না এবং বিবাহিতও হয় না। ২৭৫। তাহারা স্বর্গীয় দূতের সদৃশ হইয়া আর মৃত্যুগ্রস্ত হয় না, পুনরুত্থান প্রাপ্ত হইয়া ঈশ্বরের পুত্র হয়। ২৭৬।

বিদ্বানের উক্তি।

ঐ পরম গুরু এইরূপে সাধু লোককে সান্ত্বনা এবং কঠিনান্তঃকরণ লোককে ভয় প্রদর্শন করিয়া সকলকেই সদ্গতি প্রাপ্ত করাইতে চেষ্টা করিলেন। ২৭৭।

সত্যার্থির উক্তি।

সাধু লোকেরা পরলোকে যে সদ্গতি প্রাপ্ত হইবেন তাহার কি অন্য কোন বিবরণ খৃষ্টীয় শাস্ত্রে পাওয়া যায়। ২৭৮।

বিদ্বানুবাচ।

এবং প্রযুজ্য দৃষ্টান্তং বাল্যযৌবনয়োরিব।
পৌলঃ প্রাকাশয়দ্ ভেদমৈহিকস্বর্গ্যভাবয়োঃ। ২৭৯।

শ্রীপৌল উবাচ।

বাল্যে নো বালবদ্ ভাবো বিচারাদিশ্চ বিদ্যতে।
ব্যাপারোসৌ তু বালার্হস্ত্যজ্যতেপ্রাপ্তযৌবনৈঃ। ২৮০।
তথৈব জ্ঞানমস্মাকমংশতো বিদ্যতেহধুনা।
অমুত্র ত্বংশতোজ্ঞত্বং লোপ্স্যতে প্রাপ্তসিদ্ধিষু। ২৮১।
অব্যক্তমভ্রকেণেব পশ্যামঃ সাম্প্রতং বয়ং।
পরন্ত্বমুত্র সুস্পষ্টা সাক্ষাদ্দৃষ্টি র্ভবিষ্যতি। ২৮২।

বিদ্বানের উক্তি।

প্রভু খৃষ্টের পৌল নামা এক জন শিষ্য বাল্য এবং যৌবন অবস্থার দৃষ্টান্ত দর্শাইয়া মনুষ্য লোকের ঐহিক ও পারলৌকিক অবস্থার মধ্যে কি প্রভেদ আছে তাহা প্রকাশ করিয়াছিলেন। ২৭৯।

পৌলের উক্তি।

বাল্যকালে আমাদিগের স্বভাব ও বিচার ইত্যাদি সমস্তই বালকের ন্যায় হয় পরন্তু যৌবনাবস্থা উপস্থিত হইলে বাল্যকালের কার্য্য পরিত্যক্ত হয়। ২৮০। এই প্রকার ইহ লোকে অস্মদাদির জ্ঞান অসম্পূর্ণ আছে বটে পরন্তু পরলোকে যখন সিদ্ধি প্রাপ্তি হইবে তখন জ্ঞানের অসম্পূর্ণতা যাইবেক। ২৮১। এক্ষণে আমরা অভ্রের ন্যায় ব্যবধানে অস্পষ্ট দর্শন করিতেছি পরন্তু পরলোকে সুস্পষ্ট ও সাক্ষাৎ দর্শন হইবেক। ২৮২।

বিদ্বানুবাচ।

যোহন্নিশ্চাপরঃ শিষ্যো ভক্তানামৈহিকং পদং।
ভব্যঞ্চামুত্র মাহাত্ম্যমেভির্ব্বাকৈরবর্ণয়ৎ। ২৮৩।
যথা॥ হে প্রিয়া বয়মীশস্য পুত্রা বিদ্যামহেঽধুনা।
অমুত্র কীদৃশাঃ স্যাম স্থিতি নেহ প্রকাশতে। ২৮৪।
পরন্ত্বিয়দ্ বিজানীমো, যদা প্রাদুর্ভবেৎ প্রভুঃ।
তদা তৎসন্নিভাঃ স্যাম যাদৃগস্তি বিলোক্য তং। ২৮৫

ইতি শ্রীমহামোক্তৃয়েযুখৃষ্টমাহাত্ম্যে জগদ্গুরূপদেশ মালা নাম চতুর্থোঽধ্যায়ঃ॥

সত্যার্থ্যুবাচ।

নৃপুত্রঃ সেবনং লব্ধুং নাযযৌ কিন্তু সেবিতুং।
বহুলানাঞ্চ নিষ্কৃত্যৈ বিস্রষ্টুং নিজজীবনং। ১।

বিদ্বানের উক্তি।

যোহন্নি নামা অপর এক শিষ্য প্রভুর ভক্ত লোকদের ইহ লোকে কি প্রকার পদবী হয় আর পরলোকে তাহাদের কি প্রকার মহত্ত্ব হয় এবিষয় এইরূপে বর্ণনা করিয়াছেন। ২৮৩। যথা। হে প্রিয়গণ, এক্ষণে আমরা ঈশ্বরের পুত্র হইয়াছি কিন্তু এ কথা এখনও প্রকাশিত হয় নাই যে আমরা পরলোকে কীদৃশ হইব। ২৮৪। পরন্তু আমরা ইহা জানিয়াছি যে যৎকালে প্রভু য়েযুখৃষ্টের প্রাদুর্ভাব হইবে তখন তেঁহ যদ্রূপ থাকিবেন তদ্রূপেই অবলোকন করিয়া তাঁহার সদৃশ হইব। ২৮৫। ইতি মহামোক্তৃ য়েযুখৃষ্ট মাহাত্ম্য গ্রন্থে জগদ্গুরূপদেশ মালা নাম চতুর্থ অধ্যায়।

সত্যার্থির উক্তি।

প্রভু কহিয়াছিলেন যে মনুষ্য পুত্র সেবা গ্রহণ করিতে আইসেন নাই কিন্তু সেবা করিতে এবং অনেকের উদ্ধারার্থ নিজ জীবন উৎসর্গ করিতে অবতীর্ণ হইয়াছিলেন। ১। হে

ইত্যেবং যৎ প্রভুঃ প্রোচে স্বমৃত্যোঃ সূচনং স্ফুটং।
কথং তৎ পূর্ণতাং প্রাপ গুরো তদ্ দয়য়া বদ। ২।

বিদ্বানুবাচ।

স্বমৃত্যূদ্দেশিনীরন্যাঃ প্রভোরুক্তীঃ পুরো ব্রুবে।
শাস্ত্রাদুদ্ধৃত্য তৎপশ্চাদ্ বক্ষ্যে তৎসফলীকৃতিং। ৩।

শ্রীয়েযুরুবাচ।

যিরূশলেম্পুরং যামো যচ্চ প্রাগ্ ভব্যবক্তৃভিঃ।
প্রোক্তং নরাত্মজোদ্দেশে তৎ সর্ব্বং সফলীভবেৎ। ৪।
প্রধানযাজকাদ্যা হি তং নির্ণীয় বধোচিতম্।
দণ্ডার্থমর্পয়িষ্যন্তি হস্তেষু পরদেশিনাম্। ৫।
ততস্তিরস্কৃতোঽসৌ তৈস্তাড়িতশ্চ হনিষ্যতে।
মৃত্যোস্তৃতীয়ঘস্রে তু স প্রোত্থাতা শ্মশানতঃ। ৬।

গুরো প্রভু এই বাক্যদ্বারা আপনার মৃত্যুর যে স্পষ্ট সূচনা করেন তাহা কিপ্রকারে সম্পূর্ণ করিলেন দয়া করিয়া কহুন। ২।

বিদ্বানের উক্তি।

প্রভু নিজ মৃত্যুর উদ্দেশে অন্যান্য যে২ উক্তি করিয়াছিলেন প্রথমতঃ তাহা শাস্ত্র হইতে সংকলন করিয়া কহি, পশ্চাৎ তাহা সম্পূর্ণ হইবার প্রসঙ্গ করিব। ৩।

শ্রীয়েষুর উক্তি।

আমরা যিরূশলেম পুরীতে যাই, ভবিষ্যদ্বক্তারা মনুষ্য পুত্রের উদ্দেশে যাহা২ কহিয়াছিলেন সে সকল সম্পূর্ণ হইবে। ৪। কেনন। প্রধান যাজক প্রভৃতি লোকেরা তাঁহাকে বধার্হ নির্ণয় করিয়া দণ্ড করিবার নিমিত্ত পরদেশিদের হস্তে সমর্পণ করিবেন। ৫। তাহাতে তিনি তাহারদের দ্বারা তিরস্কৃত এবং তাড়িত হইয়া হত হইবেন কিন্তু মৃত্যুর পর তৃতীয় দিবসে শ্মশান হইতে উত্থান করিবেন। ৬।

অপিচ।

ন কোঽপি মে হরেজ্জীবং বিসৃজেয়ং ত্বহং স্বয়ং।
ত্যক্তুং পুনর্গ্রহীতুং চ শক্নোমি পিতুরাজ্ঞয়া। ৭।

অপিচ।

নরাত্মজস্য মাহাত্ম্য প্রাপ্তিকালোঽয়মাগতঃ। ৮।
মৃত্তিকায়াং পতিত্বা হি বীজং নৈব ম্রিয়েত চেৎ।
তদা তিষ্ঠেৎ তদ্ একাকি কিন্তু মৃত্বা ফলেদ্ বহু। ৯।

অপিচ।

এতজ্জগদ্বিচারস্য সময়োঽয়মুপস্থিতঃ।
এতস্য জগতো নাথঃ সাম্প্রতং চ্যোষ্যতে পদাৎ। ১০।
যদা চোত্থাপয়িষ্যেঽহং স্বয়মূর্দ্ধং মহীতলাৎ।
তদানীমাত্মনঃ পার্শ্বম্ আকর্ষ্যামি সমান্ নরান্। ১১।

অপিচ।

কেহ আমার জীবন হরণ করিবেক না আমি স্বয়ং তাহা ত্যাগ করিব কেননা আমি পিতার আজ্ঞাতে তাহা ত্যাগ করিতে এবং পুনশ্চ গ্রহণ করিতে পারি। ৭।

অপিচ।

মনুষ্য পুত্রের মাহাত্ম্য প্রাপ্তি কাল উপস্থিত হইয়াছে। ৮। বীজ মৃত্তিকায় পতিত হইয়া যদি বিনষ্ট না হয় তবে একাকীই থাকিবে কিন্তু নষ্ট হইলে অনেক ফল উৎপন্ন করিবে। ৯।

অপিচ।

জগদ্বিচারের সময় আসিয়া উপস্থিত হইল এক্ষণে এই জগতের অধিপতি স্বীয় অধিকার চ্যুত হইবেন। ১০।
যখন আমি মহীতল হইতে স্বয়ং ঊর্দ্ধে উত্থাপিত হইব তখন সকল মনুষ্যকে আপনার সন্নিধানে আকর্ষণ করিব। ১১।

বিদ্বানুবাচ।

যহূদিধর্ম্মশাস্ত্রোক্তে নিস্তারাখ্যে মহোৎসবে।
সমীপমাগতে য়েশু রাজধানীমুপাগমৎ। ১২।
প্রভোরুপস্থিতিং শ্রুত্বা যাত্রিকাণাং মহাগণাঃ।
তং সাক্ষাৎকর্ত্তুমাগত্য পাহি পাহীতি তুষ্টুবুঃ। ১৩।
ধন্যো দাবিৎসুতো রাজা বিভোর্নাম্না য আগতঃ।
স্বর্গে জয়ধ্বনির্ভূয়াৎ সন্ত্বিশেত্যাদিবাদিনঃ। ১৪।
যুগ্মং। তৈ র্ব্যূহৈরন্বিতো য়েশুঃ প্রবিবেশ মহাপুরং।
পৌরাশ্চ নিখিলাঃ কোঽয়মিত্যপৃচ্ছন্ কুতূহলাৎ। ১৫।
ততঃ প্রধানযজ্বানস্তাদৃশং কীর্ত্তনং প্রভোঃ।
দৃষ্ট্বা জনৈঃ কৃতং সর্ব্বৈরীর্ষ্যয়া চুক্রুধুর্ভৃশং। ১৬।
ঈর্ষ্যায়াঃ কারণং চৈতদ্ যজ্বানোঽধ্যাপকাশ্চ তে।
ধর্ম্মাচরণশুদ্ধত্বে ব্যশ্রূয়ন্ত স্বনীবৃতি। ১৭।

বিদ্বানের উক্তি।

যহূদি ধর্ম্ম শাস্ত্রোক্ত নিস্তার নামক মহোৎসব যখন নিকটস্থ হইল তখন য়েশু রাজধানীতে গমন করিলেন। ১২। ভূরিং যাত্রি লোক প্রভুর আগমন বার্ত্তা শুনিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিয়া ত্রাহিং বলিয়া স্তব করিল। ১৩। আর তাহারা কহিতে লাগিল দবিদ পুত্র রাজা ধন্য, যিনি বিভুর নামে আগত হইয়াছেন, স্বর্গে জয়ধ্বনি এবং কুশল হউক। ১৪। পরে য়েশু ঐ সকল জনগণ সমভিব্যাহারে মহানগরে প্রবেশ করিলে পৌর জনেরা কুতুহল প্রযুক্ত "ইনি কে" এই জিজ্ঞাসা করিতে লাগিল। ১৫। তখন প্রধান যাজকেরা সর্ব্ব লোক মুখে প্রভুর এইরূপ যশঃকীর্ত্তন শুনিয়া ঈর্ষা প্রযুক্ত অত্যন্ত ক্রুদ্ধ হইল। ১৬। তাহারদের ঈর্ষার কারণ এই যে ঐ দেশের যাজক এবং অধ্যাপকগণ ধর্ম্ম এবং আচার শুদ্ধির নিমিত্ত স্বদেশে অত্যন্ত বিখ্যাত

লঘূনামপ্যনুষ্ঠানে নিত্যং শাস্ত্রোক্তকর্ম্মণাং।
তে লেশমাত্রমত্যক্ত্বা পুণ্যকীর্ত্তিং চিচেষ্টিরে। ১৮।
ততশ্চ প্রায়শো ধূর্ত্তা অপি দুষ্টহৃদশ্চ তে।
বাহ্যাচারস্য পুণ্যত্বাল্ লোকে প্রাপুর্ম্মহাদরং। ১৯।
য়েষূস্তু প্রত্নশাস্ত্রস্য তথ্যমর্থং প্রকাশয়ন্।
মতং চোপদিশন্ নূত্নং তেষাং বিদ্যাং নিরাকরোৎ। ২০
যদা হি সত্তরং শাস্ত্রং নূত্নং লোকে প্রচার্য্যতে।
তদাহশু প্রত্নশাস্ত্রার্থজ্ঞানাং হ্রসতি গৌরবং। ২১।
অন্যচ্চ বাহ্যতঃ শুদ্ধান্ অন্তরে তু মলীমসান্।
তান্ য়েষূশ্চিত্তমর্ম্মজ্ঞঃ সপ্রকাশমভৎর্সয়ৎ। ২২।
অতস্তদ্ভৎর্সনাৎ ক্রুদ্ধাস্তে স্বপুণ্যাভিমানিনঃ।
স্বচ্ছদ্মবেশহর্ত্তারং প্রতিকর্ত্তুং চিচেষ্টিরে। ২৩।

ছিল। ১৭। তাহারা শাস্ত্রোক্ত ক্ষুদ্র কর্ম্মেরও অনুষ্ঠান ত্যাগ না করিয়া পুণ্য কীর্ত্তি প্রাপ্ত হইতে চেষ্টা করিত। ১৮। অতএব সেই ধূর্ত্ত লোকেরা যদিও দুষ্ট চিত্ত ছিল তথাচ বাহ্যাচারের পুণ্যতা দর্শাইয়া লোকেরদের নিকট মহাদর প্রাপ্ত হইয়াছিল। ১৯। কিন্তু য়েষূ পুরাতন শাস্ত্রের যথার্থ তাৎপর্য্য প্রকাশ পূর্ব্বক নূতন মত উপদেশ করিয়া তাহারদের বিদ্যা নিরাকরণ করিয়াছিলেন (২০) ফলতঃ যখন ঐশ্বরিক নূতন উৎকৃষ্ট শাস্ত্র মনুষ্য সমাজে প্রচারিত হয় তখন পুরাতন শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের গৌরব ত্বরায় হ্রাস পাইয়া থাকে। ২১। তাহাদের ঈর্ষার অপর কারণ এই যে য়েষূ অন্তর্যামীপ্রযুক্ত বাহ্যে শুদ্ধ অথচ অভ্যন্তরে মলীমস ঐ সকল লোককে প্রকাশ্যরূপে ভৎর্সনা করিয়াছিলেন। ২২। তাহাতে ঐ সকল লোক নিজ পুণ্যের অভিমানে তাঁহার ভৎর্সনায় রুষ্ট হইয়া আপনারদের ছদ্ম বেশ হর্ত্তা প্রভুর অনিষ্ট সাধন করিতে চেষ্টা করে। ২৩। অপর

অন্যচ্চ ভাবিনস্ত্রাতু র্বিষয়ে ভব্যবক্তৃভিঃ।
যদুক্তং তস্য তত্ত্বং তে নাবজগ্মুর্ভ্রমাম্বিতাঃ। ২৪।
অসৌ রাজপ্রতাপেন প্রাদুর্ভূয় মহাবলঃ।
অস্মৎসাদ্ মেদিনীং কুর্য্যাদিত্যাশাং চক্রিরে বৃথা। ২৫।
নৈষীদ্ য়েযূস্তু সাম্রাজ্যং সংস্থাপয়িতুমৈহিকং।
প্রষ্টুং তু ধর্ম্মসাম্রাজ্যং নষ্টপাপপরাক্রমং। ২৬।
তাদৃশং ধর্ম্মরাজ্যং তু ধর্ম্মরত্ন উদাসিনঃ।
সংসারাসক্তচেতস্কাস্তিরশ্চক্রু র্যহূদিনঃ। ২৭।
ইত্যাদিকারণাৎ য়েশ্বে দ্রুহ্যন্তস্তে দুরাত্মকাঃ।
সুযোগং তস্য ঘাতার্থং ততোঽম্বেষ্টুং প্রচক্রিরে। ২৮।
তজ্জ্ঞাত্বৈককঃ প্রভোঃ শিষ্যোযূদাখ্যো লোভকর্ষিতঃ।
দ্বিষামর্পয়িতুং হস্তে স্বং নাথং সমকল্পয়ৎ। ২৯।

কারণ এই যে ভবিষ্যদ্বক্তারা ভাবি ত্রাণকর্ত্তার বিষয়ে যাহা লিখিয়াছিলেন ঐ সকল ব্যক্তিরা মতিভ্রম প্রযুক্ত তাহার তাৎপর্য্য গ্রহ করিতে পারে নাই। ২৪। সুতরাং তাহারা এই বৃথা প্রত্যাশা করিত যে তিনি মহাবল পরাক্রম প্রবল প্রতাপ রাজার ন্যায় প্রাদুর্ভূত হইয়া অখিল ভূমণ্ডলকে আমাদের বশীভূত করিবেন। ২৫। কিন্তু য়েযূ সাংসারিক সাম্রাজ্য স্থাপন করিতে ইচ্ছা করেন নাই পাপের পরাক্রম নষ্ট করিয়া ধর্ম্মরাজ্য স্থাপন করিতে অভিলাষ করিয়াছিলেন। ২৬। যহূদিরা সংসারাসক্ত প্রযুক্ত ধর্ম্ম রত্ন অবহেলা করিয়া ঐ প্রকার ধর্ম্মরাজ্য তুচ্ছ বোধ করিত। ২৭। এই সকল কারণ বশতঃ ঐ দুরাত্মারা য়েযূর হিংসা করিয়া তাঁহার বধ করিবার উপায় চেষ্টা করিতে লাগিল। ২৮। য়েযূর যূদ নামে এক জন শিষ্য যহূদিদিগের ঐ চেষ্টা অবগত হইয়া অর্থ লোভে নিজ প্রভুকে শত্রু হস্তে সমর্পণ করিতে

ততোঽমীষাং প্রধানানাং যজ্বনাং পার্শ্বমাগতঃ।
তৈঃ সার্দ্ধং সংবিদং চক্রে তদ্ধস্তেঽর্পয়িতুং প্রভুং। ৩০।
তুষ্টাস্তু তদ্গিরা দ্রব্যং দাতুং তে প্রত্যজানত।
তুরভিপ্রায়সিদ্ধ্যৈ চ স সুযোগমচেষ্টত। ৩১।
তস্মিন্নবসরে য়েষূঃ সন্ধ্যায়াং শিষ্যসংযুতঃ।
নিস্তারোৎসবসঙ্ক্যর্থং রাজধানীং সমাগমৎ। ৩২।
প্রবৃত্তে ভোজনে শিষ্যান্নুদ্বিগ্নঃ প্রভুরব্রবীৎ।
যুষ্মন্মধ্যে পুমানেকো মাং পরেষ্বর্পয়েদিতি। ৩৩।
যুদাখ্যোঽসৌ শঠঃ শিষ্যৈস্তত্রাসীনোঽ পরৈঃ সহ।
প্রভূক্তমিঙ্গিতং শ্রুত্বা সদনাদ্ নির্যযৌ ততঃ। ৩৪।
শিষ্যাংস্ততোঽ চিরাদ্ ভব্যং জগতোঽপগমং নিজং।
বিজ্ঞাপ্য সান্ত্বয়ামাস বাক্যৈঃ শান্তিপ্রদৈঃ প্রভুঃ। ৩৫

সঙ্কল্প করিল। ২৯। এবং প্রধান যাজকদিগের নিকট আসিয়া তাহারদের সহিত এই পণ করিল যে তাঁহাকে তাহারদের হস্তে সমর্পণ করিবে। ৩০। ইহাতে তাহারা তুষ্ট হইয়া তাহাকে দ্রব্য দান করিতে প্রতিশ্রুত হইল সুতরাং সে ব্যক্তি সেই দুষ্ট অভিপ্রায় সিদ্ধ করিবার সুযোগ করিতে লাগিল। ৩১। ইতিমধ্যে য়েষূ সায়ংকালে শিষ্য সমভিব্যাহারে নিস্তার পর্ব্বোৎসব পালনার্থ রাজধানীতে গমন করিলেন। ৩২। সেখানে যখন ভোজন হইতে লাগিল তখন প্রভু উদ্বিগ্ন চিত্ত হইয়া শিষ্যদিগকে কহিলেন তোমারদের মধ্যে এক ব্যক্তি আমাকে বৈরি হস্তে সমর্পণ করিবে। ৩৩। যুদ নামক ঐ শঠ শিষ্য সে স্থলে অন্যান্য শিষ্যগণের সহিত উপবিষ্ট হইয়াছিল সে প্রভুর এই ইঙ্গিত বাক্য শ্রবণ করিয়া গৃহ হইতে বহির্গত হইল। ৩৪। তখন প্রভু জগৎ হইতে অবিলম্বে আপনার প্রয়াণের কথা শিষ্যগণকে জানাইয়া শান্তিকর বচন দ্বারা তাহাদিগকে সান্ত্বনা করিতে লাগিলেন। ৩৫

প্রত্যশ্রৌষীচ্চ সাহায্যং তেষাংকর্ত্তুং সদা স্বয়ং ।
পবিত্রস্যাত্মনো নীত্যা নিত্যং নায়য়িতুং চ তান্ । ৩৬ ।
ততঃ শিষ্যান্বিতো য়েযুর্নিষ্ক্রান্তো নগরান্নিশি ।
প্রাবিশৎ কিংচিদুদ্যানং প্রার্থনাং কর্ত্তুমুদ্যতঃ । ৩৭ ।
খিন্নাত্মা চার্থয়ৎ তাত যদি শক্যং তদা ময়া ।
ইদং মা ভুজ্যতাং দুঃখং যথা ত্বিচ্ছেস্তথাঽস্ত্বিতি । ৩৮ ।
তস্মিন্নবসরে বর্গং গৃহীত্বা শস্ত্রধারিণাং ।
প্রভুং ধারয়িতুং যূদস্ তদুদ্যানং সমাগমৎ । ৩৯ ।
যং চুম্বেয়ং স এবাসাবিতি সঙ্কেতমগ্রকঃ ।
সঙ্গিভ্যো দত্তবান্ য়েষূং শঠশ্চুম্বিতুমাযযৌ । ৪০ ।
বিশ্বাসঘ্নং তু তং য়েষূঃ প্রোচে কস্মৈ ত্বমাগতঃ ।
নৃপুত্রং পরহস্তেষু চুম্বনেন কিমর্পয়েঃ । ৪১ ।

এবং এই অঙ্গীকার করিলেন যে আমি স্বয়ং সর্ব্বদা তোমারদিগের সহায়তা করিব আর তোমাদিগকে সত্য মার্গে লইয়া যাইবার জন্য পবিত্র আত্মার আনুকূল্য দেওয়াইব । ৩৬ । অনন্তর য়েযূ রজনীযোগে শিষ্যগণের সহিত নগর হইতে নির্গত হইয়া প্রার্থনা করিতে উদ্যত হওত এক উদ্যানে প্রবেশ করিলেন । ৩৭ । সেখানে খিন্নাত্মা হইয়া এই প্রার্থনা করিলেন "হে তাত যদি সাধ্য হয় তবে আমাকে যেন এই দুঃখ ভোগ করিতে না হয় কিন্তু আপনার যেমত ইচ্ছা তাহাই হউক" ৩৮ । সেই অবসরে যূদ অনেক অস্ত্রধারি লোকের সহিত প্রভুকে ধরিবার নিমিত্ত ঐ উদ্যানে আসিল । ৩৯ । সে ব্যক্তি পূর্ব্বে সমভিব্যাহারিগণকে এই সঙ্কেত করিয়াছিল "আমি যাহাকে চুম্বন করিব তিনি সেই" পরে য়েযূকে চুম্বন করিতে ঐ শঠ অগ্রসর হইল ৪০ । কিন্তু য়েযূ সেই বিশ্বাসঘাতককে কহিলেন "তুমি কেন আসিয়াছ, তুমি কি চুম্বন দ্বারা মনুষ্য পুত্রকে পরহস্তে সম-

ততোঽস্ত্রধারিভির্য়েষ্বি ধৃতে তস্যানুযায়িনঃ।
প্রোচুঃ কিং প্রহরিষ্যামো বয়ং তান্ অসিনা প্রভো। ৪২
একঃ শিষ্যশ্চ পেত্রাখ্যঃ খড়্গধারী বিপক্ষিণাম্।
কঞ্চিৎ প্রহৃত্য খড়্গেন কর্ণং চিচ্ছেদ দক্ষিণং। ৪৩।
অনেনালমিতি প্রোচ্য ছিন্নকর্ণং জনং প্রভুঃ।
স্পৃশন্ সুস্থং ব্যধাৎ সদ্যঃ শিষ্যং চৈবমভাষত। ৪৪।

শ্রীয়েশূরুবাচ।

স্বতাতং প্রার্থ্য দূতানাং দ্বাদশভ্যোঽধিকাশ্চমূঃ।
অহং ন শক্নুয়াং লব্ধুমিতি কিং মন্যতে ত্বয়া। ৪৫।
পরন্তু চেৎ তথা কুর্য্যাং তর্হি যান্যুদ্দিশন্তি মাং।
প্রাচীনশাস্ত্রবাক্যানি তেষাং সিদ্ধিঃ কথং ভবেৎ। ৪৬।

র্পণ করিতেছ? ।৪১। পরে অস্ত্রধারি লোকেরা প্রভুকে ধারণ করিলে তাঁহার অনুচরগণ কহিল হে প্রভো আমারা কি ইহারদিগকে খড়্গাঘাত করিব?। ৪২। এবং পেত্রাখ্য একজন শিষ্য খড়্গধারী হইয়া বিপক্ষ দলের এক জনকে খড়্গাঘাত করিয়া তাহার দক্ষিণ কর্ণ ছেদন করিল। ৪৩। তাহাতে প্রভু "এমত করিও না" এই কথা কহিয়া ছিন্ন কর্ণ সেই ব্যক্তিকে সদ্য সুস্থ করিয়া শিষ্যকে এই উক্তি করিলেন। ৪৪।

শ্রীয়েশূর উক্তি।

তুমি কি মনে কর আমি নিজ পিতার নিকট প্রার্থনা করিলে দ্বাদশাধিক দল দূত প্রাপ্ত হইতে পারি না? (৪৫) কিন্তু আমি তাহা করিলে আমার উদ্দেশে প্রাচীন শাস্ত্রোক্ত যে২ বচন আছে তাহা কিরূপে সিদ্ধ হইবেক?। ৪৬।

বিদ্বানুবাচ।

তদা য়েযূমরুদ্ধন্তমপি বদ্ধা পদাতয়ঃ।
শ্রেষ্ঠস্য যজ্বনঃ সদ্ম নিন্যুঃ শিষ্যৈর্বিবর্জিতং। ৪৭।
ততঃ প্রধানযজ্বাঽসৌ শিষ্যাণাং চ মতস্য চ।
উদ্দেশে পৃষ্টবান্ য়েযূং লেভে চেদৃশমুত্তরম্। ৪৮।

শ্রীয়েযূরুবাচ।

যত্র সর্ব্বে সমায়ান্তি যহূদ্যা ভজনালয়ে।
মন্দিরে চ সদা তত্র সপ্রকাশমশিক্ষয়ম্। ৪৯।
রহস্যং নাবদং কিঞ্চিদ্ মাং কিমর্থায় পৃচ্ছসি।
শ্রোতারো মে তু পৃচ্ছ্যন্তাং মদুক্তানি বিদন্তি তে। ৫০।

বিদ্বানের উক্তি।

অনন্তর নির্ব্বিরোধি য়েযূ শিষ্যগণ দ্বারা ত্যক্ত হইলেও পদাতিক সেনারা তাঁহাকে বন্ধন করিয়া প্রধান যাজকের ভবনে লইয়া গেল ।। ৪৭ ।। প্রধান যাজক য়েযূর শিষ্য এবং মতের উদ্দেশে তাঁহাকে প্রশ্ন করাতে তিনি এই প্রকার উত্তর করিলেন। ৪৮।

শ্রীয়েযূর উক্তি।

যে২ ভজনালয় ও মন্দির সকলে যহূদিরা একত্র হইয়া থাকে তথায় সর্ব্ব সমক্ষে সর্ব্বদাই আমি লোকদিগকে শিক্ষা দিয়া থাকি। ৪৯। আমি নির্জ্জনে কোন কথা কহি নাই আপনি আমাকে কেন প্রশ্ন করেন? আমার শ্রোতারদিগকে জিজ্ঞাসা করুন, তাহারা আমার উক্তি সকলি জানে। ৫০।

বিদ্বানুবাচ।

দুষ্টাস্তু বধদণ্ডার্হং য়েযুং নির্ণেতুমিচ্ছবঃ।
যজ্বানঃ সাক্ষ্যমন্বৈচ্ছন্ কিঞ্চিৎ নাপুস্তু সঙ্গতং। ৫১।
তৎপশ্চাদ্ অগ্রিমো যজ্বা সমুত্থায়াব্রবীৎ প্রভুং।
নিশম্য সাক্ষ্যমেতেষামুত্তরং কিং ন যচ্ছসি। ৫২।
ইদন্তু যজ্বনা প্রোক্তমপি শ্রুত্বাঽনঘঃ প্রভুঃ।
নাযচ্ছদুত্তরং কিঞ্চিৎ ততোঽসৌ পুনরব্রবীৎ। ৫৩।

অগ্রিমো যজ্বোবাচ।

সত্যেশশপথেন ত্বাং শাপয়ামি ত্বয়োচ্যতাং।
কিং খৃষ্টঃ পরমেশস্য সূনুস্ত্বং বিদ্যসে ন বা। ৫৪।

বিদ্বানের উক্তি।

দুষ্ট যাজকেরা প্রভুকে বধার্হ বলিয়া ধার্য্য করিতে ইচ্ছা করত প্রমাণ অন্বেষণ করিতে লাগিল কিন্তু সঙ্গত সাক্ষ্য কিছুই পাইল না। ৫১। অনন্তর প্রধান যাজক গাত্রোত্থান পূর্ব্বক প্রভুকে কহিল “এই সকল লোকের সাক্ষ্য শুনিয়া তুমি কি কোন উত্তর দিবা না”। ৫২। কিন্তু নিরপরাধ প্রভু যাজকের এই বাক্য শুনিয়াও কোন উত্তর দিলেন না তাহাতে যাজক পুনশ্চ কহিল। ৫৩।

প্রধান যাজকের উক্তি।

তোমাকে পরমেশ্বরের শপথ দিতেছি তুমি পরমেশ্বরের পুত্র খৃষ্ট কি না তাহা কহ। ৫৪।

শ্রীয়েযূরুবাচ।

ত্বদুদ্দিষ্টঃ স এবাহং, সর্ব্বশক্তেশ্চ দক্ষিণে।
নৃপুত্রং দ্রক্ষ্যথাসীনমায়ান্তং বা ঘনোপরি। ৫৫।

বিদ্বানুবাচ।

তচ্ছ্রুত্বা সোঽগ্রিমো যজ্বা বস্ত্রং ছিত্ত্বা সভাস্থিতান্।
যজ্বাদীনিতরান্ প্রোচে নিন্দত্যেষ পরেশ্বরম্। ৫৬।
অধিকেনাধুনাঽস্মাকং কিং সাক্ষ্যেণ প্রয়োজনম্।
নিন্দা ভবদ্ভিরশ্রাবি ভবতামত্র কিং মতম্। ৫৭।
তন্নিশম্য বিরোধান্ধাঃ সকলা দোষবর্জ্জিতম্।
শ্রীয়েযুং বধদণ্ডার্হং বিনির্ণিন্যুঃ সভাসদঃ। ৫৮।
ততঃ কেচন নিষ্ঠীবং তস্য বক্তে নিচিক্ষিপুঃ।
চপেটৈঃ প্রাহরন্নন্যে উপহাসঞ্চ চক্রিরে। ৫৯।

শ্রীযেযূর উক্তি।

তুমি যেমত কহিলা, আমি সেই বটি, তুমি পরে দেখিতে পাইবা যে মনুষ্য পুত্র সর্ব্বশক্তিমানের দক্ষিণে উপবিষ্ট আছেন এবং তাহাকে মেঘারূঢ় হইয়া আগমন করিতেও দেখিবা। ৫৫।

বিদ্বানের উক্তি।

প্রধান যাজক ঐ বাক্য শুনিয়া আপন বস্ত্র ছিন্ন করিয়া সভা স্থিত অন্যং যাজক প্রভৃতি সকলকে কহিলেন ইনি ঈশ্বরের নিন্দা করিতেছেন। ৫৬। অতএব আমারদের অধিক সাক্ষির প্রয়োজন কি? তোমরা আপনারাই ইহার মুখে ঈশ্বরের নিন্দা-বাদ শুনিলা, এ বিষয়ে তোমারদের কি বিচার হয়? ৫৭। সভা-সদ সকলে তাঁহার বাক্য শুনিয়া বিরোধান্ধতা প্রযুক্ত নির্দ্দোষ য়েষূকে বধ দণ্ডার্হ বলিয়া নির্ণয় করিল। ৫৮। তাহাতে কেহং তাঁহার মুখে থুথু দিতে লাগিল কেহং বা তাঁহাকে চপেটাঘাত

যৎকালে শ্রীপ্রভু র্য়েষু র্বভ্রাজে ভূমিমণ্ডলে।
তদা রৌম্যস্ত সম্রাজো নিঘ্না আসন্ যহূদিনঃ। ৬০।
সম্রাজা চামুনা কশ্চিৎ নিযুক্তো রাষ্ট্রশাসনে।
পীলাতনামকোঽধ্যক্ষস্তত্র নীবৃত্যবর্ত্তত। ৬১।
অতঃ সভাসদঃ সর্ব্বে বধ্যং নির্ণীয় সৎপ্রভুং।
বধায়ানুমতিং লব্ধুং নিন্যুঃ পীলাতসন্নিধিম্। ৬২।
ঊচিরে চায়মাত্মানমভিষিক্তং নৃপং বদন্।
লোকান্ রৌম্যায় সম্রাজে করদানে নিষেধতি। ৬৩।
ততস্ ত্বং কিং যহূদ্যানাং রাজেত্থং পৃষ্টবান্ প্রভুং।
পীলাত উত্তরং প্রাপ মম রাজ্যং ন লৌকিকং। ৬৪।
লৌকিকং হ্যভবিষ্যচ্চেদ্ রাজ্যং মে তর্হি মামকাঃ।
ভৃত্যা মা রক্ষিতুং হস্তাদযোৎস্যন্ত বিরোধিনাম্। ৬৫।

করিয়া উপহাস করিল। ৫৯। যৎকালে প্রভু য়েষু পৃথিবী মণ্ডলে বিরাজমান ছিলেন তৎকালে যহূদি লোকেরা রোম রাজের অধীন ছিল। ৬০। সেই মহারাজ ঐ দেশ শাসনার্থ পীলাত নামে একজন অধ্যক্ষ নিযুক্ত করিয়াছিলেন তিনি তৎকালে ঐ নগরে অবস্থিতি করিতেন। ৬১। অতএব সভাসদ সকলে ঐ সৎপ্রভুকে বধ দণ্ডার্হ নিশ্চয় করিয়া বধ করিবার অনুমতি প্রাপ্তির নিমিত্ত তাঁহাকে পীলাতের সন্নিধানে লইয়া গেল (৬২) এবং কহিল এই ব্যক্তি অভিষিক্ত নৃপ বলিয়া আপনার পরিচয় দিয়া প্রজাগণকে কহে যে তোমরা রোম রাজকে কর দান করিও না। ৬৩। তখন অধ্যক্ষ প্রভুকে জিজ্ঞাসা করিলেন, তুমি কি যহূদিদিগের রাজা? তাহাতে প্রভু উত্তর করিলেন, আমার রাজ্য লৌকিক নহে (৬৪) আমার রাজ্য যদি জগতের মধ্যে থাকিত তবে আমার সেবকেরা বিরোধি জনগণের হস্ত হইতে আমাকে রক্ষা

পরন্তু বস্তুতো রাজ্যং মম তাদৃগ্ ন বিদ্যতে।
সত্যস্য ভবিতুং সাক্ষী জগত্যামহমাগতঃ। ৬৬।
এতন্নিশম্য পীলাতো যাজকাদীনভাষত।
এতস্মিন্ পুরুষে দোষমহং নাপ্নোমি কঞ্চন। ৬৭
তচ্ছ্রুত্বা যজনাং শ্রেষ্ঠা অভিযোক্তুং প্রভুং পুনঃ।
প্রাবর্ত্তন্ত সুবেগেন কিন্ত্বসৌ নীরবঃ স্থিতঃ। ৬৮।
তৎপশ্চাৎ পুনরধ্যক্ষো যহূদ্যানব্রবীদিদম্।
যুষ্মাভিরভিযুক্তোঽহয়ং নির্দ্দোষঃ প্রাপ্যতে ময়া। ৬৯।
অনেন বধ দণ্ডার্হা ন কৃতা কাপি দুষ্ক্রিয়া।
অতস্তং তাড়য়িত্বাঽহং মোচয়িষ্যামি বন্ধনাৎ। ৭০।
ইতি প্রোবাচ পীলাতো বধার্দ্ যেষুং রিরক্ষিষন্।
কশাতাড়নমাত্রেণ দ্বিষামীর্ষ্যাং তিতর্পিষন্। ৭১।

করণার্থ যুদ্ধ করিত। ৬৫। ফলতঃ আমার রাজ্য বাস্তবিক সংসার সংশ্লিষ্ট নহে, আমি সত্যের সাক্ষী হওনার্থ জগতে আসিয়াছি। ৬৬। পীলাত এই কথা শুনিয়া যাজকাদি লোককে কহিলেন "আমি এই ব্যক্তির কোন দোষ দেখিতে পাই না"। ৬৭। তাহাতে প্রধান যাজকেরা বাগাড়ম্বর করিয়া পুনর্ব্বার প্রভুর প্রতি অভিযোগ করিতে লাগিল কিন্তু তিনি নীরব হইয়া থাকিলেন। ৬৮। অনন্তর অধ্যক্ষ যহূদিদিগকে পুনর্ব্বার কহিলেন "তোমারদের কর্ত্তৃক অপবাদিত এই ব্যক্তি আমার বোধে নির্দ্দোষী। ৬৯। ইনি প্রাণদণ্ডের উপযুক্ত কোন দুষ্ক্রিয়া করেন নাই অতএব আমি ইহাকে তাড়না করিয়া বন্ধন হইতে মুক্ত করি"। ৭০। পীলাত যেযূকে বধ দণ্ড হইতে রক্ষা করিতে এবং কেবল কশাঘাত দ্বারা তাঁহার শত্রুবর্গের ঈর্ষ্যা তৃপ্তি করিতে মানস করিয়া ঐ বাক্য কহিলেন। ৭১। পশ্চাৎ যেযূকে কশাঘাতে

ততোঽধ্যক্ষঃ কশাঘাতৈর্য়েষূং প্রাহারয়দ্ ভৃশম্।
সৈন্যাশ্চ নির্দ্দয়াঃ ক্লিষ্টং বাধিতুং প্রারভন্ত তং ॥ ৭২ ॥
ধূম্রাভং রাজবস্ত্রং হি গৃহীত্বা পর্য্যধাপয়ন্।
কিরীটং কণ্টকৈর্বদ্ধা চার্পয়ংস্তস্য মস্তকে ॥ ৭৩ ॥
প্রণম্য চোপহাসেন তিরস্কৃত্য ববন্দিরে।
নমো যহূদিনাং রাজ্ঞে তুভ্যমিত্যাদিবাদিনঃ ॥ ৭৪ ॥
ততো যহূদিনাং হৃৎসু করুণোৎপাদনেচ্ছয়া।
পীলাতো বহিরানীয় সাক্ষাদ্ অস্থাপয়ৎ প্রভুং ॥ ৭৫ ॥
ধূম্রৈর্বস্ত্রৈঃ পরিচ্ছন্নং কণ্টকৈশ্চ কিরীটিনম্।
তং ক্লিষ্টং দর্শয়ংশ্চোচে নরোঽয়ং দৃশ্যতামিতি ॥ ৭৬ ॥
য়েষূং তু শ্রেষ্ঠযজ্বাদ্যা দৃষ্ট্বা নেদুর্মুহুর্মুহুঃ।
শূলেঽয়ং বিধ্যতাং শূলে বিধ্যতামিতিবাদিনঃ ॥ ৭৭ ॥

বারম্বার প্রহার করিলেন এবং নির্দ্দয় সৈন্যেরা প্রভু ক্লিষ্ট হইলেও তাঁহাকে বন্ধন করিবার উপক্রম করিল। ৭২। আর ধূম্রবর্ণ রাজপরিচ্ছদ আনিয়া তাঁহাকে পরিধান করাইল তথা কণ্টকময় কিরীট নির্ম্মাণ করিয়া তাঁহার মস্তকে অর্পণ করিল। ৭৩। এবং পরিহাস পূর্ব্বক প্রণাম করিতে২ তিরস্কার স্বরূপে বন্দনা করিয়া এই বাক্য কহিতে লাগিল হে যহূদিদিগের রাজা, তোমাকে নমস্কার। ৭৪। অনন্তর পীলাত যহূদিদিগের অন্তঃকরণে করুণার সঞ্চার করাইতে বাসনা করিয়া প্রভুকে বাহিরে আনিয়া তাহারদের সাক্ষাতে দণ্ডায়মান করাইলেন। ৭৫। এবং ধূম্র বস্ত্র পরিহিত ও কণ্টকময় মুকুট ধারি ক্লিষ্ট প্রভুকে দেখাইয়া কহিলেন এই মনুষ্যকে দেখ। ৭৬। কিন্তু প্রধান যাজক প্রভৃতি সকলে য়েষূকে দেখিয়া চীৎকার শব্দে বারম্বার কহিতে লাগিল ইহাকে শূলে বিদ্ধ কর ইহাকে শূলে বিদ্ধ কর। ৭৭। তখন পীলাত কহি-

পীলাতস্তুবদদ্ যূয়ং শূলে তং বিধ্যত স্বয়ং ।
যতঃ কোঽপি ময়া তস্মিন্নপরাধো ন দৃশ্যতে ॥ ৭৮ ॥
ততো যহূদিনঃ প্রোচুরস্মচ্ছাস্ত্রানুসারতঃ ।
বধার্হোঽয়ং যতঃ স স্বমীশপুত্রমকল্পয়ৎ ॥ ৭৯ ॥
এতদ্ নিশম্য পীলাতো ভীতবান্ রাজসদ্মনি ।
প্রবিশ্য প্রভুমপ্রাক্ষীৎ সমুৎপত্তিঃ কুতস্তব ॥ ৮০ ॥
তৎপ্রশ্নস্যোত্তরং কিঞ্চিদ্ নাপ্যাঽধ্যক্ষোঽব্রবীৎ পুনঃ ।
কিং মহ্যং পৃচ্ছতে কিঞ্চিদুত্তরং ন প্রদাস্যসি ॥ ৮১ ॥
শূলে ব্যাধয়িতুং বা ত্বাং কিম্বা মোচয়িতুং বধাৎ ।
অধিকারো মমাস্তীতি কিং ন বিজ্ঞায়তে ত্বয়া ॥ ৮২ ॥
তচ্ছ্রুত্বা ত্ববদদ্ য়েষুরীশশ্চেদ্ নাস্বমংস্যত ।
তদা কোঽপ্যধিকারস্তে নাভবিষ্যদ্ মমোপরি ॥ ৮৩ ॥

লেন তবে তোমরা আপনারাই ইহাকে শূলে বিদ্ধ কর আমি ইহাতে কোন অপরাধ দেখি না। ৭৮। তাহাতে যহূদিরা কহিল আমারদের শাস্ত্রানুসারে এব্যক্তি বধার্হ হইয়াছে কেননা এ আপনাকে ঈশ্বর পুত্র বলিয়া কল্পনা করে। ৭৯। পীলাত এই কথা শুনিয়া ভয় প্রযুক্ত রাজসদনে প্রবেশ করিয়া প্রভুকে জিজ্ঞাসা করিলেন তোমার উৎপত্তি কোথা হইতে হইয়াছে। ৮০। কিন্তু ঐ প্রশ্নের কোন উত্তর না পাইয়া পুনশ্চ কহিলেন "আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি তুমি কি আমাকে উত্তর দিবা না? ৮১। তুমি কি জানন, যে আমার এমত ক্ষমতা আছে যে তোমাকে শূলে বিদ্ধ করিতে অথবা বধ দণ্ড হইতে মুক্ত করিতে পারি। ৮২। য়েষূ ঐকথা শুনিয়া কহিলেন ঈশ্বরের অভিমত না হইলে আমার উপর তোমার কোন অধিকার থাকিত না। ৮৩। পরে ঐ অধ্যক্ষ

ততো মোচয়িতুং য়েষুমধ্যক্ষঃ পুনরৈহত।
জ্ঞাত্বা তু তস্য সঙ্কল্পং প্রোচ্চৈ র্নেদু র্যহূদিনঃ ॥ ৮৪ ॥

যহূদিন উচুঃ।

চেদেনং মোচয়েস্তর্হি সম্রাজো ন ভবেৰ্হিতঃ।
যো হ্যাত্মানং নৃপং বক্তি সম্রাজং বিরুণদ্ধি সঃ ॥ ৮৫ ॥

গ্রিস্থানুবাচ।

তদানীং প্রভুমুদ্ধর্ত্তুং ব্যর্থং পশ্যন্ স্বচেষ্টনম্।
করৌ প্রক্ষাল্য পীলাতো লোকসাক্ষাদভাষত॥ ৮৬ ॥

পীলাত উবাচ।

সতোঽস্য রক্তপাতস্য বিষয়ে নির্ম্মলোঽস্ম্যহং।
এতদ্দুষ্কর্ম্মণো জন্যং যুষ্মাভিভুর্জ্যতাং কলম্ ॥ ৮৭ ॥

পুনশ্চ য়েযূকে মুক্ত করিতে চেষ্টা করিলেন। যহূদিরা তাঁহার সঙ্কল্প বুঝিয়া পুনর্ব্বার উচ্চৈঃশব্দে চীৎকার করিয়া কহিল। যথা। ৮৪।

যহূদিদিগের উক্তি।

তুমি যদি ইহাকে মুক্ত কর তবে আমারদের সম্রাটের মঙ্গলেচ্ছু নহ কেননা যে ব্যক্তি আপনাকে রাজা বলিয়া প্রচার করে সে সম্রাটের বিরোধী। ৮৫।

বিদ্বানের উক্তি।

অনন্তর পীলাত দেখিলেন প্রভুকে উদ্ধার করিতে যত চেষ্টা করিলেন সকলই বৃথা হইল অতএব হস্ত প্রক্ষালন পূর্ব্বক লোকদিগের সাক্ষাৎ এই বাক্য কহিলেন। যথা। ৮৬।

পীলাতের উক্তি।

আমি এই সাধু পুরুষের রক্তপাতে নির্দ্দোষ, তোমারাই এই দুষ্কর্ম্মের ফল ভোগ করিবা। ৮৭।

বিদ্বানুবাচ।

তদা লোকাঃ সমে প্রোচুঃ ফলং তদ্রক্তপাতজং।
অস্মাভিরস্মদীয়ৈশ্চ সন্তানৈর্ভুজ্যতামিতি ॥ ৮৮ ॥
ততোহধ্যক্ষঃ প্রভুং তেষু শূলবেধার্থমার্পয়ৎ।
গৃহীত্বা তে চ তং নিন্যু র্দণ্ডনায় পুরাদ্বহিঃ ॥ ৮৯ ॥
তথা শূলং বহন্ স্কন্ধে নিশ্চক্রাম পুরাৎ প্রভুঃ।
মার্গে গচ্ছংস্তু চক্লাম শূলভারেণ পীড়িতঃ ॥ ৯০ ॥
অতস্তদ্রক্ষকা যান্তং প্রাপ্য কঞ্চিজ্জনং পথি।
বহনায় প্রভোঃ পশ্চাৎ তৎস্কন্ধে শূলমার্পয়ন্ ॥ ৯১ ॥
এবং ব্যূহেন লোকানাং মহতা সহিতঃ প্রভুঃ।
স্ত্রীভিশ্চ বিলপন্তীভিরুপতস্থে বধালয়ম্ ॥ ৯২ ॥

বিদ্বানের উক্তি।

তখন সকল লোকে কহিল ইহার রক্তপাতের ফল আমারদের ও আমারদের সন্তানগণের ভোগে আইসুক। ৮৮। পরে ঐ অধ্যক্ষ প্রভুকে শূলে বিদ্ধ করিয়া হত করিবার নিমিত্ত তাহারদের হস্তে সমর্পণ করিল এবং তাহারা তাঁহাকে দণ্ড দিবার নিমিত্ত নগরের বাহিরে লইয়া গেল। ৮৯। প্রভু স্কন্ধে শূল বহন করত নগরের বাহিরে গমন করিলেন কিন্তু পথিমধ্যে যাইতে২ শূলের ভারে পীড়িত হইয়া ক্লান্ত হইলেন। ৯০। তাহাতে তাঁহার রক্ষকেরা পথিমধ্যে এক জন লোককে গমন করিতে দেখিয়া প্রভুর পশ্চাৎ২ শূল বহন করিয়া যাইবার নিমিত্ত তাহার স্কন্ধে ঐ শূল সমর্পণ করিল। ৯১। এই প্রকারে অনেক জনতা এবং কতিপয় বিলাপ কারিণী নারী সমভিব্যাহারে প্রভু বধ দণ্ডের স্থলে উপনীত হইলেন। ৯২।

সত্যার্থ্যুবাচ।

যং দণ্ডনায় বধ্যানাং রোমিণো ব্যবজহ্রিরে।
স কিম্প্রকারকঃ শূল আসীদিত্থং গুরো বদ॥ ৯৩॥

বিদ্বানুবাচ।

শূলস্তে রোমিভি র্দ্বাভ্যাং দারুভ্যাং নিরমীয়ত।
তদেকং ক্ষয়মন্যচ্চ তির্য্যক্ তস্মিন্নবধ্যত॥ ৯৪॥
যন্ত্রস্থাধস্তনে ভাগে দৃঢ়মারোপিতে ভুবি।
সার্দ্ধব্যামোন্নতং তস্থৌ তির্য্যক্ কাষ্ঠং মহীতলাৎ॥ ৯৫॥
তস্মিংস্তিরশ্চি কাষ্ঠে তু বিততৌ দোষিণঃ করৌ।
লৌহৈঃ কীলৈ রবিধ্যেতাং পাদৌ লম্বে চ দারুণি॥ ৯৬॥
বিদ্ধাঙ্ঘ্রিপাণয়স্তদ্বল্লম্বমানাশ্চ দোষিণঃ।
সুতীব্রাং বেদনাম্ভুক্ত্বা শনৈঃ পঞ্চত্বমাপ্নুবন্॥ ৯৭॥

সত্যার্থির উক্তি।

হে গুরো, রোমীয় লোকেরা বধার্হ লোকের দণ্ডার্থ যে শূল ব্যবহার করিত সে কি প্রকার ছিল তাহা কহুন। ৯৩।

বিদ্বানের উক্তি।

রোমীয় লোকেরা দুই খান কাষ্ঠেতে শূল নির্ম্মাণ করিত তাহার মধ্যে এক খান কাষ্ঠ লম্ব স্বরূপ অন্য খান তির্য্যক্ ভাবে তাহাতে বদ্ধ থাকিত। ৯৪। ঐ যন্ত্রের নিম্ন ভাগ ভূমিতে দৃঢ় রূপে প্রোথিত হইত আর তির্য্যক্ ভাবে বদ্ধ কাষ্ঠ ধরাতলের ছয় হস্ত উপরে থাকিত। ৯৫। দণ্ডার্হ লোকের দুই হস্ত ঐ তির্য্যক্ কাষ্ঠে বিস্তারিত করিয়া লৌহময় শলাতে বিদ্ধ করা যাইত এবং পাদ-দ্বয় লম্ব কাষ্ঠে সংলগ্ন করা যাইত। ৯৬। দোষি লোকেরা ঐ রূপে হস্ত পদে বিদ্ধ হইয়া লম্বমান অবস্থায় নিদারুণ যন্ত্রণা ভোগ করত ক্রমশঃ পঞ্চত্ব প্রাপ্ত হইত। ৯৭। দণ্ড-

শ্রীয়েষূং তদ্বিধে শূলে বিব্যধুর্দণ্ডপাশিকাঃ।
দ্বয়োস্তস্করয়োর্মধ্যে দোষবন্তমিবানঘং॥ ৯৮॥
তদানীং ভব্যবাদ্যুক্তং সিদ্ধং প্রাপ্নোদিদং বচঃ।
নৃণাং দুষ্কর্ম্মণাং মধ্যে গণিতোঽভূদসাবিতি॥ ৯৯॥
তন্মস্তকোপরীয়ঞ্চ ত্রিভাষা লিপিরার্পিত।
য়েষূর্নসরতীয়োঽয়মস্তি রাজা যহূদিনাং॥ ১০০॥
বিদ্ধাঙ্গো যাতনাং তীব্রাং ভুঞ্জানোঽপ্যার্থয়ৎ প্রভুঃ।
ক্ষমস্ব তান্ পিতর্যদ্ধি কুর্ব্বতে তন্ন জানতে॥ ১০১॥
তদানীং শ্রেষ্ঠযজ্বাদ্যা উপহস্যাব্রুবন্ মিথঃ।
ররক্ষ সোঽপরান্ কিন্তু স্বং ন শক্নোতি রক্ষিতুং॥১০২॥
স চেদ্ যহূদিনাং রাজা শূলাত্তর্হ্যবরোহতু।
তান্তু দৃষ্ট্বা প্রত্যয়ং তস্মিন্ করিষ্যামস্তদা বয়ম্॥ ১০৩॥

কারী লোকেরা অনঘ য়েষূকে ঐ প্রকার শূলে দোষির ন্যায় বিদ্ধ করিয়া দুই তস্করের মধ্যে টাঙ্গাইল। ৯৮। তখন ভব্যবাদির এই বচন সিদ্ধ হইল যথা, " তিনি দুষ্কর্ম্ম লোকের মধ্যে গণিত হইলেন "। ৯৯। আর তাঁহার মস্তকের উপর তিন ভাষায় লিখিত এই লিপি অর্পিত হইল যথা, " এই নসরতীয় য়েষূ যহূদিদিগের রাজা "। ১০০। যদিও প্রভুর অঙ্গ বিদ্ধ হইল আর তাঁহার দারুণ যাতনা ভোগ হইয়াছিল তথাপি তিনি ঐ ঘাতুক লোকদের জন্য এই প্রার্থনা করিলেন " হে পিতঃ ইহারদিগকে ক্ষমা কর কেননা ইহারা কি করিতেছে তাহা জানে না "। ১০১। তখন প্রধান যাজক প্রভৃতি সকলে উপহাস করিয়া পরস্পর কহিতে লাগিল " ইনি পরকে রক্ষা করিয়াছেন কিন্তু আপনাকে রক্ষা করিতে পারিলেন না। ১০২। যদি ইনি যহূদিদিগের রাজা হয়েন তবে শূল হইতে অবরোহণ করুন দেখি, তাহা দেখিলে আমরা ইহাঁর প্রতি বিশ্বাস করিব। ১০৩। ইনি আপনাকে

স স্বমীশাত্মজং প্রোচে ব্যশ্বসীচ্চ পরেশ্বরে।
চেদীশঃ প্রীয়তে তস্মিংস্তর্হীদানীমবত্বিতি ॥ ১০৪ ॥
পরন্ত স্তেনয়োরেকঃ সমীপে লম্বমানয়োঃ।
প্রভোর্ব্বিবিচ্য মাহাত্ম্যং সবিশ্বাসোঽব্রবীদিদং ॥ ১০৫ ॥

দস্যুরুবাচ।

যস্মিন্নহ্নি স্বেন রাজত্বেনাগমিষ্যসি।
তদানীং মাং প্রসাদেন স্মরেতি প্রার্থয়ে প্রভো ॥ ১০৬॥

বিদ্বানুবাচ।

তস্য বিশ্বাসিনঃ শ্রুত্বা প্রার্থনাং প্রভুরুক্তবান্।
অদ্যৈব ত্বং ময়া সার্দ্ধং সুখোদ্যানমবাপ্স্যসি ॥ ১০৭ ॥

ঈশ্বর পুত্র বলিয়া প্রচার করিয়াছেন এবং পরমেশ্বরেতে বিশ্বাস করেন ঈশ্বর যদি ইহাঁর উপর প্রীতি রাখেন তবে এক্ষণে রক্ষা করুন না"। ১০৪। কিন্তু তাঁহার সমীপে যে দুই তস্কর লম্বমান ছিল তাহারদের মধ্যে এক জন প্রভুর মাহাত্ম্য জানিতে পারিয়া তাঁহাতে বিশ্বাস করিয়া এই কহিল।

তস্করের উক্তি।

হে প্রভো, তোমার নিকট আমার প্রার্থনা এই, আপনি যে দিবসে নিজ রাজ্যে আগমন করিবেন সেই দিনে করুণা করিয়া আমাকে যেন স্মরণ করেন। ১০৬।

বিদ্বানের উক্তি।

প্রভু ঐ বিশ্বাসি তস্করের প্রার্থনা শ্রবণ করিয়া কহিলেন "অদ্যই তুমি আমার সহিত সুখোদ্যান প্রাপ্ত হইবা"। ১০৭।

ততশ্ছন্নে রবৌ ধ্বান্তং দ্বিতীয়প্রহরাবধি ।
তৃতীয়যামপর্য্যন্তং সর্ব্বং দেশং সমাবৃণোৎ ॥ ১০৮ ॥
তৃতীয়ে প্রহরে য়েযুস্ত্বেবমুচ্চৈরুদীরয়ৎ ।
হে মদীশ মদীয়েশ কুতো মা বিসসর্জ্জিথ ॥ ১০৯ ॥
ততোঽচিরাৎ পরং য়েযুরূচে সিদ্ধমভূদিতি ।
হে পিতস্তাবকে হস্তে স্বমাত্মানং সমর্পয়ে ॥ ১১০ ॥
তথাত্মানং বলিং দত্ত্বা নৃত্রাণায়েশ্বরেচ্ছয়া ।
মূর্দ্ধানং নময়ন্ য়েযুর্নিজপ্রাণানবর্জয়ৎ ॥ ১১১ ॥
তদ্দেশমন্দিরস্থান্তঃ প্রতিসীরা ব্যদীর্য্যত ।
বসুন্ধরা চকম্পে চ পুস্ফুটুশ্চ শিলোচ্চয়াঃ ॥ ১১২ ॥
যশ্চাসীৎ শতসৈন্যেশো নিযুক্তো রক্ষণে প্রভোঃ ।
স ভূকম্পাদি দৃষ্ট্বোচে নিতরাম্ অয়মীশজঃ ॥ ১১৩ ॥

অনন্তর সূর্য্য আচ্ছন্ন হইলে দ্বিতীয় প্রহর অবধি তৃতীয় প্রহর
পর্য্যন্ত সর্ব্ব দেশ অন্ধকারাবৃত হইল । ১০৮ । পরে তৃতীয় প্রহর
সময়ে য়েযু উচ্চৈঃস্বরে রোদন করিয়া কহিলেন "হে আমার
ঈশ্বর হে আমার ঈশ্বর কেন তুমি আমাকে ত্যাগ করিলা" ।১০৯।
অনন্তর অবিলম্বে কহিলেন "সিদ্ধ হইল, হে পিতঃ আমি
তোমার হস্তে আপন প্রাণ সমর্পণ করিতেছি"। ১১০ । পরে প্রভু
মনুষ্য লোকের ত্রাণার্থ ঈশ্বরেচ্ছায় এপ্রকারে আপনাকে বলিদান
করিয়া মস্তক অবনত করত প্রাণ ত্যাগ করিলেন । ১১১ । তৎকালে
ঈশ্বর মন্দিরের অভ্যন্তরস্থ যবনিকা বিদীর্ণ হইল এবং পৃথিবী
কম্পমান ও পর্ব্বত সকল স্ফুটিত হইতে লাগিল । ১১২ । তাহাতে
যে শত সেনানী প্রভুর রক্ষক পদে নিযুক্ত হইয়াছিল সে ঐ সকল
ভূমিকম্পাদি দেখিয়া কহিল "ইনি অবশ্য ঈশ্বরের পুত্র
ছিলেন" । ১১৩ । অনন্তর যোসেফ নামক য়েযু ভক্ত এক জন

পশ্চাৎ কশ্চিৎ প্রভো র্ভক্তো যোসেফাখ্যো মহাজনঃ।
পীলাতসন্নিধিং গত্বা য়েশোর্দেহমযাচত ॥ ১১৪ ॥
তল্লব্ধ্বা শুচিবস্ত্রেণ বেষ্টয়িত্বা স ধার্ম্মিকঃ।
নিজে নূত্নে শিলাখাতে শ্মশানেহন্তঃ সমার্পয়ৎ॥ ১১৫॥
য়েশো দেহং তু শিষ্যাণাং কোহপি হর্ত্তুং ন শক্নুয়াৎ।
ইত্যাশয়েন যজ্বাগ্র্যাঃ শ্মশানং সমরক্ষয়ন্॥ ১১৬ ॥
ইতি শ্রীয়েযুখৃষ্টমাহাত্ম্যে য়েশোঃ প্রাণসমর্পণং নাম।
পঞ্চমোহধ্যায়ঃ ॥

সত্যার্থ্যুবাচ।

শ্মশানাৎ পুনরুত্থাতা তৃতীয়েহহ্নি নরাত্মজঃ।
ইত্যেতৎ সৎপ্রভো র্বাক্যং কথং সিদ্ধমভূদ্ গুরো॥ ১॥

প্রধান লোক পীলাতের নিকট গমন করিয়া প্রভুর দেহ যাচ্ঞা করিলেন। ১১৪। এবং সেই ধার্ম্মিক পুরুষ তাঁহার দেহ লইয়া শুচি বস্ত্রে বেষ্টিত করত নূতন শিলাখাত সমাধি অর্থাৎ শ্মশানের মধ্যে স্থাপন করিলেন। ১১৫। কিন্তু শিষ্যেরা কেহ য়েশুর দেহ হরণ করিতে না পারে এই অভিপ্রায়ে প্রধান যাজকেরা সেই শ্মশানের রক্ষা করিতে রক্ষক নিযুক্ত করিল। ১১৬।

ইতি শ্রীয়েযুখৃষ্ট মহাত্ম্য নামক গ্রন্থে য়েশুর প্রাণ-
সমর্পণ নামে পঞ্চম অধ্যায়।

সত্যার্থির উক্তি।

প্রভু কহিয়াছিলেন যে মনুষ্য পুত্র তৃতীয় দিবসে পুনরুত্থান করিবেন হে গুরো সে বাক্য কি প্রকারে সিদ্ধ হইল। ১।

বিদ্বানুবাচ।

প্রভু র্মহাদ্ভুতাং শক্তিং দর্শয়িত্বা প্রতাপবান্।
বলং ভঙ্ক্ষ্যাদ্ দ্বিষামিত্থমনুগাস্তস্য মেনিরে ॥ ২ ॥
যদা তু শত্রবো য়েষুম্ অরুন্ধন্তমমারয়ন্।
ভগ্নাশাস্তে তদা সর্ব্বে শিষ্যা জগ্মু র্বিষণ্ণতাং ॥ ৩ ॥
মুহুর্মুহুশ্চ যাং জীবন্ প্রভুঃ স্বাং পুনরুত্থিতিং।
ভবিষ্যন্তীং পুরা প্রোচে তাং তে সম্যগ্ বিসস্মরুঃ ॥ ৪ ॥
যস্মিন্ দিনে হতোয়েষুঃ শ্মশানেঽন্তর্ন্যধীয়ত।
স ঘস্রঃ শুক্রবারোঽভূদ্ বিশ্রমাহশ্চ তৎপরে ॥ ৫ ॥
সর্ব্বদা শনিবারং হি পুণ্যং মত্বা যহূদিনঃ।
ক্রিয়াশ্চ লৌকিকীস্ত্যক্ত্বা তদা বিশ্রমমাচরন্ ॥ ৬ ॥

বিদ্বানের উক্তি।

য়েষূর অনুচরেরা মনে করিয়াছিলেন যে মহা প্রতাপ প্রভু অদ্ভুত শক্তি প্রকাশ করিয়া শত্রুবর্গের বল ভগ্ন করিবেন। ২। কিন্তু শত্রুরা যখন তাঁহাকে অবাধে বধ করিল তখন শিষ্যেরা ভগ্নাশ হইয়া বিষণ্ণ চিত্ত হইল। ৩। এবং প্রভু জীবদ্দশায় আপনার ভবিষ্যৎ পুনরুত্থানের যে সকল বার্ত্তা বারম্বার ব্যক্ত করিয়াছিলেন তাহা বিস্মৃত হইল। ৪। যে দিবস য়েষূ হত হইয়া সমাধি মধ্যে স্থাপিত হইয়াছিলেন সে দিবস শুক্রবার তাহার পরদিন বিশ্রামবার ছিল। ৫। কেননা যহূদিরা সর্ব্বদা শনৈশ্চর দিনকে পুণ্য জ্ঞান করিয়া সে দিবস সাংসারিক ক্রিয়াতে বিরত হওত বিশ্রাম করিত। ৬। পরে বিশ্রাম বার

ব্যতীতে বিশ্রমাহে তু প্রত্যূষে রবিবাসরে।
প্রভুভক্তাঃ স্ত্রিয়ঃ কাশ্চিৎ শ্মশানং দ্রষ্টুমাযযুঃ ॥ ৭ ॥
শ্মশানং তদ্ গুহারূপমাসীৎখাতং শিলোচ্চয়ে।
গ্রাব্ণা চারুধ্যত দ্বারং প্রভোর্দেহার্পণাদনু ॥ ৮ ॥
প্রত্যূষে রবিবারে তু ভূমিকম্পোঽভবদ্ মহান্।
স্বর্দূতশ্চাগতো দ্বারাৎ পাষাণং নিরসারয়ৎ ॥ ৯ ॥
রূপং তড়িদ্বদোজস্বি তস্য গহ্বররক্ষকাঃ।
পশ্যন্তঃ কম্পিতাস্ভীত্যা মৃতকল্পা ইবাভবন্ ॥ ১০ ॥
পশ্চাদুপস্থিতাস্তত্র প্রাবিশন্ গহ্বরং স্ত্রিয়ঃ।
দূতং ত্বাসীনমালোক্য বিস্ময়ং পরমং যযুঃ ॥ ১১ ॥
দূতস্তূবাচ জীবন্তং যেষূমত্র মৃতালয়ে।
মৃগয়ধ্বে কুতো যূয়ং সোঽত্র নাস্ত্যুত্থিতোঽস্তি সঃ ॥১২॥

অতীত হইলে রবিবার প্রত্যূষে প্রভু ভক্ত কতিপয় স্ত্রীলোক শ্মশান দর্শন করিতে গমন করিল। ৭। ঐ গুহা স্বরূপ শ্মশান পর্ব্বতের মধ্যে প্রস্তুত হইয়াছিল এবং প্রভুর দেহ তন্মধ্যে সমর্পিত হইলে পর তাহার দ্বার প্রস্তর দ্বারা রুদ্ধ হইয়াছিল। ৮। পরন্তু রবিবার প্রত্যূষে অতিশয় ভূমিকম্প হইয়াছিল এবং স্বর্গীয় দূত আসিয়া সেই দ্বার হইতে প্রস্তর নিরাকরণ করিয়া রাখিয়াছিলেন। ৯। তাহাতে শ্মশান রক্ষকেরা তড়িতবৎ তেজস্বি রূপ দেখিয়া ভয়েতে কম্পিত কলেবর এবং মৃত প্রায় হইয়াছিল। ১০। অনন্তর নারীগণ তথায় উপস্থিত হইয়া গহ্বরের মধ্যে প্রবেশ করিয়া দূতকে উপবিষ্ট দেখিয়া অতিশয় চমৎকৃত হইল। ১১। তখন দূত কহিলেন "তোমরা এই মৃত লোকালয়ে জীবিত যেষূর তত্ত্ব কেন করিতেছ তিনি এ স্থলে নাই উত্থিত হইয়াছেন। ১২। তখন ঐ স্ত্রীগণ শঙ্কিত হইয়া গহ্বরের

ততস্তা যোষিতো ভীতা নির্যযু র্গহ্বরাদ্ বহিঃ।
শিষ্যান্ জ্ঞাপয়িতুং বার্ত্তাং দ্রুদ্রুবুশ্চ মুদান্বিতাঃ॥১৩॥
ততো যোহন্নিসুং জ্ঞশ্চ পেত্রাখ্যশ্চানুগৌ প্রভোঃ।
বার্ত্তাং শ্রুত্বাগতৌ তত্র গুহাং শূন্যামবিন্দতাং॥ ১৪॥
ত্যক্তান্যুত্থিতবতা য়েষা শাববাসাংসি কেবলম্।
বিলোক্য তৌ পুনর্গেহং ততোহযাতাং চমৎকৃতৌ।১৫।
ততো হকস্মাৎ প্রভুঃ স্ত্রীণামেকস্যৈ দর্শনং দদৌ।
সা স্বাচার্য্যেতি শব্দেন তদ্ধারুং সমবেশ্ধয়ৎ॥ ১৬॥
প্রভোশ্চ প্রাপ্য সন্দেশং শিষ্যবর্গান্তিকং গতা।
সা তস্য দর্শনং প্রোচে তদুক্তানি বচাংসি চ॥ ১৭॥
তয়া তু জ্ঞাপিতাঃ শিষ্যা য়েযূত্থিতবানিতি।
তদ্বচ্চ স্ত্রীভিরন্যাভিস্তদ্বার্ত্তাং ন বিশশ্বসুঃ॥ ১৮॥

বাহিরে আসিল এবং শিষ্য গণকে ঐ সংবাদ দিবার জন্য আনন্দ চিত্তে ধাবমান হইল। ১৩। পরে যোহন্নি এবং পেত্র নামা প্রভুর দুই শিষ্য ঐ বার্ত্তা শুনিয়া তথায় আসিয়া গহ্বর শূন্য দেখিতে পাইল। ১৪। এবং উত্থিত যেষু দ্বারা ত্যক্ত কেবল শব বস্ত্র অবলোকন করিয়া চমৎকৃত হওত পুনশ্চ গৃহে গমন করিল। ১৫। পরে প্রভু স্ত্রী লোকদিগের এক জনকে অকস্মাৎ দর্শন দিলেন সে নারী তাঁহাকে "আচার্য্য" বলিয়া সম্বোধন করিল। ১৬। এবং প্রভুর উদ্দেশ পাইয়া শিষ্যবর্গের নিকট গিয়া তাঁহাকে দর্শন করিবার এবং তাঁহার বাক্য শ্রবণ করিবার প্রসঙ্গ করিল। ১৭। শিষ্যেরা ঐ নারীর এবং অন্যান্য স্ত্রী লোকের প্রমুখাৎ প্রভু উত্থিত হইয়াছেন ইহা জ্ঞাত হইলেও বিশ্বাস করিল না। ১৮। সেই দিনে দুই জন শিষ্য মহাপর

তস্মিন্নেব দিনে কুঞ্চিৎ গ্রামং যান্তৌ মহাপুরাৎ।
দ্বৌ শিষ্যৌ প্রভুমুদ্দিশ্য সংলাপং চক্রতু র্মিথঃ ॥ ১৯ ॥
তদা য়েষূরূপস্থায় স্বয়ং তাভ্যাং সহাচলৎ।
রুদ্ধেক্ষণৌ তু শিষ্যৌ ন পর্য্যচৈষ্টাং নিজং প্রভুং ॥২০॥
য়েষূস্তু তৌ তদাহপ্রাক্ষীদ্ যুবাং কিংবিষয়ে মিথঃ।
সংলাপং কুরুথো যান্তৌ বিষণ্ণৌ সরণাবিতি ॥ ২১ ॥
তয়োরেকস্তু তং প্রোচে বিদেশীয়োহপি সন্ ভবান্।
যদত্র ঘটিতং সর্ব্বং কিং ন তজ্জ্ঞাতবানিতি ॥ ২২ ॥
য়েষূঃ পপ্রচ্ছ তৎ কীদৃগিতি তৌত্বেবমূচতুঃ।

শিষ্যাবূচতুঃ।

শ্রীয়েষূদ্দেশি তৎ সর্ব্বং ঘটনং জ্ঞায়তাং ত্বয়া। ২৩।
অমুমার্য্যং মহাচার্য্যম্ অস্মদ্দেশাধিকারিণঃ।
বধ্যং নির্ণীয় দণ্ডায় পরহস্তে সমার্পয়ন্। ২৪।

হইতে কোন এক গ্রামে গমন করত প্রভুর উদ্দেশে পরস্পর কথোপকথন করিতেছিল। ১৯। তখন য়েষূও স্বয়ং উপস্থিত হইয়া তাহারদের সহিত গমন করিতে লাগিলেন পরন্তু শিষ্যের-দের এমত দৃষ্টিরোধ হইয়াছিল যে তাহারা নিজ প্রভুকে চিনিতে পারিল না। ২০। তাহাতে য়েষূ তাহারদিগকে প্রশ্ন করিলেন তোমরা "পথিমধ্যে বিষণ্ণ চিত্তে গমন করত কি বিষয়ে পরস্পর কথোপকথন করিতেছ"। ২১। সেই দুই ব্যক্তির মধ্যে এক জন তাঁহাকে কহিল তুমি বিদেশীয় হইয়াও কি ইহা জান না এস্থলে কি২ ঘটনা হইয়াছে। ২২। তখন য়েষূ জিজ্ঞাসা করিলেন সে ঘটনা কি প্রকার? তাহাতে শিষ্যেরা কহিল।

শিষ্য দ্বয়ের উক্তি।

শ্রীয়েষূর উদ্দেশে এই সকল ঘটনা হইয়াছে। ২৩। আমারদের দেশাধিকারিরা ঐ মহামান্য আচার্য্যকে বধার্হ নির্ণয় করিয়া

পরন্তু বংশমস্মাকং যো মহাত্মা সমুদ্ধরেৎ।
স এবায়ং ভবেদিত্থং প্রত্যাশা নোঽভবদ্ দৃঢ়া ।২৫।
বাচা চ নিজবর্গ্যাণাং স্ত্রীণাং বিস্মাপিতা বয়ং।
শ্মশানং বীক্ষিতুং গত্বা তা হি নাপুঃ প্রভোর্বপুঃ।২৬।
সজীবতীতি বৃত্তান্তং স্বর্গ্যদূতমুখাচ্ছ্রুতং।
তা নার্য্যোঽজ্ঞাপয়ন্নস্মান্ শ্মশানাৎ পুনরাগতাঃ।২৭।
তৎপশ্চাৎ কেচনাস্মাকং গত্বা স্ত্রীভি র্যথোদিতং।
তথৈব প্রাপ্নুবন্ কিন্তু নাপশ্যন্ ক্বাপি সৎপ্রভুং।২৮।

বিদ্বানুবাচ।

তয়ো র্বিষণ্ণয়োরেতদ বাক্যংশ্রুত্বাঽব্রবীৎ প্রভুঃ।

শ্রীয়েযুরুবাচ।

হে ভব্যবাদিবাক্যানাং প্রত্যয়ে মন্দমানসাঃ।২৯।

দণ্ডার্থ পর হস্তে সমর্পণ করেন।২৪। আমারদের দৃঢ় প্রত্যাশা ছিল যে তিনি সেই মহাত্মা হইবেন যাঁহা হইতে অস্মদীয় বংশের উদ্ধার হইবেক ।২৫। অপর আমরা স্বীয় দলস্থ স্ত্রীলোকদিগের বাক্য শুনিয়া চমৎকৃত হইয়াছি তাহারা শ্মশান দর্শন করিতে যাইয়া প্রভুর শরীর দেখিতে পায় নাই ।২৬। পরন্তু ঐ নারীরা সমাধি স্থান হইতে প্রত্যাগত হইয়া আমারদিগকে জ্ঞাপন করিয়াছে যে তাহারা স্বর্গীয় দূত মুখে শুনিয়াছে প্রভু জীবিত আছেন ।২৭। তৎপশ্চাৎ আমারদের কএক জন তথায় গমন করিয়া নারীরা যেমন কহিয়াছিল সেই প্রকার দেখিয়াছে কিন্তু কুত্রাপি প্রভুর দর্শন পাইল না।২৮।

বিদ্বানের উক্তি।

প্রভু ঐ বিষণ্ণ চিত্ত দুই জনের এই বাক্য শুনিয়া কহিলেন।

শ্রীয়েশুর উক্তি।

ওরে ভবিষ্যদ্বাদিদিগের বাক্যেতে স্বল্প বিশ্বাস কারিরা!।২৯।

খৃষ্টাখ্যেনাভিষিক্তেন কিঞ্চ ন প্রাগ্ দুঃখসঞ্চয়ঃ।
ভোক্তব্যোঽভূৎ ততস্তেন প্রাপ্তব্যো মহিমা নিজঃ। ৩০।

বিদ্বানুবাচ।

ইত্যুক্ত্বা মোসিমারভ্য ভবিষ্যদ্বাচকোক্তিষু।
যৎ স্বস্য বিষয়ে প্রোক্তং তৎসর্ব্বং ব্যাঞ্জয়ৎ ক্রমাৎ। ৩১
শেষে যমব্রজন্ গ্রামং তৎসমীপং যদা যযুঃ।
তদা নিমন্ত্রিতস্তাভ্যাং শ্রীয়েষুঃ প্রাবিশদ্ গৃহং। ৩২।
ভোজনে চোপবিষ্টেষু তেষু পূপং গৃহীতবান্।
ভংক্ত্বা চ সোঽদদাৎ তাভ্যামীশ্বরস্তুতিপূর্ব্বকং। ৩৩।
তস্মাৎ প্রসন্নয়া দৃষ্ট্যা তৌ তং প্রত্যভিজজ্ঞতুঃ।
সদ্যস্তু সোঽতিথির্দিব্যঃ শালাতোঽন্তরধীয়ত। ৩৪।

খৃষ্ট নামা অভিষিক্ত পুরুষের পক্ষে প্রথমতঃ দুঃখ রাশি ভোগ করা পরে স্বীয় মহিমা প্রাপ্ত হওয়া কি আবশ্যক ছিল না?। ৩০।

বিদ্বানের উক্তি।

প্রভু এই কথা কহিয়া মোসি অবধি সকল ভবিষ্যদ্বাদিদিগের উক্তিতে আপনার প্রসঙ্গে যেং বচন ছিল সে সকল ক্রমশঃ প্রকাশ করিলেন। ৩১। অবশেষে তাহাদের গন্তব্য গ্রামের নিকট উপনীত হইলে শ্রীয়েষু ঐ দুই শিষ্য কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া গৃহে প্রবেশ করিলেন। ৩২। পরে যখন তিন জনে ভোজন করিতে উপবিষ্ট হইলেন তখন প্রভু এক খানি পিষ্টক গ্রহণ পূর্ব্বক ঈশ্বরের স্তব করত ভগ্ন করিয়া তাহাদের দুই জনকে দিলেন। ৩৩ তাহাতে তাহাদের দৃষ্টি প্রসন্ন হইল এবং তাহারা প্রভুর প্রত্যভিজ্ঞান প্রাপ্ত হইল পরন্তু ইতিমধ্যে সেই দিব্য অতিথি হঠাৎ গৃহ হইতে অন্তর্হিত হইলেন। ৩৪। সেই

তস্মিন্নেব দিনে সায়ং শিষ্যা যত্র সমাগমন্ ।
শালায়াং তত্র রুদ্ধেঽপি দ্বারেঽন্তঃ প্রাবিশৎ প্রভুঃ । ৩৫।।
শিষ্যাস্তু দর্শনাৎ তস্য মহাভীত্যা পরিপ্লুতাঃ ।
অস্মাভি র্দৃশ্যতে ভূত ইতি বুদ্ধিমকুর্ব্বত । ৩৬ ।
য়েযূস্তূচে কুতো যূয়ং সংজাতাঃ ক্ষুব্ধমানসাঃ ।
ইমে কুতশ্চ সন্দেহাঃ প্রজায়ন্তে মনঃসু বঃ । ৩৭ ।
হস্তৌ পাদৌ চ মে দৃষ্ট্বা বরং স্পৃষ্ট্বা বিনিশ্চয়ম্ ।
কুরুধ্বং স্বয়মেবোঽহং, ভূতো মাংসাস্থিমান্ নহি । ৩৮।
ততো হস্তৌ চ পাদৌ চ নিজৌ কীলব্যধাঙ্কিতৌ ।
স শিষ্যান্ দর্শয়ামাস নিশ্চয়োৎপত্তিহেতবে । ৩৯ ।
ততোঽপি নন্দথোর্হেতোস্তেঽশঙ্কন্ত চমৎকৃতাঃ ।
তত্তু দৃষ্ট্বা প্রভুঃ কিঞ্চিৎ তৎসাক্ষাদ্ আদ ভোজনং। ৪০।

দিন সন্ধ্যা কালে প্রভু সেই গৃহের ভিতর প্রবেশ করিলেন যে গৃহের অভ্যন্তরে দ্বার রুদ্ধ করিয়া শিষ্যেরা একত্র বসিয়াছিল। ৩৫। তাহাতে শিষ্যেরা তাঁহাকে দেখিয়া মহা ভীত হইয়া মনে করিল যে ভূত দেখিতেছে। ৩৬। কিন্তু য়েযূ কহিলেন " তোমরা কেন ক্ষুব্ধমনা হইতেছ? এই সন্দেহই বা কেন তোমারদের মনে উদয় হইতেছে?। তোমরা আমার হস্ত পাদ দর্শন কর, বরং স্পর্শ করিয়া নিশ্চয় কর, আমি স্বয়ং আসিয়াছি, ভূত মাংস অস্থি বিশিষ্ট হয় না"। ৩৮। তখন তিনি শিষ্যগণের নিশ্চয়াত্মক জ্ঞানোৎপাদন করণার্থ তাহারদিগকে আপনার হস্ত পাদ (যাহাতে শলাকা বেঁধের চিহ্ন ছিল) দেখাইলেন। ৩৯। তাহাতেও [illegible]হারা চমৎকৃত হইয়া আনন্দ প্রযুক্ত শঙ্কা করিতে লাগিল। [illegible]ভু তাহা দেখিয়া তাহারদের সমক্ষে কিঞ্চিৎ ভোজন করিলেন। ৪০। তৎপরে প্রভু চত্বারিংশৎ দিন পর্য্যন্ত শিষ্যদিগকে [illegible]রম্বার দর্শন দিয়া তাহারদের সহিত আলাপ করিলেন। ৪১।

পশ্চাৎ পুনঃপুন র্য়েযুশ্চত্বারিংশদ্দিনাবধি।
শিষ্যেভ্যো দর্শনং দত্ত্বা তৈঃ সার্দ্ধং সমভাষত। ৪১।
তেভ্যঃ প্রাচীনশাস্ত্রার্থে বোধশক্তিং প্রদায় চ।
নূতনস্য স্বস্য ধর্ম্মস্য সর্ব্বতত্ত্বান্যশিক্ষয়ৎ। ৪২।
অচিরাচ্চ ক্ষিতিং ত্যক্ষ্যন্ স্বান্ শিষ্যান্ অগ্রিমান্ প্রভুঃ
ইত্থং সর্ব্বত্র ধর্ম্মস্য প্রচারার্থং ন্যযোজয়ৎ। ৪৩।

শ্রীয়েযুরুবাচ।

ময়ি ভূস্বর্গয়োস্তাবান্ অধিকারঃ সমার্প্যত।
অতঃ সর্ব্বেষু দেশেষু সুসংবাদঃ প্রচার্য্যতাম্। ৪৪।
প্রত্যেতৄণাং গণো নাম্না পিতৃপুত্রসদাত্মনাম্*।
অম্বুঃসংস্কারমাপ্নোতু মদ্ধর্ম্মে চোপদেশনম্। ৪৫।
অহঞ্চ জগতঃ শেষপর্য্যন্তমপি সর্ব্বদা।
স্থাস্যামি যুষ্মদভ্যর্ণে সহায়ো নিশ্চলঃ স্বয়ম্। ৪৬।

এবং তাহারদিগকে শাস্ত্রার্থ বুঝিবার শক্তি দিয়া আপনার নূতন ধর্ম্মের সকল তত্ত্ব শিক্ষা করাইলেন। ৪২। আর আপনি অবিলম্বে পৃথিবী ত্যাগ করিতে উদ্যত হইয়া অগ্রিম শিষ্যদিগকে সর্ব্বত্র ধর্ম্ম প্রচার করণার্থ এইরূপে নিযুক্ত করিলেন।

শ্রীয়েষুর উক্তি।

স্বর্গ এবং পৃথিবীর সমস্ত অধিকার আমাতে সমর্পিত হইয়াছে অতএব তোমরা সকল দেশে গমন করিয়া সুসমাচার প্রচার কর। ৪৪। যে সকল লোকে বিশ্বাস করে তাহারদিগকে পিতা পুত্র সদাত্মার * নামে জল সংস্কার দেও এবং আমার ধর্ম্মের উপদেশ কর। ৪৫। আমি জগতের শেষ পর্য্যন্ত সর্ব্বদা তোমারদের সহায় হইয়া সঙ্গে থাকিব। ৪৬।

* সদাত্মা পবিত্রাত্মা এই দুই শব্দ সমানার্থ।

বিধানুবাদ ।

শেষে তানেবমাজ্ঞাপ্য দত্ত্বাংশ্চাশিষং প্রভুঃ ।
তৎসাক্ষাদূর্দ্ধমারুহ্য মেঘচ্ছন্নস্তিরোদধে । ৪৭ ।
ঊর্দ্ধং যান্তং তু তং শিষ্যা বিলোক্যানন্যদৃষ্টয়ঃ ।
অন্তর্হিতং চ বন্দিত্বা রাজধানীং সমাগমন্ । ৪৮ ।
ততস্তে তত্র তিষ্ঠন্তঃ সবিশ্বাসাঃ প্রভূদিতং ।
পবিত্রস্যাত্মনো ভব্যং প্রতৈক্ষন্তাবরোহণং । ৪৯ ।
দশভ্যো বাসরেভ্যোঽন্য লক্ষণৈঃ সূচিতোঽদ্ভুতৈঃ
স শক্তিদঃ পবিত্রাত্মা শিষ্যস্বান্তেষ্বতারৎ । ৫০
তস্মাৎ বিদেশিভাষাণাং জ্ঞানং তে লেভিরেঽদ্ভুতং ।
স্বধর্ম্মমর্ম্মণাং বোধে ধীদৃষ্টেশ্চ প্রসন্নতাং । ৫১ ।
সদ্যশ্চ নির্ভয়া ভূত্বা তে প্রভোঃ পুনরুত্থিতিং ।
স্বর্গারোহং চ তদ্ঘাতৃপুরমধ্যেঽপ্যঘোষয়ন্ । ৫২ ।

বিধানের উক্তি ।

অবশেষে প্রভু তাহারদিগকে এই আজ্ঞা দিয়া এবং আশী-র্ব্বাদ করিয়া তাহারদের সমক্ষে ঊর্দ্ধে আরোহণ পূর্ব্বক মেঘাচ্ছন্ন হইয়া অন্তর্হিত হইলেন । ৪৭ । শিষ্যেরা এক দৃষ্টে তাঁহাকে ঊর্দ্ধগত হইতে দেখিয়া তাঁহার বন্দনা করত রাজধানীতে আগ-মন করিলেন । ৪৮ । অনন্তর তাঁহারা সেখানে স্থির থাকিয়া প্রভুর উক্ত পবিত্র আত্মার ভাবিষ্যৎ অবরোহণ বিশ্বাস পূর্ব্বক প্রতীক্ষা করিতে লাগিলেন । ৪৯ । পরে দশ দিবস গত হইলে সেই শক্তি দাতা পবিত্রাত্মা অদ্ভুত লক্ষণের সহিত শিষ্যগণের অন্তঃকরণে অবতীর্ণ হইলেন । ৫০ । তাহাতে তাঁহারা বিদেশীয় নানা ভাষায় দৈব বিদ্যা এবং স্বধর্ম্মের মর্ম্ম বোধে বুদ্ধি দৃষ্টির প্রসন্নতা প্রাপ্ত হইলেন । ৫১ । এবং সদ্যো নির্ভয় হইয়া প্রভুর পুনরুত্থান ও স্বর্গারোহণের বার্ত্তা তাঁহার হত্যাকারিদিগের

যুষ্মাভিঃ শূলদণ্ডেন যঃ খ্রীষ্টেশ্বর হন্যত।
তমভ্যষিঞ্চদৈশ্বর্য্যে ত্রাতৃত্বে চ পরেশ্বরঃ ॥ ৫৩ ॥
অস্মাদেবাপরাধানাং ক্ষমাদাতা নিয়োজিতঃ।
কস্মাদপ্যপরাৎ ত্রাণং কদাপ্যাপ্তুং ন শক্যতে ॥ ৫৪ ॥
পশ্চাৎ স্বদেশসীমানমতিক্রম্য মহোদ্যমাঃ।
তে ভূয়ঃসু বিদেশেষু প্রভোর্ধর্ম্মমকীর্ত্তয়ন্। ৫৫।
মূর্ত্ত্যর্চ্চকাংশ্চ তত্রত্যাংস্ত্যৈ রূপেনৈবমুপাদিশন্।
স্বান্ দেবান্ কল্পিতাংস্ত্যক্ত্বা সেবধ্বং সত্যমীশ্বরং। ৫৬।
ব্যর্থাভী রীতিভির্যূয়ং যমজ্ঞাত্বা সমর্চ্চথ।
বয়ং বস্তস্য মাহাত্ম্যং জ্ঞাপয়ামো যথাতথং। ৫৭।
ঈশো যো জগদস্রাক্ষীদ্ মেদিনীস্বর্গয়োঃ প্রভুঃ।
সোঽনন্তোনরসৃষ্টেষু মন্দিরেষু ন তিষ্ঠতি। ৫৮।

পুরীতেই ঘোষণা করিলেন। ৬২। যথা "যে খ্রীষ্টেষু তোমাদের হস্তে শূল দণ্ড প্রাপ্ত হইয়াছেন পরমেশ্বর তাঁহাকেই ঈশ্বরত্ব এবং ত্রাণ কর্ত্তৃত্ব পদে অভিষিক্ত করিয়াছেন। ৫৩। ঐ প্রভুই অপরাধ ক্ষমা করণার্থ নিযুক্ত হইয়াছেন অন্য কাহা হইতে ত্রাণ প্রাপ্ত হওয়া কদাচ সাধ্য নহে"। ৫৪। অনন্তর তাঁহারা স্বদেশের সীমা অতিক্রমণ করিয়া বিজাতীয় উদ্যমে পরিপূর্ণ হইয়া নানা দেশ দেশান্তরে প্রভুর ধর্ম্ম প্রচার করিলেন। ৫৫। এবং তত্রত্য পৌত্তলিক লোক সকলকে এইরূপে উপদেশ করিতে লাগিলেন "তোমরা আপনারদের কল্পিত দেবতার অর্চ্চনা ত্যাগ করিয়া সত্য ঈশ্বরের উপাসনা কর। ৫৬। তোমারা যাঁহাকে না জানিয়া ব্যর্থ রীতিতে অর্চ্চনা করিয়া থাক আমরা তোমারদিগকে তাঁহার যথার্থ মহিমা জ্ঞাপন করিতেছি। ৫৭। স্বর্গ মর্ত্ত্য সমস্ত জগতের সৃষ্টি কারি অনন্ত মহিমা ঈশ্বর মনুষ্য নির্ম্মিত মন্দিরে বাস করেন না। ৫৮। পরমেশ্বর স্বয়ং জীবনদাতা এবং

স্বয়ং জীবস্য দাতা সন্ পালকশ্চ প্রজাকৃতাং ।
বাহ্যাং নাপেক্ষতে সেবামসিদ্ধার্থ ইবেশ্বরঃ । ৫৯ ।
অতো যস্য স্থ সন্তানাঃ যূয়ং যেন চ জীবথ ।
স আত্মরৌপ্যহৈমাদিমূর্ত্তিত্বেন ন বুধ্যতাং । ৬০ ।
পূর্ব্বেষজ্ঞানকালেষু ব্যতীতেষ্বীশ্বরোঽধুনা ।
কুমার্গস্ত্যজ্যতামিত্থম্ আদিশত্যখিলান্ নরান্ । ৬১
যতঃ স স্বং সুতং যেসুং মহাযত্নে নিরূপিতে ।
নৃজাতেঃ সদসৎকর্ম্মবিচারায় ন্যয়োজয়ৎ । ৬২ ।
তং যাবন্তস্তু মোক্তারমাশ্রয়ন্ত্যনুতাপিনঃ ।
চরন্তি ধর্ম্মমার্গে চ তাবতাং সদ্গতির্ভবেৎ । ৬৩ ।
ইত্যাদৈর্ব্বচনৈস্তেষাং নানাশ্চর্য্যক্রিয়ান্বিতৈঃ ।
আকৃষ্টা ভূরয়ো লোকা যেসুখৃষ্টে বিশশ্বসুঃ । ৬৪ ।

প্রতিপালক, তিনি মনুষ্য কৃত বাহ্য সেবার অপেক্ষা করেন না
কেননা তাঁহার কোন বস্তুর অভাব নাই। ৫৯। অতএব তোমরা
যাঁহার সন্তান এবং যৎসহকারে জীবন ধারণ কর তাঁহাকে শিলা
অথবা রজত কিম্বা কাঞ্চনের মূর্ত্তি জ্ঞান করিও না। ৬০। এখন
প্রথম অজ্ঞানের কাল অতীত হইয়া গিয়াছে সংপ্রতি ঈশ্বর
সমস্ত মর্ত্ত্য লোককে পাপে নিবৃত্ত হইতে আজ্ঞা করিতেছেন।৬১।
কেননা তিনি নিরূপিত মহাদিবসে মনুষ্য জাতির সদসৎ কর্ম্মের
চার করণার্থ আপনার পুত্র যেসুকে নিযুক্ত করিয়াছেন। ৬।
সকল লোক অনুতাপ করিয়া সেই মুক্তি দাতার আশ্রয় লয়
ং ধর্ম্মপথে চলে তাহাদের সদ্গতি হইবেক"।৬৩। তাঁহারদের
২ বচন শুনিয়া এবং অনেক অদ্ভুত ক্রিয়া দেখিয়া অনেক ব্যক্তি
যেসুখৃষ্টের প্রতি বিশ্বাস করিল। ৬৪। তাহাতে তাৎকালিক

তদ্ধর্ম্মস্যোদয়ং দৃষ্ট্বা সংসারস্যাধিকারিণঃ।
বলাৎকারাদিনা তস্য বৃদ্ধিং রোদ্ধুং চিচেষ্টিরে। ৬৫।
যথা ক্রিষ্টাশ্চ খৃষ্টীয়া নিহ্নবীরন্ নিজং প্রভুং।
তথা তান্ নিষ্ঠুরা ভূপা নানাদণ্ডৈর্ব্বাধিরে। ৬৬।
বহবস্তু প্রভোঃ শক্ত্যা ভূত্বা নিশ্চলচেতসঃ।
ধৈর্য্যেণ সেহিরে ক্লেশান্ ন ত্রেসুশ্চ বধাদপি। ৬৭।
তদ্রক্তৰূপবীজং চ নৃণাং হৃৎস্বিব রোপিতং।
নবীনশিষ্যৰূপাণি শস্যানীবোদপাদয়ৎ। ৬৮।
যদ্ধর্ম্মার্থং হি খৃষ্টীয়াঃ স্বপ্রাণানত্যজন্নপি।
স সত্তমো ভবেদিত্থং মত্বাহন্যেহপি তমাশ্রয়ন্। ৬৯।

ভূপালেরা তাঁহার ধর্ম্মের উন্নতি দেখিয়া বল দ্বারা তদ্বৃদ্ধিতে বাধা দিতে চেষ্টা করিল। ৬৫। আর সেই নির্দ্দয় রাজারা বহু২ খৃষ্টীয় লোক যাতনা ভয়ে আপনাদের প্রভুকে অস্বীকার করিবে এই ভাবিয়া তাহারদিগকে অনেক প্রকার দণ্ড দ্বারা ক্লেশ দিতে লাগিল। ৬৬। পরন্তু ভূরি২ শিষ্যগণ প্রভুর শক্তি দ্বারা স্থিরধী হইয়া ধৈর্য্য পূর্ব্বক ঐ সকল ক্লেশ সহ্য করিল এবং প্রাণ দণ্ডেও ভীত হইল না। ৬৭। অপর তাহাদের রক্তরূপ বীজ মনুষ্যদের অন্তঃকরণে রোপিত হওয়াতে নূতন২ শিষ্য রূপ ফল উৎপন্ন হইতে লাগিল। ৬৮। কেননা যখন অন্য লোকে দেখিল যে খৃষ্টীয় লোক আপনাদের ধর্ম্মের নিমিত্ত প্রাণ পর্য্যন্ত অর্পণ করে তখন তাহারা মনে করিতে লাগিল যে ঐ ধর্ম্ম সর্ব্বাপেক্ষা উত্তম হইবেক, এবং তন্নিমিত্ত তাহা গ্রহণ করিতে লাগিল। ৬৯। এই

তথা খৃষ্টীয়ধর্ম্মোঽয়ম্ উত্তরোত্তরমৈধত।
লুপ্তেষু চান্যধর্ম্মেষু প্রতীচীং ব্যাপ কেবলঃ। ৭০।
ইতি শ্রীয়েযুখৃষ্টমাহাত্ম্যে শ্রীয়েষোঃ স্বর্গারোহণং নাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

সত্যার্থ্যুবাচ।

গুরো যা সদ্গতিঃ শাস্ত্রে খৃষ্টীয়ে প্রতিপাদ্যতে।
সা কিং নৃণাং পরা মুক্তিরুতান্যা কাপি সংভবেৎ॥ ১।

বিদ্বানুবাচ।

শ্রীখৃষ্টমাশ্রিতৈঃ সদ্ভি র্যাঽমুত্রারোক্ষ্যতে গতিঃ।
সা সিদ্ধীনাং নৃগম্যানাং পরমাঽস্তি ন সংশয়ঃ॥ ২।

রূপে খৃষ্টীয় ধর্ম্ম উত্তরোত্তর এমত বিস্তৃত হইল যে পশ্চিমাঞ্চলে কেবল ঐ ধর্ম্মই ব্যাপ্ত হইল তদ্ভিন্ন অন্যং ধর্ম্ম লুপ্ত হইয়া গেল। ৭০।

ইতি শ্রীয়েযু খৃষ্ট মাহাত্ম্য নামক গ্রন্থে শ্রীয়েযুর স্বর্গারোহণ নামে ষষ্ঠ অধ্যায় সমাপ্ত।

সত্যার্থির উক্তি।

হে গুরো খৃষ্টীয় শাস্ত্রে যে সদ্গতি কথিত হইয়াছে, তাহাই কি মনুষ্য লোকের পক্ষে পরম মুক্তি? অথবা তদতিরিক্ত অন্য কোন গতি আছে। ১।

বিদ্বানের উক্তি।

শ্রীয়েযুর আশ্রিত হইয়া সাধুলোক যে পারত্রিক গতি প্রাপ্ত হইবেন তাহা মনুষ্যের গম্য সিদ্ধির মধ্যে পরম শ্রেষ্ঠ ইহাতে সন্দেহ নাই-২। কেননা পরমেশ্বর যে সদ্গতি দান করণার্থ

যত্নো যাং সদ্গতিং দাতুমীশ্বরোঽবাতরৎ স্বয়ম্।
ততোঽন্যা শ্রেয়সী মুক্তির্নৃজাতেঃ সংভবেৎ কথম্। ৩।
নৃগম্যা কা পরা সিদ্ধিরিতি সম্যগবেদ্ধি সঃ।
নৃজাতেরুত্তমং শ্রেয়ঃ সুকারুণ্যাদিয়েষ চ ॥ ৪ ॥

সত্যার্থ্যুবাচ।

ক্বচিৎ খৃষ্টীয়শাস্ত্রেষু স্বর্গ্যকল্যাণ রূপিণী।
গতিঃ সুধীভিরেষ্টব্যা প্রাধান্যেনোপদিশ্যতে। ৫।
পরন্তু যৎসুখং সর্ব্বং ভোক্ষ্যতে স্বর্গভাগিভিঃ।
তৎ স্থূলং তুচ্ছমস্থায়ি চেতি সংমন্যতে বুধৈঃ। ৬।
তাদৃক্ সুখমুপেক্ষন্তে ধীমন্তঃ সিদ্ধিতৎপরাঃ।
ততঃ শ্রেষ্ঠতরং চান্যদারুরুক্ষন্তি সৎপদং। ৭।

স্বয়ং অবতীর্ণ হইয়াছিলেন তদপেক্ষা শ্রেয়স্কর মুক্তি মনুষ্য জাতির পক্ষে কি প্রকারে সম্ভবে? ৩। অপর মনুষ্য জাতির গম্য কীদৃশ গতি সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ তাহা তিনি স্বয়ং সম্যক্ প্রকারে জানিতেন আর করুণা স্বভাব প্রযুক্ত নরলোকের পরম মঙ্গলই ইচ্ছা করিতেন। ৪।

সত্যার্থির উক্তি।

খৃষ্টীয় শাস্ত্রের কোন স্থানে উপদেশ করিয়াছেন যে স্বর্গ লাভই পরম গতি এবং তাহা সাধু লোকদিগের বিশেষরূপে অন্বেষণ করা কর্ত্তব্য। ৫। পরন্তু পণ্ডিত লোক ইহাই মান্য করিয়া থাকেন যে স্বর্গগামী লোকেরা যে সুখভোগ করিবে তাহা স্থূল ও অস্থায়ি এবং অতি তুচ্ছ। ৬। আর যে সকল বুদ্ধিমান ব্যক্তি সিদ্ধি প্রাপ্ত হইবার নিমিত্ত অত্যন্ত উৎসুক তাঁহারা বরঞ্চ ঐ সুখ উপেক্ষা করিয়া তদপেক্ষা শ্রেষ্ঠতর উৎকৃষ্ট পদে আরোহণ করিতে বাঞ্ছা করেন। ৭। অতএব হে গুরো, যে

অতঃ স্বর্গ্যা গতি র্যত্র শাস্ত্রে শ্রেষ্ঠেতি কথ্যতে।
তচ্ছাস্ত্রং ভো গুরো ব্রূহি কথং স্যাৎ পারমার্থিকং ।৮।

বিদ্বানুবাচ।

যৎ শ্রীখৃষ্টেন গত্যর্থে স্বর্গশব্দঃ প্রযুজ্যতে।
ন তস্মাৎ পারমার্থিক্যং তস্য শাস্ত্রস্য হীয়তে। ৯।
যত্তত্র সাধুভি র্গম্যঃ স্বর্লোকঃ প্রতিপাদ্যতে।
অসৌ ন হ্যন্তবান্ জ্ঞেয়স্তুচ্ছকায়সুখালয়ঃ। ১০।
তেন তু স্বর্গশব্দেন পাপদুঃখভ্রমোজ্‌ঝিতাম্।
পবিত্রশর্ম্মসংপূর্ণামবস্থাং বিদ্ধি বোধিতাম্। ১১।
শ্রীখৃষ্টোক্তা গতি র্বাহ্যবস্তুভোগপ্রধানিকা।
ন মন্তব্যা পরন্তন্তর্ভাবসংসিদ্ধিরূপিণী। ১২।

শাস্ত্রে স্বর্গীয় গতিকে শ্রেষ্ঠ করিয়া কহিয়াছেন সেই শাস্ত্র কি প্রকারে পারমার্থিক হয় আজ্ঞা করুন। ৮॥

বিদ্বানের উক্তি।

শ্রীখৃষ্ট সদ্গতির অভিপ্রায়ে যে স্বর্গ শব্দ প্রয়োগ করিয়াছেন সে কারণে তাঁহার শাস্ত্রের পারমার্থিকতা হানি হয় না। ৯। কেননা ঐ শাস্ত্রে সাধুলোকের গম্য যে স্বর্গ প্রতিপাদিত হইয়াছে তাহা, নশ্বর কিম্বা কেবল শারীরিক সুখের স্থান নহে। ১০। পরন্তু ইহা জানিও যে পাপ দুঃখ এবং ভ্রমেতে নির্বর্জ্জিত আর পবিত্র সুখে পরিপূর্ণ কোন অবস্থা বিশেষ সেই স্বর্গ শব্দের অর্থ। ১১। অপর মত বোধ করিও না যে শ্রীখৃষ্ট যে গতির প্রসঙ্গ করিয়াছেন তাহাতে বাহ্য পদার্থ ভোগই মুখ্য, পরন্তু ইহা জ্ঞাত হওয়া উচিত যে সেই গতি আন্তরিক ভাবের সিদ্ধি স্বরূপ। ১২।

সত্যার্থ্যুবাচ।

শাস্ত্রে সর্ব্বত্র খৃষ্টীয়ে বপুষঃ পুনরুত্থিতিঃ।
সম্বন্ধশ্চাত্মনস্তেন সাকং শশ্বত উচ্যতে। ১৩।
তত্রেয়ং জায়তে শঙ্কা, দেহং স্থূলং স্বভাবতঃ।
অশুদ্ধং চাত্মনো বন্ধকারণং মন্যতে বুধৈঃ। ১৪।
অতঃ পাপাদি মূলেন তাদৃশা বর্ষ্মণা সহ।
সংযুক্তস্যাত্মনঃ সিদ্ধিঃ পরলোকে কথং ভবেৎ। ১৫।

বিদ্বানুবাচ।

পাপাদিকারণং দেহং স্বভাবাদিতি যন্মতং।
ন খৃষ্টীয়েন শাস্ত্রেণ যুক্ত্যা বা সিদ্ধ্যতি তৎ। ১৬।
আত্মনঃ শুদ্ধয়ে দেহমুক্তিরাবশ্যকী ভবেৎ।
ইতি কেনাপি নির্ণেতুং প্রমাণেনন শক্যতে। ১৭।

সত্যার্থির উক্তি।

খৃষ্টীয় শাস্ত্রের সর্ব্বত্র শরীরের পুনরুত্থান আর তাহার সহিত আত্মার নিত্য সম্বন্ধ কথিত হইয়াছে। ১৩। তাহাতে এই আশঙ্কা জন্মে যে পণ্ডিতেরা দেহকে স্বভাবতঃ স্থূল অপবিত্র এবং আত্মার বন্ধ কারণ করিয়া কহেন। ১৪। অতএব পাপাদির মূল তাদৃশ দেহের সহিত আত্মার সংযোগ হইলে পরলোকে কি প্রকারে সিদ্ধি হয়। ১৫।

বিদ্বানের উক্তি।

দেহ স্বভাবতঃ পাপাদির কারণ, এই যে মত তাহা খৃষ্টীয় শাস্ত্রে অথবা যুক্তিতে সিদ্ধ হয় না। ১৬। অপর কোন প্রমাণেতেই এমত নির্ণয় করিতে পারা যায় না যে আত্মার শুদ্ধি নিমিত্ত দেহত্যাগ আবশ্যক। ১৭। অধিকন্তু ইহলোকে দেহ ব্যতিরেকে

প্রবৃত্তি র্হ্যাত্মনো দেহাৎ পৃথগত্র ন সিধ্যতি।
পরত্রাত্মা বিনা যন্ত্রং সেৎস্যতীত্যুচ্যতে কুতঃ। ১৮।
কিঞ্চেশ্বরঃ স্বয়ং স্বীয়াজ্জ্যোতির্ধাম্নোঽবতীর্ণবান্।
অধাযীদ্ মানুষং দেহমাচারীচ্চ সদেহবৎ। ১৯।
বপুর্গাত্রং মহামূলমভবিষ্যদ্ মলস্য চেৎ।
তদেশ্বরো ধরেৎ তাদৃগ্ দেহমিত্থং ন সঙ্গতং। ২০।
নৃজাতে র্যৎ স্বপাপাত্ম্যমিহ সর্ব্বত্র দৃশ্যতে।
তস্মিন্ যো বাস্তবো হেতুস্তমিদানীং প্রপঞ্চয়ে। ২১।
নৃসর্গসময়ে দেহং হৃষীকগ্রামসংযুতম্।
স্বপতেরাত্মনো যন্ত্রমিব নিযুক্তমিদাসীত্। ২২।
যৎকালে স্বাদিমো নৃণামাজ্ঞামত্যক্রমীদ্ বিভোঃ।
তৎকালাদ্ ব্যুৎক্রমস্তস্য স্বভাবে প্রাবিশদ্ দৃঢ়ঃ। ২৩।

আত্মার ব্যাপার সম্পন্ন হয় না তবে কিপ্রকারে এমত অনুমান করা যাইতে পারে যে পরলোকে দেহরূপ কোন যন্ত্র ব্যতিরেকে সেই আত্মা সিদ্ধ হইবেন। ১৮। আপচ ঈশ্বর স্বয়ং আপনার জ্যোতির্ম্ময় ধাম হইতে অবতীর্ণ হইয়া মানুষদেহ ধারণ করিয়াছিলেন ও দেহির ন্যায় আচরণ করিয়াছিলেন। ১৯। যদি দেহ গাত্র মলের মূল হয় তবে ঈশ্বরের সেই প্রকার দেহধারণ সঙ্গত হয় না। ২০। পরন্তু ইহলোকে সর্ব্বত্র মনুষ্যজাতির স্বভাব যে পাপী দেখা যায় তাহার বাস্তব কারণ সংপ্রতি বিস্তারিত করিয়া কহিতেছি। ২১। মনুষ্যের সৃষ্টিসময়ে ইন্দ্রিয় সমূহ বিশিষ্ট দেহ আপনার স্বামী যে আত্মা তাহার বশে যন্ত্রের ন্যায় থাকিত। ২২। পরে যে কালে মনুষ্যদের প্রথম পুরুষ পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন করেন সেই কালাবধি তাঁহার স্বভাবে দৃঢ়তর ব্যতিক্রম প্রবেশ করিল। ২৩। অতএব সেই নিয়ন্তা আত্মার

নিরস্তরাত্মনঃ শক্তিস্তেন অগ্নৌ স্বভাবজা।
প্রাগ্ নিঘ্নশ্চেন্দ্রিয়গ্রামঃ স্বাধীনত্বম চেষ্টত। ২৪।
ততো রাগাদিভাবানামাত্মনা সহ বিগ্রহঃ।
প্রজানামিব সম্রাজা দুর্বলেন প্রবর্ত্তত। ২৫।
শ্রীখৃষ্টস্তু নরোভূত্বা নৃজাতিং চ স্বমৃত্যুনা।
উদ্ধৃত্য ব্যদধাৎ সিদ্ধের্মহিম্নশ্চাধিকারিণীম্। ২৬।
পবিত্রাত্মপ্রভাবেণ স স্বভক্তগণাত্মনাং।
নিরস্য ব্যুৎক্রমং প্রত্নমত্রাক্ষীৎ সুক্রমং নবং। ২৭।
তেষ্বত্রাপি হৃষীকাণাং প্রাবল্যং ক্ষীয়তে ক্রমাৎ।
আত্মা চ স্বং পুনর্যোগ্যমধিকারমবাপ্নুতে। ২৮।
পরত্র চেন্দ্রিয়ৈর্যুক্তং সম্যক্ সূক্ষ্মীকৃতং বপুঃ।
বিনীতং চাত্মনোযন্ত্রমিব সেবাং করিষ্যতি। ২৯।

স্বাভাবিক শক্তি খর্ব্ব হইল সুতরাং যে ইন্দ্রিয় সকল প্রথমে বশতাপন্ন ছিল তাহারা স্বাধীন হইতে চেষ্টা করিতে লাগিল।২৪। এবং সেই কালাবধি আত্মার সহিত রাগাদি ভাবের কলহ প্রবৃত্ত হইতে লাগিল যেমন দুর্ব্বল রাজার সহিত প্রজাদের সংগ্রাম হয়। ।২৫। পরন্তু শ্রীখৃষ্ট মনুষ্য হইয়া আপনার মৃত্যুদ্বারা সেই মনুষ্য জাতিকে উদ্ধার করত তাহাকে সিদ্ধি এবং মহিমার অধিকারি করিয়াছেন। ২৬। তিনি পবিত্র আত্মার প্রভাবে আপনার ভক্তগণের আত্মার পুরাতন ব্যতিক্রম দূর করিয়া নূতন উৎকৃষ্ট ক্রম নিবদ্ধ করিলেন। ২৭। সেই সকল ভক্ত লোকের মধ্যে ইন্দ্রিয়ের প্রবলতা ইহলোকেতেই ক্রমে২ ক্ষীণ হইতেছে এবং তাহাদের আত্মা পুনর্ব্বার আপনার যোগ্য অধিকার প্রাপ্ত হইতেছেন।২৮। আর পরলোকে তাহাদের ইন্দ্রিয় বিশিষ্ট শরীর সম্যক্ প্রকারে সূক্ষ্মরূপ হইয়া এবং যন্ত্রের ন্যায় বশে থাকিয়া আত্মার সেবা করিবেক।২৯। অতএব পরলোকে আত্মার সহিত দেহের নিত্য

অতঃ শরীরসম্বন্ধো শাশ্বতেঽমুত্র সত্যপি।
ন তস্মাদাত্মনঃ সিদ্ধৌ কাপি হানি র্ভবিষ্যতি। ৩০।
তথা চ যা গতিঃ শাস্ত্রে খৃষ্টীয়ে প্রতিপাদ্যতে।
সা পারমার্থিকীত্যত্র শঙ্কালেশো ন বিদ্যতে। ৩১।

ইতি শ্রীয়েযুখৃষ্টমাহাত্ম্যে খৃষ্টীয়মতপারমার্থিকত্বং নাম সপ্তমোঽধ্যায়ঃ।

সত্যার্থ্যুবাচ।

গতিং খৃষ্টীয়শাস্ত্রোক্তাং পরমামারুরুক্ষুণা।
ময়া কিং কার্য্যমিত্যেতদুপদেষ্টুং গুরোঽর্হসি। ১।

বিদ্বানুবাচ।

স্বীকৃত্য স্বীয়পাপানি তদ্ধেতোরনুতপ্য চ।
শ্রীয়েযুং ত্রাণকর্ত্তারং বিশ্বাসেন সমাশ্রয়। ২।

সম্বন্ধ থাকিলেও তদ্দ্বারা আত্মার সিদ্ধি প্রাপ্তিতে কোন হানি হইবেক না। ৩০। সুতরাং খৃষ্টীয় শাস্ত্রে যে গতি প্রতিপাদিত হইয়াছে তাহার পারমার্থিকত্ব পক্ষে সংশয় মাত্র রহিল না। ৩১।
ইতি শ্রীয়েযুখৃষ্ট মাহাত্ম্যে খৃষ্টীয় মতের পারমার্থিকত্ব নামে সপ্তম অধ্যায়॥

সত্যার্থির উক্তি।

হে গুরো, আমি খৃষ্টীয় শাস্ত্রোক্ত পরম গতি প্রাপ্ত হইতে ইচ্ছা করি অতএব আপনি উপদেশ করুন তদর্থ আমাকে কি করিতে হইবে। ১।

বিদ্বানের উক্তি।

আপনার সমগ্র পাপ স্বীকার করিয়া তদর্থ পশ্চাত্তাপ করত বিশ্বাস প্রযুক্ত ত্রাণকর্ত্তা শ্রীয়েযুর আশ্রয় গ্রহণ কর। ২। তদ-

তত্ত্বস্তেন সমাদিষ্টাং লব্ধ্বা কীলালসংস্কৃতিং।
আত্মানং প্রভবে ভক্তং সপ্রকাশং সমর্পয়। ৩।
স হ্যেকঃ পাপ্মনো হন্তা সিদ্ধের্হেতুশ্চ বিদ্যতে।
তদ্দ্বারমন্তরা কোঽপি পরমার্থং ন বিন্দতি। ৪।
কিন্তু স্বমাত্রযত্নেন প্রসাদাদৈশ্বরাদ্ বিনা।
বিহায়াসৎপথং শিষ্য ত্রাণং গন্তুং ন শক্যসি। ৫।
অতঃ প্রসাদলাভায় প্রার্থনীয়ঃ পরেশ্বরঃ।
তাদৃশ্যাঃ শ্রূয়তাং বৎস প্রার্থনায়া নিদর্শনং। ৬।

অথ প্রার্থনা।

নমস্তে জগতাং কর্ত্রে শাস্ত্রে পালকায় চ।
দয়াময়ায় পুণ্যায় নমস্তে পরমাত্মনে। ৭।

নন্তর তাঁহার সমাদিষ্ট জলসংস্কার প্রাপ্ত হইয়া প্রকাশ্য রূপে আপনাকে সেবক বলিয়া প্রভুতে সমর্পণ কর। ৩। যেহেতু কেবল তিনিই পাপের বিনাশকর্ত্তা এবং সিদ্ধির কারণ হয়েন, কোন ব্যক্তি তাঁহা ব্যতীত অন্যের দ্বারা পরমার্থ প্রাপ্ত হয় না। ৪। অপর তুমি কেবল আপনার যত্ন দ্বারা ঐশ্বরিক প্রসাদ লাভ ব্যতিরেকে অসৎপথ পরিত্যাগ করিয়া নিস্তার পাইতে শক্ত হইবে না। ৫। অতএব, পরমেশ্বরের প্রসন্নতা প্রাপ্তির নিমিত্ত তাঁহার প্রার্থনা করা আবশ্যক হে বৎস, সেই প্রকার প্রার্থনার নিদর্শন শ্রবণ কর। ৬।

অথ প্রার্থনা।

হে দয়াময় পবিত্র পরমাত্মন্, তুমি জগতের কর্ত্তা শাস্তা প্রতিপালক, তোমাকে নমস্কার করি। ৭। তোমার অচিন্ত্য পবিত্রতাই

ক্ব তে পবিত্রতাঽচিন্ত্যা ক্ব চ পাপিষ্ঠতা মম।
তবাগ্রে বিনয়ং কর্ত্তুং নার্হোঽস্ম্যত্যন্তমলীমসঃ। ৮।
ক্ব তে মাহাত্ম্যমতুলং ক্ব চ মে তুচ্ছতা বিভো।
গুণাংস্তে পরমান্ স্তোতুং জ্ঞাতুং ব্রহ্মাপ্যহমক্ষমঃ। ৯।
পরন্তু কোঽস্তি দীনানামাশ্রয়স্ত্বাং বিনেশ্বর।
ত্বমেকো দুর্দ্দশাং বেৎসি ত্বমেকস্ত্রাতুমর্হসি। ১০।
ত্বন্নির্ম্মিতৈঃ প্রকাশ্যন্তে পদার্থৈঃ ক্ষিতিবর্ত্তিভিঃ।
গুণাস্তে সত্তমাঃ স্বামিন্ স্পষ্টৈর্লিপ্যক্ষরৈরিব। ১১।
মাং যস্মাচ্চানুগৃহ্নাসি কৃপানর্হং নিরন্তরং।
ততঃ কারুণ্যমত্যন্তং প্রভো পরিচিনোমি তে। ১২।
চিত্রং বহ্বঙ্গসম্বাঢ্যং ত্বয়া সৃষ্টং বপুর্মম।
ত্বয়াঽঙ্গানাঞ্চ নির্ব্বিঘ্নং সর্ব্বাঃ সিদ্ধ্যন্তি বৃত্তয়ঃ। ১৩।

বা কোথায় আর আমার পাপিষ্ঠতাই বা কোথায়, আমি পাপ দ্বারা অতি মলিন এপ্রযুক্ত তোমার অগ্রে বিনতি করিতেও যোগ্য নহি। ৮। অপর তোমার পরম মাহাত্ম্যই বা কোথায়, আর আমার তুচ্ছতাই বা কোথায়। আমার এমত শক্তি নাই যে তোমার পরম-গুণের স্তব করিব কিম্বা তাহা জ্ঞাত হইব। ৯। পরন্তু দীনজনের আশ্রয় তোমা ব্যতিরেকে আর কে আছে কেবল তুমিই তাহা-দের দুর্দশা জান এবং কেবল তুমিই তাহাদিগকে পরিত্রাণ করিতে পার। ১০। তুমি যে সংসার পদার্থ নির্ম্মাণ করিয়াছ তদ্দ্বারা তোমার অত্যুৎকৃষ্ট গুণসকল সুস্পষ্ট লিপ্যক্ষরের ন্যায় প্রকাশিত হয়। ১১। হে প্রভো, আমি অনুগ্রহ পাইবার অযোগ্য হই-লেও তুমি আমাকে নিরন্তর দয়া করিতেছ অতএব আমি তোমার অদ্ভুত দয়ার পরিচয় পাইতেছি। ১২। আমার এই বিচিত্র শরীর তোমাকর্ত্তৃক বহুং অঙ্গ দিয়া সৃষ্ট হইয়াছে এবং এই সকল অঙ্গের কার্য্য তোমার অনুগ্রহেতে নির্ব্বিঘ্নে সিদ্ধ হয়

নিয়ন্তা বর্ষ্মণশ্চাত্মা মদীয়ঃ সসৃজে ত্বয়া।
জ্ঞানস্য গ্রাহিকা সূক্ষ্মা নানাশক্ত্যান্বিতা চ ধীঃ। ১৪।
ত্বমেবাজন্মনো জীবং পিতৃবৎ পাসি মে প্রভো।
সদা সুখান্যসংখ্যানি হিতকারী দদাসি চ। ১৫।
ইত্যাদ্যনুগ্রহপ্রাপ্তেঃ সংজাতো হ্যহমৃণী তব।
আবাল্যাদ্ ভক্তিজাং সেবাং কর্ত্তুমার্হস্ম তে সদা। ১৬।
ভৃশং ত্বদনুগৃহীতো হপি ত্রাতশ্চাহং ত্বয়া হনিশং।
কদা ন স্তুতবানস্মি ত্বাম্ অনন্তবরপ্রদং। ১৭।
ত্বয়া ন বিস্মৃতা নাথ মম রক্ষা কদাচন।
পরন্তু তে স্মৃতিঃ প্রায়ো ন স্থিতা মামকে হৃদি। ১৮।
সংসারস্যাস্থিরস্যাস্য দাসত্বে বদ্ধমানসঃ।
নিত্যং সংসারকর্ত্তারং ত্বাং ন সেবিতবানহং। ১৯।

। ১৩। অপর আমার শরীরের নিয়ন্তা যে আত্মা তাহার সৃষ্টি তুমি করিয়াছ এবং জ্ঞানের গ্রহণ কারিণী নানা শক্তি বিশিষ্ট অথচ সূক্ষ্ম যে বুদ্ধি তাহাও তোমা কর্ত্তৃক সৃষ্ট হইয়াছে। ১৪। আর হে প্রভো, তুমিই আমার জন্মাবধি পিতার ন্যায় জীবন পালন করিতেছ এবং হিতকারী হইয়া সর্ব্বদা অসংখ্য সুখ দান করিতেছ। ১৫। আমি তোমার নিকট এই প্রকারে অনুগ্রহ প্রাপ্ত হওয়াতে তোমার ঋণী হইয়াছি অতএব বাল্যাবধি ভক্তি পূর্ব্বক তোমার সেবা করা আমার পক্ষে উচিত ছিল। ১৬। পরন্তু আমি তোমাকর্ত্তৃক এই প্রকারে অতিশয় অনুগৃহীত ও নিরন্তর রক্ষিত হইয়াও হে অনন্ত বরদাতা আমার অন্তঃকরণ সহিত তোমার স্তব করি নাই। ১৭। হে নাথ তুমি কখন আমার রক্ষা করিতে বিস্মৃত হও নাই পরন্তু আমার অন্তঃকরণে তোমার স্মৃতি প্রায় কখন থাকে নাই। ১৮। আমি এই অস্থির সংসারের দাসত্বে বদ্ধ হইয়া সংসারের সনাতন কর্ত্তা যে তুমি তোমার সেবা করি নাই। ১৯। হে

বাচা স্বীকুর্ব্বতঃ সত্ত্বং ত্বদীয়ং পরমেশ্বর।
আকারো নাস্তিকস্যেব প্রায়শো হন্তু! জড়স্য মে। ২০।
নানার্থানাং চ তুচ্ছানাং সংসক্তিত্তো গবেষণে।
মনোন যুক্তবানস্মি পরমার্থে গরীয়সি। ২১।
ত্বদ্দিষ্টং ধর্ম্মসীমানমতিক্রম্য নিরঙ্কুশা।
ধারা মে কর্ম্মণাং নিত্যং বহুতাংঘোঘমলীমসা। ২২।
ঈর্ষাহঙ্কারলোভাদেঃ স্বেচ্ছয়াহহং বশং গতঃ।
দুরাচারে প্রবৃত্তশ্চ মহাদোষী প্রজাতবান্। ২৩।
ত্বং কিল্বিষাণ্যশেষাণি মম বেৎসি ত্রিকালবিৎ।
জানাসি যান্তর্য্যামী কুচিন্তাশ্চাপি মেঽখিলাঃ। ২৪।
তস্মাস্মি দণ্ডযোগ্যোঽস্মি চেত্থমঙ্গীকরোম্যহং।
মদৈনোভ্যোঽপ্রসন্নোঽসি চেতি জানাম্যঘাপ্রিয়। ২৫।

পরমেশ্বর আমি বাক্যের দ্বারা তোমার সত্তা স্বীকার করিয়াছি অথচ আমার কার্য্যাকার্য্য বিবেচনায় অক্ষমতা প্রযুক্ত ব্যবহার নাস্তিকের ন্যায় হইয়াছে। ২০। ফলতঃ আমি নানা তুচ্ছ পদার্থের অন্বেষণেই মাত্র চিত্ত ছিলাম সর্ব্ব শ্রেষ্ঠ পরমার্থ বিষয়ে মনোযোগ করি নাই। ২১। অতএব আমার কর্ম্মের ধারা নিরঙ্কুশা হইয়া তোমার উপদিষ্ট ধর্ম্মমর্য্যাদা অতিক্রম করত সর্ব্বদা পাপ দ্বারা মলিন হওত প্রবহমানা হইয়াছে। ২২। আমি স্বেচ্ছা ক্রমে ঈর্ষা অহঙ্কার লোভ ইত্যাদি রিপুর বশতাপন্ন আর দুরাচারে প্রবৃত্ত হইয়া মহা পরাধি হইয়াছি। ২৩। হে পরমেশ্বর তুমি ত্রিকালজ্ঞ অতএব আমার সমুদয় পাপই তোমার বিদিত আছে অপর তুমি সকলের অন্তঃকরণের সর্ব্বদ্রষ্টা ইহাতে আমার সমস্ত কুচিন্তাও অবগত আছ। ২৪। আমি দোষী এবং দণ্ডার্হ ইহা আপনিই স্বীকার করিতেছি অপর হে পরমেশ্বর পাপ সকল তোমার অপ্রিয় ইহাতে ইহাও বুঝিতেছি যে তুমি আমার

ন্যায়ী বিচারকর্ত্তাঽসি যথাকর্ম্মফলপ্রদঃ। ৷
দুষ্কারিণাং কঠোরাণাং ঘোরং দণ্ডং করোষি চ। ২৬।
পরন্তু স্বাংহসো হেতো র্যে শোচন্ত্যনুতাপিনঃ।
তেষাং ক্ষমিষ্যসে দোষানিত্থমাশা প্রভো মম। ২৭।
যতস্তবাত্মজোঽনাদিঃ পরমৈশ্বর্য্যবান্ ইহ।
নৃজাতিং পাপ্মনা নষ্টাং স্বয়ং ত্রাতুমবাতরৎ। ২৮।
পুণ্যো মলীয়সাম্ অর্থে নির্দোষো দোষিণাং কৃতে।
পরেশ্বরঃ কৃতে নৃণাম্ অভবচ্চ স্বয়ং বলিঃ। ২৯।
এতন্মহাক্রতোঃ শক্ত্যা তত্র বিশ্বাসিনোঽখিলাঃ।
নরাঃ পুণ্যা ভবিষ্যন্তি সদ্গতেশ্চাধিকারিণঃ। ৩০।
স চেশ্বরাত্মজোঽদ্যাপি দয়যা লোচতে জগৎ।
ভবার্ণবোর্ম্মিভিঃ ক্ষুব্ধান্ মাদৃশাংশ্চোদ্দিধীর্ষতি। ৩১।

পাপহেতু আমার প্রতি অপ্রসন্ন আছ। ২৫। কেননা তুমি-যথার্থ বিচার কর্ত্তা, যাহার যেমত কর্ম্ম তাহাকে সেই প্রকার ফল দিয়া থাকে অপর কঠোর পাপকারি দিগকে ভয়ানক দণ্ড প্রদান কর। ২৬। পরন্তু আমার এই প্রত্যাশা আছে যে সকল লোক আপনাদের পাপ হেতু পশ্চাত্তাপ করে তুমি তাহাদিগের দোষ ক্ষমা কর। ২৭। যে হেতু তোমার অনাদি পুত্র পরমৈশ্বর্য্যবান হইয়া পাপ দ্বারা বিনষ্ট মনুষ্য জাতিকে পরিত্রাণ করিবার নিমিত্ত স্বয়ং এই সংসারে অবতীর্ণ হইয়াছিলেন। ২৮। এবং তিনি পবিত্র হইয়া অপবিত্র লোকের নিমিত্ত এবং নির্দোষ হইয়া দোষিদের জন্যে আর পরমেশ্বর হইয়া মনুষ্যদের কারণ স্বয়ং বলি স্বরূপ হইয়াছিলেন। ২৯। যে২ মনুষ্য তাঁহার সেই মহাযজ্ঞে বিশ্বাস করে তাহারা তৎপ্রভাবে পবিত্র এবং সদ্গতির অধিকারী হয়। ৩০। অপর সেই ঈশ্বর পুত্র অদ্যাপি এই জগতের প্রতি কৃপা দৃষ্টি করিতেছেন আর আমার সদৃশ যে সকল লোক ভব সাগরের তরঙ্গে পতিত হইয়া ব্যাকুল

অতস্তং শ্রদ্ধধানোঽহমাশ্রয়ামি দয়াকরং।
স হ্যেকঃ শর্ম্মণো যোনির্মুক্তিহেতুশ্চ বিদ্যতে। ৩২।
য আত্মানম্ উদসৃক্ষীঃ পরাঘফলভুক্তয়ে।
য়েষুখৃষ্ট নমস্তুভ্যমত্যুদারাত্মনে নমঃ। ৩৩।
খিন্নাত্মা বিদ্ধদেহশ্চ যো হস্মন্নিস্কৃতয়ে ব্যথাঃ।
আধিংচ সেহিষে তীব্রং কীদৃক্ প্রেমাঽদ্ভুতস্তব। ৩৪
তম্রঃপতে র্বলাৎকারারুদ্ধং তমসি দারুণে।
মামুদ্ধৃত্যোজ্জ্বলে স্বীয়ে ধর্ম্মরাজ্যে প্রবেশয়। ৩৫।
মাং পাপশৃঙ্খলৈ র্বদ্ধং পাপজেত র্বিমোচয়।—
হৃষীকাক্রান্তমাত্মানং মম রক্ষ দ্বিষাং বলাৎ। ৩৬।
স্বভাবে ব্যুৎক্রমাপন্নে মম স্থাপয় সুক্রমং।
ভাবানাং শান্তয়ে ধর্ম্মং হৃদ্রাজ্যেচাভিষিঞ্চ মে ৩৭।

তাহাদিগকে উদ্ধার করিতে ইচ্ছা করিতেছেন। ৩১। অতএব আমি শ্রদ্ধা যুক্ত হইয়া সেই দয়াময় প্রভুর আশ্রয় গ্রহণ করি যে হেতু কেবল তিনিই আমাদের কল্যাণের এবং মুক্তির মূল ৩২। হে য়েষুখৃষ্ট তুমি পরের পাপ ফল ভোগ করণার্থ আপনকে বলিরূপ বিসর্জ্জন করিয়াছিলা অতএব এমত উদার স্বভাব যে তুমি, তোমাকে নমস্কার করি। ৩৩। হে প্রভো তোমার কি অদ্ভুত প্রেম, তুমি আমাদের নিস্তার নিমিত্ত আপনি খিন্নাত্মা ও শরীরে বিদ্ধ হইয়া শারীরিক মানসিক মহাকষ্ট সহ্য করিয়াছ। ৩৪। আমি শয়তানের বলাৎকার প্রযুক্ত ঘোর অন্ধকারে অবরুদ্ধ আছি, হে প্রভো, আমাকে তাহা হইতে উদ্ধার করিয়া আপনার উজ্জ্বল ধর্ম্ম রাজ্যে প্রবেশ করাও। ৩৫। হে পাপের পরাভব কারি, আমি পাপের শৃঙ্খলে বদ্ধ হইয়াছি তাহা হইতে মুক্ত কর আর আমার আত্মা ইন্দ্রিয় সকলে আক্রান্ত হইয়াছে তাহাকে ঐ রিপুদের বশ হইতে রক্ষা কর। ৩৬। অপর আমার

অবতীর্ণো নৃণাং মধ্যে যদা ত্বং ন্যবসী ভুবি।
তদা প্রভো ত্বয়াঽদায়ি পরং ধর্ম্মনিদর্শনং ॥ ৩৮ ।
তথাঽত্র স্থাপিতঃ ক্ষোণ্যাং সুক্রিয়াসিদ্ধয়েঽপ্যহং।
চলানি নির্ম্মলে মার্গে তাবকৈঃ পদচিহ্নিতে। ৩৯।
ত্বংচানাদে পবিত্রাত্মন্ প্রসীদ স্বান্তপাবক।
অবরোহ তমোঽন্ধে হে তমোহন্ মমাত্মনি। ৪০।
অন্ধায় নির্ম্মলাং দৃষ্টিং দেহি মে পারমার্থিকীং।
মনো বিযোজ্য সংসারাৎ পরমাত্মনি যোজয়। ৪১।
মাম্ ঈশ্বরীয়সম্মূর্ত্তে রনুরূপং নবীকুরু।
শাশ্বত্যাঃ সদ্গতেঃ পাত্রং পুনঃ সৃষ্ট্বা বিধেহি চ। ৪২।

স্বভাবে ব্যতিক্রম পড়িয়াছে তাহাতে সুক্রম স্থাপন কর আর রাগ দ্বেষাদি ভাবের শাসন নিমিত্ত আমার হৃদয় রাজ্যে ধর্ম্মকে অভিষিক্ত কর। ৩৭। হে প্রভো, তুমি যখন অবতীর্ণ হইয়া এই পৃথিবীতে মনুষ্যদের মধ্যে বসতি করিয়াছিলা তখন ধর্ম্মের পরম দৃষ্টান্ত দিয়াছ। ৩৮। অতএব যদি আমি সৎকর্ম্ম করণার্থ সৃষ্ট হইয়া থাকি তবে আমাকে সেই পবিত্র বর্ত্মে প্রেরণ কর যাহাতে তোমার চরণের চিহ্ন আছে। ৩৯। হে অনাদি পবিত্রাত্মা তুমি চিত্তের সংশোধক অতএব তুমি প্রসন্ন হইয়া আমার অন্ধকারাচ্ছন্ন আত্মাতে অবরোহণ কর। ৪০। অপর আমি অন্ধ আমাকে পরমার্থ বিষয়ে নির্ম্মল দৃষ্টি প্রদান কর আর আমার মনকে সংসার হইতে পৃথক্ করিয়া পরমাত্মার সেবাতে সংযোগ কর। ৪১। আর আমাকে ঈশ্বরীয় মূর্ত্তির অনুরূপ করিয়া নূতন রূপে নির্ম্মাণ কর এবং আমাকে পুনর্ব্বার সৃষ্ট করিয়া পরম গতির ভাজন কর। ৪২।

ইতি প্রার্থনা সমাপ্তা।

ইতি শ্রীয়েষুখৃষ্টমাহাত্ম্যে প্রার্থনাপদ্ধতির্নাম অষ্টমো
ঽধ্যায়ঃ। সমাপ্তমিদং শ্রীয়েষুখৃষ্টমাহাত্ম্যম্।

ইতি প্রার্থনা সমাপ্ত।

ইতি শ্রীয়েষুখৃষ্ট মাহাত্ম্যে প্রার্থনা পদ্ধতি
নাম অষ্টম অধ্যায়।
শ্রীয়েষুখৃষ্ট মাহাত্ম্য সমাপ্ত।

IMPERIAL LIBRARY.